

# এই মায়া

সুচিত্রা ভট্টাচার্য







# এই মাঝা

সুচিত্রা ভট্টাচার্য



মির্ব ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ

১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা-৭৩

প্রথম প্রকাশ, মাঘ ১৪০৩  
চতুর্থ মুদ্রণ, আশাঢ় ১৪১৫

—একশ টাকা—

প্রচন্ডপট

অঙ্গন—সুব্রত চৌধুরী  
মুদ্রণ—রাজা প্রিন্টার্স

EI MĀYĀ

A collection of short stories by Sm. Suchitra Bhattacharya.  
Published by Mitra & Ghosh Publishers Pvt. Ltd.  
10 Shyama Charan Dey Street, Kolkata-700 073

Price Rs. 100/-

I S B N : 81-7293-339-1

শব্দগ্রন্থন : লেজার ইলেক্ট্রনিক্স

মিত্র ও ঘোষ পাব্লিশার্স প্রাঃ লিঃ, ১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা - ৭৩ হইতে  
এস. এন. রায় কর্তৃক প্রকাশিত ও পি. এম. বাগচি এন্ড কোং প্রাঃ লিঃ, ১৯ গুলু  
ওস্তাগর লেন, কলকাতা ৭০০ ০০৬ হইতে জয়স্ত বাগচি কর্তৃক মুদ্রিত

উ ৎ ্স ু

পূজনীয় বড়মামা  
শ্রীসোমেন্দ্রনাথ বাগচীকে



## সূচীপত্র

টান ১

সাত বছর এগারো মাস আট দিন ১৪

নীল পাখি ২৩

আত্মহত্যার পরে ৪৩

বাইরে রাস্তা, ভেতরে রাস্তা ৫৬

আমার এখন সময় নেই ৬৭

বাবু-কাঙালি পালা ৭৭

ডটপাখি ৮৮

দখলদার ৯৪

শাড়ি, রসমালাই এবং বিবাহবার্ষিকী ১০১

রূপকথার জন্য ১০৯

ভাতের গল্ল ১২০

পদ্মবৃত্তির রোজনামচা ১২৫

বাড়বাদলে ধূধূ মাঠে... ১৩৯

ঘূমস্ত ভয় ১৪৭

প্রতিবন্ধী ১৫৬

নিষাদ জানে না ১৬৪

দৃষ্টিহীন ১৭০

মধ্যবিত্ত ১৮৪

সামনে সমৃদ্ধ ১৯৬

এই মাঝা ২২১



এই মায়া



## টান

বাজার হাতে থমকে দাঁড়ালেন সুখময়। তাঁর স্বত্ত্বে সাজানো একতলার ড্রয়িংরুমে উদ্দাম লাফালাফি করছে দুই শিশু। জুতো পায়ে দামী সোফায় উঠছে, ঝাপ কাটছে নকশাদার গালিচায়। তকতকে মোজাইক মেঝেতে এলোমেলো ছড়ানো গোটা দু-তিন কিটসবাগ, প্লাস্টিকের থলি, সন্তানমের ওয়াটার-বটল।

সুখময়ের ভূরতে ভাঁজ পড়ল,—তুই কোথেকে?

—এই এলাম। সুখময়ের প্রশ্নের সরাসরি জবাব দিল না অমল। দাঁত ছড়িয়ে হাসল,—ধরো তোমাদের দেখতে। বুড়েবুড়ি একলাটি পড়ে আছ!

সুখময় একটুও প্রীত হলেন না। বাইরে থেকেই এখানকার কলরব কানে বাজছিল। কলরব নয়, যাকে বলে তাঙ্গৰ। তাঁর তপোবনের মতো প্রশান্ত গহ আর্টনাদ করছে শিশুদের হড়ু-দুমে। তখনও কি ছাই বুঁবুচেন, তাঁর অকালুক্ষণ্ণ ভাগ্নেটিই এসে হাজিব হয়েছে সাতসকালে! সেই সিউড়ি থেকে—লটবহর সমেত!

হাতের বাজার রান্নাঘরে নামিয়ে এলেন সুখময়। দুরস্ত শিশু দুটি একটু থমকাল। হাঁ করে দেখছে সুখময়কে। কড়ো বছর পাঁচকের। ছোটটা বড় জোর তিন।

এক ঝলক ছেলে দুটোকে জরিপ করে সুখময় পাখার নীচে বসলেন, —খবর কি তোদের? মেজদি কেমন আছে? জামাইবাবু?

—মা-বাবারা এই বয়সে যেমন থাকে, তেমনই আছে। গেঁটে বাত; অশ্ব। বুক-ধড়ফড়। প্রেসার। সুগার। অমল বাবু হয়ে সোফায় বসল,—মামীও তো দেখলাম বেশ কাত হয়ে পড়েছে!

—হঁ। সুখময় গন্তীর,—কদিন ধরে শাসকষ্ট চলছে। কাল একটু বাড়াবাড়ি হয়েছিল।

একটু নয়, কাল রাতে বেশ ভালই বাড়াবাড়ি হয়েছিল অনুরূপার। বরাবরই তাঁর সর্দিকাশির ধাত, বছর আষ্টেক হল একটি বিশ্রী টানও উঠছে—হাঁপানির। প্রথম প্রথম টানটা শুধু ঝুতু বদলের সময়ে আসত। এখন আর মাস-ঝুতু মানে না, গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত যখন-তখন হানা দেয়।

কালও কষ্ট দিয়েছিল। সঙ্গে থেকে অল্পস্লিপ কুটিনমাফিক চাপ ছিল ফুসফুসে। খাওয়া-দাওয়ার পর দুম করে বেড়ে গেল কষ্টটা। দু-চারটে বাঁধা ওযুধ ঘরেই থাকে, তাতেও কমল না। রাত বারোটায় ফোন করতে হল ডাক্তারকে। চেনা ডাক্তার, প্রায়ই দেখে অনুরূপাকে, তবু অত রাতে আসতে রাজী হল না সে। টেলিফোনে ওযুধের নাম আউডেই খালাস। কাছেই সিএ মার্কেট, সেখানে শক্ত মেডিকেল সাবাবাত খোলা থাকে, রাতদুপরে দোকানে ছুটলেন সুখময়। ক্যাপসুলটা খেয়েও রাতভব বিছানায় ঠায় বসে রইল অনুরূপা। বালিশ বুকে চেপে হাপরের মত হাঁপাচ্ছেন। গলা কাঁপিয়ে উৎকট শব্দ ছিটকে আসছে। দম বুঝি বেরিয়ে যায়-যায়!

আর সুখময়? একবার তখন বালিশ দিচ্ছেন স্তৰীর পিঠে, একবার মখে ফসফস ওযুধ স্প্রে দিচ্ছেন আর উদ্বিঘ্নযুথে তাকিয়ে আছেন। কীভাবে যে কেটেছে রাতটা!

সুখময় বললেন,—তোর মামীকে নিয়ে চিন্তায় আছি।

অমল দূলছে বসে বসে,—আমরা এসে তোমাদের অসুবিধে হল তো?

সুখময় বলতে যাচ্ছিলেন, তা হল। বললেন না। তেতো গেলা মুখে হাসলেন,—অসুবিধে আর কি। মামার বাড়ি, এখানে আসবি না তো কোথায় আসবি?

—কারেষ্ট। আমি তো মঙ্গুকে সে কথাই বলছিলাম। মঙ্গু মামীকে দেখে একেবারে ঘাবড়ে একসা।

—মঙ্গু, মানে তোর বউ? কোথায় সে?

—মামীর ঘরে। এসে ইস্তক ওপরে সেঁটে আছে। বলেই অমল হাঁক পাড়ল,— মঙ্গু-উ-উ, মঙ্গু-উ-উ, নাচে এসো। মামাকে প্রণাম করে যাও। ডাকতে ডাকতে ঝপ করে গেলা নামাল,—আসলে তোমার ভাঙ্গেবউ মামীকে দেখে যত না ঘাবড়েছে, তার থেকে বেশি ব্যোমকেছে তোমার এই বাড়ি দেখে। আবে বাবা, মামা আমার লার্ড। সংটলেকে প্যালেসে থাকে। বুঝালে মামা, মঙ্গু ভাবে আমার সব আত্মায়ই বুঝি তার শশুর-শাশুড়ির মতো নেই-নেই পার্ট। এবার দ্যাখ নিজের চোখে। এমন খিকব্যাক বাড়ি, এমন চাম্পুস সাজানো-গোছানো। বাপের জন্মে দেখেছিস কোনদিন? ছিলি তো ন্যাংটো মাস্টারের মেয়ে।

দুই শিশু বাবার বকবক গিলছিল, হঠাৎ বড়টা হাততালি দিয়ে উঠল,—দাঁড়াও, মাকে বলে দেব!

অমল খিকখিক হাসল,—কি বলবি?

—তুমি দাদুকে ন্যাংটো বলেছ!

—বলিস। নেচে নেচে বলিস। যা ভাগ এখান থেকে। পাঁচ বছরেই পেকে বোঁদে হয়ে গেছে। খালি বড়দের কথার মধ্যে কথা। মারব টেনে তিন লাখ।

ধর্মক থেয়ে ছেলেটা গা মোচড়াচ্ছে।

সুখময় বেশ বিরক্ত হলেন। অমলটা চিরকালই বড় অমার্জিত। জংলি। হ্যাঁ-হ্যাঁ করে হাসে। গাঁক গাঁক চেঁচায়। মুখের মাত্রা নেই। লেখাপড়াতেও অগা। কোনজন্মে ঘষ্টে ঘষ্টে স্কুলের গণ্ডী পেরিয়ে সরস্বতীকে বিদায় দিয়েছে। মেজদির কম জ্ঞালা গেছে এই ছেলে নিয়ে। এখন কোন এক কোল্ডস্টোরেজে চাকরি করছে। কি কাজ যে করে, ভগবান জানে। শুধু মেজদির চিঠিপত্র থেকে বোঝা যায় রোজগারপাতি তেমন ভাল নয়। তার মধ্যেও কী দৃঃসাহস! বাবু বিয়ে করে ফেলেছেন! প্রেমের বিয়ে। বোঝার ওপর শাকের আঁটি ছ'বছরেই তিন-তিনটে অ্যাণ্ডাবাচ্চা। একটা তো একেবারেই কোলের। সবে পূজোর সময় হয়েছে। মেজদির বিজয়ার চিঠি থেকে জেনেছে সুখময়।

ড্রয়িংরুম থেকে কাঠের ঘোরানো সিঁড়ি উঠে গেছে দোতলায়। সেই সিঁড়ি দিয়ে নামছে অমলের বউ। আড়ষ্ট পায়ে। কাছে এসে খেঁপায় আঁচল তুলল। তিপ করে প্রণাম সারল একটা।

সুখময় মেয়েটিকে আগে দেখেননি। অমল ন'মাসে ছ'মাসে আসে এ বাড়িতে। একাই আসে। এক-আধ বেলা থেকে চলে যায়। সুখময় নিজে কোন আত্মায়স্জনের বাড়ি যান না। যাওয়া পছন্দও করেন না। বিয়ে অন্নপ্রাশনেও নয়। কোথাওই সম্পর্ক

থাখেন না বেশি। মাঝেমধ্যে টুকটাক চিঠিপত্র, বাস।

সম্পর্ক রাখার অর্থ জানেন সুখময়। দায়—অজস্র দায়। এর মেয়ের বিয়েতে দাঁড়াও, ওর ছেলের চাকরি করে দাও। একে খয়রাতি করো, ওকে ধার দাও। কেন বে বাবা? লিলিপুটদের বৎশে তালগাছ হওয়াটা কি অপরাধ? তাছাড়া আত্মিয়স্বজন মানেই কৃটকচালি, কেছো-কেলেক্ষারি। এসব সুখময়ের ঘোরতর অপছন্দ।

তা মঞ্জুকে অবশ্য প্রথম দর্শনে মন্দ লাগল না সুখময়ের। শাস্তি চেহারা, বিনীত হাবভাব। রঙ চাপা হলেও আলগা একটা শ্রী আছে। তবে রোগা বড়। ডিগডিগে, ক্ষয়াটে। কোলের কন্যাসন্তানটিও খুবই শীর্ণ। অপুষ্টির শিকার।

মঞ্জু নতমুখেই বলল,—আপনাকে মামীমা একবার ওপরে ডাকছেন।

সুখময় গলা ঝাড়লেন,—তোমার মামীমা কি শুয়েছেন একটু, না এখনও বসে?

মঞ্জু একদিকে ঘাড় নাড়ল। উত্তরটা ঠিক ধরতে পারলেন না সুখময়। সিঁড়ি অবধি গিয়েও ঘুরলেন মঞ্জুর দিকে,—তোমার বাচ্চারা কিছু খেয়েছে?

অমলই আগবাড়িয়ে উত্তর দিল,—তুমি ভেবো না মামা, ওরা ঠিক খেয়ে নেবে।

—তোরাও তো এতটা পথ এলি... তোদেরও খিদে পেয়েছে... দ্যাখ না, পুঁজির জলখাবার তৈরি কত দূর এগোল?

হা হা করে হাসল অমল,—আমাদের পেট হল রাবণের চিতা। সারাদিন জুলছে। ও নিয়ে ভাবতে গেলে তোমার ভাঁড়ার ফাঁক হয়ে যাবে। তুমি যাও, মামী কি বলছে দ্যাখো।

মঞ্জুর দিকে চোখ চলে গেল সুখময়ের। স্বামীর রসিকতায় মুখে আঁচল চেপে ফিক ফিক হাসছে।

ঘড়িতে সাড়ে নটা। চৈত্রের সকাল তেতে উঠছে ক্রমশ। এলোমেলো বাতাস তপ্ত। আচাহিতে ছেট ছেট হাওয়ার ঘূর্ণি বাইরে। দক্ষিণের জানলার ঠিক গায়েই একটা বেঁটে নারকেল গাছ। চোদ্দ বছর বয়সের। গৃহপ্রবেশের দিন গাছটা লাগিয়েছিলেন অনুরূপ। সেই গাছের চওড়া পাতায় শেষ বসন্তের হাওয়া বাজছিল সরসর।

হাওয়া কি অতীতের কথা বলে? হয়ত বলে, হয়ত বলে না, হয়ত নিজের মনেই দোল খায় জানলায়—গাছে, সুখময়ের মনে।

পাঁচিশ বছর আগে সুখময় এখানে চার কাঠার প্লাটটা কিনেছিলেন। তখন এ অঞ্চলে গাছগাছড়া বিশেষ ছিল না। প্রায় ধু ধু। বিশাল বিশাল মেছো ভেড়ি বোজানো হয়ে সবে তখন শহর এদিকে গায়ে-গতরে বাড়ছে। মাটিতে চিকচিক করে বালি। লোকবসতি খুব কম। কলকাতার সঙ্গে সুতোর যোগ রাখে একটা দুটো বাস। এত ফাঁকা চারদিক যে লোকজন সহজে বাড়িয়ে বানাতে সাহস পায় না।

সেটা অবশ্য শাপে বরই হয়েছিল। এখনকার হিসেবে জলের দরে জুটে গিয়েছিল জমিটা। তবে সুখময়ও তক্ষুণি বাড়ি করেননি। করলেন অনেক পরে। সাউথ ইস্টার্ন রেলের জেনারেল ম্যানেজার হয়ে রিটায়ার করার ছ'বছর আগে—রামপুরহাটের জমি-বাড়ির নিজের অংশ বেচে দিয়ে। এই উপনগরী তখন অনেক জমজমাট। ছবির মতো

সুন্দর সুন্দর বাড়িতে ভবে যাচ্ছে চারদিক। চওড়া চওড়া পথঘাট। সবুজ বুলেভার্ড। গাড়ি-ঘোড়াও চলছে অনেক। তবু এখানকার একটা আলাদা নির্জনতা আছে। এক ধরনের আলাদা শান্তি। নিষ্ঠব্রহ্ম সুখ।

সেই সুখের আদলে তৈরি হল সুখময়ের বাড়ি। একতলায় অতিকায় ড্রয়িংরুম—  
বানাঘর। ভাঁড়ার, কাজের লোকেদের থাকার ঘর। বিশাল খাওয়ার জায়গা। ছেউট একটা  
স্টাডিওরম কাম পারিবারিক লাইব্রেরি। ওপরে তিনটে পৃথক পৃথক ল্লক। প্রতিটি ল্লক  
এক-একটা স্বয়ংসম্পূর্ণ ওয়ান-রুম ফ্ল্যাট—সুখময়দের, বাবিনের, ছেউটুর, এছাড়া  
মনভোলানো এক পূর্ব-দক্ষিণ-খোলা বারাদ্দা।

বাড়ির নাম হল স্বপ্নাতীত।

বাড়ি দেখে খুশিতে পাগল হলেন অনুরূপ। দুই ছেলেও। বাবিন তখন আই  
আই টিতে ইঞ্জিনিয়ারিং পড়ছে। ছেউটুর ল্লাস নাইন। বিপুল উৎসাহে দুই ভাই ছুটে  
ছুটে এখান ওখান থেকে ফুলগাছ এনে লাগাচ্ছে। অনুরূপা সামনের লনটার পরিচর্যা  
করছেন সারাদিন। বাবিন আর ছেউটুর ঘর পেস্টারে পোস্টারে ছেয়ে গেল। বাবিনের  
দেওয়ালে ফিল্মস্টার। শুধুই অমিতাভ বচন, বিভিন্ন ভঙ্গিতে, বিভিন্ন মেজাজে। ছেউটুর  
দেওয়াল জুড়ে খেলোয়াড়দের মিছিল—গাভাস্কার, বিশ্বনাথ, ইমরান, কপিলদেব,  
ম্যাকেনরো, বর্গ, ঝাঁকডাচুলো মারিও কেম্পেস। তার সঙ্গে বাবা-মার দেওয়ালও  
পরিপূর্ণ। আশায়, সুখে। উষ্ণতায়। মায়াবী নিশ্চিন্ত বার্ধক্যের অলস স্বপ্নে।

বাবিনের আমেরিকায় এখন মধ্যারাত।

ছেউটুর লগুনে এখনও ভোর হয়নি।

এই উপনগরী এখন রোদ্বুরে বালসাচ্ছে।

—কি ভাবছ জানলায় দাঁড়িয়ে?

সুখময় ফিরলেন। খাটের প্রাণ্টে এসে আধশোয়া স্ত্রীর কপালে হাত ছোঁয়ালেন,  
—কিছু না।

—আমাকে ডাকেনি কেন?

—ভাবলাম ঘুমোচ্ছ, ঘুমোও।

—দূর, ঘূম কি আব আসে। অনুরূপা ক্লাস্তভাবে চোখ বুজলেন।

—সকালের ক্যাপসুলটা খেয়েছ?

—খেয়েছি।

—ডাক পাঠিয়েছিলে কেন?

—বাজার থেকে কি আনলে? রোজকার সেই চারাপোনা?

—না। বাটা মাছ, কেন?

—কেন কিগো? ভাগ্নে-ভাগ্নেবড় এল, মেয়েটা আমাদের বাড়িতে এই প্রথম,  
ওদের শুধু বাটা মাছের বোল খাওয়াবে? অনুরূপা এখনও হাঁপাচ্ছেন একটু একটু,  
—বাচ্চাদের জন্য মাংস আনলে হত না?

—বাচ্চারা থোড়াই খাবে। খাবে তো ওই গণ্ডারটা। হাসতে হাসতে বললেন সুখময়,

—ও ভার তুমি আমার ওপর ছেড়ে দাও তো। চুপটি করে আজ সারাদিন বিশ্রাম

ନାଶ । ବିଛାନା ଥେକେ ଏକଦମ ଉଠିବେ ନା ।

ଅନୁରପା ବାଲିଶେ ହେଲାନ ଦିଯେ ଉଠେ ବସଲେନ,—ଅମଲେର ବୁଡ଼ଟା କିନ୍ତୁ ବେଶ ହେଯେଛେ । ଏକଟୁ ବୋକା ଧରନେର, କିନ୍ତୁ ବେଶ କାଜେର । କଥା ଶୁଣେ ମନେ ହଲ, ମେଜଦି-ଜାମାଇବାବୁର ଖୁବ ଦେଖିଶୁଣେ କରେ ।

—ବୋକା ନା ହଲେ ଓଇ ଛେଲେର ପ୍ରେମେ ପଡ଼େ ।

—ଶୁଦ୍ଧ ପ୍ରେମ ନୟ ଗୋ, ଅମଲକେ ଖୁବ ଭୟ-ଭକ୍ତିଓ କରେ ।

—ବାବାହ ! ଆଧ୍ୟାତ୍ମା କଥା ବଲେଇ ତୁମି ଅନେକ କିଛୁ ବୁଝେ ଫେଲେଇ ଦେଖଇ । ସୁଖମୟ ସାଁକା ହାସଲେନ,—ସଦଲବଳେ ଏଥାନେ ହଠାତ୍ କେନ ଉଦୟ ହଲ ତା କିଛୁ ବଲନ ?

—ନିଜେ ଥେକେ ନା ବଲଲେ ଜିଜ୍ଞେସ କରା ଯାଯି ନାକି ?

ସୁଖମୟ କିଛୁ ବଲଲେନ ନା । ଆଲମାରି ଖୁଲେ କଯେକଟା କାଗଜ ବାର କରଲେନ । ଇଲେକ୍ଟ୍ରିକ ବିଲ, ପ୍ରେସଟିପଶନ—କିଛୁ ଟାକାଓ ।

ଅନୁରପା ଠାଡ଼ାର ଛଲେ ବଲଲେନ,—ଏକଦିକ ଦିଯେ ଭାଲାଇ ହଲ । ତୋମାରଙ୍କ କପଦିନ ନାତି-ନାତନି ନିଯେ ଜମିଯେ କାଟିବେ । ଓ ସୁଖ ତୋ ତୋମାର ଭାଗ୍ୟେ ବଡ଼ ଏକଟା ଜୋଟେ ନା !

ବାବିନ ଗତବର୍ଷ ଏସେଛିଲ । ଜାମୋ ବଡ଼ ନ୍ୟାଓଟା ହେଁ ପଡ଼େଛିଲ ସୁଖମୟେର । ଦାଦୁନ, ଆମି ତୋମାର ସଙ୍ଗେ ଖେଳବ ! ଦାଦୁନ, ଆମି ତୋମାର ସଙ୍ଗେ ଶୋବ ! ଦାଦୁନ, ଆମି ତୋମାର ସଙ୍ଗେ ଲାଞ୍ଚ କରବ—ଏକ ପ୍ଲେଟେ । ଦାଦୁନ, ଚଲୋ ନା ଆମରା ଓୟାକେ ଯାଇ ।

ସୁଖମୟ ଘଟ କରେ ମୁଖ ଫେରାଲେନ,— ବାଚାଙ୍ଗଲୋର ଚେହାରା ଦେଖେ ? କୀ ଚାଷାଡ଼େ ! ଶ୍ୟାବି !

—ଛି, ବାଚାଦେର ଓରକମ ବଲତେ ନେଇ । ଓରାଓ ତୋ ସମ୍ପର୍କେ ନାତି-ନାତନି, ନୟ ?

ପୁଞ୍ଜ ସବେ ଏସେଛେ । ହାତେର ଟ୍ରେଟେ ସୁଖମୟେର ଜନ୍ୟ ଚା-ଟୋସ୍ଟ, ଅନୁରପାର ହରଲିଙ୍କ, ବିସ୍କୁଟ କରେକଟା । ଥାଟେର ଲାଗୋଯା ଟେବିଲେ ଟ୍ରେ ନାମିଯେ ବଲଲ,—ମା, ଆପଣି ଲୁଚି ଥାବେନ ଦୁ'ଚାରଟେ ? ଏନେ ଦେବ ?

—ଓଦେର ଦିଯେଛିସ ?

—ଦେଓୟାର ଦରକାର ହୟାନି । ନିଜେରାଇ ତାର ଆଗେ ହାମଲେ ପଡ଼େ ଥେଯେ ନିଲ ।

ଚକିତ ଅତିଥି-ସମାଗମେ ପୁଞ୍ଜର ମୁଖେ ବେଶ ଅପ୍ରସନ୍ନ । ସେ ଏ ବାଡିର ରାତଦିନେର କାଜେର ଲୋକ । ବହକାଳ ଆହେ । ସୁଖମୟ-ଅନୁରପାର କାହେ ସେ ଏଥିନ ଅକ୍ଷେର ଯଟି । ତବୁ ତାର ବାଚନଭଙ୍ଗିଟା ଏ ମୁହଁରେ ସୁଖମୟେର ଓ ଅଭ୍ୟବ ଲାଗଲ ।

ଗଣ୍ଠିର ମୁଖେ ବଲଲେନ,— ତୁଇ ଏଥିନ ଏକବାର ବାଜାରେ ଯା । ଓଦେର ଜନ୍ୟ ଦୁଟୋ ମୁଗି ନିଯେ ଆଯ ବଡ଼ ଦେଖେ । ଆର ଆନ୍ଦାଜ ମତନ ଦଇ ମିଷ୍ଟି । ବାଚା ଦୁଟୋକେ ଏକଟୁ ଦୂଧ ଦିଯେଛିସ ?

ପୁଞ୍ଜର ମୁଖେ ଆରଙ୍ଗ ଭାରୀ,—ବୁଡ଼ଟା ନିଜେଇ ନିଯେ ଖାଇୟେ ଦିଯେଛେ । ଦୁଇ ଛେଲେକେ ବଡ଼ ବଡ଼ ଦୁ-ଗ୍ଲାସ । ଖାବଲା ଖାବଲା ଚିନି ମିଶିଯେ, ଏକ ଥାଲା କରେ ଲୁଚି ତରକାରି ଖାଓୟାନୋର ପର ।

—ଦିକ ନା । ତୁଇ ଏତ ଥେପେ ଯାଛିସ କେନ ? ଅନୁରପା ହାସଛେନ ମିଟିମିଟି—ବୁ ନୟ, ବୌଦ୍ଧ ବଲ । ଓରା ଆମାଦେର ଆତ୍ମୀୟ ।

—সে আমি জানি। পুঁপ খরখর করে উঠল,—নীচে গিয়ে দ্যাখো না, দুই ছেলেতে  
কল খুলে কিরকম বাথরুম ভাসাচ্ছে।

পুঁপ টাকা নিয়ে চলে গেল।

অনুরূপা হরলিঙ্গে চুমুক দিলেন,—তুমি নিজে বাজাৰ গেলে পারতে। সব কাজ  
কি কাজের লোকদের দিয়ে হয়!

—আমাৰ এখন সময় নেই। তোমাৰ মাউথ-স্প্ৰে ফুৱিয়ে এসেছে, শক্ত  
মেডিকেলে নেই—দেৰি একবাৰ বিডি মাকেট যেতে হবে। ইলেক্ট্ৰিক বিলেৱও আজ  
লাস্ট ডেট। সুখময় বিৱস মুখে টোস্টে কামড় বসালেন,—পোস্ট অফিসও যাব। বাড়িতে  
এয়াৱমেল নেই, আনতে হবে।

—তুমি এখনও ছোট্টুকে উভৰ দাওনি! সেই কৰে ওৱ চিঠি এসেছে!

—কৰে কোথায়, পৱশুই তো এল। তাও আমৱা চিঠি দেওয়াৰ আড়াই মাস  
পৰ।

—ওদেৱ নতুন সংসাৰ। নতুন দেশ। নতুন কাজ। তাও আবাৰ যে সে কাজ  
নয়, অসুখ নিয়ে রিসাৰ্চ। সব সামলে চিঠি লিখতে বসা... সময় তো লাগবেই।

—নতুন কোথায়, দেখতে দেখতে তো আট মাস হয়ে গেল।

—আট মাস আৱ কি এমন সময়? ওদিকে তোমাৰ বাবিনেৰ যে আট বছৰ  
হয়ে গেল। সে কটা চিঠি লেখে বছৰে? গুনে গুনে চাৱটে কি পাঁচটা। তাও বউ  
লেখে, নিজে তাৱ সঙ্গে নীচে দুলাইন।

সুখময় চকিতে উদাস। সেঁ সেঁ কৰে বাতাস বয়ে যাচ্ছে বুকে,—ওদেৱ সবই  
নতুন। সব সময়ে। শুধু বাবা-মা দুটো ছাড়া।

—ও আবাৰ কি কথা! হৱলিঙ্গ শেষ কৰে অনুৱূপা শুচ্ছেন ধীৱে ধীৱে,—চা  
খেয়ে নাও, ঠাণ্ডা হয়ে যাচ্ছে।

হঠাৎই দৰজাৰ দিকে নজৰ গেল সুখময়েৰ। অমলেৰ বড় ছেলেটা পৰ্দা ফাঁক  
কৰে উঁকি দিচ্ছে ঘৰে।

অনুৱূপাও দেখেছেন। কোমল গলায় ডাকলেন,—আয় দাদু।

ছেলেটা দুদিকে মাথা দোলালো। এল না।

অনুৱূপার স্বৰ আৱও নৱম,—তোৱ চোখ ছলছল কৰছে কেন রে? মা বকেছে?  
ওমা এ তো জলও গড়াচ্ছে দেখছি!

দু-হাতেৰ চেটোৱ উল্লেটা পিঠ দিয়ে চোখ মুছে নিল ছেলেটা, মুখে স্বৰ ফুটেছে,  
—তোমাদেৱ ছান্টা কি বড় গো! আমি আৱ ভাই চুপি চুপি গিয়ে দেখে এসেছি।

—তাই? আৱ কি দেখলি? ছাদেৱ ফুলগাছগুলো দেখেছিস?

—হ্যাঁ। আঢ়া, ভাই না একটা ফুল ছিঁড়েছে! লাল ফুল। পৰ্দা সৱিয়ে দু-পা এগোল  
ছেলেটা,—আমৱা কোন ঘৰে থাকব গো ঠান্ডা? মা তোমাকে জিজেস কৰতে বলল।  
বনু ঘুমিয়ে পড়েছে তো!

—এমা ছি ছি, তুমি কি যে কৰো না! অনুৱূপা অপ্ৰস্তুত মুখে স্বামীৰ দিকে  
তাকালেন,—যাও ওদেৱ জন্য বাবিনেৰ ঘৰটা খুলে দাও। বাবিনেৰ খাট বড় আছে।

বাবিন-ছোটুর ঘর তালাবন্ধই থাকে সারা বছর। সপ্তাহে একদিন ঝাড়াযুড়ি হয়। আগে অনুরূপা নিজের হাতেই করতেন। ধূলো নাকে গেলে কষ্ট বাড়ে বলে নিজে আর দেকেন না, পুস্পই সাফসুতরো করে বাখে যতটা সম্ভব।

সুখময়ের কঠে শ্রেষ্ঠ ফুটল,—বাবিনের খাটেও পাঁচজন ধরবে না। ছোটুর ঘরও লাগবে।

—লাগলে লাগবে, খলে দাও। ও তো এখন ভুত্তের ঘর।

ড্রয়ার থেকে দুপদাপ চাবির গোছা বার করে সুখময় বিছানায় ছুঁড়ে দিলেন। অনুরূপার পলক আদিখ্যোতা তাঁর মোটেই মনঃপূত নয়। ওফ, ওই মায়াবী ঘর দুটো এখন তচনহ করবে অমল! গ্রাম্য গন্ধ ছড়িয়ে দেবে চারদিকে!

সুখময় দরজার দিকে এগোলেন,— পুস্প ফিরক, ওকে দিয়েই খুলিয়ে নিও। আমি বেরোচ্ছি।

দুপুরে অমলদের আসার প্রকৃত কারণটা জানা গেল। অমলই বলল খাওয়ার সময়ে। অমলের বড় ছেলেটার চোখে কি সব গণগোল হয়েছে, ছেলেকে বড় ডাঙ্গার দেখাতে এনেছে কলকাতায়। সারাক্ষণই নাকি চোখ ছলছল করে, জল পড়ে, মাঝে মাঝে ঘন্টাগাঁও হয়। সিউড়িতে দু-তিনজন ডাঙ্গারকে দেখিয়েছিল, তাদের এক একজনের এক এক মত। কেউ বলে হ্যাণ্ডের গণগোল, কেউ বলে নার্ভের, কেউ বলে কর্নিয়ার। ওখান থেকে এক ডাঙ্গার চিঠি দিয়ে দিয়েছে, তার সুপারিশেই দেখাবে বড় ডাঙ্গারকে। ডাঙ্গারটির নাম সুরেন সরকার। পিজির প্রফেসার। শোনা-শোনা নাম, ছোটুর মুখেই সুখময় শুনেছেন বোধহয়।

স্টাডিওরমে এসে সুখময় একটা সিগারেট ধরালেন। খাওয়া-দাওয়ার পর এ ঘরে বসে মৌজ করে একটু সিগারেট খান। আগে দিনে কুড়ি-পাঁচটা হয়ে যেত। এখন নেশটা অনেক কমিয়ে এনেছেন। দুপুরে রাতে খাওয়ার পর একটা করে, আর সারা দিনে বড়জোর দু-তিনটে। এবার ভাবছেন ছেড়েই দেবেন অভ্যাসটা। একটু জোরে ইঁটলেই আজকাল একটা চিনচিনে হাঙ্কা ব্যথা হয় বুকে, হাঁপিয়েও যান বড় তাড়াতাড়ি। ব্যথার কথাটা অনুরূপাকে বলেননি। মিছিমিছি মানুষের উদ্বেগ বাড়িয়ে কি লাভ! একেই তো নিজের জ্বালায় জ্বলে মরছে বেচারা!

দুপুরের বাতাস বাইরে থম মেরে ছিল অনেকক্ষণ, হঠাতই একটা ঝাপটা দিল যেন। খোলা জানলা দিয়ে কিছু ধূলোবালি উড়ে এল। শুকনো পাতারা ছুটছে রাস্তায়। সুখময় উঠে জানলাটা টেনে দিলেন। পুস্পকে কতবার করে বলেছেন বেলা বাড়লে সব জানলা বজ্জ করে দিতে, এ সময়ে ধূলো চুকে ঘরদোর বড় নোংরা হয়, তা কথাটা যদি খেয়াল থাকে মেয়েটার! আজ অবশ্য খেয়াল না থাকলেও বলাৰ নেই কিছু। সিউড়ি থেকে আসা উটকো ধূলো সামলাতেই যা হিমশিম থাচ্ছে!

অমলটা সত্যিই যাচ্ছেতাই। যেমন নোংরা, তেমন বেআকেলে। শিক্ষাদীক্ষা না থাকলে যা হয়! অতটুকু ছেলে চোখ নিয়ে কষ্ট পাচ্ছে, অথচ বাপকে দ্যাখো দিব্য মাংসের হাড় চুষতে চুষতে ব্যাখ্যান করে চলেছে ডাঙ্গারদের। ভাষাই বা কী! ওখানকার

ডাক্তারটা লেবঞ্চস! বেঁড়ে পাকামি করছিল! চেম্বারে তুকে দিয়েছি ব্যাটিকে আচ্ছা করে কড়কে! বসার ভঙ্গিটাও কী অশালীন! এক-পা চেয়ারে তুলে, এক পা নাচাতে নাচাতে খাওয়া! লোমশ খালি গা! পরনে উৎকট চেক লুঙ্গি! শব্দ করে করে কুলকুচি করা! অসহ্য! অসহ্য!

সুখময় চেপে চেপে সিগারেট নিবিয়ে ওপরে এলেন। আঃ, ঠিক যা ভয় পেয়েছিলেন তাই! অনুরূপার সামনে মোড়া টেনে বসে আগতুম বাগতুম গল্ল করে চলেছে অমল। সাধারণ বৃক্ষিটকুরও এত অভাব? শুনলি মাঝি সারারাত শুমোতে পারেনি—এখন কষ্ট কম, একটু শুয়ে নিতে দে, তা নয়... ! অনুরূপাও কেন যে এত লাই দেয় ছেলেটাকে! নিষ্ঠাত এখন আত্মায়স্বজনদের ঠিকুজি কৃষ্ণির তালাশ চলছে—কার বাড়িতে হাঁড়ি চড়ে না, কার মেয়ে বাপকে লুকিয়ে বিয়ে করার মতলব ভাঁজছে, রামপূরহাটের কোন দেওর কার জমি হাতাল, এসব শুনে অনুরূপার কী যে মোক্ষ লাভ হয়! নিজে তিনি কোনদিন প্রশ্রয় দেননি অমলকে। এসেছ এসো, দু-চার ঘণ্টা থাকো, খাও দাও, বিদায় নাও। শুধু অমল নয়, সব আত্মায়ের জন্মই সুখময়ের এক বিধান।

ঘরে না গিয়ে সুখময় সামনের প্যাসেজিটার দিকে গেলেন। দু'ধারে বাবিন আর ছেট্টুর ঘর। দুটোই হাট করে খোলা। ছেট্টুর খাটে বিশ্রীভাবে ছড়ানো রয়েছে অমলদের মালপত্র, জামাকাপড়। বাবিনের বিছানায় মঞ্জু কোলের মেয়েটাকে নিয়ে পাশ ফিরে শুয়ে। বড় ছেলেটি মেঝেয় হাত-পা ছড়িয়ে শুমোচ্ছে। ছেট্টু খাটের প্রান্তে গুটিয়ে শুটিয়ে জড়সড়ো।

সুখময় সরে এলেন। পূ-দক্ষিণ-খোলা গোল বারান্দা থেকে দুপুর হলেই রোদ সরে যায়। একটা ইঞ্জিচেয়ার আর গোটা দু-তিন মোড়া সব সময় ছড়ানো থাকে এখানে। সুখময় ইঞ্জিচেয়ারে শরীর ছেড়ে দিলেন। বাবিন আর ছেট্টুর ঘর দুটি তাঁর বড় প্রিয়। নির্জনতার সঙ্গীও বটে। অনুরূপাকে লুকিয়ে মাঝে মাঝেই ঘর দুটোর তালা খেলেন সুখময়। চেয়ার টেবিল খাট আলমারি বিছানা ছুঁয়ে ছুঁয়ে দেখেন। পোস্টারগুলো করেই আর নেই, তবু ফিকে বঙ্গিন দেওয়ালে এখনও অনেক ছবি দেখতে পান তিনি। বাবিন জ্বাল। হাঁটছে। কথা ফুটল মুখে। স্বল্পে যাচ্ছে। বাস্তিরবেলা অনুরূপাকে আবার রেখে আসতে হল রেলের হাসপাতালে। ছেট্টু এল। পিঠোপিঠি বড় হচ্ছে দুই ভাই। ছবি আর ছবি। পৰ পৰ অজস্র ছবির মিছিলে দেওয়াল পূর্ণ হয়ে যায়। বাবিন আমেরিকা থেকে বিয়ে করতে এল। বউ নিয়ে চলে যাচ্ছে। ছেট্টুর লঞ্চনে রিসার্চ করতে যাওয়ার সুযোগ এসে গেছে। নিজের পছন্দ করা মেয়েকে বিয়ে করে সে-ও চলে গেল বাইরে। কখনও এয়ারপোর্টে গিয়ে হাত নাড়ছেন সুখময়। কখনও হাত বাড়িয়ে জড়িয়ে ধরছেন ছেলেদের, নাতিকে। সব—সব মুহূর্ত এই দুটো ঘরে যেন বন্দী হয়ে আছে।

চাবি খুলে শুধু তাদের দেখা বারবার, প্রাণভরে।

—শুমোচ্ছ নাকি?

সুখময় চোখ খুললেন, উত্তর দিলেন না।

অমল মোড়া টেনে বসল। সুখময়কে বিশ্বিত করে চুপচাপ বসে রইল থানিকক্ষণ।

যেন উঁকি দুপুরের ছায়া আবিষ্ট করেছে তাকেও। হঠাতই বলল,—তুমি কেমন বুড়োটে  
হয়ে গেছ মামা!

সুখময়ের ছোটু শাস পড়ল,—বয়স তো হচ্ছে!

—বয়স কিসের? এখনও তো সন্তুষ্ট ছোঁওনি! কত চলছে? আটবাটি? উনসভৰ?

—সেটা কি কম হল?

—কম নয়, বেশিও নয়। আমার বড় জ্যাঠাকে দ্যাখো, এইটি ওয়ান। এখনও  
বাচ্চাদের ফুটবলে রেফারিং করতে নামে। এদিকে আমার বাবা ছিয়ান্ডুরেই কুপোকাত!  
অলটাইম বিছানায়!

সুখময় অন্যমনঞ্চভাবে বললেন,—জামাইবাবু বরাবরই রোগাভোগা।

—ওটা বাজে কথা। আসল ব্যাপারটা কি জানো? যাদের ওপৰ টান খুব বেশি,  
তাদের কাছ থেকে ল্যাং থেলে শরীর ভেতর থেকে ধসে যায়।

—কে তোর বাবাকে ল্যাং মারল? তুই রয়েছিস, বউমা রয়েছে...

—আমরা কি বাবার ভালবাসার জন নাকি। ভালবাসার ছেলে হল দাদা। বাবার  
ভাল ছেলে। লেখাপড়ায় ভাল, বাবিন ছোটুর মতো না হলেও দু-তিনখানা ডিগ্রি আছে।  
তাকে নিয়ে বাবার অত সাধ-আস্তাদ, অথচ তিনি তো পুরো কাড়ি করে দিয়েছেন!  
আমি চিরকালের লাখখোর ছেলে, বাবা আমাকে হারামজাদা না বলে কোনওদিন জল  
খায়নি, সেই আমার মুখ চবিশ ঘণ্টা দেখতে বাবার ভাল লাগে?

মেজদির চিঠিতেই কথাটা জেনেছিলেন সুখময়, তবু প্রশ্ন করলেন,—নির্মল কি  
পার্টিশান করে নিয়েছে?

—পার্টিশান মানে? পুরো পাঁচিল গেঁথে ফেলেছ। দশ ইঞ্জির দেওয়াল। একেবাবে  
বড়-এর ভেড়া হয়ে গেছে। বাবার একটা হাট-অ্যাটাকের মতো হল, রাস্তায় ঢেকে  
বললাম, একবার চোখের দেখাও দেখতে এল না। এলে যদি মালু ছাড়তে হয়! পুজোর  
সময় মাকে হাতে করে একটা কাপড় পর্যন্ত দেয় না!

সুখময় হাঙ্কা চালে বললেন,—ভালই তো, তুই বাবা-মাকে দেখছিস, তোর পুণ্য  
বাড়ছে।

—পাপ-পুণ্য বুঝি না মামা। আমার মোটা বুদ্ধি বলে যে বাপ-মা খাইয়ে পরিয়ে  
বড় করেছে তারা বুড়ো হলে আমাদেরকেই তাদের দেখতে হবে। এ কোন দয়া-  
ফয়ার ব্যাপার নয়, পুরো হিসেবের কড়ি। জুতো-ঝঁটা যাই মারুক, খেতে পরতে  
তো দিয়েছিল! সেই লোনটা শোধ করতে হবে না!

কথাটা সামান্য বিঁধল সুখময়কে। কোথায় যে ঠিক বিঁধল, বুঝতে পারলেন না।

অমল দুম করে প্রশ্ন করে বসল,—বাবিন শুনলাম আর নাকি ফিরছে না! মামী  
বলছিল, কিসব গ্রিন কার্ড-মার্ড পেয়ে গেছে?

—তা পেয়েছে। তবে ফিরবে না এমন কথা তো বলেনি! বলচে' শিয়েও ঠিক  
ঠিক জোর ফুটল না সুখময়ের গলায়। স্ত্রীর ওপৰ মনে মনে বিরক্তিই হলেন তিনি।  
অমলকে এত কথা বলার কি দরকার ছিল!

অমলের কৌতুহলের শেষ নেই, সে আবার খোঁচা দিল,—তবে তুমি নিশ্চিন্ত থাকো

মামা, ছেট্টি বিদেশে পড়ে থাকতে পারবে না, ও যা মামীর কোলঘেঁষা।

সুখময় শক্ত হলেন,—ওদের যদি বিদেশে ভাল লাগে, নিশ্চয়ই থাকবে। এ দেশে তেমন স্কোপই বা কোথায় ওদের জন্য?

—তা ঠিক। না ফেরাই উচিত। এত ভাল ছেলে ওরা। অমল বিজের মতো রায় দিল,— আমি তো মঞ্জুকে বলি, তুমি শুধু আমাদের ফ্যামিলির দুটো স্যাম্পেল দেখলে! এক আমি, ডিগবাজি খেয়ে খেয়ে ধপাস পার্টি। আর এক আমার বট-এর পাশে লেজ নাড়ানো দিগণজ দাদা, মাদুর পাতা মাস্টার। যদি খাঁটি জুমেল দেখতে চাও, আমার মামার ছেলেদের দেখো। কী ভদ্র! কী অমায়িক ব্যবহার! কোনও পরীক্ষায় কখনও ফার্স্ট ছাড়া সেকেণ্ড হয়নি।

কিছুটা অতিরিক্ত হলেও কথাটা খুব মিথ্যে নয়। বাবিন হায়ার সেকেণ্ডারিতে থার্ড হয়েছিল, ছেট্টি মেডিকেলের জয়েন্ট এন্ট্রাসে সেকেণ্ড। দুই ছেলের পিছনে কম পরিশ্রম কম অর্থব্যয় করেননি সুখময়। তাঁর সব চেষ্টা আজ সার্থক। ছেটবেলা থেকে ছেলেদের নির্বৃতভাবে পথ দেখাতে পেরেছেন বলেই না তিনি আজ এক সফল পিতা। দুই পুত্রবধূও তাঁর শিক্ষিত। মার্জিত। বাবিনের বট ওখানে একটা স্কুলে চাকরি করছে, ছেট্টির বট তো ছেট্টির মতই ডাক্তার।

সুখে আচর্যে সাফল্যে সব দিক দিয়েই পরিত্থপ্ত সুখময়, তবু কেন যে বুকটা চিনচিন করে ওঠে হঠাত হঠাত, এই নির্জন অপরাহ্নবেলায়?

—কি লিখলাম শুনবে না?

অনুরূপা বাতের খাওয়া সারছিলেন। দুটো ঝটি, অল্প মুর্গির মাংস। তাঁর জন্য স্টুয়ের মতো করে আলাদা মাংস রেঁধেছে পৃষ্ঠ। এমনিতে অনুরূপা পাতলা রান্না ভালইবাসেন, কিন্তু আজ ঠিক গলা দিয়ে নামছিল না তাঁর। একটা চোরা ভয় শিরদাঁড়া ছুঁয়ে যাচ্ছে। আবার যে কখন কালকের মত এসে পড়ে কষ্টটা!

সুখময় অসহিষ্ণুভাবে বললেন,—কি হল শুনবে? পড়ব না মুখ বন্ধ করে দেব?

অনুরূপা ফোঁস করে শ্বাস ফেললেন—কি আর শুনব? লিখেছ তো সেই বাঁধা গৎ—আমরা ভাল আছি, তোমরা কেমন আছ? মাঝে তোমার মাঝের শরীর খারাপ হয়েছিল—সেই হাঁপের টান। এখন মোটামুটি আছে। তোমরা আমাদের জন্য দৃশ্চিন্তা কোরো না।

সুখময় দ্বিতীয় ক্ষুণ্ণ হলেন,—আর কিছু লিখি না আমি?

—বলো, আর কি লেখো?

সুখময় তীব্র চোখে স্তৰির দিকে তাকালেন,—লিখে দেব তোমার জন্য সারাবাত জেগে বসে থাকতে হয়? তোমার চোখ মুখ ঠেলে বেরিয়ে আসছে?

—আমি কি বলেছি, ওসব লিখতে?

—তাহলে কি লিখব? লিখব, মেহের ছেট্টি, তুমি একদা গেটের সামনে যে কৃষ্ণচূড়া গাছটি পুঁতিয়াছিলে তাহাতে ফুল আসিয়াছে, তোমার দাদার পেঁতা পলাশ গাছেও। দুটি গাছের ফুলে আমাদের গেটের সম্মুখভাগ লাল হইয়া থাকে।

অনুরূপা খাওয়া বক্ষ করে স্বামীর দিকে তাকালেন,— সত্যি কথা স্বীকার করতে এত ভয় পাও কেন তুমি? যা লিখেছ, এ ছাড় সত্যিই কি কিছু লেখার আছে? চিঠি লেখা মানে তো এখনও জ্যান্ত আছি সেটা জানানো, আর কি?

সুখময় নিশ্চৃপ হয়ে গেলেন। এয়ারমেলের মুখ জুড়লেন ধীরে ধীরে। ঘরের উজ্জ্বল আলোটাকে বড় নিষ্পত্ত লাগছিল তাঁর। শুধু নিষ্পত্ত নয়, ঝাপসাও।

নিম্নস্থরে বললেন সুখময়,— তুমি বড় নিষ্ঠুর অনু!

—নিষ্ঠুর নয়, যা দেখি যা বুঝি তাই বলছি। তুমি যা সত্যি সত্যি লিখতে চাও, তা তোমার কলমের ডগায় আসবে? আমি চাইলেও আমাকে লিখতে দেবে সে কথা?

—কেন লিখব আমরা? সুখময়ের গলা ফ্যাসফ্যাসে শোনাচ্ছিল।

—লিখো না। যক্ষ হয়ে কুবেরপুরী আগলাও।

একতলা থেকে টিভির শব্দ ভেসে আসছিল। সিনেমার গান হচ্ছে। পুরনো দিনের গান। অমল খুব জোরে চালিয়েছে টিভিটা।

কান পেতে গানটা শোনার চেষ্টা করলেন অনুরূপা। কি গান বোঝা যাচ্ছে না। থালায় হাত ধৃতে ধৃতে বললেন,— তুমি আজকাল বড় অবুব হয়ে যাও। ওইটুকু বাচ্চাকে তখন ওইভাবে ধরকালে! কোন মানে হয়?

—বেশ করেছি। খবর শোনার সময়ে অত চেঁচাবে কেন? বউটারও বলিহারি! তিন-তিনটের মা হয়েছে, একটাকেও সামলাতে পারে না। সুখময় প্রায় ভেংচে উঠলেন, —কোলের মেয়েটা সোফাতে পেছাপ করে দিল, মায়ের হিলদোল নেই, একটু কঁচিয়ে ফেলে দিল শুধু। ছোট ছেলেটা শোকেসের কাচ ভট্টাং করে টানছে বক্ষ করছে, মায়ের অক্ষেপ নেই। একদিনেই বাড়ি লঙ্ঘণ্ণ করে দিল।

—দিক গে, অত পিটপিট কোরো না তো! দ্রুটো দিনের জন্য এসেছে... আর ওই সোফা-শোকেস নিয়ে কি আমরা স্বর্গে যাব? তোমার ওই মর্নিং ওয়াকের মিলিটারি বক্ষ বলে না, এর পর সব বাড়ি সার সার ভৃতের বাড়ি হয়ে যাবে, ঠিকই বলে।

সুখময় চশমা খাপে ভরলেন। অনুরূপার কথার ভঙ্গিতে হেসে ফেললেন তিনি, —আর আমি হব যক্ষ, তাই তো? এ পাড়ায় সার সার যক্ষ!

—তাই তো হবে। অনুরূপাও হাসছেন, অনেক বকেছ, এবার আমার ক্যাপসুলটা দাও।

ওয়ুধের সঙ্গে বেশ খানিকটা জল খেলেন অনুরূপা, তারপর বললেন,—দশটা তো বাজে, তোমরা খেতে বসবে না?

—বসব। তোমার পুঁপরাণীর টিভি দেখা শেষ হোক। সকালে অমলের বউটাকে সহ করতে পারছিল না, এখন তো তার সঙ্গে গলায় গলায় ভাব।

—অমলের বউটা সত্যিই ভাল গো। বড় দুঃখী। অনুরূপা সামান্য ইতস্তত করে বললেন,—তোমার মেজদিও নাকি ওর ওপর খুব অত্যাচার করে।

—কেন?

—কেন আবার কি? বিয়েতে তেমন কিছু পায়নি, প্রায় এক বছেই চলে এসেছে, মেয়েটা, তাই নিয়ে দিবারাত্রি নাকি গঞ্জনা দেয়। বলতে বলতে কেঁদে ফেলছিল বেচারা।

—অমলের তো খুব হাঁকডাক, ও কেন প্রোটেস্ট করে না?

—মুরোদ কোথায়? মাইনে তো পায় হাজার টাকা। তোমার জামাইবাবুর পেনশানের টাকা আছে, ফিক্সড ডিপোজিটের ইন্টারেস্ট আছে—তাই দিয়েই চলে সংসারটা।

সুখময় থমকে গেলেন। বিড়বিড় করে বললেন,—তবে যে ছেলেটা বড় মুখ করে বলছিল বাবা-মাকে দেখছি! অন্নের ঝণ শোধ করছি।

—বাজে কথা। মেয়েটা আলাদা থাকতে চায়, তোমার ভাষ্টে নিরূপায়। আলাদা হলে খাবে কি? নেহাত অন্ন জুটবে না বলেই বাবা-মার কাছে পড়ে আছে। বাপ-মার ওপর ভঙ্গি নয় গো, একে বলে দায়ে পড়ে রাখমশাই। তোমার জামাইবাবু নাকি নাতির চেখের চিকিৎসার জন্যও ব্যাঙ্ক থেকে টাকা তুলে দিয়েছে ছেলেকে।

পুল্প ঘরে এসে এঁটো থালাবাসন গোছাচ্ছে, খাওয়ার সময় সুখময়কে খেতে ডেকে গেল।

সুখময় খাওয়া-দাওয়া সেরে ফিরলেন। সিগারেট ধরিয়ে গোল বারান্দায় পায়চারি করলেন কিছুক্ষণ। শুয়ে পড়লেন।

সারাদিনের তপ্ত ভাব আর নেই। একটা নরম মিঠে বাতাস জানলা বেয়ে ঘরে ঢুকছে। স্পর্শ করছে ঘরের আসবাবপত্র। মানুষদেরও। নারকেল গাছের ওপারে পিছনের রাঞ্চির টিউবলাইটটা জুলছে নিবছে বার বার।

রাত বাড়ছিল।

মাবারাত অবধি শুম এল না সুখময়ের। প্রতি পলে কাল রাতের বিপরিতার স্থৃতি কুরে কুরে খেয়ে যাচ্ছিল তাঁকে। পাশের ঘরের কলকাকলি স্তুর্দ্ধ হওয়ার পরও চেখের পাতা এক হল না কিছুতেই।

হঠাতেই সুখময় একটা শব্দ শুনলেন। শব্দটা প্রথমে একটু শুরু হয়েই থেমে গেল। তারপর আবার শুরু হল। বাড়ছে। কমছে। থামছে। বাড়ছে।

বেশ খানিকক্ষণ মন দিয়ে শোনার পর শব্দের উৎসটা খুঁজে পেলেন সুখময়। অমল নাক ডাকছে।

রাগতে গিয়েও সুখময়ের রাগ এল না। স্নায় কেমন বিমিয়ে এল। অন্ধকার বাড়িতে শব্দটা পাক খেয়ে ঘুরতে লাগল। মথের মতো। একটা প্রাণের অস্তিত্ব হয়ে।

অনুরূপার টান উঠল না। সুখময় ঘুমিয়ে পড়লেন।

টানটা পরদিন উঠল না—পরদিনও না। দু'দিন ধরে গোটা বাড়ি জুড়ে দক্ষিযজ্ঞ করল অমলের দলবল—ছড়ালো, লাফালো, নোংরা করল, ছাদের টব প্রায় নির্মূল করে ফেলল শিশুরা। ছেলেকে ডাঙ্গার দেখাল অমল। তেমন বিপদের কিছু নেই। ফ্ল্যাণ্ডেরই গোলমাল। ওষুধ চলবে এখন। এক মাস পরে আবার দেখাতে হবে ছেলেকে। মনের আনন্দে অমল কলকাতা ঘোরালো বট-বাচ্চাদের। পাতালবেল, দ্বিতীয় হগলি সেতু,—কিছুই বাদ পড়ল না। আজ তার লটবহুর নিয়ে ফেরার পালা।

দৃপ্তি দুটোয় বাস। ধর্মতলা থেকে। পথে খাওয়ার জন্য কোঁচড় বেঁধে টিফিন দিয়ে দিলেন অনুরূপা নিজের হাতে তৈরি করে। লুচি তরকারি হালুয়া। একটা ভাল

শাড়িও দিলেন মঙ্গুকে। বাচ্চাদের এক সেট করে জামাকাপড়।

মঙ্গু খানিকটা কাঁদল। অমল হাসল হা হা করে। বাচ্চাগুলো খুশি না ব্যথিত  
বোৰা গেল না।

অমল চলে গেল, ঝাঁ ঝাঁ রোদে।

বাবিন আর ছেট্টুর ঘর পরিষ্কার করে দিয়ে গেছে পুষ্প। সাজিয়ে-গুছিয়ে ঘর  
আবার পুরনো চেহারায়।

সুখময় ঘর দুটোতে তালা দিতে এসে দাঁড়িয়ে গেলেন। দুটো খোলা দরজার  
মাঝাখানে, ছায়া ছায়া প্যাসেজ, নিম্নম দাঁড়িয়ে আছেন অনুরূপ। জীবনের শেষ প্রাণে  
এসে কী নিঃসঙ্গ দেখাচ্ছে বাবিন-ছেট্টুর গরবিনী মাকে! শুধু একা নয়, শুন্য। কাঙ্গাল।

বুক কঁপিয়ে দীর্ঘশ্বাস গড়িয়ে এল সুখময়ের। তাঁর একটা ছেলেও যদি অশিক্ষিত,  
বেরোজগেরে হত ওই অমলটার মতো!

## সাত বছর এগারো মাস আট দিন

শব্দগুলো যেন ভেঙে টুকরো টুকরো হয়ে গেঁথে যাচ্ছে যন্ত্রটার গায়ে। টকটক... টকটক... টকটক... টক। পাশে বসা যুবকটি কী অবলীলায় খেলা করে চলেছে প্রতিটি কথাকে নিয়ে? বাজাচ্ছে—নাচাচ্ছে, আঙুলের মদু চাপে দ্রুত তাদের বসিয়ে দিচ্ছে যন্ত্র-অক্ষরগুলোর বুকে।  
ভদ্রলোক ভরাট গলায় জিজ্ঞাসা করলেন—হয়েছে?

—হ্যাঁ স্যার। চাবিতে আঙুল রেখেই যুবক মুখ্য তুলন—পড়ব?

—পড়ো।

টাইপ রাইটারের রোলার পাক খেল করেকবার। যুবক ঝুকল যন্ত্রস্থ কাগজটার দিকে—টু দা কোর্ট অফ দা ডিস্ট্রিক্ট জাজ, আলিপুর, চাবিশ পরগণা সাউথ। ম্যাট্রিমেনিয়াল সুট নাস্তার নশো পঁয়ত্রিশ অফ নাইন্টিন এইতিনাইন।

—হ্যাঁ। ভদ্রলোক বিভলভিং চেয়ার ঘোরালেন। গর্বিত মোরগের মত ঘাড় ফুলে উঠল সামান্য—বুকালেন, এ বছর এই নশো পঁয়ত্রিশটা কেসের একশ বাইশটা আমিই করলাম। হ্যাঁ হ্যাঁ! বারে আজকাল আমার নামই হয়ে গেছে বিছেদ ডেকিল।

নিজের বসিকতায় একাই হাসছেন ভদ্রলোক। চন্দন নকল হাসি ফেটানোর চেষ্টা করল ঠোঁটে। হাসি ঠিক ফুটল না। সিগারেটে বড় টান দিয়ে মাথা বাখল চেয়ারের পিঠে। ভুল করে একবার তাকিয়েও ফেলল সুদেষ্ণার দিকে। টেবিলের কাচে একভাবে আঙুল বুলিয়ে চলেছে, কোন টেনশন চাপার চেষ্টা করলে চিরকালই আঙুলগুলোকে নিয়ে কি করবে ভেবে পায় না সুদেষ্ণা। ফর্স চঞ্চল আঙুলগুলোর ওপর থেকে জোর করে চোখ সরিয়ে নিল চন্দন। ভদ্রলোক তীক্ষ্ণদৃষ্টিতে জরিপ করছেন দূজনকেই। চন্দনের সঙ্গে চোখাচোখি হতেই চালশে চশমাখানা এঁটে নিলেন চোখে। যুবকের দিকে ফিরলেন—এবার তাহলে পিটিশনারদের ডিটেইলস টাইপ করে ফেল! ওকে?

—করে ফেলেছি স্যার। যুবকটির গলায় চোরা উৎসাহ যেন। উৎসাহ, না কৌতুহল? আড়চোখে একবার দেখেও নিল সুদেষ্ণাকে,—এই যে স্যার। পিটিশনার নাস্তার ওয়ান শ্রীচন্দন মুখার্জি, বাবা লেট হৱশংকর মুখার্জি, বাই ফেখ হিন্দু, বর্তমান ঠিকানা আটগ্রিশ-জে মহারাজা ঠাকুর রোড, পি-এস—যাদবপুর, কলকাতা সাত লক্ষ একত্রিশ। পিটিশনার নাস্তার টু শ্রীমতী সুদেষ্ণা মুখার্জি, স্বামী শ্রীচন্দন মুখার্জি, বাবা লেট আনন্দমোহন চ্যাটার্জি, বাই ফেখ হিন্দু, বর্তমান ঠিকানা একুশের দুই লেক প্লেস, পি-এস টালিগঞ্জ কলকাতা, সাত লক্ষ উনত্রিশ।

—রাইট! ভদ্রলোক মাথা নাড়লেন। আরাম করে শরীরটাকে ছড়িয়ে দিলেন দশাসই চেয়ারটায়। দু আঙুলে ডট পেন ঘোরাতে লাগলেন বনবন—এবার তাহলে হেডিং লিখে ফেল। লেখে অ্যাপ্লিকেশন ফর ডিভোর্স অন মিউচুয়াল কনসেন্ট আগুর সেকশন তেরোৰ বি অফ হিন্দু ম্যারেজ অ্যাস্ট, উনিশশো ছাপ্পান... হয়েছে? পরের লাইন—, দি হাস্পল পিটিশন অফ পিটিশনার নাস্তার ওয়ান অ্যাণ্ড পিটিশনার নাস্তার টু...।

তীব্র শব্দ তুলে যান্ত্রিক গতিতে বাক্যরা পরপর দাঁড়িয়ে পড়ছে স্ট্যাম্প পেপারের গায়ে। টাইপ রাইটারের চাবি নয়, যেন বৃদ্ধ বিধাতার শীর্ণ আঙুল বিধিলিপি লিখে ঢলেছে। সুদেষণা চোখ বুজে ফেলল। আহ। কেন এ সময়ে ওই ছবিটাই বারবার ভেসে উঠছে চোখের সামনে! একটা পরিপূর্ণ আলোকময় সন্ধ্যা। চারদিকে উজ্জ্বল মানুষের মুখ, হাসি, কোলাহল আর সানাইয়ের বুক তোলপাড় করা সুর। অমন একটা খুশির ছবিতে কে ওই মেয়েটা রাজেন্দ্রাণী হয়ে বসে? চোখভর্তি লজ্জা! বুক জুড়ে তিরতির সুখ। সে কি এই সুদেষণাই!

পূরুতমশাই বললেন—কন্যাকে পশ্চিমমুখে বসান। জামাইকে পূবমুখে।

বেনারসি আর গয়নায় জরদগৰ সুদেষণাকে দুই বৌদ্ধি চন্দনের মুখোমুখি বসিয়ে দিল।

পূরুতমশাই বাবার দিকে তাকালেন—এবার আপনি কন্যা ও বরের পরম্পরের মুখ অবলোকন করান।

শাঁখ বেজে উঠল। উল্ধুবনিতে কান তোলপাড়। বাবা চন্দনের হাঁচুতে হাত রেখেছেন। সারাদিনের উপোস করা চোখেমুখে একটু শুকনো ভাব। তবু গরদের কাপড়ে কী যে সৌম্য সেদিন! খালি গায়ে ধৰ্বথবে সাদা পৈতে। হাতের কোশে তিল, কুশ, যব। ...ভৱদ্বাজ গোত্রস্য স্বর্গীয় হরশংকর দেবশম্রণঃ পুত্রায়, ভৱদ্বাজ গোত্রায় চন্দন দেবশম্রণে...কাশ্যপ গোত্রস্য আনন্দমোহন দেবশম্রণঃ পুত্রীঃ, কাশ্যপ গোত্রাঃ সুদেষণা দেবীঃ এনাঃ—সবস্ত্রাচ্ছদিতালঙ্কৃতাঃ কন্যাঃ...

গাঁটছড়া বাঁধার আগে কে যেন বলে উঠল,—এ হল জন্ম-জন্মান্তরের বাঁধন, বুবলি!

মিথ্যে। সব ভাঁওতা। ভাবের ঘরে চুরি। মনকে ভুলিয়ে রাখার চেষ্টা। বন্ধন কোথাওই কোনদিন তৈরি হয় না। কারুর সঙ্গেই না। যা হয় সবটাই এক ধরনের মায়া মাত্র।

সুদেষণা চোখ খুলল। চন্দন ঠিক কোন দিকে মুখ করে বসে এই মুহূর্তে? সেই বা কোন মুখে? জীবনের মুখ কখন যে কোথায় কিভাবে বদলে যায়! এই ঘরের ভেতরে বসে দিকনির্ণয় করা এখন অসম্ভব। গেট ঠেলে, উঠোন মাড়িয়ে, লসা একটা করিডোর পেরিয়ে এ ঘরে এসেছে। এসেছে বললে ভুল হয়। তাকে নিয়ে এসেছে। চন্দনই।

কাল সন্ধেবেলা হঠাতই চন্দনের ফোন। লেক প্লেসে।

—কাল একবার সময় করতে পারবে? দশটা নাগাদ?

—কেন?

—ল-ইয়ার কাল সকালে বাড়িতে ড্রাফ্টটা ফাইনাল করে ফেলতে চাইছেন। তুমি এলে সুবিধে হয়।

এক পলকের জন্যও হলেও কেঁপে উঠেছিল সুদেষণা। কেন যে কেঁপেছিল! কি হতে চলেছে, কি হবে, সবই তো জানা। জানা শুধু নয়, পূর্ণ সম্ভতিও রয়েছে তার। তবুও...

চন্দন ওপ্রাপ্ত থেকে বলেছিল,—তুমি যদি বলো তোমাকে তুলে নিয়ে যেতে পারি।

—জায়গাটা কোথায়?

—ভবানীপুরে। ভারতী সিনেমার পেছনে।

—ঠিক আছে। আমি ভবানীপুর থানার সামনে থাকব। ঠিক দশটায়।

সুদেষ্ণ আলগোছে চোখ বোলাল ঘরের চারদিকে। চতুর্দিকের দেওয়াল জুড়ে কাচের আলমারিতে শুধু মোটা মোটা আইনের বহ। একটুও ফাঁকা জায়গা দেখা যাচ্ছে না কোথাও। ভদ্রলোকের মাথার পেছনদিকে একটা শুধু খোলা জানলা। এমন একটা বন্ধ ঘরে মানুষ ঘটার পর ঘটা নিষ্পাস নেয় কিভাবে। সুদেষ্ণ মুখ ওপরে তুলে ফ্যানের হাওয়া থেকে কিছু বাতাস টেনে নিল বুকে।

—আমার একটা কথা বলার ছিল।

—বলুন। সবিনয়ে ঝুঁকলেন ভদ্রলোক।

—আমার নাম ঠিকানা মেনশন করার সময়ে প্রথমেই মেনশন করলেন আমি কার স্তৰী। ইজ ইট নেসেসারি? বাবার নামই কি যথেষ্ট নয়?

—না ম্যাডাম, ইট ইজ কাস্টমারি। খুব কায়দা করে চিবিয়ে চিবিয়ে উত্তর দিচ্ছেন ভদ্রলোক—দেখুন, আপনাদের মিউচুয়াল পিটিশনের বেসিসে এখন ছ মাসের জন্য জুড়িশিয়াল সেপারেশন পাবেন আপনারা। রাইট? এর মধ্যে আপনাদের ভেতরে রিকনসিলিএশনও হয়ে যেতে পারে। রাইট? আই মীন মিটমাট—যদি না হয় তবে ছামাস পরে আপনারা জয়েটেলি কোর্টে যেতে পারেন টু গেট এ ডিঙ্গি অফ ডিভোর্স। ওকে? ভদ্রলোক এবার চোখ ফেললেন চন্দনের দিকে—চিল দেন মিস্টার মুখাজিই কিন্তু আপনার লিগাল হাজ্বাও। আপনি এটা অঙ্গীকার করতে পারেন না। নয় কি? বলতে বলতে এক ছিটে বাঁকা হাসিও যেন ফুটল মুখে—আপনি কি বলেন মিস্টার মুখাজি?

—আমার কিছু বলার নেই। চন্দন এক বাটকায় ঘুরে বসেছে সঙ্গে সঙ্গে। গলায় স্পষ্ট ঝাঁঁক। বিরক্তি। পোড়া সিগারেটের টুকরো অকারণে বেশি চেপে নেভাচ্ছে অ্যাশট্রেতে—আমার মনে হয় এখন কাজের কথাগুলো শুরু করা উচিত।

—বেশ। ভদ্রলোক ঘূরণ-চেয়ারে পুরো এক পাক ঘুরে নিলেন। বিজ্ঞ মুখে চাপা কৌতুক,—আমি বরং ফাইনাল টাইপিং-এর আগে আরেকবার পয়েন্টগুলো শুনিয়ে দিই, কেমন? কারুর যদি কোন অবজেকশন থাকে এখনও ক্লিয়ার করে নেওয়া যাবে। রাইট?

ভদ্রলোক ‘রাইট’ শব্দটা বড় বেশি ব্যবহার করেন। সবসময় ‘রং’ নিয়ে কারবার করেন বলে কি? কথাটা এমনি এমনি মনে হল সুদেষ্ণার। শেষ ‘রাইট’-র সঙ্গে সঙ্গে পাশের টেবিলের যুবক পিঠ সোজা করে বসেছে। হাত বাড়িয়ে স্বীফটাকে এগিয়েও দিয়েছে প্রকাণ সেক্রেটারিয়েট টেবিলে। ভদ্রলোক নতুন করে চশমা এঁটেছেন নাকে।

...পয়েন্ট নম্বর দুই। বিগত উনিশশো আশি সালের পনেরোই জলাই পিটিশনার নামার ওয়ান, যিনি তখনও অবিবাহিত ছিলেন, তিনি তখনও অবিবাহিতা পিটিশনার নামার টুকে একুশের দুই লেক প্রেস, থানা টালিগঞ্জ, কলকাতা সাত লক্ষ উনত্রিশ, থেকে হিল্মতে বিবাহ করেন।

সুদেষ্ণা কপাল থেকে ঝুরো চুল সরাল। চন্দন তাকিয়ে আছে কাঠের গায়ে পড়া নিজেরই আবছা ছায়ার দিকে। ভদ্রলোক দুজনের মুখের ওপরই কয়েক পলক দৃষ্টি ফেলে চোখ রাখলেন কাগজে।

—পয়েন্ট তিন। সেই বিবাহের পর থেকে দুই পার্টি একত্রে স্বামী-স্ত্রী হিসাবে আটগ্রিশ-জে মহারাজা ঠাকুর রোড, থানা যাদবপুর, কলকাতা সাত লক্ষ একগ্রিশে বসবাস করে আসছেন। এবং এই ঠিকানায়...

এতবার করে থানা আর পিন কোড আবৃত্তি করছেন কেন ভদ্রলোক? মানুষের সঙ্গে মানুষের সম্পর্ককে প্রমাণ করার জন্য এগুলো কি এতই বেশি জরুরী? কে জানে!

সুদেষ্ণার দুই ভুক্ত যথন জড়ো পলকা চিন্তায়, ঠিক তখনই চন্দনের প্রতিবাদ শোনা গেল—তিনি নম্বর পয়েন্টে ওটা বোধ হয় ঠিক বলা হল না। বসবাস করে আসছেন সেপ্টেম্বর ভুল। কারণ ও আমাদের বাড়ি ছেড়ে চলে গেছে লাস্ট ইয়ারের জুনে।

—আহা! ইমপেশেন্ট হচ্ছেন কেন? সে পয়েন্টও আছে! ভদ্রলোক বরাবরের হাসি হানলেন—চার নম্বরটা জুন; এই তো! ...দূরেন সিটিশনারই মানসিক অ্যাডজাস্টমেন্টের অভাবের দরকন গত চাবিশে জুন উনিশশো অষ্টাশি সাল থেকে আর একত্রে বসবাস করতে পারেননি। তাঁরা শেষ দাম্পত্যজীবন যাপন করেছিলেন উনিশশো অষ্টাশি সালের তেইশে জুন।

ব্যস, এই টুকুনই! বলতে গিয়েও শব্দ দুটোকে গিলে নিল সুদেষ্ণা। আশি থেকে অষ্টাশির জুন, ঠিক ঠিক হিসেব করলে পুরো সাত বছর এগারো মাস আট দিন। এতখানি লস্বা সময়টাকে কি নিপুণ দক্ষতায় দুটো মাত্র লাইনে বেঁধে ফেলল আইন! যেন এতগুলো বছর ছিল শুধুই একত্রে বসবাস করা, আর কিছুই না। কোন ঘটনা নেই, অঘটনও নেই কোন! অথচ ওই বছরগুলোর প্রতিটি দিন, প্রতিটি ঘণ্টা, পল, অনুপল এখনও পর পর ধরা আছে স্মৃতির পর্দায়। ঘটনাময় দীর্ঘ ভিড়িও ক্যাসেট যেমন। পর পর দৃশ্যগুলো যেখানে মধুর থেকে বীভৎস, আরও বীভৎস, আরও বীভৎস। অথচ তাদেরও কি সুন্দর একটা ছোট্ট বাক্যে বস্তী করে ফেলা গেল—মানসিক অ্যাডজাস্টমেন্টের অভাব! সুদেষ্ণা বাঁ হাতে কপাল চেপে ধরল। উকিল ভদ্রলোক পরিষ্কার উচ্চারণে পাঁচ নম্বর পড়ে চলেছেন—এই বিবাহের ফলস্বরূপ সায়স্তনী মুখার্জি নামে একটি কন্যাসন্তান জন্মলাভ করে আঠাশে ডিসেম্বর উনিশশো একাশি সালে। রাইট?

রাইট! রাইট! দৃশ্যটা আজও অমলিন যে। একটুও রঙ জুলেনি কোথাও। সুদেষ্ণা নিজের মনে মাথা নাড়ল। মনে আছে। সব স্পষ্ট মনে আছে। ওই তো নার্সিংহোমের দুবজা ধরে একট দুবে দাঁড়িয়ে চন্দন: মৃত্য জুনে আনন্দ, লঙ্ঘন আর নতুন পিতৃত্বের গৌরবমাখা এক অপূর্ব নিম্নল হাসি।

—থ্যাংকস সুদেষ্ণা। মেনি থ্যাংকস।

বুকের গভীরে জাও পুতুলাসির শরীরের শ্রান্তি নিতে নিতে তখন কেমন যেন  
এই মায়া—২

লজ্জা পাছে সুদেষণা। চোখ ছাপিয়ে থিরথির খুশি,—কিসের ধন্যবাদ?  
—থ্যাংকস ফর দা সুইট ডটাৱ।  
—তবে তো ধন্যবাদ তোমারও প্রাপ্য। আমার তরফ থেকে। মেয়ে তোমারই।  
দৃশ্য বদল হয়ে যাচ্ছে হ-হ কৰে। রঙ পাল্টে গেল। চন্দনের স্বর এখন ঝুঞ্চ,  
কঠিন।

—তুমি আজ মেয়ে ফেলে কিছুতেই কাজে যেতে পারবে না।  
—কেন? বিমলি তো আজ ভালই আছে। বেশ খেলা কৰছে।  
—তবু তুমি বেরোবে না।  
—অসম্ভব। আমাকে আজ একবার যেতেই হবে। তুমি তো জানো আমার  
কনফার্মেশন হয়নি এখনও।  
—চুলোয় যাক তোমার চাকরি। মেয়ে ফেলে...  
—আশ্চর্য! বাড়িতে এতগুলো লোক রয়েছে—তোমার মা, তোমার বোন—  
—তারা কেউ তোমার মেয়ের আয়া নয়।  
—এভাবে বলছ কেন? আমি তো মাত্র কয়েক ঘণ্টার জন্য... বেশ তো, তুমই  
তাহলে আজকের দিনটা বাড়িতে থাকো। আমি যত তাড়াতাড়ি পারিব...  
—চমৎকার! তোমার জন্য আমি অফিস কামাই কৰব?  
—আমার জন্য কেন? নিজের মেয়ের জন্য কৰবে। বিমলি তোমার মেয়ে নয়?  
একটা দিন তুমি থাকতে পারো না বাড়িতে? মেয়ের কাছে?

ভিডিও টেপে তুফান গতিতে আবার ফার্স্ট ফরোয়ার্ড। দৃশ্য ছুটে চলেছে পরিষ্কার দিকে। এবাব ছবিতে উদাম চিৎকার। পরম্পরাকে আক্রমণ ভয়ংকর ভাবে। সুদেষণা  
ফুঁসছে রাগী বেড়ালের মত।

—আমি আব এক সেকেণ্ড তোমাদের বাড়িতে থাকব না। আন্কালচারড,  
অশিক্ষিত ফ্যামিলি একটা। কি ভাবো আমাকে তোমরা? তোমাদের কেনা বাঁদী?  
—দ্যাখো, ভালো হবে না বলে দিছি। আমার বাড়ির কাউকে তুলে তুমি  
কোনৱকম...

—বেশ কৰব বলব। ইতু ছোটলোকের দল স্ব...  
—আব একটা বাজে কথা বললে তোমাকে আমি...  
—কি কৰবে? মাৰবে?  
—ঘাড় ধৰে বাব কৰে দেব বাড়ি থেকে।  
—তার দৰকাৰ নেই। আমি আজই চলে যাচ্ছি। বিম—বিমলি...  
—খবরদার, বিমলিকে ডাকবে না।  
—ওকে আমি নিয়ে যাব।

প্রচণ্ড শব্দে ঠাস কৰে গালে চড় পড়ল একটা। ছিটকে গেল সুদেষণা। মুহূর্তে  
স্বরভূতি লোকজন। চন্দনের মা, বোন, বাড়ির ঠিকে বিটা পর্যন্ত। কী লজ্জা! কী লজ্জা!  
সবাব গলা ছাপিয়ে তখন সাড়ে ছ'বছৰের মেয়েটাৰ কান্না ডুকৰে ডুকৰে উঠছে  
—ওমা আমি তোমার সঙ্গে যাব! মা আমি তোমার সঙ্গে যাব!

উকিল ভদ্রলোক গলা ঝাড়লেন ভাল করে—এবার ছ নম্বৰ। কাস্টডির পয়েন্ট।

সুদেষ্ণা টান টান হয়ে বসল। চন্দন দাঁতে আঙুল কামড়াচ্ছে। কয়েক সেকেণ্টের জন্য গোটা ঘৰ শুরু যেন। তারপরই ভদ্রলোকের ভারী গলা...

—যদিও আইনের চোখে পিটিশনার নাম্বার ওয়ানই প্রেফারেনশিয়াল অ্যাণ্ড ন্যাচারাল গার্জেন অফ দ্য মাইনর ডটার, তবু তার শিশুবয়স অর্থাৎ বর্তমান টেণ্টার এজ-এর কথা বিবেচনা করে পিটিশনার নাম্বার টুকেই তার কাস্টডিয়ান ধৰা হবে।

এতদিন ধৰে জমে ওঠা দৃশ্যমান, আশঙ্কা যেন এক লহমায় উবে যাচ্ছে। বুক কাঁপিয়ে গড়িয়ে এল স্বত্তির নিষ্পাস। সুদেষ্ণা বহুকাল পৰ চুরি করে তাকিয়ে ফেলল চন্দনের দিকে। চন্দন তাহলে শেষ পর্যন্ত...। একমনে একটা না-জ্বালানো সিগারেট টেবিলে ঠুকছে চন্দন। মুখটা কি একটু ম্লান? লোকটার ওপৰ হঠাত এত মায়া আসছে কেন? মায়া, না কৃতজ্ঞতা?

উকিল ভদ্রলোক অল্পক্ষণ থেকে আবার পড়ছেন... ছয়-এর বি। যদিও সন্তান পিটিশনার টু-এর কাস্টডিতেই থাকবে তবু পিটিশনার নাম্বার ওয়ানের তাৰ প্ৰতি ততটাই অৰ্ধিকাৰ থাকবে, যতটা থাকবে পিটিশনার নাম্বার টু'ৱ। এবং শৰ্ত মোতাবেক পিটিশনার নাম্বার টু প্ৰতি সপ্তাহেৰ শনি ও রবিবাৰ পিটিশনার ওয়ানেৰ কাছে কন্যাকে পাঠিয়ে দিতে বাধ্য থাকবে।

না, এটাও তেমন আপত্তিজনক প্ৰস্তাৱ নয়। এ শৰ্ত চন্দন দিতেই পাৰে। সুদেষ্ণা টেঁক গিলন। মেয়ে তাৰ কাছে ঠিকই তবু এখনও তো মাৰো মাৰো তাকে পাঠিয়ে দিতে হয় ও-বাড়িতে। মেয়েটাৰই যে হঠাত হঠাত এক এক দিন বাবাৰ জন্য খুব মন কেমন কৰে!

ভদ্রলোক তাকিয়ে আছেন সুদেষ্ণার দিকে। সুদেষ্ণা সম্মতিসূচক মাথা নেড়ে ফেলল। আৱ তখনই তৃতীয় সাব পয়েন্টটা এসে গেল।

—ক্লজ় ছ'এর এ-তে যে প্ৰতিশনেৰ কথা উল্লেখ কৰা হয়েছে সেটা কাৰ্য্যকৰ থাকবে না, যদি বাচ্চা স্ব-ইচ্ছায় এবং স্ব-বুদ্ধিতে পিটিশনার নাম্বার ওয়ানেৰ কাস্টডিতেই থাকতে চায়। সেক্ষেত্ৰে বাচ্চাৰ কাস্টডি এক নম্বৰ পিটিশনারেৰ কাছেই ফিরে যাবে। অৰ্থাৎ তিনিই লিগাল কাস্টডিয়ান হবেন।

কথাটায় কেমন পাঁচ আছে যেন। এ কেমন শৰ্ত! সুদেষ্ণার বুকটা ছাঁত কৰে উঠল।

—মানেটা ঠিক পৰিকাৰ হল না।

—অপৰিকাৰেৰ কি আছে? চকিতে কথা বলে উঠেছে চন্দন। গলাৰ স্বৰে ঝাঁঝা না থাকলেও ঝাঁঝোৰ আভাস,—এখানে তো না বোঝাৰ কিছু নেই। বিমলি যদি আমাৰ কাছে থাকতে চায়, আমাৰ কাছেই থাকবে।

—ইমপসিবল! সুদেষ্ণা উল্লেজনায় উঠে দাঁড়িয়েছে—আমি কোন শতেই বিমলিৰ কাস্টডি ছাড়ব না!

—তাহলে তো তোমাৰ সঙ্গে কোন আপোসই কৰা যায় না।

—কে কৰতে বলেছে আপোস? আমি আমাৰ নিজেৰ উকিল কনসাল্ট কৰিব।

দুজনেরই ধ্বনি উচ্চতে উঠছে ক্রমশ। সামনে বসা অন্য দুটো মানুষের উপস্থিতি যেনে ধর্তব্যই নয়। সুদেষ্ণগুরু চোয়াল শক্ত হয়েছে—আমি তোমাকে বিশ্বাস করি না। তুমি সব পারো। আমার মেয়ের ব্রেনওয়াশ করতে তোমার দুদিনও লাগবে না।

—হোয়াট ডু ইয়ু মীন টু সে?

—যা বলতে চাইছি খুব বুঝতে পারছ। যিমলি আমাকে সব কথা বলে। তুমি ওকে ও-বাড়িতে ভি সি আর কিনে দেবে বলেছ। আগে কখনও দাওনি, হঠাতে সেদিন ওকে টকিং ডল কিনে দিয়েছ। তোমার মা ওকে নানারকম লোভ দেখিয়ে ও-বাড়িতে থেকে যেতে বলেন।

—ওয়েট ওয়েট ওয়েট! বেশ খানিকক্ষণ চৃপচাপ শোনার পর উকিল ভদ্রলোক মাথা গলালেন—আপনারা আমার কথা একটু শুনবেন? একটু শাস্তি হয়ে বসবেন ম্যাডাম?

সুদেষ্ণ রীতিমত রাগের সঙ্গে বসে পড়ল চেয়ারে।

—গুড়! শুনুন তাহলে। আপনি অথবা উভেজিত হচ্ছেন। এত কথার পরও দিবি অমায়িক হাসছেন ভদ্রলোক—আমি আইনের বাইরে গিয়েই বলছি, আপনার মেয়ে যদি প্রলুক হয়েই তার বাবার কাছে গিয়ে থাকতে চায় তাহলে কিন্তু বুঝে নিতে হবে মেয়ের ওপর আপনার নিজের কোন ইমোশনাল কট্টোলাই নেই। আর মেয়েরও আপনার ওপর টান নেই তেমন।

—মানতে পারলাম না। সুদেষ্ণ সজোরে মাথা ঝাঁকাল—যে কোন শিশুকেই লোভ দেখানো খুব সহজ।

—মানলাম। কিন্তু শিশুরা মাকে ছেড়ে থাকতে পারে না, এটাও তো সত্যি।

—পারবে না কেন? ওখানে বাবা, ঠাকুমা, পিসি সবাইকে পেয়ে যাবে যে।

—এই, এই তো পয়েন্টে এসে গেলেন। ভদ্রলোক হেসে উঠলেন শব্দ করে, —তাহলে স্মীকার করছেন বাচ্চার জীবনে মা ছাড়াও, বাবা ঠাকুমা পিসিদের কিছু ভূমিকা থাকে! রাইট?

না, এদের সঙ্গে তর্ক করে পারা যাবে না। রাগে, কষ্টে চোখে জল এসে যাচ্ছে। নিজের উকিলের কাছে ডেকে এনে আপোসের নামে, ইচ্ছে করে তাকে বিপাকে ফেলার চেষ্টা করছে চন্দন। এ এক ধরনের চক্রবাতি। কিছুতেই ফাঁদে পা দেবে না সে। গুরু হয়ে বেশ কিছুক্ষণ বসে রাইল সুদেষ্ণ। জিজ্ঞাসু মুখে তার দিকে তাকিয়ে আছেন ভদ্রলোক। চন্দন ফস করে ধরিয়ে ফেলল হাতের ধরা সিগারেটটাকে। গলায় নিষ্ঠুর ব্যঙ্গ—ওয়েল। ওর যখন নিজের সন্তানের ভালবাসার ওপরই আস্থা নেই, তখন তো আর কথাই চলে না।

—কেন চলবে না? ভদ্রলোক গলা নরম করে মধ্যস্থতায় নামলেন আবার, আপনি এগু করলে ওই ক্লজটা বদলে ফেলা যায়।

—ঠিক আছে। চন্দন ভেবে নিল একটুখানি—তার বদলে অন্য ক্লজ রাখতে হবে।

—বলুন।

—কাস্টডি ওরই থাকুক। বিজনেস ডিল রদবদল করার সময় যেভাবে কথা বলে

মানুষ, চন্দনের মুখচোখে অবিকল সেই ভঙ্গি,—মেঝে উইকে দু দিনের জায়গায় অ্যাটলিস্ট তিনদিন আমার কাছে থাকবে। ওর স্কুলের মাইনে আমি দেব। স্কুলের অফিসিয়াল গার্জেন হিসেবেও আমার নাম থাকবে।

উকিল ভদ্রলোক সুদেষণার দিকে তাকালেন,—এনি অবজেকশন ম্যাডাম?

সুদেষণা নীরব। চন্দনের ব্যঙ্গটুকু তীক্ষ্ণ তীর হয়ে বিঁধে গেছে বুকের ঠিক মাঝখানটাতে। নিশাস নিতে কষ্ট হচ্ছে। বিমালির ভালবাসার ওপরও কি সত্যি তবে আস্থা নেই তার? কারব ভালবাসার ওপরই কি আছে? একদিন তো মনে হয়েছিল চন্দনের মতো ভাল আর কেউ তাকে বাসে না। আব আজ...

—কি হল ম্যাডাম? কিছু বলুন?

সুদেষণা লম্বা পাস টানল—আমাকে একটু ভাবতে দিন।

—ভাবুন। ততক্ষণে আমি সাত নাম্বারটা শুনিয়ে দিই।

সুদেষণা শুনেও শুনল না। নিজের মনের সঙ্গে অন্য একটা আপোসের মামলা চলাবার প্রাণপণ চেষ্টা করে চলেছে সে।

—সাত নম্বর অনুযায়ী, পিটিশনার নাম্বার টু যেহেতু কর্মরতা, সেহেতু তিনি স্বেচ্ছায় ভরণপোষণের দাবি জানাচ্ছেন না। এবং ভবিষ্যতেও তিনি পিটিশনার নাম্বার ওয়ানের কাছ থেকে কোনরকম অ্যালিমনি দাবি করবেন না।... কি হল, শুনছেন না?

—ডঁ? সুদেষণা চমকাল সামান্য।

—আপনি মন দিয়ে শুনছেন না। খোরপোষ প্রসঙ্গে বলছিলাম। এ ব্যাপারে আপনার কোন দাবি নেই তো?

—নাহ। ধীরে ধীরে মাথা ঘোরাল সুদেষণা। চন্দন তার দিকেই সোজাসুজি তাকিয়ে আছে। চোখে তীব্র শ্লেষ। সেই শ্লেষ ক্রমে ছড়িয়ে পড়ল সুদেষণার ক্লান্ত চোখেও। স্থির তাকিয়ে আছে দুই পিটিশনার। উকিল ভদ্রলোক নির্বিকারভাবে পাতা ওপ্টাচ্ছেন ড্রাফ্টের। টাইপিস্ট যুবকটি টাইবাইটার আস্তে সরালেও বেশ জোরে আওয়াজটা বেজে উঠল কানে। মাথার ওপর সিলিং ফ্যানটাও আচমকা মুখৰ। সেই মুখৰতাব সঙ্গে তাল রেখে উকিল ভদ্রলোকের গলা গমগম করে উঠল।

—লাস্ট পয়েন্টটাও শুনে নেবেন নাকি?

এর পরও পয়েন্ট বাকি থাকে।

থাকে। আট নম্বর পয়েন্ট অনুযায়ী পিটিশনার নাম্বার টু, শুধুমাত্র তাঁৰ পিতৃগৃহ থেকে পাওনা যাবতীয় ফার্নিচুর, গহনা এবং পোশাকাদি ইচ্ছে হলে ফেরত নিয়ে নিতে পারেন। এই সমস্ত জিনিস ডিভোর্সের ডিক্রি পাওয়ার পরই ফেরত নেওয়া যাবে।

পিটিশনার নাম্বার টু দুম করে খাপছাড়া প্রশ্ন করে বসল একটা।—ডিভোর্সের ডিক্রি ঠিক ছ' মাস পরেই পাওয়া যাবে তো?

—সারটেনলি। যদি সঙ্গে সঙ্গে আপনারা অ্যাপিয়ার করবেন কোর্টে। ভদ্রলোক ফাইল বন্ধ করলেন— এই ছ' মাস কিন্তু আপনারা স্বামী-স্ত্রীই থাকছেন। বলতে বলতে অভিজ্ঞ হাসি হাসছেন ভদ্রলোক,—এর মধ্যে কিন্তু মিটারটও হয়ে যায় অনেক সময়। হয়ত আপনাদেরও...

—ঠিক আছে। পিটিশনার নাম্বার টু কঠিন মুখে উঠে দাঁড়িয়েছে—কথা যেভাবে হল, ফাইনাল ড্রাফটটা আপনি সেভাবে করে রাখতে পারেন। আমি কাল পরশু এসে...

—এক মিনিট। পিটিশনার নাম্বার ওয়ানও প্রায় একসঙ্গে উঠে দাঁড়িয়েছে—আট নম্বর পয়েন্টটা নিয়ে কিছু বলার আছে। ওই ওর জিনিসপত্র ফেরত নেওয়ার ব্যাপারটা। মানে আমি বলতে চাইছি ওর সব কিছু ও যত তাড়াতাড়ি ফেরত নিয়ে যায়, আমাদের সুবিধে হয়, এই আর কি।

—বেশ। তাই হবে। সুদেষ্মণি দরজার দিকে এগোল। চম্পনও বেরিয়ে আসছে পেছন পেছন। গেট পেরিয়ে, স্বামী-স্ত্রী নয়, দুই পিটিশনার জুলন্ত রোদ মাথায় রাস্তার দাঁড়িয়ে এখন।

নিজের নিজের রাস্তা ধরার আগে পরম্পরের চোখে চোখ রেখেছে আরেকবার। হয়ত এই শেষবার। চোখে চোখে ফেরত দেওয়া-নেওয়ার হিসেবটাকে আপ্রাণ শুষে নিতে চাইছে দুজনে। আপোসের শর্তগুলোকে মিলিয়ে নিতে চাইছে।

মিলছে না। কিছুতেই মিলছে না পুরোটা। আগাগোড়া হিসেবটাকে বার বার উল্টেপাল্টে তচ্ছচ্ছ করে দিয়ে যাচ্ছে একটা সময়। সাত বছর এগারো মাস আট দিন।

## নীল পাখি

বিন্দু থেকে রেখা, রেখা থেকে অবয়ব, ক্রমশ স্পষ্ট হচ্ছিল পাখিটা। সদাশিব টান টান হয়ে বসলেন,—এসে গেছে! এসে গেছে!

পার্কের বেঞ্চিতে অনেকক্ষণ চৃপচাপ বসে থেকে ঝিমনি এসে গিয়েছিল কিশলয়ের। সদাশিবের স্বর শুনে ধড়মড় করে তাকালেন—কই? কোথায়?

—আসছে। আমি দেখতে পেয়েছি।

কিশলয় চোখ দিয়ে কুয়াশা হাতড়াচ্ছেন। শীতের ঠিক শুরুতে এ সময়ে চারদিকে বড় ধোঁয়াটে আস্তরণ। একটু দূরের কোনও কিছুই এখন ভাল করে ঠাহর হয় না। সূর্য পুরোপুরি ওঠার আগে পর্যন্ত বৃক্ষের সারি ছায়া ছায়া থাম হয়ে থাড়া দাঁড়িয়ে থাকে। রহস্যময় আড়ালের মতো। ভারী কুয়াশার চাপে তাদের বিবর্ণ পাতারা আরও মলিন এখন। শাস্ত দিঘির বুকেও থম মেরে আছে হিমবাঞ্চ। পথঘাট ভিজে। স্যাতসেঁতে।

সেই ভিজে পথ বেয়ে উড়ে আসছে নীল পাখি। কুহেলি মুছে মুছে।

কিশলয় কিছুতেই দেখতে পাচ্ছিলেন না তাকে। ইদানীং চোখ দুটো তাঁর একদমই গেছে। ছানি।

বিড়বিড় করে কিশলয় প্রশ্ন করলেন,—আপনি ঠিক দেখছেন তো?

সদাশিবের চোখও কুয়াশায় স্থির,—হাঁ বাবা হ্যাঁ। ওই তো বাঁক নিল এবাব।

কিশলয়ের গলায় অভিমান ফুটল,—আজ বড় দেরি করল।

সদাশিব শিশুর মতো ঠেঁট ফোলালেন,—যা বলেছেন। আজ বহুক্ষণ বসিয়ে রেখেছে আমাদের।

—আজ ওর সঙ্গে কথা বলব না।

—আমিও না।

দুই বন্ধুর কথার ফাঁকে আরও কাছে এসে গেছে নীল পাখি। রাস্তা টপকে ভিজে ঘাসে স্প্লোটস শু ঘষল,—হাই! গুডমর্নিং। কতক্ষণ?

কিশলয় মুখ ঘুরিয়ে নিলেন। সদাশিব চোখ ফেললেন দিঘির জলে।

নীল পাখি সামনে এসে হাত ঘোরাল,—ব্যাপারটা কি, আঁ? কী হয়েছে তোমাদের? এরকম শব্দজব্দ মুখে বসে আছ কেন?

মাথার ওপর কর্কশ শব্দ করে একটা কাক শিরীষ গাছ ছাড়ল। ঘাড় ঘুরিয়ে সেদিকে তাকালেন কিশলয়। সদাশিবের চোখ দিঘির পাড়ে।

—আরে তোমরা রাগ করেছ, মনে হচ্ছে?

—করেছিই তো। সদাশিব ফস করে প্রতিজ্ঞা ভেঙে ফেললেন,—এত দেরি করার মানেটা কি?

নীল পাখি বিরবির হাসল,—সরি। এক্সাট্রিমলি সরি। কাল লেটনাইট মুভিটা দেখে শুতে শুতে এত রাত হয়ে গেল! দেখেছ বইটা?

—কী বই? সদাশিব কৌতুহল চাপতে পারলেন না।

—ওয়ান ফ্লু ওভার দা কুকুজ নেস্ট। মিলোজ ফোরম্যানের। ফ্যান্টাস্টিক। দ্যাখোনি তোমরা?

কিশলয় হিংস্র রকমের টিভি-বিদ্যুষী। বাড়িতে টিভি নিয়ে রোজই তাঁর ঘুর্ক চলে। নাতিনাতনির সঙ্গে। ছেলে ছেলের বট-এর সঙ্গে। গিন্নির সঙ্গেও। তাঁর মতে টিভি এক উদ্দগু বিশৃঙ্খলা। সারা জীবন শৃঙ্খলাকে আদর্শ হিসেবে মেনে এসেছেন তিনি। রেল কোম্পানিতে কাজ করেছেন পঁয়ত্রিশ বছর, একদিনও খাতায় লাল দাগ পড়তে দেননি। কিশলয় মিডিয়ের অফিসে দোকা নিয়ে অফিসের ঘড়ি মেলানো হত। চিরটাকাল লাইন দিয়ে বাসে উঠেছেন, নেমেছেন, কেউ কক্ষনো তাঁকে হড়োহড়ি ধাক্কাধাক্কি করতে দেখেনি। বাড়িতেও নিয়ম নিয়ে তাঁর কড়া অনুশাসন। রাস্তার আলো জ্বললেই ছেলেমেয়েকে বাড়ি ঢুকতে হবে। সকাল-সঙ্গে ঘড়ি ধরে তিন ঘণ্টা বই নিয়ে বসতে হবে। ঠিক সময়ে খাওয়া। ঠিক সময়ে খেলা। ঠিক সময়ে ঘূর্ম। এত নিয়মনিষ্ঠ লোকের সংসারেই এখন শৃঙ্খলা জিরো। এই টিভির দৌলতে। ঘরের ভেতরেই এখন দিবারাত্রি নাটক-যাত্রার অবিরাম মোচৰ। আটষষ্ঠি বছরের বৃত্তিটা পর্যন্ত নাতিনাতনির গলা জড়িয়ে বসে সকাল-সঙ্গে খ্যাম্টা নাচ দেখেছে। কিশলয় এখন নখদন্তহীন সিংহ। সংসারের ফালতু।

তবু কিশলয় সুযোগ পেলেই গজগজ করেন,—চরিষ ঘণ্টা ওই ধ্যাতাং ধ্যাতাং বাক্সনাচ তোমাদের ভাল লাগে?

পঞ্চাশ বছর ঘর করা সহধর্মী নির্বিকার খোঁচা মেরে যান,—এত হিংসে কেন, অঁ? নিজে চেখে দ্যাখো না বলে আর কেউ দেখলে বুঝি হাড়ে লঙ্ঘাবাটা লাগে?

সদাশিব আবার কিশলয়ের ঠিক উল্লেটি। তিনি একদম টিভির পোকা। রঙিন পর্দার সামনে বসলে নাওয়া-খাওয়া পর্যন্ত ভুলে যান। স্তৰি গত হওয়ার পর নেশাটা আরও চড়েছে। নিরবন্দেশ সম্পর্কে ঘোষণা, ট্রেন লেটের খবর, কোনও কিছুই তিনি দেখতে ছাড়েন না। একদা পোস্টমাস্টার ছিলেন, অবসর সময়ে তাস দাবা খেলে কাটাতে ভালবাসতেন। খেলার সঙ্গীরা অনেকেই এখন ওপারে পাড়ি দিয়েছেন। ফলত টিভিই এখন তাঁর গয়া কাশী রোম।

সদাশিবের এই নেশা নিয়ে বহুদিন বিদ্রঃ। করেছেন কিশলয়, তবু আজ তাঁর মনে কেমন যেন খেদ জাগছিল। সদাশিবটা কি জিতে গেল আজ? ওই অসামাজিক নেশার সুবাবে?

না। সদাশিবও জেতেননি। তিনি মাথা দোলাচ্ছেন,—নাগো, আমার দেখা হয়নি। আজকাল আর মোটে রাত জাগতে পারি না। হজমের গোলমাল হয়।

নীল পাথি খিলখিল হেসে উঠল,—ইশ, তোমরা একেবারে বুড়া বনে গেছ!

কিশলয় তাড়াতাড়ি বলে উঠলেন,—বুড়ো তো হয়েছিই। আমি সেভেনটি সিক্কা। আগু হি ইজ ওয়ান ইয়ার সিনিয়ার টু মি—সাতাত্ত্বৰ।

—মোটেই না। সদাশিব হাঁ হাঁ করে উঠলেন,—আমি পঁচাত্তর।

—কী করে হয়! আপনি কত সালে রিটায়ার করেছেন?

—সেভেনটি এইটে। আপনার এক বছর পর।

—সে তো আপনি দুবছর এক্সটেনশান ম্যানেজ করেছিলেন।

—ম্যানেজ করেছিলাম মানে? পি এম জি স্পেশালি আমার নাম এক্সটেনশানের জন্য বেকমেণ্ড করেছিল। বাট ফর ইওর কাইও ইনফরমেশান, আমি এক্সটেনশান নিইনি।

—বললেই হল? হরিসাধন নিজে আমাকে বলেছে আপনি দিনবাত আপনাদের পি এম জির অফিসে গিয়ে ঝুলোবুলি করতেন!

—বাজে কথা। একদম বাজে কথা। হরিসাধন একের নস্বরের মিথ্যেবাদী।

দুই বৃদ্ধের গলা চড়ছে ক্রমশ, নীল পাখি চোখ পাকাল,—অ্যাই অ্যাই, তোমার থামবে? সামান্য একটা বিষয় নিয়ে শিশুদের মতো ঝগড়া, ছিঃ! ওঠো তো?

—কোথায়?

—আমার সঙ্গে জগিং করবে না? নীল পাখি সদাশিবের দিকে তাকাল,—তোমার ওই ইলডাইজেশান ফিলডাইজেশান সব হাওয়া হয়ে যাবে। শরীরটাকে একটু নাড়াও দেখি। খাচ্ছাচ্ছ, পড়ে পড়ে বিমোচ্ছ, এতে শরীর ফিট থাকে?

সদাশিব মিনমিন করলেন,—আমরা কি পারব? এই বয়সে?

—খুব পারবে। বয়স আবার একটা ফ্যাক্টর নাকি? আমি তোমাদের বলেছি না নিজেকে বুড়ো ভাবাটা একটা সংস্কাৰ। বয়স ভাবলে আছে, না ভাবলে নেই।

কিশলয় তবু পিছু হটতে ঢাইছেন,—দৌড়টা কি শুরু না করলেই নয়? আমরা তো এখন আব বেঞ্চিতে এসে চুপচাপ বসে থাকি না ভাই। যতটা পারি হাঁটি, তোমার কথামতো।

—ওই হাঁটা! টিকু টিকু করে সরকারি অফিসের ফাইলের মতো। ফুঃ! ওঠো বলছি। ওঠো। আজ থেকে জগিং স্টার্ট।

নীল পাখির হাতের টানে উঠে দাঁড়িয়েছেন দুই বৃন্দ। নবীন স্বকের ছোঁয়া পেয়ে ধীরে ধীরে বক্তৃকণিকারা চক্ষণ যেন। শরীর জুড়ে চনমন চনমন।

কিশলয় তোতলা মুখে জিজাসা করলেন,—লাঠিটা নিয়ে দৌড়ব?

—আজ্জে না। ওটা ওই শিরীষ গাছের ডালে ঝুলিয়ে দাও। আব এই যে মশাই, উল্টেদিকে তাকিয়ে লাভ নেই, তুমিও ওই বাঁদুরে টুপিটা খোলো। এখনই এমন কিছু শীত পড়েনি যে ওৱকম সঙ্গ সেজে থাকতে হবে। এসো এসো।

নীল পাখি লয় ছন্দে দৌড় শুরু করেছে। তার পিছনে টলতে টলতে দৌড়নোর চেষ্টা করছেন দুই বৃন্দ। পারছেন না। জীর্ণ হয়ে আসা স্নায় অঙ্গ মজ্জা সব একসঙ্গে বিদ্রোহ করছে। হাত ঝুলে গেল। কোমর বেঁকে বেঁকে যাচ্ছে। হাঁটু ভগ্নপ্রায়। শাস দ্রুত। রংগন শালিকের মতো ঘাস ভাঙছেন ছিয়াত্তর আব সাতাত্তৰ।

নীল পাখি তাঁদের উড়তে শেখাচ্ছে। নতুন করে।

সদাশিব আর কিশলয়ের সঙ্গে নীল পাখির আলাপ খুব বেশি দিনের নয়। মাত্র দিন দশকের।

রোজকার মতোই সেদিনও গাঢ় কুয়াশায় ডুবে ছিল প্রথম সকাল। আধোজাগা পথঘাট নির্জন। নিমুম। তবু হঠাত হঠাত কোথথেকে যে ছিটকে আসে এক-একটা গাঢ়ি। দুর্বার গতিতে ভোরটাকে ছিঁড়ে দিয়ে চলে যায় মুহূর্মুহু।

দুই বৃক্ষ কিছুতেই রাস্তা পার হতে পারছিলেন না। যতবার ফুটপাথ থেকে পা বাড়ান, ওমনি তুফান গতিতে তেড়ে আসে যন্ত্রযান। অস্ত দুই মানুষ ঝাঁকে আবার ফুটপাথে।

তখনই যেন কোথথেকে হঠাত উড়ে এল পাখিটা। দুই বৃক্ষের একেবারে গায়ের পাশে। কানের কাছে রিনরিন সুর বেজে উঠল,—এ মা! তোমরা কুমীর-ভোর-জলকে-নেমেছি খেলছ কেন?

সদাশিব বা কিশলয় কিছু বোঝার আগে দুজনকে ডানায় সাপটে ধরে রাস্তা পার হয়েছিল নীল পাখি। তারপর পার্কের বেশিতে বসে কলকল কলকল। কত গল্ল! কত গল্ল! তোমরা বুঝি রোজ ভোরবেলা বেড়াতে আসো? ও, বেশিদিন আসছ না? মাত্র মাসখানেক? বাহ। বাহ। ঠিক করেছ। এমন সুন্দর সকাল, চিকচিক করে পাখিরা জেগে উঠছে, কোথাও একটুও পেট্টল ডিজেলের গন্ধ নেই, চারদিকে শুধু মিস্টি মিস্টি আর মিস্টি, এখন কেউ বাড়িতে বসে থাকতে পারে? দ্যাখো দ্যাখো, আকাশটা কেমন রং বদলাচ্ছে! আমি তো বাবা একদিনও সকালটাকে যিস্ করি না। রোজ জগিং করতে চলে আসি। বাক্সেটবল খেলি তো। হাঁ হাঁ, ভীষণ দম লাগে। ভীষণ—ভীষণইষণ। পুরো পার্ক চকর মেরে তবে থামি। পুরো আট চকর। না না, আমাকে আগে দেখবে কী করে? আমরা তো এখানে থামতাম না। বাবা দিল্লি থেকে বদলি হয়ে এল তো, তাই আমরাও...। উঁহ, এখানে বসে নো অফিসের গল্ল, নো বাড়ির গল্ল। তোমরা জান না এখন ওই সব কথা তুললে নির্মল বাতাসে পলুশান এসে যায়। ওমা, তাহলে কী করবে মানে? বসে বসে পাখির ডাক শোনো। জলের শব্দ শোনো। বুক ভরে নিষাস নাও। কোথাও কোনও নতুন ফুল ফুটল কিনা তার তত্ত্বালাশ করো। বসে থেকো না শুধু। হাঁটো। ছোটো।

সদাশিব আর কিশলয় মন্ত্রমুক্তের মতো শুনছিলেন। শুনছিলেন আর দেখছিলেন। আহা, কী নরম তুলতুলে শরীরটা! কচি আমপাতার মতো। কোমল ত্বকে জীবনের সমস্ত রূপ রং রস গন্ধ যেন জমাট বেঁধে আছে। এর একটু স্পর্শেই বুঝি লোলচর্ম মিলিয়ে গিয়ে ফিরে আসে সুদূর যৌবনের উত্তাপ। তাজা বাতাসের ঝলকে সতেজ হয় হংপিণ। ফুসফুস।

সেই বাতাস বুঝি আচমকাই ফুরিয়ে আসছিল এখন। সদাশিব জিভ বার করে দাঁড়িয়ে পড়লেন, —ওফ দম বেরিয়ে যাচ্ছে। আমি আর পারছি না।

নীল পাখি অনেকটা উড়ে গিয়েছিল, সহসা ফিরে তাকিয়েছে। চেঁচিয়ে উঠল,  
—কেয়া হো গিয়া ভাই? দাঁড়িয়ে পড়লে কেন?

কিশলয় আজ আর দাঁড়াতেও পারছিলেন না। স্থানকালপাত্র ভুলে ভিজে ঘাসে  
থেবড়ে বসে পড়লেন। তাঁর বুকের শীর্ণ খাঁচা ঠেলে ঠেলে উঠছে—আবার চুকে যাচ্ছে।  
হাপরের মতো।

নীল পাখি কাছে এসে দুহাতে টেনে তুলল কিশলয়কে। আদর করে সদাশিবের  
নাক টিপে দিল,—আমার মিষ্টি বন্ধুরা! তোমরা দেখছি শরীরের কলককজাওলোতে  
একেবারে জং ধরিয়ে ফেলেছ। বলতে বলতেই নিচু হয়ে বিচিত্র কায়দায় কিশলয়ের  
হাঁচিতে চাপ মারল বারকয়েক, সদাশিবের কোমরে খ্যাট খ্যাট দৃতিন্টে ধাক্কা। দুজনের  
মুখের খুব কাছে মুখ এনে সুগন্ধী বাতাস ছড়াল কয়েক পল,—ফিলং ওয়েল? এবারে  
ওঠো। আজ একটা পুরো বাউণ্ড দিতেই হবে।

সদাশিব অনুনয় জুড়লেন,—আজ তো অনেকটাই এলাম। আজ এটুকুই থাক।

—উঁহ, নো ফাঁকি। গতকালও ঠিক এই কথাই বলেছিলে। তোমরা কিন্তু কথার  
খেলাপ করছ।

—কাল ঠিক ফুল রাউণ্ড দেব। প্রমিস।

কিশলয় কায়দা করে কাঁধ ঝাঁকানোর চেষ্টা করলেন,—কাল একটা কেন, দুটো  
চক্র দিয়ে দেব। ও না পারক, আমি দেব। ওয়ার্ড অব অনাব।

পালক পালক ভুক তুলে নীল পাখি নিরীক্ষণ করল দুজনকে,— তা তো হবে  
না। যো কাল করো সো আজ করো, যো আজ করো সো অভি। কেউ কোনওদিন  
আগামী কাল দেখতে পায়? যদি আজই পৃথিবীটা ধ্বংস হয়ে যায়, তাহলে তো  
তোমাদের এই একটা চক্র বাকিই থেকে যাবে।

কিশলয় হতাশ মুখে আস ফেললেন। সদাশিব মনে মনে একটু শিউরে উঠলেন  
যেন।

নীল পাখি দু দিক থেকে দুজনের হাত চেপে ধরেছে। খুব আস্তে আস্তে শুরু  
হয়েছে দৌড়। একটু একটু করে নবীন প্রাণের উল্লাস আবারও ছাড়িয়ে পড়ছে দুই  
বৃন্দশরীরে। দৌড়চ্ছেন সদাশিব। দৌড়চ্ছেন কিশলয়। দৌড়চ্ছে নীল পাখি। তাদের  
দৌড়ের ছন্দে গাছগাছালির ঝিমধরা ভাব কেটে যাচ্ছে ক্রমশ। তীব্র শীতের দাপট  
ম্লান হয়ে এল। টল্টল শব্দে হেসে উঠল স্থির দিঘির জল।

সহসা দুজনকে ছেড়ে দিয়ে প্রভাতী পথচারীদের উপকে নীল পাখি ছুটে চলে  
গেছে বহু দ্বর। এক জারুল গাছের নীচে দাঁড়িয়ে ছিলে পুরানো ধনুকের মতো বেঁকাচ্ছে  
শরীরটাকে। মিহি সুরে ডেকে উঠল,—সদাআআশিব... কিশঅলয়...

দুই বৃন্দের বুক শিরশিরিয়ে উঠল। কে ডাকে তাঁদের নাম ধরে? এত দিন পরে?  
এভাবে?

বিমোহিত দুই বৃন্দ গুটি গুটি পায়ে এগোলেন।

—জ্যাই, তোমার বয়স কত?

—বন্ধুর আবার বয়স কী? আমি এজলেস, জন্মের হিসেবে যদিও আঠেরো।

—তুমি আমাদের নাম ধরে ডাকছ যে! জানো আমরা তোমার থেকে কত বড়? ষাট বছরের!

—হাহ, ষাট বছর! মাত্র? পৃথিবীর বয়স যেখানে কোটি কোটি বছর সেখানে মাত্র ষাট বছরের তফাতে কি আসে যায়?

—যায় না?

—ভাবলে যায়, না ভাবলে যায় না। এই যে জারুল গাছটা, এর বয়স কিছু না হোক পপগিশ বছর, একে কি আমি কাকু বলে ডাকব নাকি? আর ওই দামড়া মেহগনি গাছটাকে জেঠু? এই পুরুরের জলটাকে যদি মাসি বলে ডাকি কেমন লাগবে? হিহি হিহি। বন্ধুদের নাম হল একটা আইডেন্টিফিকেশন। ডাকারই জন্যে, বুলে?

দুই বৃক্ষ দুলে গেলেন খুশিতে। তখনই সূর্য উঠল।

### তিনি

—একি, আজ আপনি পাজামা যে! তাও আবার রঙিন!

—এটা পাজামা নয়, ট্রাকসুট। ডোরা দেখে বুঝেছেন না।

—নাতির বুঝি? চুরি করে পরলেন?

সদাশিব ধর্তের মতো ঠোট টিপলেন,—কাল যে আপনি লুকিয়ে লুকিয়ে বড় নাতনির চকরাবকরা পুলওভারটা পরেছিলেন, তার বেলা? চলুন চলুন, দেরি হয়ে যাচ্ছে।

সদাশিব প্রায় বাড়ির সামনে থেকে দোড় শুরু করতে যাচ্ছিলেন, কিশলয় তাঁকে পিছন থেকে টেনে ধরেছেন,—করছেনটা কি! পাড়ার লোকে দেখলে যে তিনি ছুঁড়বে!

—ছুঁড়ুক। আমি কেয়ার করি না। কাটিয়ে বেরিয়ে যাব। কাল রাত্তিরে কটা রুটি খেয়েছি জানেন? ছটা। বৌমার তো চোখ কপালে উঠে গেছিল। পান্তি দিইনি। ঘুম থেকে উঠেই অল ক্লিয়ার। নো ইশ্বগুল। নথিং। বেরোনোর সময় ছেলে প্যাট প্যাট করে দেখছিল, কোনও দিকে না তাকিয়ে বেরিয়ে এলাম।

—ঠিক করেছেন। পান্তি দিলেই পেয়ে বসে। কিশলয় সদাশিবকে ধরার জন্য হনহন করে রাস্তা পার হলেন,—আমারও বুলেন, ক্ষিধেটা খুব বেড়ে গেছে। গিন্নি বিশ্বাস করতে চায় না। বলে এটা নাকি পেটের ক্ষিধে নয়, চোখের ক্ষিধে। ছেলে আবার মায়ের ওপর আবেক কাটি। বলে বাবাকে জোর করে ডাঙ্গা দেখাও। এই ক্ষিধে নাকি জিয়াড়িয়ার কেস। শাকসজি ফলমূল কোনও কিছুই নাকি আমি খাচ্ছি না। খাচ্ছি আমার পেটের পোকারা। খেয়ে খেয়ে তারাই নাকি আমার পেটের ভেতর কেঁদে হচ্ছে। কাল ছেলেকে এমন দাবড়ানি দিয়েছি।

কথায় কথায় দুই বৃক্ষ পৌছে গেছেন পাকে। শীত কমে এসেছে। শেষ মাঘের হাওয়ায় তার অস্তিম কামড়টুকু লেগে আছে শুধু। এবারে ঠাণ্ডা খুব জাঁকিয়ে এসেছিল।

শৈতান্ত্রিক হোক ও মরেছে কিছু। শুধু এই দুই বৃক্ষ তুঁড়ি মেরে পার করে দিয়েছেন হিমেল দিনগুলোকে। হাঁপানি নেই, জ্বরজ্বার নেই, সর্দিকাশি নেই, দুজনেই এবার ফুরফুরে। নির্ভর। দ্বিতীয় ঘোবনের সূরায় বেসামাল।

বেঞ্চির কাছে এসে থমকে গেলেন কিশলয়,—শীল পাখি তো আসেনি দেখছি!

সদাশিব টুক করে বসে পড়লেন,—হয়ত এসেছে। রাউণ্ড মারছে।

কিশলয় সদাশিবকে ঠেলেন,—বসলেন যে বড়!

—আপনিও বসুন না। ও আসুক, তিনজনে একসঙ্গেই দোড়ব।

—ওই ছুতোয় দম নিচ্ছেন? এটুকু এসেই টায়ার্ড!

—টায়ার্ড? আমি? তড়ক করে লাফ দিয়ে উঠলেন সদাশিব,—চলুন তো, দেখি কে আগে হাঁপায়।

শরীরে দুতিনটে মোচড় দিয়ে জগিং শুরু করলেন দুজনে। দুটো শরীর দুলে দুলে চলেছে পাশাপাশি। মুঠো কৰা হাত চক্কাকারে ঘুরছে। দিঘিটাকে বাঁয়ে রেখে একটার পর একটা গাছ পার হচ্ছেন ছিয়াত্তর আৰ সাতাত্তৰ।

চলন্ত সদাশিব ঘাড় ঘোবালেন,—আপনি আবাৰ গিনিৰ কাছে ব্যাক-ব্যাক করে সব বলে ফেলেননি তো?

—মাথা খারাপ!

—কী জানি, কাল আপনার গিনি যেৱকম সন্দেহেৰ চোখে আমাৰ দিকে তাকাছিলেন, আমি ভাবলাম হয়ত বা আপনি প্ৰেমেৰ বোঁকে...

—ক্রম কৰছে না তা নয়, কৰছে। নিজে বুড়ি হয়ে গেছে তো, তাই আমাকে এত ক্রেশ দেখে জলেপুড়ে মৰছে। আমি সেদিন শুনিয়ে দিয়েছি, তোমাদেৱ টিভিৰ ওই কোমৰদোলানি নাচ আমিও নাচতে পাৰি।

—শুনে কী বললেন?

—বলবে আবাৰ কী! চোখ ঢ্যারা। জগিং কৰতে কৰতেই কিশলয় একটু ঝাঁকিয়ে নিলেন নিজেকে,—যাই বলুন, আজকালকাৰ ছেলেমেয়েগুলো কিন্তু বেড়ে নাচে।

হা হা কৰে হাসতে এক পাক পুৱো কৱলেন দুই বৃক্ষ। ফাঁকা বেঞ্চিৰ ধারে এসে মাথাৰ ড্ৰিকেট ক্যাপটা খুলে ফেললেন কিশলয়,—একি! এখনও আসেনি!

সদাশিবেৰ কপালেও চিন্তাৰ ভাঁজ,—ব্যাপৰটা কি বলুন তো? এত দোৰি তো কৰে না বড় একটা!

—কাল বলছিল না, ওৱ দাদাৰ কোন বৰু নাকি আসছে দিল্লি থেকে?

—বলেছিল নাকি? আমাৰ মনে নেই।

—আমাৰ মনে হচ্ছে যেন বলেছিল। কিশলয়েৰ ছানি ধৰা চোখে চকিতে বিদ্যুৎ খেলে গেল,—সে ছোকৱা ওৱ প্ৰেমিকটেমিক নয় তো?

সদাশিব পলকেৰ জন্য গভীৰ, পৰক্ষণেৰ বাঁধানো দাঁত ছড়িয়ে হাসছেন,—বাহ, লাভাৰ টাভাৰ থাকলে কি আমাদেৱ বলত না? আৱ সেৱকম কেউ থাকলে আমাদেৱ পাত্তা দিত নাকি?

উত্তরটা বেশ মনে ধরল কিশলয়ের। দু হাতের আঙুল চালিয়ে ঠিকঠাক সাজিয়ে নিলেন পাতলা চুলগুলোকে।

টাকমাথা সদাশিবের নজর এড়াল না দৃশ্যটা, খানিকটা ব্যঙ্গের সঙ্গেই বললেন,—আপনার চুলগুলো তো সর আবার সাদা হয়ে গেল মশাই! আরেকবার কল্প লাগাবেন না?

কিশলয় শুনেও না শোনার ভান করলেন। নীলচে কুয়াশায় তবু ভাসছে শব্দগুলো। কী কুক্ষণেই না সেদিন মাথা কালো করার শখ হয়েছিল কিশলয়ের! বাড়িসুন্দু লোক হেসে কুটিপাটি। গিন্নি রেগে টৎ।

কিশলয় বেপরোয়ার মতো বলেছিলেন,—তোমার এত শখ থাকতে পারে, আমার একবার চুলের রং বদলানোর সাধ হতে পারে না?

গিন্নি ঝামটে উঠেছিলেন,—জীবন গেল গামছা পরে, এখন বুড়ো বয়সে খাখরা! একে বলে ভীমরতি—ভীমরতি! তা চুনটাই বা বাকি থাকে কেন? ওটাও দুগালে লাগিয়ে নাও, ঘোলকলা পূর্ণ হোক।

তা যার জন্য ওভাবে লাজ মান বিসর্জন দেওয়া সেও বা সেভাবে তারিফ করল কই! তোমাকে সাদা চুলেই বেশি সুন্দর দেখায় কিশলয়! মুখ ফুটে কিশলয় কি তখন বলতে পারেন কোন গোপন দীর্ঘায় পড়ে তাঁর ওই মতিভ্রম? তাঁর তুলনায় সদাশিবের চেহারাটা অনেক বেশি শক্তিপোষ্ট। চর্বি বেশি বলে চামড়াও ফুটিফাটা হয়নি কিশলয়ের মতো। তাই না নীল পাখি অত হেসে হেসে ঢলে পড়ে সদাশিবের গায়ে।

সদাশিবও বোধেন সে কথা। বোধেন বলেই বুঝি আবার পিন ফোটাচ্ছেন,—গতবার ডাইটা ভাল হয়নি। এবার বিড়টি পার্লার থেকে করে আসুন। দেখবেন নীল পাখি আপনাকে ছেড়ে নড়তেই চাইবে না।

—চাইবে নাই তো! কিশলয় দপ করে জলে উঠলেন,—আমি তো আর আপনার মতো টেকো নাই। নিজের মাথার চুল নেই বলে জেলাসি।

—জেলাসি? হোঃ! কঠোর সত্যটাকে ফুঁ দিয়ে উড়িয়ে দিলেন সদাশিব। দিঘির ওপারে।

গোমড়া মুখে বসে আছেন দুজনে। আপনমনে হামা টানছে শিশুসূর্য। শুকনো পাতা ঝরছে টুপটাপ। দিঘির জল ছেয়ে যাচ্ছে গোলাপী আভায়। বেলা ফুটেছিল।

বেশ খানিকক্ষণ পর সদাশিব কথা বললেন,—আরে মশাই, এত রেগে গেলেন কেন? চলুন, আরেকটা চক্র মেরে আসি।

কিশলয় তবু ঘাড় গেঁজ করে আছেন,—আপনি যান। আমি যাব না।

—আরে চলুন চলুন। সদাশিব টুপিটা এগিয়ে দিলেন,—নীল পাখি যদি এসে দ্যাখে আমরা বসে আছি তাহলে কী ভাববে বলুন তো?

—কী আবার ভাববে! ভাববে ওর জন্য ওয়েট করছি!

—মোটেই না। ভাববে আমরা বুড়ো হয়ে গেছি।

—অসম্ভব। ও যদি আমাদের বুড়ো ভাবে...। কিশলয় লাফ দিয়ে উঠে পড়লেন,—আবার তাহলে শুরু করা যাক।

স্বৰ্য উঠে পুরনো হয়ে গেল। দুই বৃক্ষ ছোটার ছন্দে উন্মন তখনও।  
নীল পাখি সেদিন আর এল না।

## চার

নীল পাখি আর এল না।

বসন্ত এসে গেল।

গাছে গাছে নতুন পাতারা হাসছে এখন। পুরনো পাতা কখন যে বাবে গেছে  
আনমনে। শীত এখন অতীতের স্মৃতি।

নীল পাখি আর এল না কেনওদিনই।

ভোরের নরম বাতাস দু হাতে সরিয়ে দৌড়চিলেন দুই বৃক্ষ। তাঁদের পায়ের  
চাপে শুকনো পাতারা মড়মড় ভাঙচিল। ডেকি দেওয়া ঘাসফুল সাক্ষী রেখে ধীর লয়ে  
ছুটছেন সদাশিব। দিঘির বুকে তিরতির কাঁপন জাগিয়ে পাশে পাশে ছুটছেন কিশলয়।  
এক পাক। দু পাক। চার পাক। প্রতিটি পাক শেষ করে শূন্য বেঁধির সামনে এসে  
থামছেন দুজনে। লম্বা বাতাস ভবে নিচ্ছেন ফুসফুসে। নতুন করে। আবারও।

নীল পাখি আসবে। নীল পাখি আসবে।

## কানাকড়ি

—আমরা ঠিক কটায় বার হবো বাবা?

—কোন জামাটা পরবো? পুজোর কেনাটা?

—কিসে যাবো গো আমরা? বাসে? না অটোতে?

—ফেরার সময় কিভাবে...

সকাল থেকেই উত্তেজনায় ছটফট করছে ছেলেমেয়ে দুটো। এভাবেই। বার বার দৌড়ে আসছে সুব্রতৰ কাছে। হাজার রকম জিজ্ঞাসা তাদের। লক্ষ কৌতুহল।

—আচ্ছা বাবা, সেই মাসিটাৰ বাড়ি কি খুড়ুব বড়? আমাদেৱ মোড়েৱ মাথাৰ গোলাপী বাড়িৰ চেয়েও?

—দূৰ বোকা। মাসি নয়। পিসি বল।

—না। আমি মাসিই বলবো।

—কেন বলবি? মা তখন কী বলে দিলো? মাসি না—পিসি, পিসি।

—আমি মাসি বললৈ তোৱ কী?

মুখ ভেংচে এক ছুটে ঘৰ থেকে বেরিয়ে গেল মুমি। পেছনে তাকে তাড়া কৰে বাবালা। সুব্রতৰ হাসি পেয়ে দেলো। ওফ, দুৱা পারেও বটে। একেই বলে ছেলেমানুষিৰ একশেষ। যেন ওৱা পিসি বলে ডাকলৈই সব সমস্যাৰ সমাধান হয়ে যায়। সমস্যা? না সন্দেহ? নাকি আশঙ্কা? হায়বে নারীৰ মন। গলা ঢিয়ে স্প্লাকে ডাকতে গিয়েও সামলে নিলো—সুব্রত। থাক বাবা। নতুন কৰে খাপানোৰ দৰকাৰ কী? বহু সাধ্যসাধনাৰ পৰ যেতে রাজি হয়েছে। প্ৰথমদিকে সে কি গোঁ।

—তোমাৰ বড়লোক বান্ধবীৰ বাড়ি তুমি যাবে যাও; আমি কী কৰতে যাবো?

—আহা, আমাকে তো একা যেতে বলেনি। তোমাকে অনেক কৰে নিয়ে যেতে বলেছে।

—বাস, ওমনি আমি হালহাল কৰে ছুটবো? ভাবলে কী কৰে একথা?

—ওভাবে নিচ্ছা কেন? তুমি গেলে ওদেৱও একদিন এখানে আসাৰ জন্য ইনভাইট কৰা যাবে।

—কোনো দৰকাৰ নেই। আমি গৱিব মানুৰ। দুটো মাত্ৰ ঘৰে কোনো রকমে ছেলেপুলে নিয়ে মাথা গুঁজে আছি...

—কী মুশকিল! এৱ মধ্যে গৱিব বড়লোক আনছো কেন? আলাপ কৰে দ্যাখোই না... মেয়েটা মোটেই...

—থাক। আৱ মেয়েটা মেয়েটা কৰে ভদ্ৰমহিলাৰ গুণ গাহিতে হবে না।

বাপৰে। সুযোগ পেলৈ যা সব চোখা চোখা বাক্যবান ছুঁড়ছিল স্প্লা। এক সময় তো সুব্রতৰ মনে হয়েছিল, ধ্যাততোৱি মৰুকৰণে থাক। কাউকে নিয়ে যাবে না। একাই চলে যাবে। কথা যখন দিয়ে গুসেছে... এৱ মধ্যে হঠাৎই কী কৰে যেন মত বদলে ফেললো স্প্লা। কেন বদলালো। নিছকই কৌতুহল! নাকি জয়তীকে একবাৰ চাকুষ

যাচাই করে নেবার বাসনা ! কে জানে !

খবরের কাগজ মুড়ে রেখে বিছানায় চিত হয়ে শুয়ে পড়ল সুব্রত। হাই ভুললো বড় করে। বালিশের তলা হাতড়ে বার করলো সিগারেটের প্যাকেটটা। ধূস শালা। খালি। এখন আর উঠে বাইরে যেতে ইচ্ছে করছে না। ছুটির সকালগুলোয় এমন আলস্য আসে। নড়াচড়া করতেও ভালো লাগে না। কপালটাও এখনও অবধি ভালোই। এখনও তিনি মাথার ওপর ঘুরে ঘুরে হাওয়া বিলিয়ে চলেছেন। কখন তিনি ঠাঃ ছড়িয়ে স্ট্যাচ হবেন ঠিক কী ! এই সুন্দর মুহূর্তে আরেক কাপ চা পেলে মন্দ হতো না। চাইলে কি স্বপ্ন খুব বিরক্ত হবে ? থাক গিয়ে। কাল থেকে বেচারার যথেষ্ট পরিশ্রম যাচ্ছে। আজ ইউজুয়াল ঠিকে যি ডুব। সকালবেলা বাসন মেজে, ছেলেমেয়েকে খাইয়ে, ঘরটর বেড়ে রান্নায় বসেছে। ষটাঃ ষটাঃ মশলা বাটার শব্দ পাওয়া যাচ্ছে স্পষ্ট। তার থেকে বরং নিজেই একটু পরে উঠে গিয়ে দুকাপ বানিয়ে ফেলবে। স্বপ্ন হয়তো তোষামোদ ভাবতে পারে। ভাবলে কী আর করা।

সুব্রত শরীরটাকে বারকয়েক উল্টেপাল্টে নিলো বিছানায়। মাথার মধ্যে ভাবনাগুলোও তাল বেতাল। এত বছর পর জয়তীর সঙ্গে দেখা হয়ে যাবে কে জানতো ! সেএ এএই জয়তী। সেএ এএই। ক্যাণ্টিনের পেছনে বসে, ছেলেদের সঙ্গে পাল্লা দিয়ে ফুক ফুক গাঁজায় টান দিতো। হাসতে হাসতে যাসব খিস্তি দিতে পারতো, শুনলে কান লাল হয়ে যাবে লোকের। কফি হাউসের বেয়ারাদের অবলীলায় শিস দিয়ে ডাকতো। কিছু বললেই চোখ পাকাতো গোল করে।

—এসব করার তোরাই কি একচেটিয়া ইঝারা নিয়ে রেখেছিস নাকি ?

শৈবাল বলতো,—তা না। সুন্দরী মেয়েদের ঠিক এসব করলে মানায না।

—সুন্দর ছেলেদের বুঝি মানায ? রাখ তো যতসব শভিনিস্ট কথা !

সেই মেয়ের দুম করে বিয়ে হয়ে গেল একদিন। ফাইনাল ইয়ারে পড়ার সময়। তার কয়েক মাস পরে নাটকীয় প্রস্থান। আমেরিকায়। ডাক্তার বরের হাত ধরে। শৈবাল ঠাট্টা করে বলতো,—হাত ধরে নয়, স্টেথো ধরে। তারপর... তারপর... তারপর আবার এতদিন পর দেখো। একেবারে ফিল্মি টেকনিকে।

বাস স্টপে তখন অফিস ছুটির পর দাঁড়িয়ে সুব্রত। কিছুটা ক্লান্স, কিছুটা বিরক্তও। এসপ্লানেড ইস্টে দুপুরে কাদের ডেপুটেশন ছিল, চারদিক তখনও জ্যাম। বহুক্ষণ গড়িয়ার বাস আসছে না। ঠিক তখনই হুবহ হিন্দি ফিল্মের স্টাইলে গায়ের ধারে ইয়া এক কনটেনা। রাজহাঁসের মতো। ভেতর থেকে মহিলাকর্ত্ত,—আরে এই... এই যে আপনি... মানে এই তুই সুব্রত না !

মেয়েরা পারে। হাঁ, মেয়েরাই বোধহয় পারে এভাবে চিনে নিতে। কিম্বা শুধু জয়তীরাই। স্বপ্ন অবশ্য মুখ বেঁকিয়ে ছিল খানিকটা। তারপরই কঠিন জেরা। জেরার পর জেরা। দুঁদে ব্যারিস্টারের মতো।

—কই, এর কথা তো কোনোদিন বলোনি আগে ?

—বলবো কী করে ? যোগাযোগ কোনো থাকলে তো। আজ প্রায় কুড়ি বছর পর...

—তুমিও সঙ্গে সঙ্গে হ্যাঙ্লার মতো তার বাড়িতে চলে গেলে?

—দূর! ও-ই জোর করে নিয়ে গেল আমাকে। বাপ, কিছু বড়লোক হয়েছে এখন! দেখে একেবাবে চক্ষু ঢড়ক গাছ।

—দেখতে কেমন? সুন্দরী নিশ্চয়ই?

—বলতে পারো। এক সময় সত্তি দারণ অ্যাট্রাকটিভ ছিল। কত ছেলে যে লাইন মারার চেষ্টা করেছে। ...এখন কেমন গোলগাল হয়ে গেছে। তবে ওর মেয়েটাকে দেখলে, তখন কেমন ছিল, কিছুটা আন্দাজ করতে পারবে।

—তুমি লাইন মারোনি?

—কী যে বলো! ও আমাদের ধূঁধ ধূঁধ ছিল। আমার। শৈবালের। ওর সঙ্গে প্রেম করার কথা... আমরা কোনোদিন...

—অত ও-ও করছো কেন? নাম নেই মহিলার? হঁহ।

শেষ জেরাটা করার সময় এমন একটা মুখ করেছিল স্বপ্না, যেন সেইমাত্র তার সামীটি হাইজ্যাকড হয়ে গেল।

সুব্রত আরেক দফা হেসে নিলো। একা ঘরে বিছানা ছেড়ে পাশের ঘরে উঁকি দিলো। ছেট্টি ফলি ঘরে মাদুর বিছিয়ে বাবলা মুনি হোমটাক্স করছে। তাই সাড়াশব্দ নেই এতক্ষণ। নির্মাণ স্বপ্না বিকেলে না নিয়ে যাওয়ার ভয় দেখিয়েছে। ওদের পেরিয়ে অন্য দরজাটা দিয়ে ভেতবের ঘেৰা বাবান্দায় এলো। এক কোণে উনুন জুলিয়ে বান্ধা সারছে স্বপ্না। মাথা নিচু করে ঝুঁটি বেলছে। রাত্রের জন্য। চারদিকে ছড়ানো হাঁড়ি কড়া থালা বাটি শিলনোড়া প্রেসারকুকার। পাস্প দেওয়া কেরোসিন স্টোভখানা একবারে শুকনো পড়ে। মাসখানেক ধৰে কেরোসিন পাওয়া যাচ্ছে না। লসা লাইনে দীর্ঘ সময় দিতে পারলে যাও বা দুঁচার ফেঁটা পাওয়া যায়...। দূর, এভাবে আর চলতে পারে না! এবার একটা গ্যাসের দরখাস্ত করতেই হবে। প্রথমটা খরচ একটু বেশি... তা হোক... সুব্রত মোড়া টেনে বউমের সামনে বসে পড়লো।

—এত ঝুঁটি করছো কেন? বিকেলে তো ওখানে...

স্বপ্না মাথা তুললো না। কপাল, পিঠ, গলা সব ঘামে ভিজে জবজবে।

সুব্রত ঢোক গিললো,—কয়েকটা অবশ্য করে রাখা ভালো... বিকেলে যখন যাবো বলেছিঃ...

এবার চোখ দুটো সামান্য উঠলো মাত্র।—ওখানে শুধুহাতে যাবে?

—কেন?

—একেই বলে পুরুষের বুদ্ধি। স্বপ্নার ঠোঁটে বাঁকা হসি,—পুরনো বান্ধবীর বাড়ি বড় ছেলে মেয়ে নিয়ে চলেছো, কিছু নিয়ে যেতে হবে না?

—কী নিয়ে যাওয়া যায় বলো তো?

—সে তুমি জানো।

সুব্রত পিঠ সোজা করলো,—সত্তি তো, কিছু একটা হাতে করে নিয়ে যাওয়া উচিত। আছা ওর মেয়ের জন্য ক্যাডবেরি-ট্যাডবেরি...

—মেয়ে তো বেশ বড় বললে। স্বপ্না পুরোপুরি মুখ তুললো এতক্ষণে,—সতেরো আঠারো বছরের ধাড়ি মেয়ের জন্য কেউ চকোলেট নিয়ে যায় নাকি?

—তাহলে?

—তোমার বাক্সবী কী পছন্দ করে?

—কী করে বলবো? সুরতকে রীতিমত চিন্তিত দেখালো,—ওরা এত বেশি বড়লোক... যাই নিয়ে যাবো—

—বড়লোক তো কী আছে? স্বপ্না চাটু বসালো উন্নে,—আমাদের যা ক্ষমতা...

—তা ঠিক। এক বাক্স মিস্টি নিয়ে গেলেই হবে।

—শুধু মিস্টি?

—তাছাড়া কী? পনেরো বিশ টাকার মিস্টি যথেষ্ট। সুরত মাথা ঝাঁকালো—তখনকার কথা তখন ভাবা যাবে। এখন এক কাপ চা হবে?

ফিক করে হেসে ফেললো স্বপ্না,—কেন, বস্তুর কথা এত ভেবেও তেষ্টা মিটিছে না?

শব্দ করে হেসে উঠলো সুরত, আলগা একটা রসিকতা করতে গিয়েও সামলে নিলো নিজেকে। মুনি বাবলা উঁকি মারছে ঘর থেকে।

### দুই

বড়লোক ভেবেছিল। এত বড়লোক কে জানতো! টানা উঁচু হলুদ পাঁচিলের দুপ্রাণ্তে দুটো বিশাল বাদামি গেট। ভেতরের লাল বাস্তা অর্ধচন্দ্রকারে এক গেট থেকে অন্য গেটের দিকে চলে গেছে। ফাঁকা জায়গা জুড়ে মনোরম বাগান। বাগান নষ, যেন সবুজ পারস্য গালিচা। লাল হলুদ বেগুনি ফুলের নস্তা তোলা। পাঁচিলের গা থেঁথে ভেতরে ছোট বড় বৃক্ষের সারি দেবদারু, পাইন, কঁঠালি চাঁপা, বৰুল, কদম। গেটের এপাশে আসার পর থেকেই কেমন যেন হকচকিয়ে গিয়েছিল স্বপ্না। ঘোর ঘোর লাগছিল সব কিছু। সুরত দিব্যি নির্বিকার। মুনি বাবলার হাত ধরে বেশ স্বচ্ছন্দে আগে আগে হাঁচিছে। গাড়িবাবান্দা থেকে ওপরে ওষ্ঠার জন্য আট-দশটা ষ্টেপাথারের সিঁড়ি। সিঁড়ির দুধারে বাহারি গাছের টব। শৌখিন গুল্মলতা। ঝকঝকে সাদা ঢাকা বারান্দাটা এত মসৃণ যে মনে হয় পা পিছলে যাবে। ডিম্বাকৃতি কাচের দরজা ঠেলে ভেতরের হলঘরে ঢোকার আগে চাটি খুলতে যাচ্ছিল স্বপ্না, জয়তী হাঁ হাঁ করে উঠলো।

—না না, চাটি খুলতে হবে না।

বস্তু এসেছে খবর পেয়েই একেবারে গেটের কাছে ছুটে এসেছিল। সেই থেকে স্বপ্নার হাত যে ধরেছে, ধরেই আছে। চলিশ ছোঁয়া শরীর একটু ভারির দিকে হলেও এখনও ঘোবন সতেজ, দেখে স্বপ্নার ছোট বৈ বড় মনে হয় না। চওড়াপাড় টাঙ্গাইল শাড়ি আর একচাল খোলা চুলে অনেকটা দেবীপ্রতিমার ভাব। গা থেকে খুব হাঙ্কা একটা মিস্টি গন্ধ উঠছে। বেশি বড়লোকেরা বোধহয় বাড়িতেও দামী পারফিউম যাখে। নাকি ঐশ্বর্যের আলাদা সৌরভ থাকে! কে জানে? জড়সড় স্বপ্না আঁচল টানলো পিঠে।

সাউথ ইণ্ডিয়ান সিন্ধ বার বার বড় খসে পড়ে গা থেকে। এর থেকে সুতি পরে এলেই ভালো হতো।

স্বপ্নাকে একেবাবে সোফায় এনে বসিয়ে দেবার পর হাত ছেড়েছে জয়তী,— তোমাকে কিন্তু তুমই বলছি ভাই। কিছু মনে করছো না তো?

—না, না। স্বপ্না আড়ষ্ট হসি হাসলো, —আপনি ওর বন্ধু...

—বাইট। তুমি আমাদের সেই দি গ্রেট সুব্রতৰ বউ। সেই বিছু সুব্রত। জয়তীৰ ভৱাট গালে ছোট ছোট দুটো টোল পড়লো। ঘুৰে তাকালো সুব্রতৰ দিকে,—তুই দাঁড়িয়ে রইলি কেন? বোস!

—তুই তো আমাকে আৱ পাতাই দিচ্ছিস না! সুব্রত কাঁধ ঝাকালো—আমাৰ বউকেই আদৰ কৰতে ব্যস্ত!

—না তো কী তোকে আদৰ কৰবো?

খিলখিল হেসে উঠলো জয়তী। হাসতে হাসতে দেওয়ালেৰ দিকে গিয়ে পৃট পৃট—গোটা দুয়েক ফ্যান চালিয়ে দিলো।

প্রকাণ্ড হলঘরটাৰ সাইজ স্বপ্নাৰ গোটা বাড়িটাৰ সমান প্ৰায়। এত বড় একটা ঘৰ শুধুই নিচেৰ ঢুয়িংকৰ্ম। চাৰদিকেৰ দেওয়াল দামী ওয়ালপেপাৰে মোড়া। মাঝখানটা জড়ে পুৰু কাপেট। গাঢ় মেৰুন কাৰ্পেটে কাশ্মীৰি কাৰুকাজ। রাজকীয় সোফাগুলো দূৰে দূৰে হলেও সংঘবন্ধ সাজানো। একটা গোটা দেওয়াল-জোড়া সুদৃশ্য ক্যাবিনেটে টিভি, স্টিৰিও, আৱও আৱও কত বকম ষে শো-পিস। দু'কোণে মিনে কৰা দুটো পেতলেৰ ফুলদানি। পট হোস্তাৰে পাতাৰাহাৰ। না, শুধু পয়সা থাকলৈই হয় না! এমন সুন্দৰ কৰে ঘৰ সাজানোৰ জন্য কুচি থাকাৰও প্ৰয়োজন। কিন্দা প্ৰচুৰ টাকা থাকলে তবেই সাজানো যায় এভাৱে। দুই বন্ধুৰ কথাৰ ফাঁকে চাৰদিকে আলগোছে চোখ বুলিয়ে নিছিল স্বপ্না। বেশি নৰম সোফায় নড়তেও অস্বস্তি। সব সময় কেমন ডুব ডুব ভাব। মুনি-বাবলাৰও এক দশা। অনভ্যন্ত গদিতে ভাইবোন কাঠ-কাঠ। একটু কুঁজোও যেন।

বক্ষ জানলার কাচ সব খুলে দিয়ে ওদেৱ দুজনেৰ মধ্যখানে গিয়ে বসে পড়েছে জয়তী। বাবলাৰ গাল টিপে মুনিকে কোলেৰ কাছে টানলো।

—কি মিষ্টি হয়েছে বে তোৱ ছেলেমেয়ে দুটো... কী নাম তোমাদেৱ?

সঙ্গে সঙ্গে স্বপ্নাৰ দুই ছেলেমেয়ে লজ্জায় অধোবদন।

—কিগো, আমাৰ সঙ্গে ভৱ কৰবে না? জয়তী মুনিৰ থুতনি ধৰে মুখটাকে ওঠানোৰ চেষ্টা কৰলো,—তাকাবে না আমাৰ দিকে?

মুনিৰ ঘাড় আৱও ঝুলে গেল।

এবাৱ বাবলাৰ কাঁধে হাত বেখেছে জয়তী,—তোমাৰ নামই শুনি তবে।

অদ্বৃত বোকা বোকা হসি হাসছে বাবলা। মুখ অল্প হাঁ।

ইস। ভয়ানক অস্বস্তি বোধ কৰলো স্বপ্না। ছেলেমেয়ে দুটো জায়গা বিশেষে এমন ক্যাবলা হয়ে যাব। এমনিতে সাৱাক্ষণ তো খই ফুটছে মুখে। স্বপ্নাৰ গলায় হালকা ধৰক এলো—কী হলো? নাম বলো তোমাদেৱ? কথা বলতে জানো না?

সুব্রত হা হা কৰে হেসে উঠলো,—মাসিকে দেখে লজ্জা পাচ্ছে। সৱি। মাসি না তো পিসি।

মুহূর্তে সপ্তাব দ্বর আরও কঠিন—কী হলো বাবলা? শুনতে পাচ্ছো না?  
বাবলা বারকয়েক মোচড় দিলো শরীরে। আড়চোখে কয়েক পলক দেখলো বাবা  
মা'কে।

জয়তী কপট অভিমান ফোটালো ঠঁটে, —থাক, ওরা যখন নিজেদের পরিচয়  
দেবেই না তখন না হয়...

—ছিঃ বাবলা, তুই এত বোকা? নিজের পরিচয় দিতেও জানিস না?

এবার কাজ হলো। নিশ্চাস বন্ধ করে উঠে দাঁড়ালো বাবলা, বড় করে ঢোক গিলে  
অবিকল পড়া মুখস্থ বলার ভঙ্গিতে বলে উঠলো।—আমার নাম শ্রীমান অনিলকণ্ঠি  
মজুমদার। বাবার নাম শ্রীনূরতকুমার মজুমদার।

—ও মাগো! কী সুন্দর করে বলছে... জয়তী হেসে লুটিয়ে পড়লো, —ও বাবারে  
কী সুইট... কোন ক্লাসে পড়ো তুমি?

—ক্লাস থি বি।

—স্কুলের নাম?

—স্বামী বিবেকানন্দ পাঠ্যবন।

—বোনের পরিচয়?

—বোনের নাম কুমারী স্বাগতা মজুমদার। ও ক্লাস ওয়ান...

বাবলা গড়গড় করে বলেই চলেছে। জয়তী হেসে কুটিপাটি। যেন সার্কাসের  
জোকার দেখে মজা পাচ্ছে। সপ্তা মুখ ঘুরিয়ে নিলো। ছেলেটাকে ব্যাগি স্যুটটা না  
পরালেই হত্তে। ঢলচলে পোশাকে বিশ্রী গেঁয়ো ভূতের মতো লাগছে। মেয়েটাকেও  
লাল ঘাগরা না পরিয়ে স্মার্ট কোনো ফ্রক পরানো উচিত ছিল। সুরূতর ওপর রাগ  
হলো মনে মনে। আগে একটু লক্ষ করে বলতে পারতো তো? নিজেও একটা পাজামা-  
পঞ্জাবি পরেছে দ্যাখো! আধ-ময়লা। আত্মসম্মানবোধ বলে কিছু যদি থাকে! আয়েস  
করে বসে আবার টান দিচ্ছে সিগারেটে। অসহ্য। ভেতরকর রাগটাকে তাড়াতে আচমকা  
উঠে দাঁড়ালো। সপ্তা। ঢকিতে জয়তীর হাসিখুশি চোখ তার দিকে।

—কী হলো গো? গরম লাগছে খুব, তাই না? দাঁড়াও এসিটা চালিয়ে দিতে  
বলি। বলেই গলা ওঠালো,— সুকুমার... এই সুকুমার....

—না, না। গরম লাগছে না। সপ্তা তাড়াতাড়ি ছুঁচিয়ে নিলো নিজেকে। —এমনিই  
একটু... বলতে বলতে বসলো আবার,— আপনার মেয়েকে দেখছি না?

—ওর কথা আর বোলো না ভাই। কলেজের তিনিটে বন্ধু এসেছে, তাদের সঙ্গে  
ওপরে ভিড়ও দেখতে বসেছে। দাঁড়াও ডাকছি।

—থাক না, পরে ডাকিস। সুরূত ঠাঃ-এর ওপর ঠাঃ তুলে বসলো,—তোর কর্তা  
আজ বাড়ি আছে তো? নাকি রোববাবেও...

—দুপুরেও ছিল, জানিস! এই একটু আগে নার্সিংহোম থেকে এমার্জেন্সি কল  
এলো একটা। হড়মুড় করে...

—কোথায় ঘেন বলেছিলি নার্সিংহোমটা?

—ওর নিজেরটা কাছেই। বালিগঞ্জে। তবে এখন গেছে সেই পি জি হসপিটালের

কাছে। ওখানে ওদের কয়েকজন বন্ধুর একটা পলিক্লিনিক মতন আছে।

—আজও তাহলে দেখা হবে না বলভিস? তোর স্পেশাল... থৃড়ি... স্পেশালিস্ট বরের সঙ্গে?

—কী জানি! জয়তী উদাস সামান্য, দ্যাখ হয়তো এসে যেতেও পারে। আর ভাল্লাগে না, জানিস! চৰিশ ঘণ্টা শুধু হসপিটাল, নার্সিংহোম আৱ চেম্বাৰ। আজই বোধহয় অনেকদিন পৰ বাড়িতে টানা কয়েক ঘণ্টা ছিল...

—ইস, আপনাকে তাহলে সারাদিনই একাই থাকতে হয়? ফস কৰে বলে বসলো স্বপ্ন। বলেই এক ধৰনেৰ চোৱা তৃষ্ণি পেল মনে,—আমাৰ তো বাবা, ও সক্ষেৰ পৰ আধ ঘণ্টা দেৱি কৰলে মেজাজ খাবাপ হৰে যাব।

—কী কৰবো বলো। কপাল। জয়তীৰ হাসি স্নান।

স্বপ্ন সোজা হয়ে বসলো—সত্ত্ব। এ ভাৱি অন্যায়। ওৱ একবাৰ একটা খুব বড় চাকৱিৰ অফাৰ এসেছিল, জানেন! বাঙালোৰে। বিৱাট ফার্নিশড কোয়াটাৰ। গাড়িটাড়ি সব দিতো। আমি রাঙ্গি হলাম না। ওখানে গেলে সারাক্ষণ শুধু ফ্যান্টেৰি আৱ লেবাৰ নিয়ে ব্যস্ত থাকতো। মাৰাখান থেকে বিদেশ-বিভূঁয়ে আমি ছেলেমেয়ে নিয়ে একা একা...

নির্দিধায় মিথ্যে কথা বলে চলেছে স্বপ্ন। সুৱত যে হতচকিত চোখে তাকিয়ে সেদিকে ঝক্ষেপ নেই কোনো। বিন্দুমাত্ৰ সন্তুষ্টি ভাব নেই আৱ।

—ঠিক কৰিনি, বলুন?

—বেশ কৰেছো। জয়তীৰ গালে আবাৰ দুটো টিপাটিপ টোল,—কথখনো অ্যালাও কৰবে না। বলতে বলতে উঠে দাঁড়িয়েছে,—তোমাৰ একটু বোসো, কেমন? আমি এক্ষুণি আসছি।

জয়তী কি মিথ্যেটা ধৰতে পেৱেছে! স্বপ্নৰ কথাগুলোকে তেমন পাত্তা দিলো না যেন! নাকি মনে মনে হিংসে...! স্বপ্ন একটুও তাকালো না সুৱতৰ দিকে। গোল কাচেৰ টেবিলেৰ তলা থেকে ম্যাগাজিন টানলো একটা। পৱিষ্ঠাৰ টেৰ পাছে সুৱত এখনও আবাক চোখে তাকিয়ে। থাকগে যাক, সুৱতৰ প্রাসঙ্গিক কোনো জিজ্ঞাসাৰ আগেই গলার স্বৰ সম্পূৰ্ণ অন্যৱকম কৰে ফেললো। মুনিৰ দিকে তাকালো চোখ পাকিয়ে,—এই, ওকি অসভ্যৰ মতো বসা? পা নামিয়ে সোজা হয়ে বোসো!

বাবলার মুখে কথা ফুটলো—কী বড়লোক মাসিটা... পিসিটা... তাই না মা?

—চপ, আস্তে।

—ওই জানলাৰ ধাৰটায় একটু যাবে মা? ধীৱে ধীৱে মনি স্বাভাৱিক চঞ্চলতায় ফিরছে; —ওই দ্যাখো মা, ছবিটা কী সুন্দৰ! ওটা কিসেৰ ছবি গো?

স্বপ্ন আড়চোখে সুৱতৰ দিকে তাকালো। সোফাৰ পিঠে মাথা ঠেকিয়ে নতুন কৰে সিগারেট ধৰিয়েছে। আচমকা ছেলে-ভোলানোৰ মতো বলে উঠলো,—তোমাৰ বন্ধু কিন্তু সত্যই খুব সুন্দৰ!

—ইঁ...

—ঠিক বলেছো মা, কী চকচকে গা—তাই না?

—আর কী সুন্দর মিষ্টি গন্ধ গায়ে! তাই নাবে দাদা? আমাকে যখন আদর করছিল...

সুব্রত ছেলেমেয়ের দিকে একবার তাকিয়েই টেরচা চোখে দেখছে স্পন্দাকে। স্পন্দা উঠে পেছনের জানলায় গিয়ে দাঢ়ালো। একটা মালিগোছের লোক মোয়ার দিয়ে ঘাস ছাঁটছে। ওদিকে মনে হয় চাকরবাকবদের থাকার জায়গা। লম্বা মতন একাটি হিন্দুস্থানী বট বাচ্চা কোলে বাঁদিক থেকে ডানদিকে হেঁটে গেল। বোধহয় ড্রাইভার-ড্রাইভারের বট। দোতলা থেকে হিন্দি গানের সুর ভেসে আসছে। আবছা ভাবে হাসির শব্দও শোনা গেল যেন। এমন একখানা আসাদের মতো বাড়ি করতে নিশ্চয়ই কয়েক লক্ষ টাকা খরচা হয়েছে! কতগুলো মেট ঘর আছে! এত বড় বাড়িটাতে তিনটে মাত্র প্রাণী থাকে!

এলোমেলো টুকটাক ভাবনায় স্পন্দা মশগুল যখন, জয়তী ফিরেছে ঘরে—পেছনে কাজের লোকের হাতে বড় এক ট্রে। স্পন্দা মুহূর্তে সপ্রতিভ,—সর্বনাশ! এতসব কী করেছেন? এত কে খাবে?

—মোটেই এত না। জয়তী নিজে ট্রে থেকে নামিয়ে প্লেট সাজাচ্ছে টেবিলে,—তোমরা প্রথমদিন আমার বাড়িতে এসেছো—

—বাপরে, এ তো দেখছি রাজকীয় আয়োজন! সুব্রত কথা বলছে অনেকক্ষণ পর,—প্রথমদিন আমাকে তো এত কিছু খাওয়াসনি। সেদিন তো শুধু...

—সেইজনাই তো তোর জন্য আজ স্পেশাল ব্যবস্থা। জয়তী ঠেঁট টিপলো,—মনে আছে, কলেজ ক্যাণ্টিনে মাংসের চপ খাওয়ানোর জন্য কী রকম ঝুলোযুলি করতিস! এই নে তোর চপ।

জয়তী প্লেটভর্তি খাবার তুলে বন্ধুর দিকে বাঢ়ালো,—দ্যাখ তো, কেমন হয়েছে? আমি নিজে করেছি।

—ক্যাণ্টিনের সেই সাদ কি আর খুঁজে পাওয়া যাবে রে? তবে তুই যখন নিজে হাতে বানিয়েছিস—সুব্রত হাঁলার মতো কামড় বসালো চপে,—আহ, ডিলিশাস! এগুলো সব কি তোর নিজের হাতে বানানো—এই কেক, বসমালাই, বাটারফ্রাই সব?

—উহ। চপটা শুধু আমি করেছি। আর সব কাজের লোকেরা। জয়তী ছেট ছেট দুটো সাইড টেবিল রাখলো মুনি বাবলার সামনে,—কি গো অনিন্দ্য? স্বাগতা তোমরা আগে আইসক্রিমটা খাবে, না আগে খাবার?

—আইসক্রিম! মুনি তড়াক করে সোফা থেকে নেমে টেবিলের সামনে সোজা হয়ে দাঁড়িয়েছে। দেখাদেখি বাবলাও। ছি ছি, কী লোভী লোভী চোখে তাকিয়ে আছে দ্যাখো খাবারের দিকে। ছি! স্পন্দার লজ্জায় মরে যেতে ইচ্ছে করলো। এত করে শিখিয়ে নিয়ে এসেছিল...। বিরক্ত মুখে ঝুঁকলো ছেলেমেয়েদের দিকে। গলায় কঠিন শাসন,—না মুনি, তুমি একদম আইসক্রিম খাবে না। কদিন আগেই গলা-ব্যথা হয়েছিল, তুলে গেছো?

—তাই নাকি। জয়তী চোখ ঘুরিয়েছে সঙ্গে সঙ্গে—না না, তাহলে তো আইসক্রিম বাদ। ঠিক আছে, তার বদলে ক্যাডবেরি, কেমন?

মুনি বাবলা দুজনেই ফ্যালফ্যাল করে তাকিয়ে আছে। সুরতও। মুনির গলা-ব্যথা হয়েছিল বটে—সে প্রায় মাদ দ্যেক আছে। কথাটা বলে ফেলে স্থপার নিজেরই খারাপ লাগছে। ছেলেমেয়ে দুটো এত আইসক্রিম খেতে ভালোবাসে। ঠিক আছে, সে না হয় বলতে হয় তাই বলে ফেলেছে। সুরত তো ইচ্ছে করলেই ব্যাপারটা সামলে দিতে পারে। কেন দিচ্ছে না?

জয়তী এবার অ্যানরেকেবল প্লেট ধরেছে স্থপার সামনে,—চা করতে বলবো? না কফি? কী পছন্দ করো?

—আমি কিন্তু এত কিছু খাবো না। স্থপা দুহাত নাড়লো জোবে জোবে,—অনেক বেলায় খেয়েছি।

একথাটা অসত্য নয়। সব কাজ সেরে খেয়ে উঠতে দুটো বেজেছে আজ। রান্নাঘর ধূয়ে, বাসনকেসন মেজে উঠতে উঠতে তিনটে। তারপরই তড়িয়ড়ি বেরিয়ে পড়। একটুও বিশ্রাম পাওয়া যায়নি। অন্যমনস্কতার ভান করে ঘড়ি দেখে নিলো স্থপা। সাড়ে ছুটা প্রায় বাজতে যায়। গ্রীষ্মের বিকেল বলে বেলা বোৰা যাচ্ছে না। গরম গরম খাবারের গন্ধে ক্ষিধেও যেন পাচ্ছে অল্পস্বল্প।

—ঠিক আছে। তোমার যা ইচ্ছে হবে, তাই খাও।

জয়তীর ইশারায় কাজের লোকটা একটা খালি প্লেট রেখে দিলো বড় টেবিলে। সুরত গোগ্রাসে খেয়ে চলেছে। বাবলা-মুনি ট্রেতে সাজানো কাঁটা চামচের ধার ধারছে না কেউ। স্থপা ছুরি কাঁটা দিয়ে বাটারফ্রাই তুলতে গিয়েও তুললো না। থাক, কোনো কারণে হাত স্লিপ করে না উঠলে চড়ান্ত লজ্জা। তার থেকে বরং...ইচ্ছেকে সংযত করে আলাতোভাবে একটা কেক তৃলে নিলো মাত্র। পুরো প্লেটটা নমিয়ে দিলো সামনে।

—বাস।

—সে কী? আর কিছু নে? না? রসমালাই একটু খাও?

—না ভাই, একদম পারবো না। বিশাস করুন। ঢক ঢক করে পর পর দু'গ্লাস জল খেয়ে ফেললো স্থপা। মুখখানা এমন করলো, যেন জল দিয়ে ধূয়ে ফেলছে ভেতরকার সব লজ্জা, সঙ্কোচ, ঝ্যাংলামি—কিন্তু সমস্ত রকমের হীনমন্যতা, জড়তা, ধীৱানি।

জয়তী তবু অনুরোধ করে চলেছে। সুরত, বাবলা, মুনি তিনজনেই হতবাক দৃষ্টিতে তাকিয়ে তার দিকে। স্থপা দেখেও দেখলো না। কাউকেই।

### তিনি

কনটেসার বিলাসী আসনে বসে মুনি-বাবলা যেন উড়ে যাচ্ছে স্বর্গরাজ্যের দিকে। দুজনেরই চোখে যিকমিক খুশির আলো। দুরস্ত বাতাসে চুল উড়ছে ক্ষুদে পাখিদের ডানার মতো।

—গাড়িটা ঠিক পক্ষীরাজের মতো, তাই নারে দাদা?

—যাহ, পক্ষীরাজ কেন হতে যাবে? এই গাড়িটার নাম কনটেস। তাই না বাবা?

সামনের সিট থেকে ঘাড় ঘুরিয়ে সুরত ছেলেমেয়েদের দেখলো। মাঝখানে স্থির  
বসে থাকা সপ্লাকেও। গাড়ি চলতে শুরু করার পর থেকে এখনও পর্যন্ত একটাও  
শব্দ উচ্চারণ করেনি। কেমন যেন নিখর বসে আছে। কী যে হয় মাঝে মাঝে! ওখানে  
তো বেশ কথা বলছিল। একটু বেশি বলছিল বলা যায়। বানিয়ে বানিয়ে যতসব  
উন্টেপাণ্টা কথা কেনই বা বলছিল!! কমপ্লেক্স! এখনও কি জয়তীর সম্পর্কে সন্দেহ  
রয়ে গেছে আগের মতো! মেয়েদের মন কখন যে কোন স্বীকৃতে যায়! নাহ, কিছুতেই  
বুঁবু উঠতে পারছে না সুরত। জিঙ্গাসা করতে পারছে না কিছু। ড্রাইভার শনে  
ফেলবে।

জয়তীর গাড়ি নিঃশব্দে তরতর এগিয়ে চলেছে। ছুটির সন্কেতে রাস্তা আজ অনেক  
ফাঁকা। অন্যান্য দিনের চেয়ে। গান্দিলিবাগান পেরিয়ে রামগড় টপকে গেল। এখনও  
অনেকটা পথ। গড়িয়া বাসস্ট্যান্ড থেকে ডানদিকে ঘূরে বাঁশদ্রোগীর দিকে যেতে হবে।  
তারপরও বেশ কিছু অলিগন্সি। এতটা রাস্তা গিয়ে তাদের নামিয়ে ফাঁকা গাড়ি ফিরে  
আসবে আবার। কোনো মানে হয়? বারবার অনেকবার মানা করেছিল সুরত,—ছাড়  
তো। দরকার নেই। মিহিমিছি গাড়ির কী দরকার?

—ঠিকই তো। আমরা একটা ট্যাক্সি ধরে নেবো। সপ্লা নাফিয়ে পড়ে লুফে  
নিয়েছিল কথাটাকে। অথচ সপ্লার, হ্যাঁ, এই সপ্লারই, যাবার সময় গড়িয়া থেকে ট্যাক্সি  
ধরতে কী আপন্তি,—কোনো দরকার নেই। অথবা শুচের মিটার উঠবে। তার থেকে  
অটোতে শেয়ারে যাওয়া ভালো। মুন্সি-বাবলাকে কোলে বসিয়ে নেবো।

সুরত হাওয়া বাঁচিয়ে সিগারেট ধরালো একটা। জয়তীটা ঠিক আগের মতোই  
আছে। একই রকম হল্লোড়বাজ। প্রাণখোলা। কিছুতেই কোনো বারণ শুনলো না।  
ড্রাইভারকে গাড়ি ধার করতে বললো। গাবাজ থেকে।

—একেবারে বাড়িতে সাহেবেদের নামিয়ে দিয়ে আসবে, বুঝলে?

ছেলেমেয়ে দুটোর তখন কী মে আন্দি! নাফিয়ে উঠে বসলো গাড়িতে—আমি  
এই জানলাটার ধারে বসবো। তুই ওদিকে যা।

—না, আমি বসবো এদিকটাই। তুই ওদিকে যা।

সপ্লা অথবা রেপে গেল। দাঁ-ত দাঁ-ত চেপ বাবলাক বকে উঠলো—চলো বাড়ি  
চলো, হচ্ছে তোমাদের।

না। জয়তী বা জয়তীর মেয়ে কেউ দেখতে পাসনি ধমকানোর দৃশ্যটা। জয়তী  
তখন বাগান থেকে দুটো গোলাপ হাঁচিল মুন্সি-বাবলার জন্য। জয়তীর মেয়ে গাড়ির  
দরজা খুলে বিরবির হাসছে।

—অল রাইট। টস হয়ে যাব, কে কোন দিকে বসবে!

জয়তীর মেয়েটাও বেশ হয়েছে। জয়তীর মতোই। শেষের দিকে মুন্সি-বাবলা  
তো প্রায় ভক্ত হয়ে উঠেছিল ওর সপ্লাই শুধু বড় গভীর গভীর প্রশংস করছিল মেয়েটাকে  
—কী সাবজেক্ট নিয়োচ হায়ার সেকেও গুরিতে?

—কেন? সায়েস পড়লে না কেন?

সত্যি, স্বপ্নাটা না! সুরত জানলার বাইরে তাকিয়ে একটু হেসে নিলো। বাড়ি গিয়ে স্বপ্নাকে প্রচৰ খাপানো যাবে। ছেলের দিকে ঘূরে তাকালো। সেই ফাঁকে আলতোভাবে বটয়ের দিকেও।

—কিরে, তোরা এত চুপ মেরে গেছিস যে। মুনি কী করছে? মুনমুনিয়া?

—ঘূরিয়ে পড়েছে। বাবলার আগে স্বপ্নার উত্তর।

—তোমারও কি ঘূর আসছে নাকি?

—কেন?

—সেসেবল হবার চেষ্টা করো। স্বপ্না চোখের ইশারায় ড্রাইভারকে দেখাচ্ছে।

এরপর বাকি রাস্তা চুপচাপ বসে থাকা ছাড়া উপায়ই বা কী! আনসান গল্প কিছু করা যায় অফিসের, বন্ধুবন্ধুবদের। থাক—সুরত জুলন্ত সিগারেটের টুকরো বাইরের হাওয়ায় ভাসিয়ে দিলো। নরম অঙ্ককারটাকেই উপভোগ করা যাক বরং।

অঙ্ককারে দেখা যায়নি। তালা খুলে, ঘরের আলো জ্বালানোর পর নজরে পড়লো। স্বপ্নার অতি প্রিয় আটশো টাকা দামের সাউথ ইণ্ডিয়ান সিঙ্কের কুঁচিতে আঁচলে ছোপ ছোপ ভিজে দাগ। শখ করে কেনা গুজরাটি ভ্যানিটি ব্যাগও ভেজা ভেজা,—একি, তোমার শাড়িতে কী লেগেছে! কিসের দাগ!

স্বপ্না নিরত্বর। আলগোছে বাসন্তী শাড়ি খুলে ছুঁড়ে দিলো মেঝেতে। ব্যাগটাও।

বিশ্বিত সুরত নিচ হয়ে তদন্তে নামলো,—মনে হচ্ছে রস পড়েছে! কোথেকে লাগলো?

স্বপ্না তবু চুপ। সুরতকে কী করে বোঝাবে জয়তীর জন্য কেনা মিষ্টির বাক্সটা ভ্যানিটি ব্যাগেই রয়ে গেছে। দেওয়া হয়নি। দেওয়া যায়ও না। ফেরার পথে সেই বাক্স থেকেই রস পড়েছে চুইয়ে চুইয়ে। গোটা পথ ব্যাগটাকে কোলে চেপে রেখেছে স্বপ্না প্রাণপণে। এক ফেঁটা রস যেন না লাগে জয়তীর কনটেসার স্থৰ্য সিটে। তার, সুরত, তাদের গোটা পরিবারের শেষ অহঙ্কারটুকু জড়িয়ে ছিল ওই দাগ লাগা না লাগায়।

লাগেনি। স্বপ্নার দামী শাড়ি মেখে নিয়েছে সমস্ত দাগ।

## আত্মহত্যার পরে

লাক্ষ সেবে সবে অফিসে ঢুকেছে শ্যামলেন্দু, রিসেপশান কাউণ্টার থেকে টেলিফোন অপারেটার মেয়েটি বলে উঠল, ‘স্যার, আপনার বাড়ি থেকে তিন-চারবার ফোন এসেছিল।’

‘এনি মেসেজ?’

‘না স্যার। আপনি ফিরলেই মিসেস সেন সঙ্গে সঙ্গে আপনাকে ধরে দিতে বলেছেন—,

ধরে দেওয়া কথাটা এমনভাবে উচ্চারণ করল মেয়েটা, যেন শ্যামলেন্দু কোনো পলাতক আসামী। কিন্তু বন কি ঢিড়িয়া।

শ্যামলেন্দু হেসে ফেলল। সকাল থেকে মেজাজটা আজ তার ফুরফুরে হয়ে আছে। তিনি সপ্তাহ টালবাহানার পর আজই মালহোত্রাদের ফাইলটা ছেড়েছেন এম. ডি। টেঙ্গুর আয়কসেপটেড। মাথার কমপিউটারকে আরেকবার অন করে দিল শ্যামলেন্দু। আঠার লাখের ওয়ান পারসেট। মানে আঠারোহাজার। সঙ্গে আজই বিকেলে ডিনার। তাজ বেঙ্গলে। এমন একটা শুভদিনে স্বপ্নার হাতে ধরা পড়াটা মোটেই কাজের কথা হবে না।

স্বপ্নার জরুরি দরকারের রকমফের জানে শ্যামলেন্দু। হয় গাড়ি পাঠিয়ে দাও, বেহালায় অনুরাধাদের বাড়ি যাব, নয় তাড়াতাড়ি চলে এস, মেজমামা এসেছেন অথবা নিউমার্কেট থেকে সাড়ে পাঁচটার সময় পিক-আপ করে নিও লক্ষ্মীটি। পনের বছর বিয়ে করা স্ত্রীর এর বাইরে আব কি-ই বা কথা থাকতে পারে স্বামীর সঙ্গে? একটা সময়ের পর বিবাহিত জীবন শুধুই কতগুলো অভ্যাস আব চাহিদা মাত্র। তবু এই মুহূর্তে সামনে দাঁড়ানো তপ্পী মেয়েটির সঙ্গে একটু রং রসিকতা করার সুযোগ হাতছাড়া করতেও ইচ্ছা হল না। রিসেপশান কাউণ্টারের সামনে গিয়ে গলা নামাল শ্যামলেন্দু, ‘ওয়ারেণ্টটা কিরকম ছিল বলে মনে হয়েছে ম্যাডাম? বেলেবল? না নবেলেবল?’

উভয়ে মেয়েটিও এক টুকরো মাপা হাসি উপহার দিল ডেপুটি পারচেজ ম্যানেজার শ্যামলেন্দু সেনকে, ‘তা তো বলতে পারব না স্যার। তবে ম্যাডামকে খুব টেস্ট মনে হচ্ছিল।’

রসিকতার সুর কেঁটে গেল। বাড়িতে কোনো বিপদ-আপদ হয়েছে নাকি? কোনো দুর্ঘটনা? বুবলার কিছু হল? নাকি ভবনীপুর থেকে মা-বাবার কোনো খারাপ খবর এসেছে?

অনেক কিছুই হতে পারে। আবার কিছুই না। স্বপ্না সবসময়েই ছোটখাটো ব্যাপারে অকারণে উত্তেজিত হয়ে পড়ে। কাজের লোকের সঙ্গে ঝগড়া হলেও...। অহেতুক উদ্বিগ্ন হওয়াটা মেয়েদের চারিত্রিক ধর্ম, ‘ঠিক আছে, ঘরে দিয়ে দিন লাইনটা।’

শ্যামলেন্দু নিজের চেম্পারে ফিরল। প্রথর রোদ থেকে হিমশীতল ঘরে ফিরলে এক ধরনের নরম আরাম শরীরকে আলগাভাবে জড়িয়ে ধরে। চেয়ারে গা ছড়িয়ে আয়েস করে একটা সিগারেট ধৰাল। দুটো টান দিয়েছে কি দেয়নি, পিপ পিপ শব্দ বাজিয়ে স্পন্ধা এসে গেছে দূরভাষে, ‘এই শোন, সর্বনাশ হয়ে গেছে!'

সর্বনাশ! শ্যামলেন্দু পলকে টান-টান। যে কোনো কথাই স্বরের বাঞ্ছনায় নিজস্ব শুরুত্ব বুবিয়ে দেয়। স্পন্ধার এখনকার সর্বনাশ মোটেই বুবলার অক্ষে কম নম্বর পাওয়ার সর্বনাশ নয়। ‘কি হয়েছে?’

‘মালা সুইসাইড করতে গিয়েছিল। গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়েছে। বাথরুম ভেঙে বার করতে হয়েছে ওকে।’

শ্যামলেন্দু চকিতে বিদ্যুৎস্পষ্ট। নাচ এই স্বাদের সম্ম আদো প্রস্তুত ছিল না সে।

স্পন্ধা বলে চলেছে, ‘বোধ হয় বাচবে না। বিশ্রীভাবে পুড়ে গেছে।... হালো, শুনতে পাচ্ছ তুমি? হ্যালো-ও?’

কয়েক সেকেণ্ডের জন্য শ্যামলেন্দুর হৃৎস্পন্দন বন্ধ হয়ে গিয়েছিল। সপ্তিতে ফিরতে সময় লাগল আরও কয়েক সেকেণ্ড। বহু কষ্টে একটাই স্বর ফোটাতে পারল গলায়, ‘কেন?’

‘কেন কি করে বলব? ঘণ্টাখানেক আগে ওর হোটেল থেকে ফোন এসেছিল। আমি সেই থেকে তোমাকে ধৰার চেষ্টা করে যাচ্ছি।’

স্পন্ধার গলা ধরথর করে কাঁপছে। শ্যামলেন্দু চোখ বাঁজে ফেলল।

‘ওকে হসপিটালে নিয়ে গেছে। পিজিতে! আমি পাশের ফ্ল্যাটে বুবলার মাঝে চাবি রেখে এখনি বেরিয়ে পড়ছি। তুমিও চলে এসো, যত তাড়াতাড়ি পার।’

টেলিফোন কেটে যাওয়ার পাশে শ্যামলেন্দু বিসিভার চেপে রইল কানে। যেন আরও কিছু কথা শোনার আছে। আরও কিছু কথা বাকি রয়ে গেল। অথবা এতক্ষণ দূরে যা শুনেছে তা সত্তি নয়। তল থবর দিয়ে স্পন্ধা তাকে পরীক্ষা করতে চাইছে না তো?

মালা হঠাতে কাজ করে বসবে কেন? যথেষ্ট ধীরস্তির বুদ্ধিমত্তা মেয়ে। ক'দিন আগেই তো চাঁদিপুর বেড়িয়ে এল শ্যামলেন্দুর সঙ্গে। নিজে থেকেই এবাব বলেছিল, ‘দেলেল পৰপৰ তিনদিন ছুটি আছে শ্যামলদা। চল ক'দিন নির্জন সমুদ্রের ধারে ঘুরে আসি। সবসময় হোটেলের বন্ধ ঘর আর ভাল লাগে না।’

‘নো প্রবলেম। চল।’

‘প্রবলেম আছে মশাই। স্পন্ধাদিকে কি বলবে?’

‘যা বলি। অফিস টুর।’

‘স্পন্ধাদি যদি আমার হোটেলে ফোন করে?’

‘করবে না। তোমার খোঁজ নেওয়ার এখন ওর সময় নেই। বুবলার পরীক্ষা নিয়েই দিনরাত্রি ব্যস্ত। যদি করেও, অসুবিধে কি? হোটেলে বলে যাবে বাড়ি যাচ্ছ, মার কাছে। যেমন বল প্রতিবার।’

সেই মালা গায়ে কেরোসিন ঢেলে ! কেন ?

টেলিফোন অপারেটার পি বি এক্স বক্স থেকে খুট খুট আওয়াজ তুলে চলেছে,  
‘কিছু বলছেন স্যার ?’

চমকে উঠে শ্যামলেন্দু রিসিভার নামিয়ে রাখল। আঙুলে ধরে থাকা সিগারেট  
পুড়ে পুড়ে বিশাল লস্বা একটা ছাই তৈরি করেছে। চেপে চেপে অ্যাশট্রেতে আগুনটাকে  
নেভাল শ্যামলেন্দু। হাত বাড়িয়ে টেবিলে রাখা জলের প্লাস্টাকে খামচে ধরল সজোরে।  
এক ঢোকে খেয়ে নিল পুরো জলটা।

বিবশ স্নায়ুগুলো ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে। প্রাথমিক আঘাত কেটে যাওয়ার  
পর মন চেতনায় ফিরছে। মস্তিষ্কের কম্পিউটার আপনা-আপনি অন হয়ে গেল। এবাব ?  
এরপর ? কি কি ঘটতে পারে এখন ? হয় মালা বাঁচবে, নয় মারা যাবে—স্বপ্নের কথা  
শুনে মনে হল মারা যাওয়ার সন্তাননাই বেশি। যদি মারা যায়, শ্যামলেন্দু কি ধরা  
পড়ে যাবে ?

শ্যামলেন্দুর শিরদীঢ়া বেয়ে সহসা একটা কনকনে শ্রোত বয়ে গেল। সুইসাইড  
কেস যখন, তখন নিশ্চয়ই পুলিশ এনকোয়ারি হবে। হয়তো ইতিমধ্যে শুরুও হয়ে  
গেছে। মালা কি সুইসাইড নোট রেখে গেছে কোনো ? আমার মৃত্যুর জন্য আমার  
জামাইবাবু শ্যামলেন্দু সেন দায়ী এককম কেনো ? অসন্ভব। মালা তা করতেই পারে  
না। মালার একটা সরল আনুগত্য আছে তার প্রতি। অন্ধ ভালবাসা। শ্যামলেন্দু জানে।

শ্যামলেন্দু আবেকটা সিগারেট ধরাল। মালা কি এখন সজ্ঞানে আছে ! ছিল !  
কথা বলতে পারছে ! মৃত্যুর আগে মানুষ নাকি সবসময় সত্তাকে প্রকাশ করে দিয়ে  
যেতে চায়। ডাইয়িং ডিল্লারেশন না কি যেন বলে। পুলিশ না হোক, ওর হোস্টেলের  
কাউকে বলে থাকতে পারে কিছু। কিম্বা যে শোরমে কাজ করে সেখানকার কোনো  
বন্ধুকে। মারা যাওয়ার আগে স্বপ্নকেই হয়তো বলে ফেলল সব কথা !

শ্যামলেন্দুর আঙুলের ফাঁকে জ্বলন্ত সিগারেট টিপটিপ কেঁপে উঠল। এয়ার  
কণিশনড ঘরে বসেও ঘামছে প্রচণ্ড। তেমন হলে শ্যামলেন্দুকে অ্যারেস্টও করতে  
পারে পুলিশ। তারপর ? শ্যামলেন্দু মুখ দেখাবে কি করে ? আত্মায়সজন বলবে, কি  
বাবা শ্যামল, তোমাকে আমরা ভাল লোক বলে জানতাম—সেই তুমি একটা বাপমরা  
অসহায় মেয়ের অভাবের সুযোগ নিয়ে... ছি ছি ! বন্ধুরাও টিটকিরি দেবে, আসলের  
সঙ্গে সুদণ্ড জ্বালিয়েছিলি মাইরি। ফেসে গেলি তো। অফিস কলিগারা হাসবে, মিস্টার  
সেনের পেটে পেটে এত ছিল, আঁ ? আর স্বপ্নের কাছে মুখ দেখানোর তো প্রশ্নই  
ওঠে না। তাদের এতদিনকার নির্খুত নিশ্চিন্ত জীবন...। সব কটা থিয়োরি মেনে চলা  
সুখের সংসার...। স্বপ্ন হয়তো লজ্জায়, ঘৃণায়, অপমানে মালার মনেই কিছু করে  
বসবে। তারপর ? বুবলা ? বুবলা যথেষ্ট বড় হয়ে গেছে, বুবলা কি কোনোদিন ক্ষমা  
করতে পারবে তার বাবাকে ?

শ্যামলেন্দুর পায়ের নিচে চাপা ভূমিকম্প শুরু হয়ে গেছে। নিজের হাঁপিণ্ডের  
শব্দ নিজেই শুনতে পাচ্ছে স্পষ্ট। ধকধক ধকধক। কি ভয়ানক প্রতিরোধহীন গতি।  
ধকধক ধকধক।

অসম্ভব। শ্যামলেন্দু এক বাটকায় চেয়ার ছেড়ে উঠে দাঁড়াল। প্রকৃত সর্বনাশটাকে আটকাতে হবে। আটকাতেই হবে। শ্যামলেন্দু কলিং বেল চেপে ধরল।

বেয়াৰা এসেছে, ‘হাঁ সাৰ?’

‘শোন, আমি বেরিয়ে যাচ্ছি, কেউ খুঁজলে বলে দিও আজ আৱ ফিৱৰ না।’

লিফটের জন্য অপেক্ষা না কৰে বাড়েৰ বেগে সিঁড়ি দিয়ে নেমে এল শ্যামলেন্দু। সোজা গিয়ে নিজেৰ গাড়িতে উঠে বসেছে, ‘পিজি হসপিটাল চল। জলদি।’

ডালহাউসি পেরিয়ে রেড রোড ধৰে দুৰস্ত গতিতে ছুটছে বাদামি মারুতি। চৈত্ৰেৰ শেষে এ সময় বড় ধূলো ওড়ে। এলোমেলো হাওয়াৰ সঙ্গে অসংখ্য ধূলোৰ কুচি দৌড়ে এসে শ্যামলেন্দুৰ চুল-মুখৰে দখল নিয়ে নিল। নিজেও জানে না কি ভীষণ বিধবস্তু দেখাচ্ছে তাকে। রেয়াৰভিউ মিৱাৰে তাকে দেখে ড্রাইভাৰ পৰ্যন্ত অবাক হয়েছে, ‘আভি, ইস ওয়াক্ত, অসপাতালমে কিউ স্যার? ঘৰমে কুছু হয়া কেয়া? কোন হ্যায় অসপাতালমে?’

‘কোই হ্যায়।’ শ্যামলেন্দু সংক্ষিপ্ত উত্তৰ দিল। তাৰ ড্রাইভাৰ মালাকে চেনে না এমন নয়, অনেকবাবই দেখেছে। তবে মালাৰ সঙ্গে অভিসাৱে যাওয়াৰ সময় সে কখনই ড্রাইভাৰ নেয় না। এসব ব্যাপারে সে অত্যন্ত সাবধানী। যদিও লং ড্রাইভে গেলে আজকাল হঠাৎ হঠাৎ বড় ক্লান্স বোধ কৰে। গাড়ি চালাবেৰ জন্য বড় বেশি মনঃসংযোগ দৰকার। শ্যামলেন্দুৰ ধৈৰ্য একটু কম। তাৰ ওপৰ মধ্য চালিশেই দু-একখনা ডটকো উপসৰ্গ এসে গেছে শৰীৰে। কোলেস্টেৰল বাড়ছে। বজ্জ্বাপ কখনও কখনও মাত্রা ছাপিয়ে যায়। ডাঙ্গুৱাৰা বলে ড্রিঙ্ক কৰা কমাতে—সিগাৰেটও। শ্যামলেন্দু কোনোটাই মানে না। আৱে বাবা, জীবন তো একটাই। মাত্ৰ ক'দিনেৰ। মিছিমিছি ওইটুকু সময়কে অত বাধানিয়ে আটকে ফেলাৰ কোনো মানেই হয় না।

মালা প্রায়ই বলে, ‘এভাৱে কত দিন চলবে শ্যামলদা?’

‘কেন? আটকাচ্ছে কোথায়?’

‘আটকাচ্ছে। তুমি বুৰাবে না।’

‘বোঝালেই বুৰব।’

‘সব সম্পর্কেৱই একটা পৰিণতি থাকে। কোথাও একটা গিয়ে থামতে হয়।’

‘তুমি কি চাও বল তো? বিয়ে-থা কৰবে? ছেলেটেলে দেখব?’

‘আমি কি তাই বলেছি? তুমি আমাৰ জন্য অনেক কৰেছ। চাকৰিটা থেকে শুৱ কৰে যখন যা আমাৰ দৰকার হচ্ছে... তুমি না থাকলে আমাদেৱ সংসাৰটাই তো ভেসে যেত।’

‘বাস? এটুকুই? তোমাকে আমি ভালবাসি না?’

‘বাসো?’

মালা কেমন অন্যমনস্ক হয়ে যায়। হোটেলেৰ জানলা দিয়ে দূৰে কোনো গাছেৰ দিকে তাকিয়ে থাকে। অথবা আকাশেৰ দিকে। সেই মুহূৰ্তে মালা ভয়ংকৰ অচেনা। সেই অচেনা মালা হঠাৎ প্ৰশ্ন কৰে বসে, ‘তুমি স্বপ্নাদিকে আৱ ভালবাসো না?’

‘না, বাসি না। চিৰকাল মানুষকে একজনকেই ভালবেসে যেতে হবে তাৰ কোনো

মানে নেই।' শ্যামলেন্দু বিশ্বস্ত প্রেমিকের মতো ঝটপট উভর দিয়ে যায়, 'স্বপ্নার সঙ্গে অনেকদিন আগেই একটা গ্যাপ তৈরি হয়ে গেছে।'

ভুল। ভুল। শ্যামলেন্দু সোজা হয়ে বসল। স্বপ্না বা বুবলা কাউকেই হারাতে রাজী নয় সে। নিজের ভাবমূর্তি কোনো ম্লেই হারাতে চায় না মানুষ।

হাসপাতালের মেইন গেট দিয়ে ঢুকছে গাড়ি।

ড্রাইভার জিজাসা করল, 'কিস তরফ জানা হ্যায় স্যার ?'

উভর দেওয়ার আগেই শ্যামলেন্দুর চোখ পড়ে গেছে এমারজেন্সির সামনে। স্বপ্না দাঁড়িয়ে আছে। পাশে আরো দু'তিনজন মহিলা।

গাড়িটা দেখতে পেয়ে স্বপ্নাই দৌড়ে আসছে। ফ্যাকশে নিরস্ত মুখ। শ্যামলেন্দুর একেবারে সামনে এসে বরঞ্চ করে কেঁদে ফেলল, 'নেই। এখানে আনার কিছুক্ষণ পরেই মারা গেছে। এমারজেন্সিতেই।'

বিকেল মরে আসছে। হাসপাতাল চতুরের পুকুরটার কাছে গিয়ে একটুক্ষণ একা দাঁড়িয়েছিল শ্যামলেন্দু। দুটো বাচ্চা ছেলে পাল্লা দিয়ে পুকুরে টিল ছুঁড়ে চলেছে। টিলটা ডোবার সঙ্গে সঙ্গে জলের গায়ে বৃক্ষকার ফাঁপন। শ্যামলেন্দু এক দৃষ্টিতে তাকিয়েছিল সেদিকে।

মালার মৃত্যুসংবাদ পলকের জন্য আবেকবার সমস্ত অনুভূতিকে অসাড় করে দিয়েছিল। পলকের জন্যই। তারপরই তার ঘষ্ট ইন্দ্রিয় বরাভয় দেয় তাকে, যারে শালা, জোর বাঁচা বেঁচে গেলি এয়াত্তা ! মালা খুব তাড়াতাড়ি মরে বাঁচিয়ে দিয়ে গেছে শ্যামলেন্দুকে।

মালা কোথাও কাউকে কিছুই বলে যায়নি।

শ্যামলেন্দু দ্রুত সামলে নিয়েছিল নিজেকে। এসব সময়ে মাথা খুব ঠাণ্ডা রাখা দরকার। ঠাণ্ডা মাথাতেই অবশ্য পালনীয় কর্তব্যগুলো করে যাচ্ছে একে একে। তবুও ভাবনার পথ ছাড়ে কই। ভাবনা না অস্বস্তি ? অস্বস্তি না ভয় ?

স্বপ্নার হেট মামা কখন কাছে এসে হাত রেখেছেন শ্যামলেন্দুর পিঠে, 'মায়াদিকে কিভাবে খবর পাঠানো যায় বল তো ?'

শ্যামলেন্দু তখনও পুকুরের জলের দিকে তাকিয়ে অন্যমনস্কভাবেই প্রশ্ন করে ফেলল, 'কে মায়াদি ?... ও হ্যাঁ। ভবানীপুর থানায় গিয়েছিলাম। পুলিশকে দিয়ে মেসেজ পাঠিয়ে দিয়েছি। আজ রাত্তিরেই ওরা খবর পেয়ে যাবেন।'

'পুলিশ কিছু বলল ?'

'যা বলে। চাস পেয়ে একগাদা ত্রুস করে নিল।'

'সত্ত্বে, তোমারই জ্বালা সব থেকে বেশি। আফটার অল তুমিই ওর লোকাল গার্জেন ছিলে তো।'

'আরো প্রচুর হ্যাপা বাকি। বড়ি না ছাড়া পর্যন্ত...'

বড়ি শব্দটা নিজের কানেই লাগল খট করে। বড়ি ! বড়িই তো !

বেশ খানিকটা তফাতে দাঁড়িয়ে স্বপ্না কথা বলছে মালার হেস্টেলের কয়েকজনের সঙ্গে। শ্যামলেন্দুর দৃষ্টি সেদিকে হিঁর হল। ওদের মধ্যে হোস্টেলের ডেপুটি স্প্রার

মহিলাটি মোটেই সুবিধার নয়। ভদ্রমহিলার মুখে চোখে সব সময় কেমন সন্দেহ লেগে থাকে। বছর পঞ্চাশকে বয়স। বিয়ে-থা করেননি। এই ধরনের মহিলারা সাধারণতঃ পুরুষবিদ্বেষী হন। এমন কক্ষ ভাবে তখন কথা বলছিলেন শ্যামলেন্দুর সঙ্গে, যেন মালা তাঁকেই সব থেকে বেশি বিপদে ফেলে গেছে, ‘আপনার কথাতেই ওকে আমরা থাকতে দিয়েছিলাম। এভাবে ঝামেলায় পড়ে যাব কে জানত।’

শ্যামলেন্দু স্বপ্নাকে কাছে ডাকল। সঙ্গে সঙ্গে মহিলাও এগিয়ে এসেছেন, ‘তা হলে কখন পোস্টম্যাটেম হচ্ছে?’

শ্যামলেন্দুর হয়ে স্বপ্নার ছোটমামা উত্তর দিলেন ‘মনে হয় সকালের আগে হবে না।’

‘কাল বিকেলের আগে তা হলে ছাড়া পাচ্ছে না?’

‘কি জানি, পুলিশ আটকালে পরশুও হতে পারে।’

স্বপ্না বলে উঠল, ‘তোমার কে এক বক্ষ লালবাজারে আছে না? তাকে বলে দ্যাখো না, যদি তাড়াতাড়ি ব্যবস্থা করা যায়।’

স্বপ্নার মুখ চোখ ফোলা ফোলা, চুল উক্ষিখুক্ষ। কান্নাকাটির ছাপ এখনও অত্যন্ত স্পষ্ট। মাসত্তো বোনের শোকে খুবই কাতর হয়ে পড়েছে।

স্ত্রীর দিকে এক বালক তাকিয়েই মুখ ঘুরিয়ে নিল শ্যামলেন্দু। স্বপ্নার কি নির্বাধের মতো আস্থা শ্যামলেন্দুর ওপর। আস্থা কেন, নির্ভরতাও।

শ্যামলেন্দু বলল, ‘দেখি কি করা যায়।’

সকলেই হঠাৎ চুপ হয়ে গেছে। হাসপাতালে সান্ধ্য ভিড় আর কোলাহলের মাঝেও প্রত্যেকেই নৈঃশব্দের অস্পষ্টিতে ভুগছে যেন। প্রত্যেকেই চায় কেউ কিছু বলুক, যা হোক কিছু। সোনা দুঃখতে পেরেই বোধ হয় হোস্টেলের এক মহিলা বলে উঠলেন, ‘মেয়েটা যে কেন এভাবে মৰল।’

আরেকজন বলল, ‘ওকে দেখে কিন্তু কালও বোঝা যায়নি এমন একটা কাজ করে বসবে।’

‘কি মিষ্টি স্বভাব ছিল। ধীর, স্থির। কারুর সঙ্গে কখনও বগড়াঝাঁটিতে যেত না।’

অল্পবয়সী একটি মেয়ে বলে উঠল, ‘ভীষণ চাপাও ছিল। কি জানি চাকরির জায়গায় কোনো গঙ্গোল হয়েছিল কিনা।’

ডেপ্রি সুপার মহিলা বললেন, ‘না না, সেসব কিছু না। ওর দু’জন কলিগ তো একটু আগে এসেছিল। ওরাও কেউ কিছু দুঃখতে পারেনি।’

‘ওর কুমারেট মেয়েটা কিরকম হাসপাতালে একবার মুখ দেখিয়েই চলে গেল দেখলেন? ও হয়তো কিছু জানলেও জানতে পারে?’

‘না না, ওর সঙ্গেও তেমন ইন্টিমেসি ছিল না।’

‘তা ছিল না। তবে গত সপ্তাহেও তো বলছিল...’

স্বপ্না ফ্যাকাসে মুখে জিজ্ঞাসা করল, ‘কি বলছিল?’

‘বলছিল ওকে নাকি মাঝে মাঝেই একটা লোকের সঙ্গে গাড়িতে করে ঘূরতে

দেখেছে। দেশে যাচ্ছি বলে হটহট করে যে দু'তিন দিনের জন্য চলে যেত, ওর ধারণা ও নাকি বাড়ি যেত না। ওই লোকটার সঙ্গেই...’

‘ও কি করে বুবল?’

‘সে কথাও জিজ্ঞাসা করেছিলাম, তাতে উত্তর দিল, মলিনাদি, আমরা মেয়ে, মেয়েদের চোখ দেখেই অনেক কিছু বুঝে ফেলতে পারি।’

‘লোকটাকে ধরতে পারলে...। নিশ্চয়ই কোনো বাজে লোকের পাণ্ডায় পড়েছিল।’

শ্যামলেন্দুর গায়ে কাঁটা দিয়ে উঠল। প্রসঙ্গটা কি কোনোভাবেই ঘোরানো যায় না?

ওদের মধ্যে আবার একজন বলল, ‘লোকটার বর্ণনা কিছু দেয়নি?’

‘এরকম লোকদের আর কি বর্ণনা হয়! গাড়ি-টাড়ি আছে যখন, নিশ্চয়ই ভদ্রলোকের মতোই। ভদ্রলোকরাই তো এরকম মেয়েদের ওপর আগে সুযোগ নেয়।’

‘আপনারা থামুন তো।’ স্বপ্না এতক্ষণে পরিত্রাতার ভূমিকায় এসেছে, ‘আমি আমার বোনকে চিনি, কখখনো কোনো বাজে কাজ করতে পারে না। তাছাড়া সেরকম কারুর সঙ্গে ভাব হয়ে থাকলে আমাকে নিশ্চয়ই জানাত। ওর মতো একটা সরল পরিত্র মেয়ে...’

‘সরল পরিত্র বলে কি আর ফাঁদে পড়তে পারে না? বরং এইসব মেয়েরাই আগে ফাঁদে পড়ে।’

‘ঠিক বলেছেন। প্রায়ই তো একটা পুরুষমানুষের ফোন আসত। তার সঙ্গে দশ মিনিট ধরে, পনের মিনিট ধরে, গল্প করছে তো করছেই। জিজ্ঞাসা করলে বলত জামাইবাবুর ফোন...’

শ্যামলেন্দু নিখর হয়ে গেছে। স্বপ্নার হাতের চাপে সাড় এল শরীরে। স্বপ্না বিরক্ত মুখে ঠেলছে তাকে, ‘এখানে দাঁড়িয়ে ফালতু কথা গিলবে? নাকি ডাক্তাবের কাছ থেকে আরেকবার খবর নিয়ে আসবে? ছেটমামা, তুমি আরেকবার ওর সঙ্গে যাও তো, দ্যাখো বলেকয়ে যদি তাড়াতাড়ি...’

শ্যামলেন্দু ছেটমামার সঙ্গে আর এম ও'র অফিসের দিকে এগলো। বুক টিপ্পিটি করেই চলেছে। স্বপ্নাকে ওই মহিলাদের মাঝখানে রেখে আসাটা ঠিক হল কি?

এমারজেন্সির কাছে পৌছে নাকে রুমাল চাপা দিয়েছেন ছেটমামা। একজন বাড়ুদার নিষ্পৃহ ভঙ্গিতে ময়লা ঠেলে সরিয়ে নিয়ে যাচ্ছে। হাসপাতালের নিজস্ব উৎকর্ত গাঙ্কে দম বন্ধ হয়ে আসে প্রায়। তিনি-চারটে লোক স্টেচারে করে এক বৃন্দকে নিয়ে হৈ-হৈ করে ভেতরে ঢুকে পড়ল। তাদের রাস্তা দিতে সরে দাঁড়াল দুঃজনে।

‘সত্যিই কি মালা কোনো বদমাইশের পাণ্ডায় পড়েছিল?’

শ্যামলেন্দু উত্তর না দিয়ে হাঁটতে থাকল।

‘ওরা বলছে বটে, তবে আমারও বিশ্বাস হয় না। স্বপ্না ঠিকই বলেছে। তেমন কিছু হলে তোমরা কি একটুও আঁচ পেতে না? তোমাদের সঙ্গেই সম্পর্কটা সব থেকে

ডিপ ছিল। আমাদের কাছে তো আসতই না।’

শ্যামলেন্দুর মুখফসকে বেরিয়ে যাচ্ছিল, ‘কেন যাবে? বিপদের দিনে আপনি ভুলেও খোজখবর নিয়েছেন ওদের? সব সময় ভয়ে ভয়ে থাকতেন, যদি সাহায্য চায়। যদি জায়গা চায় বাড়িতে।...’

ভদ্রলোক বলে চলেছেন, ‘তবে যাই হয়ে থাক, মেয়েটার এভাবে মরা উচিত হয়নি। বাড়ির একমাত্র আর্নিং মেম্বার। ওদের সংসারটার এবার কি অবস্থা হবে ভাব তো? ভাইটার একটা চাকরির জোগাড় না হলে...’

শ্যামলেন্দু ভেতরে ভেতরে ভয়ানক ছটফট করে উঠল। নিজের অজান্তেই বলে ফেলেছে, ‘ও সব কথা থাক না মামা।’

‘থাক বললেই কি আর সব থাকে? রইল কি? থাবে কি?’

শ্যামলেন্দু কলের পুতুলের মতো আর এম ও’র ঘরের পর্দা সরিয়ে উঁকি দিল। ডাঙ্গারটির বয়স ত্রিশের বেশি নয়। ঝকঝকে চেহারা।

শ্যামলেন্দু নিচু গলায় বলল, ‘আমাদের কেস্টা...?’

‘ওহ, সেই বার্ন কেস? আপনারটা কাল বিকেলের আগে হবে না।’

‘বিকেল কেন?’

‘তার আগে আরও চারটে বড়ি আছে। একটা মার্ডার আফটার রেপিং। গুটা আগে দিতে হবে।’ বলতে বলতে উঠে দাঁড়িয়েছে, ‘চিন্তা করবেন না, আমাদের এখানে অন্যথক দেরি হবে না। বরং থানাতেই... আপনারা পুলিশের সঙ্গে আগে কথা বলে রাখুন যাতে কাল বিকেলে ক্রিমেট করতে পারেন।’

শ্যামলেন্দুরা বাইরে এসে দেখল স্থানের দুই দাদা পৌছে গেছে। দু’জনেই দারুণ উত্তেজিত। শ্যামলেন্দুকে দেখেই দৌড়ে এসেছে, ‘কি হয়েছিল শ্যামলদা? মালা সুইসাইড করল কেন?’

কেন যে করল সেটা পুরোপুরি শ্যামলেন্দুই কি ছাই বুঝতে পারছে?

বড়দা বলল, ‘শুধুই কি প্রেমঘটিত ব্যাপার?’

ছোড়দা বলল, ‘দ্যাখ, মফঃস্বলের বোকা হারা মেয়ে শহরে এসে কোথায় কোন চক্রে জড়িয়ে পড়েছিল।’

‘কিছুই বলা যায় না, কেউ হয়তো এমন অপমান করেছিল...’

‘আমার তো মনে হয় না। সেলসগার্লের চাকরি করলে মান-অপমান-বৌধ অনেক ভেঁতা হয়ে আসে। একমাত্র প্রেমট্রেম কেসেই...’

শ্যামলেন্দু একটু সবে দাঁড়িয়ে সিগারেট ধরাল। ভাল একটা চাকরির জন্য এই দুই দাদার কাছে মালা কম ঘোরেনি। দু’জনেই ইনজিনিয়ার, বড় ফার্মে চাকরি করে। মালা একদিন বলতে বলতে কেঁদে ফেলেছিল, ‘তুমি জানো, বুবাইদা তপাইদা আমাকে দেখলে কিভাবে আঁতকে ওঠে! বুবাইদার বাড়িতে বসে আছি, ভেতরে বুবাইদা বৌদিকে বলছে, ও কি এখানে সারা দিনের জন্য বড়ি ফেলল নাকি! ওকে বল আমরা বেরবো। বৌদি বলছে—তোমার বোন, তুমি বল। বুবাইদা বাইরে আসার আগেই আমি বেরিয়ে এসেছি।’

শ্যামলেন্দু নিজের মনকে বন্ধনিরপেক্ষ করার চেষ্টা করল। একটা মেয়ে কলকাতায় এসে মাসতুতো দিদির বাড়িতে আশ্রয় পেয়েছে, যদিও আপন মাসতুতো দিদি নয়। তার মা দেড়শ কিলোমিটার দূরে এক মফৎস্ল টাউনে থাকে। সংসারে পাকাপাকিভাবে আয়ের সংস্থান নেই, কলকাতার আত্মীয়স্বজনরা নিয়মমাফিক উদাসীন। সেখানে এক জামাইবাবু তাকে একটা ছোট কাজের ব্যবস্থা করে দিয়েছে, মাসের শেষে দেশে মা ভাই বোনেদের কাছে পাঠানোর মতো টাকাপয়সার বন্দোবস্ত করে দিয়েছে, নিজেও সাহায্য করে যায় সাধ্যমত, সাহিত্যের ভাষায় বলতে গেলে এক নিমজ্জন্মান সংসারকে উদ্ধার করেছে। মেয়েটির ভাইবোন এখন খেতে পায়, স্কুলে যেতে পারে, মাকে আধা ভিখারির মতো ঘুরে বেড়াতে হয় না—এর কোনো দাম নেই? আর যদি মূল্য থাকেই সে মূল্য চোকাবে কে? এবং কিভাবে? মূল্য দিতে হলে যে সম্পর্ক গড়ে গঠন উচিত, শ্যামলেন্দুর সঙ্গে মালার সম্পর্ক কি তার থেকে বেশি গভীর ছিল না? বয়সের অনেক তফাত থাকলেও? তাদের গোপনীয়তা তো ছিল শুধু স্বপ্নের সম্মান রাখার জন্য। আত্মীয়স্বজনরা যাতে মুখ খোলার সুযোগ না পায় তার জন্য।

বুল্বা যেন তাকে অশ্রদ্ধার চোখে না দেখে তার জন্য।

কিন্তু সত্যিই কি তাই? শ্যামলেন্দু নিজের কাছেই নিজে হোঁচ্ট থাচ্ছে বারবার।

একটা মায়াবী বিকেলের কথা মনে পড়ে গেল। ডায়মণ্ডহারবার থেকে বেশ খানিকটা এগিয়ে, রাস্তার ধারে গাড়ি রেখে হাঁটতে হাঁটতে নদীর দিকে গিয়েছিল তারা। নদীর ধারে সার সার নারকেল গাছ। একটা গাছে হাত রেখে নদীর দিকে মুখ করে দাঁড়িয়ে ছিল মালা। পিছন থেকে মালার শরীরের আদলটুকুই দেখা যাচ্ছিল। বেতের মতো ছিপছিপে সতেজ শরীর। শ্যামলেন্দুর বহুবার ব্যবহার করা চেনা শরীর। হঠাৎই কোথেকে দুটো ক্ষ্যাপা মোষ দিগ্বান্তের মতো দৌড়তে দৌড়তে মালার একদম কাছে এসে পড়ল। শ্যামলেন্দু ছিটকে সরে গিয়েছিল, ‘মালা সাবধান। সরে যাও, সরে যাও।’

মালা ঘুরেও তাকায়নি।

শ্যামলেন্দু কাছে গিয়ে জিজ্ঞাসা করেছিল, ‘তুমি ভয় পাও নি? সামনে অত বড় নদী—পেছনে মোষ?’

মালা সোজাসুজি তাকিয়ে ছিল তার দিকে। মালার চোখে সেই মুহূর্তে হাসি, বিষাদ, আশা, নিরাশা কিছুই ছিল না। সম্পূর্ণ শূন্য দৃষ্টি।

‘কি হল, কিছু বলছ না যে? মোষদুটোকে দেখেও তুমি দাঁড়িয়ে রইলে? ভয় পেলে না?’

দৃষ্টি এতটুকু বদলায়নি। কেবল ঠোটের কোণে মদু হাসি ফুটেছিল, ‘ভয়? কই না তো!’

সেদিন ওভাবে কেন তাকিয়ে ছিল মালা?

রাতে ডাইনিং টেবিলে বসে অন্তুত এক অনুভূতিতে আচ্ছন্ন হয়ে যাচ্ছিল শ্যামলেন্দু। প্রচণ্ড ক্ষিদেয় নাড়িভূড়ি ঝুলে যাচ্ছে, কিন্তু খাবারের দিকে তাকালেই গা গুলিয়ে বমি উঠে আসছে। স্বপ্নেও স্থিরচোখে সাজানো খাবারের দিয়ে তাকিয়ে।

শ্যামলেন্দু একবার বুবলার ঘরের দিকে তাকাল। খাওয়াওয়া সেরে বুবলা অন্যান্য দিন এ সময় শুয়ে পড়ে। আজ চৃপচাপ সেও বসে আছে পড়ার টেবিলে। পর্দার ফাঁক দিয়ে বুবলার শরীরের অংশ দেখতে পাচ্ছে শ্যামলেন্দু। এ বাড়িতে আজ শব্দ নিষেধ।

নিষেধ ভেঙে স্পন্দাই কথা বলল প্রথম। বহক্ষণ পর। ঝটির একটা কোণ নখ দিয়ে খুঁটতে খুঁটতে লম্বা শাস ফেলল, ‘আমি খালি ভাবছি, মায়া মাসিকে কি করে মুখ দেখাব ?’

শ্যামলেন্দু চুপ।

‘আমাদেরই উচিত ছিল ওকে হোস্টেল-ফোস্টেলে যেতে না দেওয়া। এখানে থাকলে চোখে চোখে তো থাকত। কোথায় কার সঙ্গে জড়িয়ে পড়েছিল...।’

শ্যামলেন্দু খাবার টেবিল ছেড়ে ছুটে গেল বেসিনের দিকে। পেট মুচড়ে বমি উঠে আসতে চাইছে। মুখে জলের ঝাপটা দিয়ে বমি-ভাবটাকে সামলাল কোন রকমে। বাইরের ব্যালকনিতে এসে দাঁড়িয়েছে। রাতের দিকে এসময় রোজ একটা হাওয়া ওঠে। আজ সেই হাওয়াটাও নেই। খোলা ব্যালকনিতে ভ্যাপসা গুমোট।

স্পন্দা পাশে এসে দাঁড়াল। গলার সব ঘড়ষড় করছে, ‘প্রেগনেন্ট-টেগনেন্ট কিছু হয়ে গিয়েছিল হয়তো। সেই লজ্জাতেই...’

সামনের রাস্তার সব কটা আলো যেন দপ করে নিতে গেল চোখের সামনে থেকে। গত মাসেই মালা এরকম একটা কথা বলেছিল না !

‘আমার নিজেকে বড় অপরাধী মনে হয় শ্যামলদা। আমরা বোধহয় ঠিক কাজ করছি না।’

‘ও সব কথা এখন বাদ দাও তো।’ শ্যামলেন্দু তখন ডুবতে চাইছিল মালার শরীরে।

‘না শ্যামলদা, আমার আজকাল কেমন ভয় করে। খালি মনে হয় স্পন্দাদির সঙ্গে বিশ্বাসঘাতকতা করছি। তোমাদের বাড়িতে গেলে বুবলার দিকে পর্যন্ত ভাল করে তাকাতে পারি না।’

‘এ তোমার ফালতু কমপ্লেক্স।’

‘কমপ্লেক্স নয়। আমার সত্ত্ব ভয় করে। ধর যদি কিছু হয়ে যায় ? স্পন্দাদিকে কি বলব ?’

‘হলে হবে। এটা কোনো প্রবলেম হল ? হাজার রকম গ্রুধ আছে। লক্ষ্টা নার্সিংহোম। নার্সিংহোমে এসব তো আজকাল জলভাত।’

‘না—’

‘কি না ?’

‘আমি ওসব কিছু করব না।’

‘মানে ?’

‘যদি কেউ আসে তো আসবে।’

‘তারপর ?’

‘তারপর তুমি ভাববে।’

ঝানঝান করে মাথায় হাতুড়ির বাড়ি পড়ছে। গত সপ্তাহে মালা একবার টেলিফোনে বলেছিল না শরীরটা ভাল নেই? তবে কি... তবে কি...। পোস্টমর্টেম সেরকম কিছু পাওয়া গেলে পুলিশ সহজে ছাড়বে না, প্রচুর খোঁড়াখুঁড়ি করবে।

শ্যামলেন্দু আর ভাবতেই পারল না। মন্তিষ্ঠ সম্পূর্ণ বিকল হয়ে গেছে।

‘আপনি মালা রায়ের জামাইবাবু?’

‘হ্যাঁ, মাসত্তো দিদির হাজবাণু।’

‘আপনি বলছেন আপনিই ওঁর লোকাল গার্জেন ছিলেন?’

‘হ্যাঁ।’

‘হোস্টেলে আসার আগে উনি তো আপনাদের বাড়িতেই থাকতেন?’

‘হ্যাঁ।’

‘হোস্টেলে চলে এলেন কেন?’

‘আমাদের বাড়িতে স্পেস প্রবলেম। বোঝেনই তো, আজকাল একটা এক্সট্রা লোক বাড়িতে থাকলে...’

‘সে সময়ও কি ওঁর কোনো পূরুষবন্ধু ছিল?’

‘নাহু।’

‘না জানেন না?’

‘আপনার স্ত্রীর সঙ্গে ওঁর কিরকম সম্পর্ক ছিল?’ আবার প্রশ্ন।

‘ভাল। কড়িয়াল। বোনে বোনে যেমন থাকে আর কি।’

‘আপনার সঙ্গে?’

‘বয়স্ক জামাইবাবুর সঙ্গে শালীর যেরকম সম্পর্ক থাকে। আমি ওকে খুবই মেহ করতাম।’

‘আপনার শ্যালিকার মৃত্যুর পেছনে কোনো একজনের পরোক্ষ হাত আছে। আছেই।’

‘আপনারা শিওর?’ কম্পিউটারের গলা কেঁপে গেল।

‘শিওর।’

‘কি করবে?’

‘ওর হোস্টেলের বোর্ডারদের রিপোর্ট, ওঁর শো-রুমের কলিগদের কথাবার্তা সেরকমই ইঙ্গিতই দেয়। মে বি হি ইজ এনি বড়ি। এনি ড্যাম পারসন।’

পুলিশ অফিসার শীতল চোখে তাকিয়ে আছেন, ‘অথচ আপনারা কেউ তাকে চেনেন না?’

‘রক্তমাংসের কম্পিউটার কপাল চেপে ধরল, ‘পোস্টমর্টেম রিপোর্টে কি তেমন কোন...?’

‘ও নো। পোস্টমর্টেম বলছে ইটস অ্যাপ্লেন কেস অফ সুইসাইড। আপনারা যা ভয় পাচ্ছেন তা নয়। শী ওয়াজ অ্যাবসেলিউটলি ক্লিন।’

‘দেন?’

‘সেটাই তো ভাবছে। আপনাদের ভাবছে না?’

শ্যামলেন্দু ঘন্টের মত মাথা নড়ল।

‘লোকটিকে কোনোদিনই ধরা যাবে না। এ সব ক্ষেত্রে ধরা যায়ও না। হি হাজ সাকসেসফুলি এসকেপড। এনি ওয়ে, লাশ আপনারা নিয়ে নিতে পারেন।’

নিঃশব্দে উঠে দাঁড়াল শ্যামলেন্দু।

লাশ ঘর থেকে লাশ বেরিয়ে পৃত্তে ছাই হয়ে গেছে বহুক্ষণ। আর কোথাও কোনো চিহ্নই নেই। তবু যে কেন ঘূম আসছে না শ্যামলেন্দুর? খোলা চোখের সামনে শুধুই গাঢ় অঙ্ককার। গাঢ় নীল নয়, গাঢ় কালো। অঙ্ককার। সেই অঙ্ককারটাই এখনও হাতড়ে চলেছে শ্যামলেন্দু। এখনও মনে হচ্ছে, আচ্ছা এমনও তো হতে পারে সত্ত্বাই অন্য কোনো ছেলের সঙ্গে ঘনিষ্ঠতা ছিল মালার। শ্যামলেন্দু ছাড়াও। হতে পারে — হতেই পারে। মালার সঙ্গে তার দেখা হত আট দশ দিন পরপর। কখনও তারও বেশি। মালা কিভাবে কাটাত মাঝের কটা দিন? হোস্টেলের মহিলারা বলছিল তাদের কারুর সঙ্গেই তেমন ঘনিষ্ঠতা ছিল না মালার। অতএব তাদের সঙ্গে সময় কাটানোর প্রশ্ন ওঠে না। শো-কুমৰের কলিগরা অবশ্য একটু অন্যরকম বলছিল। মালা নাকি কাজে গিয়ে খুব উচ্ছল থাকত, যেটা একেবারেই মালার স্বভাববিরুদ্ধ। তবে ছুটির পর কখনই এক সেকেণ্ডও কাটাত না তাদের সঙ্গে। আত্মায়সজনদের বাড়িও যেত খুবই কম। তাহলে সে সব দিন কি করত মালা? অবশ্যই কারুর সঙ্গে পরিচয় হয়েছিল। হয়তো যে তাকে ফোন করত, সে সব সময় শ্যামলেন্দুই নয়, হয়তো সে ছাড়াও অন্য কেউ। সেই জন্যই বোধহয় অন্যমনস্ক হয়ে যেত যখন-তখন। বোধহয় কেন, নিশ্চয়ই। শ্যামলেন্দুর কাছে মালা কৃতজ্ঞ থাকতে পারে কিন্তু তাকে হয়তো সে পুরোপুরি ভালবাসতে পারেনি। ভালবাসা অর্থাৎ পুরুষরা মেয়েদের কাছ থেকে যা চায়। শতকরা একশ ভাগ বিশ্বস্ততা। তাই যদি হয় তবে শ্যামলেন্দুই বা কেন মালার মৃত্যুর জন্য দায়ী ভাববে নিজেকে? মালার মৃত্যুর আড়াই দিন পরেও মালার চিন্তাতে নষ্ট করবে এক রাত্রির নিশ্চিন্ত ঘূম?

শেষ যুক্তিগুলো প্রাণপণে গ্রহণ করার চেষ্টা করে চলেছে শ্যামলেন্দু। বাইরে কোথাও আচমকা একটা শব্দ বেজে উঠল। শব্দ না পাখির ডাক?

রাত্রিবেলা কলকাতায় কোন পাখি ডাকে? শ্যামলেন্দু একা বিছানায় উঠে বসল। স্বপ্নে আজ পাশে নেই। পাশের ঘরে মালার মার সঙ্গে শুনেছে। নিকষ অঙ্ককারে হাত বাড়িয়েও শ্যামলেন্দু বেডসুইচ ঝুঁজে পেল না।

আবার শব্দটা বাজছে। ভীষণ চেনা শব্দ। কোথায় শুনেছে? গাদিয়াড়ার ট্যুরিস্ট লজে? কোলাঘাটের ডাকবাংলোয়? পারমাদানের হোটেলে? চাঁদিপুরের সি বিচে? কোথায়?

শব্দের স্থানটা মনে না পড়লেও রাতটাকে মনে করতে পারছে শ্যামলেন্দু। বিছানায় পাশাপশি শুয়ে কোনো এক নারী-শ্রীরকে সে বলেছিল, ‘আমি তোমাকে

କିଛୁତେଇ ଭୁଲତେ ପାରି ନା । ସଖନୀ ଚୋଖ ବୁଝି ତୋମାକେ ଦେଖତେ ପାଇ ।

ନାରୀଶ୍ଵରୀର କି ଧରେ ଫେଲେ ଶ୍ୟାମଲେନ୍ଦ୍ର ଛଲନା ? ତବେ କେନ ହେସେ ଓଠେ ଅତ ଜୋରେ ? ଅତ ସନିଷ୍ଠ ମୁହୂର୍ତ୍ତେ ଓ ?

‘ଆମି ମରେ ଗେଲେ ତିନଦିନେ ଆମାକେ ମନେ ରାଖବେ ତୋ !’ ଏହି ସତ୍ୟଟା ଜାନାର ଜନ୍ୟାଇ କି ଶ୍ରଦ୍ଧୁ ମରେ ଯାଯ ମାଲାରା ? ମରେ ଗେଲ ? ଆବାର ଶବ୍ଦ ବାଜଛେ । ଶ୍ୟାମଲେନ୍ଦ୍ର ଦୁଃଖରେ କାନ ଢେକେ ଫେଲିଲ ।

## বাইরে রাস্তা, ভেতরে রাস্তা

রাস্তাটা একেবারে জানলার ধারে। এত ধারে যে মাঝে মাঝে ঘরের মধ্যে ঢুকে পড়ে। ঘরটাকেই রাস্তা ভেবে ভ্রম হয় তখন। কিন্তু রাস্তাটাকে ঘর। কী যে গা ছমছম করে। গোপন একটা ভয় হিমবাহ হয়ে গড়াতে থাকে তুলিকার শরীরে। ভয়ঙ্কর শীতলতায় মন অবশ হয়ে আসে। কেন এমন হয়? কেন শুধু তারই এমন হয়? প্রভাতবেলার সূর্যটা যেই জানলা দিয়ে গুঁড়ো গুঁড়ো আলো ছড়াতে শুরু করে, ওমনি রাস্তাটা গুটি গুটি সেৰ্বিয়ে আসে ভেতরে। জোর জোর ধাক্কা দিয়ে ঘূম ভাঙ্গয়।

—তুলি... অ্যাই তুলি...

তুলি ধড়ফড় করে উঠে বসে। বুক থেকে খসে যাওয়া আঁচলটাকে তাড়াতাড়ি তুলে নিজেকে ঢাকে।

রাস্তা আবার ঠেলা দেয়,—শুনতে পাস না? কিরে? অ্যাই?

কোন কোন দিন তুলিকা সাহস করে বলে ফেলে,— না, শুনতে পাই না, কি চাই তোমার? কেন আসো?

—কেন আসি জানিস না?

—চলে যাও। এবার আমি কিছুতেই দেব না। তুলিকা প্রাণপণে নিজের হাঁটু দুটোকে জাপটে ধরে। খুঁতনি গুঁজে দেয় দু হাঁটুর মাঝখানে। যেন একমাত্র ওভাবেই গর্ভস্থ লৃণটাকে লুকিয়ে ফেলা যায়। সব অষ্টনের হাত থেকে। অঙ্গলের হাত থেকে।

রাস্তা তবু সামনে থেকে যায় না। তুলিকা চোখ বুজে ফেলে। বৰ্ক চোখেও সে স্পষ্ট দেখতে পায় সমস্ত ঘর জুড়ে নীলচে আবছায়া। সেই আবছায়ায় রহস্যের মতো ফুটে বয়েছে তার ঘরগেরস্থালি। ড্রেসিং টেবিল, আলমারি, শোকেস, আলনা। আলনায় রাখা ডুরে শাড়ির গায়ে থোকা থোকা আলো-আঁধার। তারই গায়ে হেলান দিয়ে দাঁড়িয়ে থাকে শ্যাতান রাস্তাটা। অসভ্য এক লম্পটের মতো তার চেহারা। রোগা লম্বা শরীর। খসখসে কালো রঙ। গাভর্টি বিশ্রি ক্ষতচিহ্ন। গা ঘিনঘিন করে ওঠে। মাগোঃ, চাউনিটাও কী নোংরা! যেন চোখ দিয়েই চেটেপুটে নেবে সব কিছু। কালো মাড়ি বাব করে খ্যাক খ্যাক হাসে আবার। অসহ্য। তুলিকা বৰ্ক চোখেই ঝাপিয়ে পড়ে স্বামীর গায়ে।

—এই শুনছ? এই? ওঠো না?

অঞ্জন সাড়া দেয় না। ভোববেলার সম তার বড় গভীর। তুলিকার ধাক্কায় ঘূমস্ত শরীর সামান্য নড়াচড়া করে মাত্র। পাশ ফিরে শোয়। অস্ফুট শব্দ ওঠে গলা থেকে।

তুলিকা কাতর ভাবে তাকে জড়িয়ে ধরে শুয়ে পড়ে। শিশুর মতো মুখ গুঁজে দেয় ঘুমের গন্ধমাখা খোলা পিঠটায়। পিঠটা বেশ বড়সড়। অনেকখানি চওড়া। মাঝখানে আলতো খাঁজ। সেই খাঁজে মুখ ডুবিয়ে তুলিকা মানুষটার শরীরে জমা রাতের বাঞ্চণ্ডলোকে নিজের নিশাসে ভরে নেয়। ভরসা খৌজে। যতক্ষণ না আরও আলো আসে ঘরে। যতক্ষণ না রাস্তাটা বেরিয়ে যায় ঘর থেকে।

এরকমই হয় প্রতিদিন। নতুন একটা দিন আসার আগে।

নতুন একটা দিন আসার আগে ঘূম ভাঙ্গে শিবদাস পাগলারও। তার ফালিমতন ঘরটার পিঠে আরেকখানা ঘর। অন্য ভাড়াটের। সেখান দিয়ে দিনটা ঠিক এসেও আসতে চায় না তার কাছে। কেন যে রোজই এত দেরি করে শিবদাস বুবাতে পারে না। মাথার ওপর টিনের ছাউনিতে অজ্ঞ ছোট-বড় ফুটো। সেই ফাঁকগুলো দিয়ে সকালটা অনেকক্ষণ লুকোচুরি খেলে তার সঙ্গে। একসময় পেছনের গলিতে লোকজনের হাঁটাচলা শুরু হয়। টুকরো টুকরো কথা তন্দ্রার মত ভেসে ওঠে। ডুবে যায়। ফের ভাসে। মিলেমিশে এক হতে থাকে পচা নর্দমার ভ্যাপসা গন্ধগুলোর সঙ্গে। শিবদাস তখনও ঠিক বুবাতে পারে না সকাল এল কিনা। রাত থেকে দিনটাকে আলাদা করতে একটু বেশিই সময় লাগে তার। পিটিপিট চোখে চাবদিকে তাকায়। শতজীর্ণ ঘরের একটা কোণে তখন গুটিসুটি মেরে বড়ো ক্লান্ত ভঙ্গিতে ঘুমিয়ে থাকে শিবদাসের দৃঢ়যী বউটা। আবছা অন্ধকারে শিবদাস তাকে দেখেও দেখে না। আচহনের মত উঠে গিয়ে দরজা খোলে। পাশের ভাড়াটের ঘর পেরোলে মাটির উঠোন। উঠোনের পর সদর দরজা। তারপরে কাঁচা রাস্তা। শিবদাসই প্রথম সদর দরজা খোলে রোজ। বাইরে এসে আধভাঙ্গা লাল রোয়াকটায় পা মুড়ে বসে। সদ্যফোটা দিনটার দিকে বোৰা চোখে তাকায়।

রাস্তা জিজ্ঞাসা করে—কিহে শিবদাস? সকাল এসেছে তবে?

শিবদাস ঘটঘট মাথা নাড়ে।

—চলো তবে বেরিয়ে পড়ি।

শিবদাস বিড়বিড় করে—এখন বেরোলে খোকার মা বকবে যে!

—বকুক। তুমি এসো তো আমার সঙ্গে?

শিবদাস দাঁড়িয়ে উঠেও বসে পড়ে। খোকার মা উঠোন পেরিয়ে ঠিক এদিকেই আসছে। এত পা টিপে বার হয় রোজ, তবু কী করে যে টের পেয়ে যায় বউটা? রোজ পেছন পেছন উঠে আসে। সময় বুবো পথ আগলে দাঁড়ায়—চলো। চোখমুখ ধূতে হবে না?

কোনদিন বলে—চা করেছি। ঘরে এসো।

শিবদাস আমতা আমতা করে—একটু এদিক ওদিক দেখে আসি না হয়। বেশি দূরে যাব না।

—না। বউ গলায় শাসন আনে—এখন নয়। পরে।

শিবদাস সুড়সুড় করে ঘরে ফেরে। পৃথিবীতে একমাত্র এই বুড়ি বউটার ধর্মককেই ভয় পায় সে। উঠোন ডিঙিয়ে পেছন ফিরে তাকায়। দরজা ধরে রাস্তা তখনও ডাকতে থাকে—ও শিবদাস, এলে না তবে? এত কষ্ট করে তোমার জন্য সকাল নিয়ে এলাম..

শিবদাস নিজের মনে বলে ওঠে—আসছি, আসছি। রোসো একটু।

রাস্তা তবু তার পা ধরে টানে। টানতেই থাকে।

ସୂମ ଥିକେ ଉଠେଇ ଜାନଲାର ପର୍ଦାଟାକେ ଭାଲ କରେ ଟେନେ ଦିଲ ଅଞ୍ଜନ । ଏତ ଭାରୀ ପର୍ଦା କି କରେ ସେ ବାରବାର ସରେ ଯାଏ । ରାତେ ଶୋବାର ଆଗେଓ ଟେନେଛିଲ ଭାଲ କରେ । ତବୁ ଦ୍ୟାଖୋ... । ଅଞ୍ଜନ ମନେ ମନେ ବେଶ ବିରଳ ହଲ । ଜାନଲାଟାକେ ଏକେବାରେ ବନ୍ଧ ରାଖାଓ ଚଲେ ନା । ଓଖାନ ଦିଯେଇ ଯା ଏକଟୁ ହାଓୟା-ଟାଓୟା ଆସେ ସରେ । ତାର ଦୋଲାତେଇ ରାତେ କଥନ ଟୁକ କରେ ସରେ ଯାଏ କମଲାରଙ୍ଗ ପର୍ଦାଟା । ପୁରୋ ସରେ ନା । ଛେନାଲ ମେଯେଦେର ମତ ଏଲୋମେଲୋ କରେ ରାଖେ ନିଜେକେ । ଫାଁକଫୋକର ଦିଯେ ଟାକୁ-ସ୍ଟକ୍ରୁସ ରାନ୍ତା ଡକି ମାବେ । ତାଇ ଦେଖେଇ ଭୋରବେଲା କେନ ଯେ ଏତ ଭୟ ପାଯ ତୁଳିକା !

ଜାନଲା ଥିକେ ସରେ ଏସେ ଅଞ୍ଜନ ଗୋମଡା ମୁଖେ ବଲେ ଉଠନ—ଆସଲେ ଏ ବାଡ଼ିତେ ଉଠେ ଆସାଟାଇ ଭୁଲ ହେଁବେ ଆମାର ! କେ ଜାନନ୍ତ ଏଥାନେ ଏଲେଇ ତୋମାର ମାଥାଯ ନତୁନ ଭୁତ ଚାପବେ !

ତୁଳିକା ଲ୍ଲାନ ହାସଲ । କିଛୁ କିଛୁ ବ୍ୟାପାର ଥାକେ ଯା କାଉକେ ବଲା ଯାଏ ନା । ଅନେକ କାହେର ଆପନଜନକେଓ ନା ।

ଅଞ୍ଜନ ନରମ ହବାର ଚେଷ୍ଟା କରଲ ଏକଟୁ—କେନ କିଛୁତେଇ ତୁମି ମନେ ଜୋର ଆନତେ ପାରଇ ନା ବଲୋ ତୋ ? ଏସମୟ ମନଟା ଏକେବାରେ ଫ୍ରୀ ରାଖା ଦରକାର । ସବ ସମୟ ଏଭାବେ ଭୟ ପେଲେ...

—ଏ ବାଡ଼ି ଏଥନ ଆର ଚେଣ୍ଟ କରା ଯାଏ ନା, ନା ? ତୁଲିକା ଫସ କରେ ବଲେ ଫେଲଲ । ବଲେଇ ଲଜ୍ଜିତ ହଲ । ମାତ୍ର ଦେଡ଼ମାସ ହଲ ବାଡ଼ି ବଦଲେଛେ । ଶରୀରେର ମଧ୍ୟେ ଆବାର ଏକଜନ ଏସେହେ ଟେବ ପେଯେଇ ଜେଦ ଧରେ ବସେଛିଲ—ଅନ୍ୟ କୋଥାଓ ଚଲୋ । ତାଡ଼ାତାଡ଼ି । ଏଥାନେ ଥାକଲେ ଆବାର କିଛୁ ଏକଟା ହେଁ ଯାବେ ।

ଅଞ୍ଜନ ପ୍ରଥମଟା ଆମଲ ଦେଇନି—ବାଜେ ଚିନ୍ତା ବାଦ ଦାଓ ତୋ ! ସବ କୁସଂକ୍ଷାର !

ହୟତ କୁସଂକ୍ଷାର । ହୟତ ଅନ୍ୟାଯ ବାଯନା । ତବୁ ତୁଲିକା କି କରେ ଭୋଲେ ଆଗେର ବାଡ଼ିତେ ପର ପର ତିନିବାର ତାର...ଉଫ । ତାର ନାକି ଜରାୟ ଦୁର୍ବଲ । ଫେଲୋପିଯାଣ ଟିଉବେଓ କିମ୍ବର ଗଣ୍ଗୋଳ ! ତାର ଜନ୍ଯଇ... । ବାଜେ କଥା । ତୁଲିକା ବିଶାସ କରେ ନା । ଓଖାନେ କେଉ ନିର୍ବାତ ତୁକତାକ କରତ କୋନ । ମାନୀମା ସେରକମିଇ ବଲେଛିଲେନ । ଓଇ ଯେ ବାଡ଼ିଓୟାଲାର ମେଜ ମେରୋଟା, ଓଇ ଯାକେ ବିଯେର ପର ଥିକେ ଦ୍ଵାନୀ ନେଯ ନା, ସେଇଇ ନିର୍ବାତ ବାଣ ମାରତ । ନତୁନ ବୌଦିଓ ସେଇ ରକମ ବୁଝିଯେଛିଲ ତୁଲିକାକେ । ନଇଲେ ପାଁଚ ମାସ ଛ ମାସ ପେଟେ ଥାକାର ପରାତ ତରତାଜା ପ୍ରାଣଶ୍ଵଳେ ନଷ୍ଟ ହେଁ ଯାଏ । ତାଢ଼ା ବାଡ଼ିଟାଏ ଛିଲ କେମନ ଅନ୍ଧକାର ମତ । ଦୁଟୋ ସବେର ଏକଟାତେଓ ଆଲୋବାତାସ ଚକତ ନା । ଗଲି ଦିଯେ ସାମନେର ବାଡ଼ି ପେରୋଲୋ । ତବେ ରାନ୍ତା, ଇଚ୍ଛେ କରଲେଓ ମାନୁଷେର ମୁଖ ଦେଖାର ଉପାୟ ନେଇ । ଶେଷେର ଦିକେ ତୁଲିକାର ଦମବନ୍ଧ ହେଁ ଆସତ ।

—ଏବାରଓ କିଛୁ ହେଁ ଗେଲେ ତୁମି କିନ୍ତୁ ଦାଯି ହବେ ହଁ :

ଅଞ୍ଜନ ରେଗେ ଯେତ—ଚାଇଲେଇ କି ମନେର ମତ ସବ ପାଓଯା ଯାଏ ? କମ ତୋ ଖୁଜିଛି ନା । ବାଡ଼ିଭାଡାର ବେଟ କି ହେଁବେ ଜାନୋ ? ଏକଟୁ ପଚ୍ଚନ୍ଦସିଇ ଫ୍ଲ୍ୟାଟ ମାନେଇ ମୋଟା ଆୟାଭାନ୍ । ସେଲାଗି । ସବ ଦିକ ଭାବତେ ହେଁ ତୋ ନ କି ?

এসব কথা তুলিকা বোঝে না তা তো নয়। এখন প্রতিটি কড়ি হিসেব করে চলার সময়। এক কামৰার এই ফ্ল্যাটের জন্যই আগাম দিতে হয়েছে পাঁচহাজার। এর ওপর সামনে আবার একটা বিরাট খরচ। তবু বলে ফেলল।

—এ বাড়ি এখন ছাড়লে বাড়িওমালা অ্যাডভাস ফেরত দেবে না?

অঞ্জন উন্নত দিল না। বড় অসহায় দেখাচ্ছে তাকে। তুলিকা সেদিকে তাকিয়ে নিজেকে শাসন করার চেষ্টা করল। ছি, এই ফ্ল্যাটটা নিজেই না সে পছন্দ করেছিল! একেবারে রাস্তার ধারে বলে! জোর করে হাসি ফোটাল ঠোটে—তুমি আজকাল কথায় কথায় এত রেংগে ঘাও কেন বলো তো?

অঞ্জনের রাগ নেমে গেল সঙ্গে সঙ্গে। বউটাকে বড় ফ্যাকাশে লাগছে। বক্ষশ্ল্যতার জন্য কি? চোখ আর গাল দুটোও বেশি ফোলা। এবারও বাচ্চাটা থাকবে কিনা কে জানে! অস্ত্র হাতে তুলিকার কাঁধ খামচে ধরল—প্লিজ তুলি, একটু সেন্সেবল হবার চেষ্টা করো! এত ভেঙে পড়লে চলে নাকি?

তুলিকা জানলার দিকে তাকাল। নাহ, রাস্তাটা এখন আব ধারেকাছে নেই। পর্দার আড়াল থেকে দেখাও বাছে না তাকে। অনেকটা হাঙ্কা লাগল নিজেকে। স্বামীর পাশ যেঁষে বসল,—ভেঙে পড়লাম কোথায়?

—পড়েনি?

—না-আ।

—তবে হঠাত হঠাত অমন পাগলামি করো কেন?

তুলিকা ছলছল তাকাল—ভয় করে যে।

—কিসের ভয়? কাকে ভয়?

—রাস্তাকে। বলতে গিয়েও টোক গিলে নিল তুলিকা! থাক। ভয় যে পায়, ভয় শুধু তারই। অন্য কারুর নয়।

অঞ্জন কাছে টেনে আদর করল বউকে—পাগলি মেয়ে! কাকে ভয় তোমার? আমি আছি না?

তুলিকা হাসল নরম করে। হাসতে হাসতেই টের পেল আর একটুও ভয় করছে না তার। কাউকে না। একটুখানি মুখের কথাও অনেক সময় বড় আশ্বাস এনে দেয়।

হাসতে হাসতেই চিমটি কাটল স্বামীর হাতে,—কোথায় আর তুমি আছ মশাই? এই তো একটু পরে বেরিয়ে যাবে। ফিরবে সেই সঙ্কেবেলা। এর মধ্যে এতটা সময়... দশটা থেকে সাতটা, সাড়ে সাতটা, কোন কোন দিন আটটা নটা... তুলিকা কড় শুনে গুনে হিসেব করতে থাকল,—তাহলে ধরো গিয়ে ন ঘণ্টা, দশ ঘণ্টা; বারো ঘণ্টা...

—তা অবশ্য ঠিক। অঞ্জনের কপাল জড়ো হল,—তোমাকে অনেকক্ষণ একা থাকতে হয়।

—তবে?

—তবে এক কাজ করা যায়। তোমাকে রানীগঞ্জে রেখে আসি কটা মাসের জন্য। রানীগঞ্জ মানে তুলিকার বাপের বাড়ি। সেখানে থাকার মধ্যে আছে মাত্র দুই

দাদা-বৌদি। প্রথমবারের বাচ্চাটা ওখানেই নষ্ট হয়েছিল। যাবার ঠিক সাতদিনের মাথায়। ভাবতে গিয়েই আঁতকে উঠল তুলিকা—কখখনো না। আমি এখন মোটেই রানীগঞ্জে যাব না।

—তাহলে মাকে নিয়ে আসি বড়দার ওখান থেকে! কিম্বা বড়দিকে যদি বলি...

—না, না। সজোরে মাথা নাড়ল তুলিকা—এত তাড়াতাড়ি কাউকে ব্যতিবাস্ত করার কোন মানেই হয়! মা বুড়ো মানুষ। আগেরবারই ওনার খুব কষ্ট হয়েছে। আর বড়দিই বা সংসার ফেলে এতদিন ধরে এখানে...

—বেশ তবে রাতদিনের লোক দেখি একটা?

—দূর! এই একটা ঘরে তাকে শুভে দেব কোথায়! দুশ্চিন্তা কোরো না তো। সবে সাড়ে তিনমাস চলছে। এর মধ্যে এত ব্যস্ত হবার কোন প্রয়োজন নেই। তুলিকা চোখ ঘুরিয়ে হাসল—আসলে নতুন বাড়ি, নতুন পরিবেশ... আস্তে আস্তে সব ঠিক হয়ে যাবে দেখো!

তুলিকা এরকমই। তয় পায়, তবু ভয়টাকেই সঙ্গী করে রাখতে চায় সবসময়। অঞ্জন তল পায় না তার মনের। অফিস বেরোনোর আগে তাও একবার বলে,—দুপুরে খেয়ে উঠে লক্ষ্মী মেয়ের মত ঘূমোবে, বুরলে? একদম জানলায় গিয়ে বসবে না। খেয়ে উঠে মনে করে নার্ভের ওষুধ খেও কিন্তু।

—হঁ। তুলিকা মাথা নাড়ে। নাড়ে বটে তবে কিছুক্ষণ পর সেকথা আর মনে থাকে না। থাকবেই বা কি করে! দুপুর হলেই জানলাটা যে চুম্বকের মত টানে তাকে। খাওয়াদাওয়ার পর জানলার উচ্চ ধাপিটায় পা মুড়ে রাস্তার মুখোমুখি বসে। আজই যেন একটা বোঝাপড়া করে নেবে, এভাবে কটমট তাকায় রাস্তার দিকে। এই সব রাস্তায় লোকজন থাকে না বড়। গ্রীষ্মের দুপুর দশ দিক ফাঁকা করে রাখে। আশপাশের বাড়ির জানলা-দরজাও বন্ধ সব। দু'একটা কাক রোদে ভিজে ক্লান্তভাবে বিমোয়। কুকুরী ছায়া খুঁজে ফেরে। হায় রে, ছায়া কোথায় তখন! আকাশ পৃথিবী চলে গেছে তেজী রোদের দখলে। বৈশাখী বাতাস রুক্ষ, হিংস্র। তুলিকা ব্যাকুল হয়ে এদিক ওদিক তাকায়। এক-আধটা ফেরিওয়ালাও যদি দেখা যেত এসময়। তাকে দেখিয়ে দেখিয়ে রাস্তাটা বেলেল্লাপনা শুরু করে দেয় নিরালা দুপুরের সঙ্গে। দুপুরও ফুঁসতে থাকে ফণাতোলা সাপের মত। তখনও তুলিকা কিছুতেই জানলাটা বন্ধ করতে পারে না। রাস্তার সঙ্গে একটা হেস্তনেস্ত করতেই হবে। শক্ত হয়ে বসে থাকে। প্রতিদিন লড়াইটা চালিয়ে যাবার চেষ্টা করে এভাবেই প্রতিদিন হেবে যায়। রোদের পিঠে চেপে রাস্তা ত্রুট্যে আরও কাছে চলে আসে। একেবারে গায়ের ওপর। অদৃশ্য হাতটা এইবার বুরি...। তুলিকা দৃহাতে নিজের পেট চেপে ধরে। আঁচল দিয়ে আড়াল করতে চায় গর্ভকে। মাথা বিমবিম করতে থাকে। চোখ ঝাপসা হয়ে আসে। রাস্তা যেন তার অলক্ষ্য নিয়তি, তার হাত থেকে মুক্তি নেই তুলিকার। নেই। নেই।

মুক্তি নেই শিবদাস পাগলারও। রাস্তা তাকে পাকে পাকে বেঁধে রেখেছে। সারাটা দিন পথে পথে ঘূরে বেড়ায়। লোকে তাকে পাগল বলে। এই সব লোকেদের মধ্যে তার আপন বউটাও আছে। হ্যাঁ, আপন বউ। পাগলা শিবদাস সেরকমই ভাবে। কারণ ওই বউ ছাড়া দুনিয়ায় তার আপন বলতে আর কেউ নেই। উঁহ, ভুল হল। আবেকজন আছে। নিশ্চয়ই আছে। সে হল শিবদাসের খোকা। একমাত্র ছেলে। অনেকদিন আগে তার বাড়ি ফেরার কথা ছিল। অনেকদিন ধরে তাকে খুঁজে বেড়াচ্ছে শিবদাস। লোকে বলে ছেলেটা নাকি তার কবেই মরে গেছে। সবাই নাকি নিজের চোখে তাকে মরে যেতে দেখেছে! ধূস! একথা আবার সত্যি হয় নাকি? অতবড় জোয়ান ছেলেটা তার। সুর্যের মত টকটকে রঙ। ঘোড়ার মত টগবগে তেজ। সে ছেলে অমন ভুস করে মরে যেতে পারে! যত সব অলুক্ষণে কথা!

শিবদাসের কথা শুনে খোকার মা শুধে আঁচল গুঁজে কাঁদে। কপাল ঠোকে দেওয়ালে—দোহাই তোমার, এবার একটু ঠাণ্ডা হও। খোকা সত্যি আর ফিরবে না।

—ফিরবে না বললেই হল! শিবদাস ঠোঁট উল্টে হাসে। মেয়েমানুষের যেমন বৃদ্ধি, তেমনই চিঞ্চার গতি! লোকে কি বলল না বলল বিশাস করে বসে আছে! খোকা তাদের মরলটা কবে? এই তো শিবদাস চোখ বুঁজলেই পরিষ্কার দেখতে পায় খোকা ঠ্যাং ছড়িয়ে শুয়ে আছে চৌকিতে। ঘর আঁধার করে। ভরসক্ষেবেলা। কদিন ধরে কি যেন তার হয়েছে। কথা বলছে না ভাল করে। থাচ্ছে না। গোঁজ হয়ে শুয়ে আছে সর্বসময়। শুধোতে গেলে দাঁত খিচিয়ে উঠছে,—বিরক্ত করো না তো! নিজেদের কাজ করো গিয়ে!

কি জমাট ভারী গলা! ঠিক যেন ঢাকের বাদ্য। খোকার মা ভয়ে কাঁপছে। শিবদাস অফিস থেকে ফিরতেই ফিসফিস করছে এসে কানের কাছে,—কি হল বলো দিকিনি ছেলেটার?

—কি হবে? বলতে গিয়ে বলা কাঁপছে শিবদাসেরও। কবে থেকে যে নিজের ছেলেকে নিজেই ভয় পেতে শুরু করেছে! কখনই বা এমন লায়েক হয়ে উঠল ছেলে! এই তো সেদিনও বাপের কাঁধে ঢড়ে ঘুরত। বায়না করত এটা-সেটাৰ জন্য। কথায় কথায় আঁচল খুঁজত মায়ের। শেষ বয়সের ছেলে আদরও পেয়েছে খুব। সেই ছেলে, দ্যাখ না দ্যাখ, হঠাত একেবারে লাগামছাড়া! চুল ওড়ে ফরফর করে, কবজিতে পেতলের চেন, গলায় হার, পরনে আঁটোসাঁটো রঙদার জামাপ্যাট। কোনভাবেই তাকে আর চিনে উঠতে পারে না শিবদাস। দশটা প্রশ্ন করলে একটাৰ জবাব দেয়। স্কুল না পেরোতে পড়া ছেড়েছে। বন্ধুর সঙ্গে কিসের বুঝি ব্যবসা করে। খুলে বলে না কখনও। পার্টিবাজি ও রয়েছে সঙ্গে। পার্টিৰ হয়ে মিটিং মিছিল করে। ভোটের সময় সদলবলে থাটে।

সেই দলবলই এল সেদিন গভীর রাতে। ছেলে তখনও চৌকিতে শোয়া। বাপ মা নিচে, মেঝেতে পাতা বিছানায়।

—খোকা? খোকা বাড়ি আছিস?

শিবদাস আধোয়মে গলা ওঠাল,—কে-এ? কে বে এত রাতে?

—আমরা মেসোমশাই। খোকা আছে ঘরে? নিরীহ মোলায়েম গলা।

খোকার মার তবু গলা কাপল। জানলার তার ধরে গলিতে চোখ বোলাল বার বার—কেন বাবা? এত রাতে তাকে কি দরকার?

—দরকার আছে মাসীমা। ডেকে দিন একটু।

ডাকতে হল না। তার আগে ছেলে নিজেই উঠেছে। অন্ধকারেই প্যাণ্ট জামা পরছে। শিবদাস আলো জ্বালাতে গেল, ছেলে ধমকে উঠল—আহ!

তারপর বেরিয়ে গেল। অন্ধকার ছিঁড়ে। রাতটাকে টুকরো টুকরো করে। লোকে বলে থালপাড়ই নাকি শুয়েছিল রাতভর। যেমন শুয়ে থাকে ঘরের চৌকিতে। হাত পা ছড়িয়ে। টুটিটাই নাকি ছেঁড়া ছিল শুধু। আর পেটখানা দুফালা। পুলিশও সেরকম শুনিয়েছিল বটে। শিবদাস মানতে পারেনি। অতসব প্রাণের বন্ধু কখনও শক্র হতে পারে! ওদের সঙ্গেই কোথাও নিশ্চয়ই চলে গেছে খোকা! কাজ ফুরোলে ফিরবে। ভেবে ভেবে সেই সকাল থেকে লাল রোয়াকটায় বসে থাকে শিবদাস। সারাটা সকাল ফ্যালফ্যাল তাকিয়ে থাকে। মাস ঘোরে। বছর যায়। একটা...দুটো...পাঁচটা...আটটা বছর। বেলা বাড়লে শিবদাসের বউ ডাকতে আসে—ওঠো দিকি এবার! দুটো খেয়ে নেবে চলো।

শিবদাস বলে—আরেকটু দেখি।

শিবদাসের বউ স্বামীর পিঠে হাত রাখে। এসময় প্রতিদিনই তার গলা ছেড়ে কাঁদতে সাধ যায়। স্বামীর মুখ চেয়ে সামলায় নিজেকে। শিবদাসের চাকরিটাও গেছে অনেককাল। বন্ধ পাগলকে কে আর চাকরিতে রাখে! দু-দুটো পেটের ভাবনা এখন ভাবতে হয় বৃড়িটাকেই। এদিক ওদিক খেটে বেড়ায়। মোয়া, আচার বানায় ঘরে। তাই দিয়েই চলে কোনভাবে। দুগলাভাত বাড়ে স্বামীর পাতে। ছেলেভোলানো গলায় বলে,—আর কতক্ষণ বসে থাকবে গো? ওর আজ ফিরতে দেরি হবে।

শিবদাসের চোখে উজ্জ্বল হয়—খোকা বুঝি বলে গেছে তোমাকে?

—হ্যাঁগো। এখন থাও তো।

কোনদিন দুটো শাকভাত। কোনদিন শুধু পাত্তা। তাই চেটেপুটে খেয়ে উঠে পড়ে শিবদাস। ময়লা ছেঁড়া শর্টখানা গায়ে গলায়। ছাতি নেয় বগলে,—তবে আমি একটু বেরিয়ে দেখি। কাছাকাছি পেলে ধরে আনব।

আগে আগে বাধা দিত বউ। আজকাল আটকায় না। সকালে তবু কথা দিয়ে বেঁধে রাখা যায় মানুষটাকে। দুপুরে কোন বাধাই মানে না শিবদাস। জোর করলে ফল উল্টো হয় বৰং। ইদানীং তাই মোয়ার ঠোঙা, আচারের শিশি ঝোলায় পুরে হাতে ধরিয়ে দেয়—পারলে পথে এগলো বেচার চেষ্টা কোরো, কেমন? মোয়া বলবে জোড়া এক টাকা। আচার বড় নিলে সাড়ে সাত, ছোট পাঁচ। কিগো, মনে থাকবে তো? বেশি দূরে যেও না কিন্তু!

—না গো না। খোকাকে পেলেই নিয়ে চলে আসব। দূরে যাব কেন?

শিবদাস হনহন বেরিয়ে পড়ে। এ মোড় ঘুরে ও-মোড়ে যায়। এ রাস্তা থেকে  
ও-রাস্তা। কোন রাস্তায় যে গেছে ছেলেটা! বকবক করে রাস্তার কাছেই খোঁজ নেয়।  
—এবার কোনদিকে যাই বলো দিকি?

রাস্তা তার হাত ধরে, ওদিকে চলো। ওই ওপারে। পুরো একটা পাক খেয়ে শিবদাস  
ফের প্রশ্ন করে,—এবার কোন পথে যাই?

পুরোনো বস্তুর মত রাস্তা তার কাঁধে হাত রাখে,—এসোই না আমার সঙ্গে।

বছরভর বোদ-বৃষ্টি মাথায় এভাবেই রাস্তার সঙ্গে ঘোরে শিবদাস। ঘূরতে ঘূরতে  
যোরাটাই নেশা হয়ে যায় একসময়। পাগল মানুষের অবৃষ্টি নেশা। হাওয়াই চপ্পল  
ফটফটিয়ে, দুপুর পিঠে নিয়ে চরকি খেয়ে চলে। উন্মাদ মস্তিষ্কের কোষগুলো দিনে  
দিনে আবও তালগোল পাকাতে থাকে। খোকার চেহারা হৃষিশ ঝাপসা হয়ে যায়। খোকা  
যেন ঠিক কত বড়! কার মত! ওই ছেলেটা! নাকি ওইটা? না আরেকটু লম্বা মাথায়? রাস্তা-ঘাটে  
ছেলেপুলে কোন দেখলেই শিবদাস তাকে খোকা বলে ভেবে বসে—, কাছে  
গিয়ে গদগদ ঘরে ডাকে—ও খোকা, ঘরে ফিরবি না?

বালকের দল ভাঁয়ি মজা পায়। পাগলকে ঘিরে হাততালি দিয়ে লাফায়, তার  
ছেঁড়াফটা ধৃতিখানা ধরে টানাটানি করে। শিবদাস মোটেও রাগে না। সামনে যাকে  
পায় খপাত করে তার হাত ধরে। শিশুর মত বলে—ধরে ফেলেছি। ধরে ফেলেছি।

ছেলেরা ছটফটিয়ে ছাড়িয়ে নেয় নিজেদের। দূরে গিয়ে হাত ঘূরিয়ে নাচে—ধর  
তো দেখি, এই পাগলা, ধর তো দেখি!

শিবদাস কাকুতিমিনতি করে—দুষ্টুমি করে না বাবা। ঘরে চল এবার।

—না যাব না। হি হি। না যাব না। ছেলেরা তার দিকে ইঁটের টুকরো ছেঁড়ে  
—ঘরপাগলা বুড়ো রে, ছেলেপাগলা বুউড়ো।

শিবদাস মরিয়া হয়ে ওঠে, ঘরে গেলে গান শোনাবো চল। সেই গানটা—সেই  
আলিবাবা আব চোরের গান।

—ধূস! ওসব কে শোনে? হিন্দি গান করো—হিন্দি গান। ছেলেরা হৈ-হৈ  
করে।

—ও বাবা! শিবদাস গাল ছাড়িয়ে হাসে। দাঁত গুলোয় সব পোকা লেগেছে।  
ফোকলা গালে শৈশব নাচানচি করে—কোন গানটা শুনবি বল দিকি? বলে আব উন্নেরের  
অপেক্ষা করে না, হেঁড়ে গলায় চিংকার করে ওঠে,—এক দো তিন, চার পাঁচ ছয়...  
.... আ জা সনম, আ জা সনম... গাইতে গাইতে বগল বাজায়। জোড়া পায়ে ধিতাং  
ধিতাং নাচে।

গান থামলেই খোকারা হল্লা করে—আরেকটা হোক। আরেকটা হোক।

—উহঁ, আবার কাল! বুড়ো মানুষটা হাপরের মত হাঁপায়। দম নেয় জোরে জোরে  
—ঘরে মা ভাত বেড়ে বসে আছে। এবার বাড়ি ফেরার পালা। বলতে বলতে নিজেই  
গঠিগাট করে এগিয়ে যায়। পথ হারিয়ে অন্য পথের বাঁকে আসে। মনে মনে গান  
খোঁজে নতুন। খোকাদের জন্য আজকাল শুধু গান বেঁধে রাখতে হয় মাথায়। পথের  
গান। বাজারচলতি গান। সাবেকি বাংলা গান। দেশাত্মবোধক গান। সব গানেরই একটাই

সুর। সুর নয়, নিজস্ব বেসুর। কলিঙ্গলোও নিজের মত করে তৈরি করে নেওয়া। কাউকে না পেলে রাস্তাকেই শোনায় গান। শেষ ধাকায় কালোয়াতি ছোঁয়াও রাখে অল্প। এভাবে গানই শেষে জীবন হয়ে যায় কবে। পৃথিবীর সব শিশু হয়ে যায় নিজের সন্তান। আবার দুপুরের রাস্তাঙ্গলো হয় বেঁচে থাকা। অস্ত্রীন। অবিবাম।

এভাবেই চলতে চলতে একদিন হঠাতে খোকার মাকেও পথের ধারে খুঁজে পেয়ে গেল শিবদাস। গান থামিয়ে পাগল থমকে দাঁড়াল। জানলা ধরে কে ওই বিষাদমূর্তি ছবি হয়ে বসে আছে! সেই মুখ, সেই রঙ, সেই ভাসাভাসা চোখ! শিবদাস চিংকার করে উঠল।

— ও খোকার মা? ওভাবে বসে আছিস কেন একা একা? খোকা এখনও ফেরেনি বুঝি!

তুলিকা ভয়ানক চমকে উঠল! ছিটকে সরে গেল জানলা থেকে।

শিবদাস ভাঙ্গা গলায় আবার চেঁচাল—ভয় পাস কেন? ও খোকার মা—গান শুনবি, গান?

বৃক্ষ উচ্চাদটা জানলার ধারে এসে গেছে একেবারে। তুলিকা ঝাঁপিয়ে পড়ে জানলা বন্ধ করে দিল। মাগো, কি লাল লাল চোখ! বাজ পড়ার মত গলার আওয়াজ! জানলার ছিটকিনি তুলে দিয়ে হাঁপাতে থাকল তুলিকা।

## চার

শ্রাবণ মাসের গোড়া থেকে পেটের ভেতর নড়াচড়া শুরু করেছে বাচ্চাটা। কুটকুট আড়মোড়া ভাঙ্গে হঠাতে হঠাতে। বিছানায় চিট হয়ে শুয়ে তুলিকা হাত রাখল পেটের ওপর—এই তো এখানটায় নড়ছে! ছেট্ট টেউয়ের মত ফুলে উঠল একটু। উঠেই থেমে গেল। তুলিকার বুক টিপটিপ করে উঠল! আবার নড়ছে না কেন? ফোলা পেটে হাত বুলিয়ে আদর করল গর্ভের কুঁড়িটাকে। ছেলেভোলানো গান ধরল শুনশুন—

খোকন আমার সোনা...

সাঁকরা ডেকে মোহৰ কেটে গড়িয়ে দেব দানা...

ঠিক তখনই জানলার ওপারে পাগলা শিবদাসের গলা শোনা গেল—কই গো খোকার মা, আজ গান শুনবে না?

তুলিকা হেসে ফেলল ফিক করে। পাগল বুড়োর মুখে খোকার মা ডাকটা শুনতে কেন যে এত ভাল লাগে তার! লজ্জাও করে একটু একটু। এ ডাক শুনেই প্রথম দিন কি ভয় পেয়েছিল! ইস, ভাগিস তখনুনি ঠিকে-বি এসে গিয়েছিল কাজে!

শিবদাস আবার ডাকছে,—কি হল রে? ও খোকার মা?

তুলিকা বিছানা ছেড়ে জানলার ধারে গেল। গলায় হালকা অভিমান—তিনি দিন আসোনি যে বড়, কোথায় ছিলে?

— পথেই ছিলাম গো। এ রাস্তা, সে রাস্তা। ধূতির খুঁটে মুখের ঘাম মুছল বুড়ো। বোলা থেকে আচারের শিশি বার করল একটা—নে তোর জন্য এনেছি।

তুলিকা হাত বাড়িয়ে শিশিটা নিল। গুছিয়ে বসল জানালার ধাপিতে—এবার কিন্তু দাম নিতে হবে, কত দেব বলো?

বুড়ো হাসল ফিকফিক— দাম দিয়ে কি হবে রে! নিয়ে এসেছি—খা!

—তা খাব। তুলিকা মাথা দোলালো—কিন্তু দাম এবার নিতেই হবে। নিশ্চয় তুমি এগুলো বেচতে নিয়ে আসো।

—তা আসি। নইলে বুড়ি বড় বকে যে।

—তবে দাম বলো।

—দূর! শিবদাসও মাথা দোলালো,—সব জিনিস কি দাম দিয়ে কেনা যায় রে?

তুলিকা চমকিত হল। হঠাত হঠাত এরকমই দাশনিকের মত কথা বলে ফেলে শিবদাস। বলে শিশুর মত হাসে। এমন মানুষ কি করে যে পাগল হয়! কিছুক্ষণ আগে বৃষ্টি হয়ে গেছে একপশলা। ভেজা আকাশটা এখনও ভারী তবু। স্নান আলোয় টিমটিম করছে চতুর্দিক। সূর্য আজ আর বোদ পাঠাতে পারবে না। রাস্তাকেও ঘটকা মেরে পড়ে থাকতে হবে ভিজে বেড়ালের মত। তুলিকা একটু বুবি নিশ্চন্ত্ব বোধ করল। রাস্তা থেকে মুখ ফিরিয়ে বুড়োর চোখে চোখ রাখল,—তোমাকে একটা কথা জিজাসা করব?

—কি রে?

—তুমি কেন মিছিমিছি রাস্তায় ঘুরে মরো বলো তো?

—বাবে, না ঘুরলে তাকে পাব কি করে! শিবদাসের মুখে নির্মল হাসি—ঘুরি বলেই তো খুঁজে পাই।

—ছাই পাও! তুলিকা ঠেঁটি কামড়াল—কতদিন তোমাকে বলেছি না এভাবে ঘুরবে না রাস্তায়?

—বাহ! না ঘুরলে তাকে তোর কাছে রোজ পাঠাই কি করে?

—আমার কাছে! তুলিকা চোখ কপালে তুলল।

—হ্যাঁবে হ্যাঁ, তোর কাছে। খুঁজে দ্যাখ, তোর ঘৰেই রয়েছে সে।

কাকতলীয় কিনা কে জানে, তুলিকার পেটের ভেতর বাচ্চাটা নড়ে উঠল তথ্যনু। টেউ তুলে এপাশ থেকে ওপাশে গেল। সঙ্গে সঙ্গে সব কেমন গুঁগোল হয়ে গেল তুলিকার। কেমন ঘোর-ঘোর লাগছে। ঝাপসা হয়ে যাচ্ছে চেতনা। জানালার গ্রীল আঁকড়ে নিজেকে সামলাল। তারপর বুড়ো যেন কত আপন এভাবে তাকাল তার দিকে—আমার খুব ভাবনা হয়, জানো?

—উহঁ, একদম ভাববি না। শিবদাস চুকচুক শব্দ তুলল গলায়,—গান শুনবি? গান?

নতুন করে উদাস হল তুলিকা।

শিবদাস ডাকল ব্যস্তভাবে—ও খোকার মা, নাচ দেখাই তবে একটা। সেই যে সেই নাচ... ... বলেই চড়া গলায় গান ধরল।

—মাগো, বলো কবে শীতল হব... ... কত দূর আর কত দূর... ...

শিবদাস পাগলার নাচের তালে মৌসুমী বৃষ্টি শুরু হয়ে গেছে আচমকাই। বুড়োর

হঁশ নেই কোন। ঘুরে ঘুরে উদাম নেচে চলেছে সজোরে পা ঠুকছে ভেজা রাস্তার পিঠে। প্যাচপাচ আর্তনাদ করছে রাস্তা। তুলিকা খিলখিল হাসছে। হাসতে হাসতে মনখারাপগুলোকে ডিঙিয়ে দিচ্ছে বাতাসে।

মোড়ের মাথায় থমকে দাঁড়িয়ে দৃশ্যটা কয়েক সেকেণ্ড দেখল অঞ্জন। ঠিক যেন কাচের অ্যাকোয়ারিয়ামে দুটো রঙিন মাছ খেলছে, হাসছে। শুন্যে লাফিয়ে বাতাস ভরতে ঢাইছে বুকে। পুরোটাই একটা পরিপূর্ণ ভালো লাগার দৃশ্য। কিন্তু সব ভালো লাগার দৃশ্যকে তো আর চিরস্মন করে বাখা যায় না। বুক নিংড়ে দীর্ঘশ্বাস গড়িয়ে এল। মাথা নিচু করে নিঃশব্দে বাড়ির দরজায় এসে দাঁড়াল অঞ্জন।

বৃষ্টি নেমেছিল আবার। অবোর ধারায়। বাত যত গাঢ় হচ্ছে, বৃষ্টির তেজ বাড়ছে তত। নির্জীব হয়ে আসছে পৃথিবী। এখন বৃষ্টির শব্দ ছাড়া আর কোন শব্দ নেই কোথাও। এখনই কথাটা বলে ফেলা দরকার। কিন্তু কিভাবে যে শুরু করা যায়! অঞ্জন ছটফট করে উঠল—তুলি, আজ অমি ডাক্তারবাবুর কাছে শিয়েছিলাম!

কথাটা কি খুব নিচু স্বরে বলল! নাকি মনে মনে! তুলিকা শুনতেই পেল না। নিজের মনে শুনগুন গান গাইছে। ড্রেসিং টেবিলের সামনে দাঁড়িয়ে চুল খুলে ফেলল। ঘুরে ঘুরে দেখল গর্ভবতী ঘোবনটাকে।

বুক ভারী হয়ে আসছে অঞ্জনের। তুলিকা আজকাল খুশিতে ঝলমল করে সারাক্ষণ। আশ্চর্য! একটা বন্ধ পাগলের অর্থহীন বিশ্বাস কি করে যে এত শক্তি এনে দিতে পারে! ভয়কে জয় করার শক্তি। অঞ্জন বিছানা থেকে সিগারেটের প্যাকেট তুলে নিল। অসম্ভব, এখন আর তুলিকাকে কিছুতেই ওই ভয়ঙ্কর কথাগুলো শোনানো যায় না।

বিনিন্তে গার্ডার বেঁধে তুলিকা কাছে এল তার—শোন এবার তুমি মাকে একটা খবর দিতে পারো, বুঝলে?

অঞ্জন অন্যমনস্ক হবার ভান করল।

—কি হল, শুনছ না? তুলিকা আলগা ঠেলা দিল কাঁধে—বেশ, মাকে নয় আর কদিন পরেই আনলো। বাতদিনের লোক পাছি একটা, তাকেই না হয় বেঁধে দিই কি বলো? ডাইনিং স্পেসটায় শোবে?

অঞ্জন মুখ স্বারিয়ে ধোঁয়া ছাড়ল বাহিরের দিকে। একেবারে গায়ের পাশে দাঁড়িয়ে তুলিকা। দুর্বল জরাযুতে উল্টোমুখে সন্তান ধারণ করে। অস্ত্রের অঞ্জন সিগারেট ফেলার ছল করে জানালার ধারে চলে এল। উদ্ধান্ত মুখে তাকাল রাস্তার দিকে। জোলো হাওয়ায় চারদিক বাপসা। আধো অঙ্ককারে রাস্তাটাকে কি কৃৎসিত লাগছে! ঠিক যেন এক চুল খোলা ডাইনী লক্ষ লক্ষ দাঁত বার করে তার দিকে তাকিয়েই খলখল হাসছে। মাথাটা কেমন দূলে উঠল। গলার কাছে দমবন্ধ করা কষ্ট। রাস্তার কি সত্যি কোন ভূমিকা থাকে? কেড়ে নেওয়ার? ফিরিয়ে নেওয়ার? অঞ্জন বুঝতে পারছে না। শুধু টের পাছে রাস্তাটার হাত থেকে কোন ভাবে নিস্তার নেই কারোরই। তুলিকার না। শিবদাসের না। কারুর না। বিফল আক্রমণে জ্বলন্ত সিগারেটটা রাস্তার গায়ে ছুঁড়ে মারল অঞ্জন। তারপর আচমকাই প্রচণ্ড শব্দ করে বন্ধ করে দিল জানলাটাকে।

## আমার এখন সময় নেই

খবরটা পেলাম রাত নটায়। দৰজা খুলেই সুজাতা বলল, শুনেছ কী হয়েছে?

—কী?

—তুমি জানো না! অনুত্তোষদা মারা গেছে!

কফিহাউস থেকে ফুরফুরে মেজাজে বাড়ি ফিরেছি, কথাটা প্রথমে আমার মাথাতেই ঢুকল না, কে মারা গেছে?

—অনুত্তোষদা? আমাদের অনুত্তোষদা?

অনুত্তোষ মারা গেছে। যাহ, তা কী করে হ্য! দিব্যি পঁয়তাঙ্গিশের টগবগে মানুষ, জোয়ানই বলা যায়, অসুখবিসুখেরও কোনও খবর শুনিনি, সে হঠাত মারা যাবে কেন? মৃত্যু কি এতই সুলভ?

সুজাতা বলল, একটু আগে দীপিকাদির ফোন এসেছিল। নাম্বারাতে নদীতে ডুবে গিয়ে...

সুজাতার গলা বুজে এল। আমিও ধপ করে সোফায় বসে পড়েছি। এতক্ষণ কফিহাউসে ছিলাম, কেউ তো কিছু বলল না ওখানে! নাকি ওখানেও কেউ খবর পায়নি! আমারই মতো!

ঘনিষ্ঠ কার্বন মৃত্যুসংবাদ শুনলে আমার বুক ধড়ফড় করে, পা কাঁপতে থাকে, হাতের জোর কমে যায়, তালু শুকিয়ে আসে অজানা ভয়ে। এখন সেরকমটাই হচ্ছে! তার মানে অনুত্তোষ আমার ঘনিষ্ঠজন ছিল।

দু-এক মিনিট রুদ্ধবাক আমি কোনওক্রমে প্রশ্ন করলাম, কবে? কখন?

সুজাতা পাশে বসে আমার কাঁধে হাত রাখল। তারও স্বর কাঁপছে, আজই সকালে। বকখালি যাবে বলে হাতানিয়া দোয়ানিয়া পার হচ্ছিল, হঠাত বৌকো থেকে পড়ে...

—কীভাবে পড়ল! ওখানে তো নৌকো-ফৌকো উল্টোয় না! এতটুকু সরু নদী!

—আমি তো সে কথাই ভাবছি, একটা জলজ্যান্ত মানুষ হঠাত কেন জলে পড়ে যাবে?

—আত্মহত্যা করল, না অ্যাক্সিডেন্ট! সঙ্গে কে ছিল?

—আমি অত ডিটেলে জিজেস করতে পারিনি। তুমি দীপিকাদিকে একটা ফোন করো না।

—দীপিকা ফোনে আমার কথা কিছু বলল?

—না তো! কী বলবে?

—আমার কালকের প্রাইজ পাওয়া নিয়ে কিছু...? বলেই কোঁত করে গিলে ফেলেছি কথাটা। এ কথা কেন মুখ থেকে বেরিয়ে এল? এমন অসময়ে?

বিভাবতী স্মৃতি পুরস্কার কমিটি এ বছরের শ্রেষ্ঠ গল্পকার হিসেবে আমার নাম ঘোষণা করেছে। গত সোমবার। তারপর থেকে অজস্র অভিনন্দন পেয়ে চলেছি। ঘরে বাইবে। রাস্তায়। অফিসে। বাড়িতেও মাঝে মাঝেই ফোন বেজে উঠছে। এই তো আজই

কফিহাউসে ছেটখাটো একটা সম্র্দ্ধনা পেলাম তরফতের প্রজন্মের লেখকদের কাছ থেকে। সমসাময়িক লেখকরা দীর্ঘ গোপন করে আমার প্রশংসা করছে। কষ্ট লুকিয়ে বন্ধুবান্ধবরাও। সুবীর। বিমান। নির্মল। দীপাঞ্জন।

ব্যাতিক্রম শুধু দূজন। অনুভোব আর দীপিকা।

মৃত মানুষের ওপর অভিমান সাজে না। কিন্তু দীপিকা?

দীপিকা একটু দেরিতে লেখা শুরু করেছে। এখন মাঝেমাঝেই নানান পত্রপত্রিকায় তার গল্ল-উপন্যাস বেরোয়। আমার মতো না হলেও লেখার জগতে নামও হয়েছে অল্লিঙ্গন। যদিও লেখা খুব একটা আহমরি নয়। মেয়েদের মধ্যে মোটামুটি। কানাদের মাঝে ঝাপসা। তা ছাড়া মেয়ে হওয়ার আলাদা সুবিধেটাও তো আছে। ভ্রকুটির ধনূর্বণ আছে। চপল হাসির পাণ্ডপৎ অস্ত্র আছে। একটু আহ্নিদী-আহ্নিদী স্বরে কথা বললে গল্প না ছেপে উপায় আছে সম্পাদকের। আরে বাবা, এটা তো অবধারিত সত্য, মেয়েদের মধ্যে কোনও গভীর ভাববোধ নেই। দৃষ্টিভঙ্গি ও সংসারের পানাড়োবার বাইরে বেরোয় না। মহৎ সাহিত্য সৃষ্টি কি মেয়েদের দিয়ে হয়? তবু ওই এলেবেলেরও কী উঁট! অহঙ্কারে মাটিতে পা পড়ে না!

এই সব আকাশগাতাল দ্বিধায় ইতস্তত আমি, সুজাতা আবার বলল, কী হল? ফোন করো?

—কী হবে ফোন করে? দীপিকা কি অনুভোবের সঙ্গে ছিল? অনুভোবকে স্বচক্ষে জলে পড়ে যেতে দেখেছে?

আমার কথার ভঙ্গিতে সামান্য রূক্ষতা ছিল। সুজাতা শ্লানমুখে বলল, দীপিকাদি খবরাটা দিয়ে তোমাকেই খুঁজছিল। দ্যাখো না যদি আরও ডিটেলস-এ জানা যায়।

—ডিটেলস আবার কী? মৃত্যুর আবার ডিটেলস হয় নাকি?

সুজাতা হাঁ করে আমার দিকে তাকিয়ে আছে।

আমার গলায় এতক্ষণে একটা কষ্ট চাক বাঁধছিল। পৃটপুট করে পিন ফুটছিল শরীরে। বেশ খানিকক্ষণ পর ঢোক গিলে বললাম, আমার ভাল্লাগছে না সুজাতা। একটা লোক...সকালেও বেঁচে ছিল...আরও কত কাল বেঁচে থাকার কথা...অথচ এখন বেঁচে নেই! আমি কিছু ভাবতে পারছি না।

পাশের ঘর থেকে টুকাইয়ের গলা ভেসে আসছে। চেঁচিয়ে চেঁচিয়ে ইতিহাস মুখস্ত করছে টুকাই। ইউরোপের ইতিহাস। ভ্রসেড! শার্ল্যামেন! সিংহহৃদয় বিচার্ড! জোরে না পড়লে কোনও কিছুই টুকাইয়ের মাথায় ঢোকে না। আজ টুকাইয়ের ভাঙ্গা স্বর বড় কানে বাজছে। সুজাতাকে বললাম, টুকাইকে একটু আস্তে পড়তে বলতে পারো না? আজকাল ওইভাবে গাঁকগাঁক করে পড়ে কেউ?

সুজাতা এখনও দেখছে আমাকে, তুমি তাহলে ফোন করবে না? তোমার একটুও জানতে ইচ্ছে করছে না অনুভোবদার কথা?

করছে। ভীষণভাবেই করছে। কিন্তু দীপিকাকে আমি ফোন করব না। গত সাত দিনে সে আমাকে একটিবারও অভিনন্দন জানানোর সৌজন্য দেখায়নি, আমি কেন তাকে ফোন করতে যাব!

জানলার পাশে গিয়ে সিগারেট ধরালাম। ওপারে পৃষ্ঠাইন কৃষ্ণচূড়া গাছ খোঁয়াশা মেখে দাঁড়িয়ে। একা। আমাকে দেখছে।

সুজাতা নিচু স্বরে বলল, শুনেছি সাত পা একসঙ্গে হাঁটলে নাকি বস্তুত্ব হয়, তুমি অনুভোবদার সঙ্গে কৃতি বছর ধরে একসঙ্গে হাঁটছিলে!

সারা জীবন একসঙ্গে হেঁটেও কি সত্যিকারের বস্তু পাওয়া যায়! মানুষ তো আজীবন একাই। তা ছাড়া সৃষ্টিশীল শিল্পীদের বস্তু থাকেও না। থাকে বড়জোর জেটি অথবা শুভার্থী। সময়ের সঙ্গে তাল রাখতে গিয়ে তাদেরও নাম গৰ্জ বর্ণ বদলে যায় বারবার। প্রয়োজন অনুসারে। সার্থের তাগিদে। সেই সুবাদে অনুভোবও কবেই দূরের মানুষ। তবু আজ একটা খবর নেওয়া উচিত। বিমানকে ফোন করলে কেমন হয়। আমাদের মধ্যে বিমানের সঙ্গেই যা শেষ পর্যন্ত ঘোগাঘোগ ছিল অনুভোবের।

বিমান নয়, বিমানের বটি ফোন ধরেছে। উত্তেজিত গলায় বলল, ইশশ, কী হয়ে গেল বলুন তো! ও ভীষণ ভেঙে পড়েছে। একটু আগে অনুভোবদার বাড়ি থেকে ফিরল। ফিরেই ঘর অন্ধকার করে শুয়ে আছে। ডাকব?

—ডাকো।

বিমানের গলা ধরা-ধরা, তুই কার কাছে খবর পেলি?

—দীপিকা ফোন করেছিল এখানে। ব্যাপারটা ঠিক কী হয়েছিল বল তো?

—কী আর হবে! নিয়তি!

—নৌকো থেকে পড়লটা কী করে? নেশা-টেশা করেছিল নাকি?

—নাহ, সেরকম তো কিছু শুনলাম না। কেউ বলছে নৌকোর ধারে বসেছিল, হঠাৎ উঠে দাঁড়াতে গিয়ে পা স্লিপ করে...। কেউ বলছে ইচ্ছে করে...। কিছুদিন ধরে খুব ডিপ্রেশানেও ভুগছিল তো।

—সঙ্গে কেউ ছিল না? ইদানীং শুভেন্দু বলে কে এক নতুন বস্তু হয়েছে শুনেছিলাম?

—না না, সে-ও ওর সঙ্গে বেরোত না। ও একাই ছিল। একা-একাই হটহাট বেরিয়ে যেত। কে ওর বোহেমিয়ানিজমের সঙ্গে পাল্লা দেবে?

—হঁ। একটু সময় নিয়ে বললাম, বাড়ির অবস্থা কী দেখলি?

—রিমা একেবাবে পাথর হয়ে গেছে। ছেলেটা প্রাণপণে স্টেডি থাকার চেষ্টা করছে, কিন্তু কী করে পারবে বল? মাত্র তো সতেরো বছর বয়স। আমাদের সঙ্গে কথা বলতে গিয়ে চোখের জল আর সামলাতে পারে না...

—অনুভোবকে নিয়ে এসেছে?

—না। বড় শালা আনতে গেছে। ওখানকার হসপিটালে ফোন করা হয়েছিল। পোস্টমার্টেম করে বড়ি আনতে আনতে কাল সকাল দশটা-এগারোটা হয়ে যাবে। বিমান দীর্ঘশ্বাস ফেলল, কী যে কাণ্টা করে বসল অনুভোব। তুই কাল সকালে আসছিস তো? ওর বাড়িতে? সুবীর, দীপাঞ্জনরা অবশ্য স্ট্রেট শাশানে চলে যাবে বলেছে। অফিস ঘুরে।

কে যেন আমার স্নায়ুত্ত্বী যেকে দিয়ে গেল। দম চেপে বসালাম, কী করি আস

কেন্দ্ৰ? কাল সকালেই আমাৰ আবাৰ বৰ্ধমান যাওয়াৰ কথা...

বিমান একটু চুপ মেৰে গেল। তাৰপৰ বলল, ও। তোৱ সেই প্ৰাইজেৰ ব্যাপাৰটা আছে, না?

—হঁ। সকালবেলায়ই বেৰিয়ে পড়ৰ ভেবেছিলাম...

—তুই তা হলে আসছিস না?

—ইচ্ছে তো কৰছে। ওদিকে প্ৰাইজ না নিতে যাওয়াটাও খুব বিচ্ছিৰি ব্যাপাৰ হবে না? আমাৰই জন্য অনুষ্ঠান? দেখি যদি সময় পাই সকালে একবাৰ ঘুৰে যাব।

ফোন ছেড়ে দিয়ে মনে মনে বললাম, কী কৰে যাব আমি? আমাৰ এখন সময় নেই। আমাৰ এখন সময় নেই।

## দুই

খাওয়াওয়া সেৱে খাতা-কলম নিয়ে বসেছি আমি। কালকেৰ সভাৰ জন্য একটা সুন্দৰ ভাৰণ তৈৰি কৰতে হৰে। একৱাশ লোকেৰ সামনে দাঁড়িয়ে কী লিখি, কেন লিখি, কীভাৱে লিখি, এ সব বিশ্লেষণ কৰা কি মুখেৰ কথা? আগে থেকে খসড়া কৰে নিলে অনেক সুবিধে হয়, ঘাৰড়ে গিয়ে শুলিয়ে যাওয়াৰ ভয় থাকে না। তাৰ ওপৰ কাল ওখানে দুজন মন্ত্ৰী আসবেন। ভাৰতীয় সাহিত্য পৰিষদেৰ দু-একজন প্ৰতিনিধিও থাকবেন। তাঁদেৱ সামনে বক্তৃতা দিতে উঠ'ব আমি। প্ৰস্তুত হয়ে যাওয়াটাই তো ভাল।

বহুক্ষণ ঘষেও খুব বেশি এগোনো গেল না। শুৰুটা কিছুতেই মনঃপৃত হচ্ছে না। একটা-দুটো লাইন কলমেৰ ডগায় এসেও পিছলে পিছলে বেৰিয়ে যাচ্ছে কাগজ থেকে। প্ৰথম ছাপানো কবিতাটা দিয়ে শুৰু কৰিব? পাথৰে কেঁদা বুক/দাও হে কৃষ্ণাৰে শান/ ...সে নয় শুৰুটা হল, তাৰপৰ?

সুজাতা মশারি টঙ্গিয়ে শুয়ে পড়েছে, পাশবালিশ সৱিয়ে রেখে হঠাৎই উঠে বসল বিছানায়। ফ্যাসফেসে গলায় বলল, অনুতোষদা তোমায় খুব ভালবাসত।

যে দু-চাৰ লাইন মাথায় আসছিল, তাৰ হ্ৰষ কৰে বেৰিয়ে গেল জানলা দিয়ে। অনুতোষ যে আমাকে ভালবাসত, তা কি আমি জানি না? আমাৰ চেয়ে সে কথা আৱ কে বেশি জানে!

‘জল’ পত্ৰিকায় প্ৰথম আমাৰ একটা গল্প পড়েছিল অনুতোষ। কয়লাখনিৰ গল্প। তখন আমি সদ্য আসানসোল থেকে কলকাতায় বদলি হয়ে এসেছি। ওখনকাৰ কুলিকামিনৰা তখনও আমাৰ বক্তৃতাৰ মিশে আছে। গল্পটা মূলত ছিল তাঁদেৱ নিয়েই। গল্পটা পড়ে মুঞ্চ অনুতোষ পত্ৰিকা অফিস থেকে আমাৰ ঠিকানা জোগাড় কৰে ফেলল। খুঁজে খুঁজে সাতসকালে আমাৰ বাড়ি এসে উপস্থিত। বেহালা থেকে চেতলায়। আলাপেৰ আধ ঘণ্টাৰ মধ্যে আপনি থেকে তুমি। দু ঘণ্টাৰ ভেতৰ তুই। অনুতোষ তখন নিজেও একটা কাগজ বাব কৰছে। শুভম। খুবই ছোট পত্ৰিকা। বহুদিন ধৰে পত্ৰিকাটা চালিয়েছিল অনুতোষ। শুধুই গল্পেৰ পত্ৰিকা। আমাকে সেখানে একটা বড় গল্প লিখতে

বলল। পুজোসংখ্যার জন্য। আমার তখন কলমের হাল সদ্য দাঁত-গোঠা শিশুর মতো। অবিরাম শুলোচ্ছে। বকের ভেতর যত কথা জমা আছে, সবই তখন অঙ্গরের শ্রেত হয়ে থেয়ে আসতে চায়। স্মৃতি থেকে স্বপ্ন, বেদনা থেকে আসতে, জন্মমুহূর্ত থেকে পাঁচিশ বছর বয়স, সব।

মনপ্রাণ চেলে অনুভোবের কাগজে গল্প লিখেছিলাম। একটি নৈশশব্দের অপমত্ত্য। গল্পটা লিখে নাম হয়েছিল কিনা জানি না, তবে তুফান যে একটা উঠেছিল তাতে কোনও সন্দেহ নেই। তুফানটা তুলেছিল অনুভোব স্বয়ং। কফিহাউসের আড়ডায়। বহিমেলায়। গল্পপাঠের আসরে। বিভিন্ন লিটল ম্যাগাজিনের দপ্তর থেকে শুরু করে নামী দামী লেখকদের বাড়ি গিয়ে আমার গল্পের বিজ্ঞাপন করত অনুভোব। কলেজ স্ট্রিট পাড়ায় একটা ছেলে আমার লেখার সমালোচনা করেছিল বলে তার নাকে ঘৃষি মেরে হইহই ফেলে দিয়েছিল চারদিকে।

অর্থচ অনুভোব তখন নিজেও লিখেছে। একটা গল্পের কালেকশান বার হয়েছে। দুটো উপন্যাস। উদীয়মান তরুণ সাহিত্যিকদের মধ্যে সে-ও তখন প্রথম সারিতে। নিজের খ্যাতির জন্য না ভেবে অন্যের স্তুতির জন্য ব্যস্ত হয়ে পড়তে একমাত্র অনুভোবই পারত। কেউ একটু ভাল লিখলেই তার জন্য পাগল হয়ে গোঠা ছিল অনুভোবের স্বত্ব।

সেই অনুভোব আজ ঢুবে গেছে হাতানিয়া দোয়ানিয়ায়!

যে নেই, সে নেই। এই বিশ্বব্রহ্মাণ্ডে কোথাও নেই।

আমি আছি। আমি থাকব। আমাকে কাল যেতেই হবে বর্ধমান।

সুজাতার দিকে ফিরে তাকালাম, শোনো, আমি কিন্তু কাল সাতটাৰ মধ্যে বেরিয়ে যাব।

—অনুভোবদার বাড়ি যাবে? আমিও যাব। এ সময়ে আমাদেরই তো রিমার পাশে গিয়ে দাঁড়ানো উচিত।

বিরস মুখে বললাম, আমি যাচ্ছি না। আমার বর্ধমান যাওয়া আছে। পারলে তুমি ঘুরে এসো।

—তুমি অত সকালে বর্ধমানে গিয়ে কি করবে?

—দশটাৰ সময় ওদেৱ লোক আমার জন্য স্টেশনে ওয়েট করবে।

—অনুষ্ঠান তো তোমার দুটোয়। সকালে একবার ঘুরে যেতে অসুবিধে কী?

—বলছি না সকলে অপেক্ষা করবে! আমাকে নিয়ে ব্যাপার, আমি যদি টাইমলি না পৌছেই...

—তুমি তাহলে কাল অনুভোবদার ওখানে যাবেই না?

—পরে যাব।

—পরে কেন? একবার শেষ দেখাও করবে না?

এ তো মহা গেরো হল! কী করে সুজাতাকে বোঝাই, আমাকে কাল একটু আগে যেতেই হবে। মন্ত্রী, ভাষা পরিষদের লোকজনদের সঙ্গে হোটেলে লাখ আছে। যে কোনও পরিচয়ই খাবার টেবিলে সব থেকে বেশি গাঢ় হয়। মূল্যবান সম্পর্ক গড়ে

তোলার এমন স্বর্ণস্ময়েগ হাতছাড়া করে কেউ?

আবেগ আমারও আছে। অনুভোবের জন্য আমারও কম মনখারাপ হচ্ছে না। তবে সুজাতার মতো বেহিসেবি আবেগ আমার সাজে না। অন্তত যৌবনের এই প্রান্তসীমায় এসে। তার চেয়ে বরং নিন্দিতে মেপে গল্ল-উপন্যাসে আবেগ ছড়িয়ে দেব, পড়তে পড়তে থম মেরে ঘাবে পাঠকের বুক। ছেলেমানুষি জোলো সেশ্টিমেট কি আমাকে মানয়? অনুভোবের মতো?

অনুভোবের সঙ্গে আমার শেষ দেখা হয়েছিল মহাবোধি সোসাইটি হলে। মাস পাঁচেক আগে। এক তরুণ কবির মৃত্যুতে শোকসভা হচ্ছিল, একদম শেষ বেঞ্চে বসেছিল অনুভোব। আমাকে দেখে উঠে এল, হাত ধরে টেনে নিয়ে গেল বাইরে, চল, একটু কলেজ স্কোয়াবের বেগিংতে গিয়ে সসি। এখানে আমার কেমন দমবন্ধ হয়ে আসছে।

গ্রীষ্মের সকা঳। গোলদিঘি থেকে জোলো বাতাস উঠছিল। পাশাপাশি বসে রইলাম দুজনে। বহুক্ষণ।

অনুভোবই প্রথম বরফ ভাঙচি, ছেলেটার কী প্রতিভা ছিল, অর্থচ দ্যাখ কেমন দুর্য করে মরে গেল। এত তাড়াতাড়ি কি করে যে মরে মানুষ!

আমি কপালে আঙুল ঠেকালাম, হাগ্য। আমাদের কার যে কখন কোথায় মৃত্যু হবে।

অনুভোব অবাক হয়ে আমার দিকে তাকাল, তুই ভাগ্য মানিস?

-এমনিতে মানি না। আমি হেসে ফেললাম, চাকবির প্রোমোশনের সময়ে মানি। বই বিক্রি-ব সময়ে মানি। ছেটবেলাতেও মানতাম। পরীক্ষার বেজান্ট বেরোনোর আগে।

-যাক, এখনও তা হলে সতিটা সীকার করার সৎসাহস তোর আছে!

-তুই কি বলতে চাইছিস?

অনুভোব বিশ্ব চোখে তাকাল, দীপেন, তুই অনেক বদলে গেছিস বে। আগে তোর নিজের ওপর কনফিডেন্স এত কম ছিল না। তোর লেখা শেষ হয়ে আসছে দিন দিন। কথায় কাজে কন্ট্রাক্টিকশান থাকলে ভাল লেখা বেরোয় না বে।

আমার রাগ হয়ে গেল। সিগারেট ধরিয়ে তাছিল্যের প্রবে বললাম, ফুরোচ্ছিস তুই—আমি না। এ বছরও আমি তিনটে উপন্যাস লিখছি। গোটা কুড়ি ছেট গল্ল।

অনুভোব তড়ং করে উঠে দাঁড়াল, আমার রিপ্রেজেন্টস নাথিং। তুই যা বিশ্বাস করিস না, তাই লিখিস। উড় আঃ এ বিগ জিরো!

অনুভোব এখন শুয়ে আছে লাশকাটা ঘরে।

আমি পাছি এ বছরের শ্রেষ্ঠ তরুণ গল্লকারের পুরস্কার।

ওই মুর্দের জন্য সময় নষ্ট করব আমি?

জানলার পর্দা ছিঁড়ে ভায়ণের লাইন কঢ়া আবার ঢুকে পড়ছে ঘরে। টেবিল ল্যাম্পের চারদিকে ঘূরপাক খেল কিছুক্ষণ। তারপর ডানা মেলে কাগজে বসল। সঙ্গে কিছু দৃশ্যকল্পণ নিয়ে এসেছে তারা। আমার প্রথম জীবনের সাহিত্যের অন্প্রেরণা।

কয়লাখনির খাদানে বেলচা মারছে মজুর। ঘামে কালিতে তাদেরই শরীর কখন কালো মানিক। হঠাৎ কোনও অঙ্গাত ফাটল দিয়ে জল ঢুকতে শুরু করল খনিতে। একে একে ডুবে গেল সার সার শ্রমিকের দেহ। ফুক পরা বালিকা শবদেহের ঢাকা সরিয়ে নিজের বাবার শরীর ঝুঁজছে। জলের নীচে বাবা তখন পরিপূর্ণ অঙ্গার।

আমি কাতর গলায় সুজাতাকে বললাম, তুমি তো জানো সুজাতা, আমি একদম ডেডবডি স্ট্যাণ্ড করতে পারি না! কেন আমাকে বাব বাব জোর করছ?

সুজাতা তবু অবু, ভাল করে ভেবে দ্যাখো কেন জোর করছি!

কী করে ভাবব? শব্দরা এসে গেছে! শব্দরা এসে গেছে!

আমি ফিসফিস করে বললাম, চুপ থাকো। এখন আমার সময় নেই।

### তিনি

—বন্যার ওপর লেখা আপনার উপন্যাসটা এখনও আমার হাড় কাঁপিয়ে দেয়।

মন্ত্রিবাক্যে আমার বোমে বোমে হর্ষ জাগছিল। এত কাজের মাঝেও আমার মতো একজন লেখকের লেখা ইনি পড়েছেন!

—খোঁ বা অনাহারের ওপর আপনার তো তেমন লেখা দেখি না! এ সব নিয়েও তো আপনাদের লেখা উচিত। এই যে কালাহণিতে এত বড় একটা অনাবৃষ্টি চলছে...

—না, মানে...আমি ঘাড় ছলকোলাম, ওদিকে তো বড় একটা বাইনি। সচক্ষে না দেখলে আমি আবার ঠিক লিখতে পারি না।

—দেখে আসুন। ঘুরে আসুন। কে বলেছে আপনাকে না দেখে লিখতে! অন্ত ওডিশার দিকে কিছু কালচারাল ডেলিগেট পাঠাচ্ছি, যাবেন আপনি? সঙ্গে ট্যারিং স্পটগুলোও দেখে আসতে পাবেন!

আমি মীরব থাকি। নীরব থাকটাই এ মুহূর্তের দস্তর। শব্দহীনতাই শ্রেষ্ঠ সম্মতি।

স্থানীয় এক অডিটোরিয়ামে বেশ বড়সড় সভায় আবোজন করেছেন উদ্যোক্তারা। আমার পুরস্কারটি ও ভাবী মনোরম। সপ্তাপ্রবাহিত রথে ছুটছেন স্রদেব। ব্রোঞ্জের মুর্তি: বেশ পাকা হাতের কাজ। সঙ্গে একটা শাব। ফুল। আব দশ হাজার টাকার চেক।

সভা ভাঙ্গার পুর দুর্গীয় পূর্ণিমার দ্রোঢ়েকটা ছেলে আমার সাক্ষাৎকার নিতে এল। তারা শুধুই আমার স্টেজের ভাষণে তৃপ্ত নয়, নতুন করে তাদের আবার আমার লেখার উদ্দেশ্য বোঝাতে হবে।

ছেলেঙ্গলোর প্রশ্নের জবাব দিতে দিতে আমি যখন প্রায় বিধ্বস্ত, এক ছোকরা ঝপ করে জিজ্ঞাসা করে বসল, আপনি তো লেখক অনুতোষ দওকে খুব কাছ থেকে চিনতেন, তাই না?

এ প্রশ্ন যে কখনও না কখনো উঠবেই আমি জানতাম। আজই সমস্ত বাংলা দৈনিকে অনুতোষের মৃচ্যুসংবাদ বাব হয়েছে। গাহিন জলে ডুবে গেলেন উদীয়মান সাহিত্যিক! অনুতোষ দত্ত অপমৃত্যু! নদীতে তলিয়ে গেলেন সত্ত্ব দশকের গল্পকার!

মুখ থেকে হাসি মুছে নিলাম; কে না তাকে চিনত ভাই! সে তো শুধুই গল্পকার

ছিল না, সে ছিল আমার এক সময়ের সুস্থদ। আমরা একসঙ্গে গল্পের কাগজ করেছি। গল্প নিয়ে কত হইচই করেছি। জীবনমূখী গল্পের জন্য আন্দোলন গড়ে তুলেছি।

—কিন্তু আমরা তো গত পাঁচ-সাত বছর ধরে অনুতোষবাবুর সেরকম লেখা পাইনি? উনি কি লেখা ছেড়ে দিয়েছিলেন?

সঙ্গে সঙ্গে উত্তর দিতে পারলাম না। প্রশ্নটা আমাকেও ধাক্কা মেরেছে অনেক বার। অনুতোষটা বড় এলোমেলো ছিল। সেটাই কি কারণ? আজ ক্যানিং ছুটছে, কাল বসিরহাট, পরশু মালদা, পরদিন কেঁদুলি। প্রবাদ ছিল অনুতোষকে নাকি একসঙ্গে একই সময়ে দক্ষিণেশ্বর, বেহালা আর সন্দেশখালিতে দেখা যায়। যে মানুষ এক মুহূর্ত নিজেকে স্থিত করতে পারে না, যার চিন্তায় কোনও গৃহস্থালি নেই, সে কি করে সাজিয়ে-গুছিয়ে গল্প লিখবে? শুধুই একবুক ভাব নিয়ে কি লিখে ওঠা যায়?

আশ্চর্য! এই নিয়ে অনুতোষের কোনও দুঃখবোধ ছিল না। কিংবা হয়তো ছিল। কোনও কিছু ঠিক মনোমত লিখতে পারছিল না বলেই ছটফট করত দিন-রাত! উন্মত্তের মতো দিঘিদিক ছুটে বেড়াত! লেখার উপকরণ খুঁজতে গিয়ে লেখাটাকেই হারিয়ে ফেলেছিল অনুতোষ।

আমি যুবকের দিকে তাকালাম, হয়তো অনুতোষ পারছিল না। লেখকরা অনেক সময়ই ভেতর থেকে ফুরিয়ে যায়।

এক তরুণ কপালে ভাঁজ ফেলে প্রশ্ন ছুঁড়ল, এই যে স্যাড দৃষ্টিনাটা, অনুতোষবাবুর হঠাত নৌকো থেকে পড়ে মারা যাওয়া, এর সঙ্গে কি ওঁ হতাশার কোনও ঘোগ আছে বলে আপনার মনে হয়?

এত কচকচি আমার ভাল লাগছে না। অনুতোষ যখন জলে পড়ে যায়, তখন তার মনের অবস্থা কী ছিল আমি কী করে বলব? তাকে নিয়ে এত প্রশ্নের জবাবই বা কেন আমি দেব?

হঠাত আমার নাকে যেন শুষি মারল কেউ। আমি অনুতোষকে নিয়ে ভাবব না ঠিকই, কিন্তু অনুতোষ আমাদের জন্য ভাবত একসময়। আমাদের অনেকের জন্যই ভাবত। এই যে দীপিকা আজ দীপিকা হয়েছে, তার মূলেও তো অনুতোষ। কারণ ছাড়াই কী নাচানাচিটাই না করত দীপিকার লেখা নিয়ে! সেই দীপিকা গত মাসে কফিহাউসে বসে অবলীলায় নিন্দা করে গেল অনুতোষের। অনুতোষ আর আগের মতো বন্ধুবৎসল নেই! অনুতোষ অন্য সকলের লেখা নিয়ে এখন ভৈষণ জেলাস! অনুতোষ এখন যাচ্ছে তাই!

আরেকটা শুষি পড়ল নাকে। শুধু দীপিকা কেন, যার লেখা যখন ভাল লেগেছে, তার জন্য জীবনপাত করেনি অনুতোষ? নামী পত্রিকা থেকে নিজের গল্প তুলে নিয়ে অন্যের গল্প সম্পাদকের হাতে তুলে দেওয়াকে কী বলে?

শুধু লিখতে না পারার হতাশা? না সঙ্গীদের থেকে বিছিন্ন হয়ে যাওয়ার যন্ত্রণা? কোনটা বেশি পীড়িত করেছিল অনুতোষকে?

দুর্ব, সঙ্গীরা কী করবে? আমি কী করব? অনুতোষের টালমাটাল চলার সঙ্গে যদি পা মেলাতে না পারি, সে দোষ কি আমার? তা ছাড়া অনুতোষ এখন ফুরিয়ে

যাওয়া শক্তি। তার পত্রিকাটাও উঠে গেছে। কেউ আর তাকে পান্তি দেয় না। কিসের জন্য বন্ধুরা তাকে আঁকড়ে থাকবে? হৃদয় ছাড়া আর কী ছিল তার? সে নিজেই এক মৃত্তিমান ব্যর্থতা।

আমি কথা ঘুরিয়ে বললাম, হতাশা সব লেখকের মনেই থাকে। কোনও না কোনও ভাবে। হেমিংওয়ে তো লিখতে না পারার দৃঢ়ত্বে বিভ্লবার দিয়ে সুইসাইড করেছিলেন!

পাঁচটা বেজে গেছে। হেমস্টের দৃশ্য নিজীব হয়ে আসছে ক্রমশ। উপহার কিটসব্যাগে গুছিয়ে উঠে দাঁড়ালাম, চলি ভাই।

যুবকদের মুখে অত্থপির ছাপ ফুটে উঠেছে, আরও কয়েকটা প্রশ্ন ছিল যে! আচ্ছা, আপনি যখন লেখেন, তখন কি গল্লের পূর্ণ চেহারাটা আপনার চেখের সামনে ভেসে থাকে?

এ প্রশ্নের উত্তর দিয়ে লাভ নেই। উত্তর দিলেই নতুন প্রশ্ন আসবে। আসবেই। এই বয়সে শুধুই প্রশ্ন জমা হতে থাকে বুকে। সার সার। বর্ষাখণ্ডের আগে পিঁপড়েদের মতো।

সামনের ছেলেটির কাঁধ চাপড়ে দিলাম, আবার আসব আমি। তখন যত খুশি প্রশ্ন কোরো। এখন আমার একদম সময় নেই।

## চার

রাতের শরীর মাড়িয়ে ফাঁকা বাস সঁইসাঁই ছুটছিল। বর্ধমান থেকে লোকাল ধরে হাওড়া স্টেশন, স্টেশন থেকে বাস, এবার আমার ফেরার পালা। পুজোয় বেরোনো উপন্যাসটা নিয়ে আজ বাত থেকেই বসব ভাবছি। পুজোসংখ্যার জন্য তাড়াহুড়ে করে লেখাতে অনেক ফাঁকফোকর থেকে গেছে, বইমেলায় বই হয়ে বেরোবার আগে ভালমতো ঘষামাজা দরকার। মাঝের দিকের চ্যাপ্টারগুলো বাড়তে হবে, প্রকাশকরা বলে উপন্যাসটা একটু মোটার দিকে থাকলে কাটিত্তা ভাল হয়।

হাজারার মোড় পার হয়ে বাসটা হঠাৎ খারাপ হয়ে গেল। ড্রাইভার-কগুষ্টেররা মিলে চেষ্টা করল খানিকক্ষণ, কয়েকবার গরগর করল বাস, হেঁচকি তুলল, তারপর পুরোপুরি নিখর।

গোটা পনেরো যাত্রী বয়েছে বাসে, সকলের মুখেই গৃহে ফেরার উদ্বেগ। হেমস্টের শিরশিলে বাতাসে কম্ফুটার জড়ানো এক প্রোটে কগুষ্টেরদের উদ্দেশে হাঁক মারল, কী হে, পুরোপুরি দেহ রাখল নাকি?

কগুষ্টার হেল্লারের কাছ থেকে বিড়ি নিয়ে ধরাল, বোধহয় সেলফ ফেঁসে গেছে, কি বলো পার্টনার?

ড্রাইভার গন্তীর মুখে বলল, হ্যাঁ, ঠেলতে হবে।

চার মহিলা ছাড়া বাকিরা বাস থেকে নেমে পড়েছে। সকলের দেখাদেখি আমিও হাত লাগিয়েছি। হেঁও মারি জোয়ানদারি! হেঁও মারি জোয়ানদারি! একটু গড়িয়ে এবার একটা জোর হিঙ্কা তুলল বাস, তারপরেই পুরোপুরি মৃত।

অন্য যাত্রীরা ভাড়া ফেরত নিয়ে কণ্ঠাটিরের সঙ্গে বচসা জুড়েছে, ছোট্ট ভিড় জমেছে রাস্তায়। মেহনতি জনগণের কাছ থেকে পয়সা উদ্ধার করা তাদের নিয়ে গল্ল লেখার থেকে অনেক বেশি কঠিন। আমি আর দাঁড়ালাম না। বাড়ি পৌছতে মাইলখানেকও বাকি নেই, রাত হয়েছে হোক, এটুকু রাস্তা হেঁটেই মেরে দেব আজ।

চেতলা বিজের কাছে এসে একটা সিগারেট ধৰালাম। দুপুরের খাওয়া বেশ হেভি হয়ে গেছে, এখনও মাংসের ঢেকুর উঠচে। সপ্তাহবাহিত সূর্য আমার কাঁধে। মুর্তিটা তেমন ভারী নয়, তবু ঘাম হচ্ছে অল্প অল্প। ক্লাস্তিতে। শারীরিক অস্পষ্টিতে।

একটা ধোঁয়ার কুণ্ডলী ধেয়ে এল হঠাতে। শুশানের দিক থেকে। মাংস হাড় আর চর্বি পোড়ার ধোঁয়া।

আমি নিখর। অনুতোষ তো এই শুশানেই এসেছিল আজ। কখন এসেছিল? কিসে পোড়ানো হল অনুতোষকে? ইলেক্ট্ৰিক চুল্লিতে? কাঠে? নাকি অনুতোষ লাশকাটা ঘর থেকে এখনও এসে পৌছতে পারেনি? কিংবা হয়তো এই এসে পৌছল সবে! আচমকাই ধোঁয়ামাখা বাতাস ফিসফিস করে উঠেছে, আয় দীপেন, তোর জনাই অপেক্ষা কৰছি বে! তোৱা না এলে আমি যাই কেমন করে?

আমার গা-ছমছম করে উঠল। আমার কানা পেয়ে গেল। মাংসপোড়া গৰ্জা আঞ্চেপৃষ্ঠে জাপটে ধৰছে আমাকে। দুপুরের মাংসের ঢেকুর জ্বালিয়ে দিল বুক।

কটু বাতাস আবার টানছে, আয় দীপেন! আয় দীপেন!

হেমন্তের কুয়াশায় আমার স্বর ডুবে গেল, আমাকে ছেড়ে দে অনুতোষ। আমার হাতে এখন অনেক কাজ। আমার এখন সময় নেই বে।

# বাবু-কাঙালি পালা

## প্রথম অংক : প্রথম দৃশ্য

ঘড়ির ছেট কাঁটা ডান কাতে হেলে যাওয়ার পর বীতিমতো ব্যস্ত হয়ে পড়লেন সুরেশবাবু। কী ব্যাপার! বেলা পেকে গেল, এখনও কোনো ব্যাটার পাত্র নেই কেন! চপ্পল চোখে আরেকবার তাকালেন কবজিতে বাঁধা সোনালি কোয়ার্টজ ঘড়ির দিকে। দশ আঙুলে চমকে উঠলো হীরে, পান্না, মুক্তো, চুনী, প্রবাল। গরদ-পাঞ্জাবির বোতাম খুঁটলেন কচি বালকটির মতো,—‘কী হলো? একজনেরও টিকি দেখা যাচ্ছে না যে বড়?’

—‘যাবে, যাবে।’ পাশ দিয়ে যেতে যেতে এক টুকরো ফিচেল হাসি ছুঁড়ে দিলো অশোক,—‘এখানি দেখবেন সব হড়হড় করে এসে যাবে।’

—‘বেশি দেরি করলে ঝামেলা তোদেরই।’ সুরেশবাবু গলা চড়ালেন,—ছটায় প্রসেশান বার না করতে পারলে গোটা পাড়া আর ঘোরাতে হবে না, হাঁ...দেবে তরঁণজ্যোতি লাস্ট ইয়ারের মতো আগেভাগে রাস্তা আটকে হঁ...মুনলাইট ব্যাণ্ডও ঠিক সাড়ে পাঁচটায় এসে যাবে বলে রাখলাম।’

—‘ঘাবড়াচ্ছেন কেন সুরেশদা? আপনার গেস্টদের ঠিক টাইমলি খাইয়ে পাচার করে দেবো।’

—‘আসুক আগে বাবাসকল।’

—‘আয়েগা আয়েগা, আয়েগা জি আনেঅলা...’

সুরেশবাবুর তবু ভাবনা কমলো না। ডেকরেটেরের চেয়ারে খচমচ শব্দ তুলে নড়ে বসলেন। ব্রেজমেন্ড ভুক নাকের মাথায় জড়ো,—‘কিরে শ্যামল, তুই একবার উঠে দেখবি নাকি?’

শ্যামল উন্নৰ দিলো না। উল্টোমুখো চেয়ারে বসে আয়েস করে সিগারেট টেনে চলেছে। চোখ বুজে রিঙ ছেড়ে যাচ্ছে পরপর। কদিন টালা ধূকলের পর এই তো সবে এখন একটু হাত-পা ছড়ানোর সময়। এত বড় একটা পুজো তোলা কম কথা! তার ওপর গত বছৰ থেকে উটকো টেনশনটাও এসে জুটেছে। তরঁণজ্যোতি যে কোনো ছুতোয় পাড়া আয়টাক করতে পারে। ভাবতে ভাবতে মাথার ওপর বুক-ভর্তি ধৌঁয়া ছড়িয়ে দিলো শ্যামল।

—‘জবাব দিচ্ছিস না যে? টাইমটা খেয়াল আছে?’ সুরেশবাবু ক্রমশ তপ্ত হয়ে উঠছেন। যত সব বালখিলোর দল! অস্তির কি অকারণে হচ্ছেন? ডুবলে একা ডুববেন? কথার কী ছিরি...আপনার গেস্ট! গেস্ট! গেস্ট! অবশ্য সেদিক দিয়ে দেখতে গেলে গেস্ট তো শুধু তাঁরই। আজকের কাঙালি ভোজনের দায়দায়িত্ব পুরোটাই তাঁর। মালকডিও তাঁরই পকেট থেকে গেছে। উপায়ই বা কী ছিল? মা কালীর স্মপ্তদেশ বলে কথা! কাঁচাখেকো মা আমার। তাঁকে তিনি চটান কোন সাহসে? আদেশ পালনের জন্য নিজের হাতে কাঙালি ভোজনের বাজার করেছেন। মেনু—থিচড়ি লাবড়া আর

চাটনি। সকাল থেকে প্যাণ্ডেলের পেছনে কাঠকঘলার ধোঁয়ায় বসে চোখ মুছেছেন। রান্নার তদারকি। এদিকে তেনাদেরই দর্শন নেই। আশ্চর্য!

সুরেশবাবু চেয়ার ছেড়ে উঠে দাঁড়ালেন। পায়ে পায়ে বেরিয়ে এলেন প্যাণ্ডেল থেকে। প্যাণ্ডেল তো নয়, চলিশ ফুট রাস্তা জুড়ে বিশাল এক মন্দির। বাঁশ কাপড়ের ছদ্মবেশ পরো। হ্যাঁ, পুজোয় এবার কিছু জাঁকজমক হয়েছে বটে। একে রজতজয়স্তী, তার ওপর তিনি, তারও ওপর মায়ের স্থানেশ। ছেলেগুলোর ঝটিকেও বাহবা দিতে হয়। বাইরেটা যেন সত্যি দক্ষিণেশ্বরের সেই মন্দিরটি। আর ভেতরটা হ্রহ নাচমহল। ছেলেরা বলছিল মাঝু না পাঝু কোন রাজবাড়ির নকল যেন। চারদিকে পেঞ্জাই সব বাড়লঞ্চনের চোখবলসালো সেট। একটুক্ষণ তাকিয়ে থাকলে নেশা ধরে যায়। নাহ, তরুণজ্যোতি এবার কোনোভাবেই টকর দিতে পারেনি চিরসবুজের সঙ্গে। সুরেশবাবু গর্বিত চোখে কয়েক মুহূর্ত দেখলেন। পরিষ্কার দেখা যায়, মা এ বছর পুরোপুরি দিগন্মরী নন। ডাকের সাজে ঘনকৃষ্ণ রূপ বুঝি আরও ভয়ঙ্কর। আরও মধুর। মায়ের হাতের চকচকে খাঁড়তির দিকে চোখ পড়তেই সুরেশবাবুর শরীরে শিহরণ খেলে গেল। ....মা, মাগো, ব্রহ্মময়ী, মুখ ফেরাস নে মা। তোর আদেশমতো সব আ্যারেঞ্জমেণ্ট করেছি। সম্পূর্ণ নিজের খরচায়। তুই শুধু মা কথা রাখিস। ত্রিজ কনস্ট্রাকশানের অর্ডারটা...মাগো ইনকামটাক্স ফাইলটা....এক্সপোর্ট লাইসেন্সের ঝামেলটা...প্রবল আবেগে সুরেশবাবু সামনে দিয়ে হেঁটে যাওয়া ছেলেটাকে প্রায় খামচে ধরলেন—‘আই আই, আই তরুণ, তোরা ঠিক খবর দিয়েছিলি তো ওদের?’

—‘আপনি মাইবি এমন দিল্লাগি করেন...’ তরুণ ঝাঁকুনি দিয়ে কাঁধ ছাড়িয়ে নিলো, —‘হেঁটে গিয়ে দিতে হয় না; এসব খবর ওদের কাছে ওয়্যারলেসে পৌঁছে যায়।’

—‘আমাদের স্টেশনেরগুলোকে জানিয়েছিস?’ সুরেশবাবুর মুখে মাতৃঅজ্ঞ পালনের বিহুল ঘোর।

—‘হ্যাঁ বাবা হ্যাঁ। ওদেরই বলেছি দশদিকে রটিয়ে দিতে। দেখুন না ওরা এখনুনি লিড করে চলে এলো বলে।’

সুরেশবাবু আবেশে বিভোর হলেন।

### প্রথম অংক : দ্বিতীয় দৃশ্য

শহরতলির বুকের ওপর আপ ডাউন দৃই লাইনকে পেটে বেঁধে মুখোমুখি শুয়ে দৃটি লস্ব বাঁধানো প্ল্যাটফর্ম। পিঠের ওপর কিছুদূর অন্তর যাত্রীদের জন্য পাতা সিমেট্রির বেঞ্চ। তার পেছনে ঢালু জমি। সেই জমিতে সার সার অজন্ম ঝুপড়ি। ছেঁড়া পলিথিন, ভাঙা চাটাই আর কাঠিকুঠি দিয়ে বাঁধা কাকের বাসা। অথবা মানুষের ঘরবাড়ি। গোটা চতুর জুড়ে গড়াগড়ি খাচ্ছে কালোকুলো হাঁড়িকুড়ি, ময়লা ছেঁড়া কাপড় আর কাদামাখা ল্যাংটো বাচ্চা। কোথাও শাখা ছড়িয়ে পেছাপের ধারা চলে গেছে লাইনের দিকে। কাগজের টুকরো, শালপাতার ঠোঙা উড়ছে আলতো হাওয়ায়। ডানদিকের একমাত্র নিঃসঙ্গ কৃষ্ণচূড়া গাছটিতে ঝুলছে দুটো ভেজা শাড়ি, কিছু ট্যানা। একটু দূরে প্ল্যাটফর্মের

মারবরাবর রঞ্জেলি করোগেটেড শেড। তারই নিচে বসে আছে ওরা। এ চতুরের  
বাসিন্দা সব। শক্রী তার ভাঙা চিরনি জোর জোর চালিয়ে উক্কন ছাড়াচ্ছে মেয়ের  
মাথা থেকে। ছড়ানো পায়ের ওপর আলটপকা শুয়ে তার ছ’মাসের ছেলে। উদাসীন  
চোখ আকাশে ফেলে ছেলেটা একমনে কাঠের টুকরো চিবিয়ে চলেছে। একটু তফাতে  
আরও দৃঢ়ি শিশু নিজেদের মধ্যে কাগজ ছেঁড়ার খেলায় মঞ্চ। তাদের ঠিক পেছনে,  
বেঞ্চিতে হেলান দিয়ে মাতৃ ছেঁড়ি একটা আয়নায় নিবিষ্টমনে দেখছে নিজেকে। শুকনো  
খড়ের মতো চুলের গোছা ছড়িয়ে আছে পিঠে। রঙজুলা ছাপা শাড়িটি আলগা ছুঁয়ে  
আড়ু শরীর। বর্ষার লাউডগার মতো স্তনের ফালি উকি মারছে সেই কাপড়ের ফাঁক  
দিয়ে। সেদিকে জুলজুল তাকিয়ে আচমকা এক কড়া চেকুর তোলে লাতিফা মিএঁ।  
মাতৃ ঘাড় ফেরায়,—‘কী দেকিস, অ্যাঁ?’

মাতৃর চোখে প্রশ্রয়ের হাসি। লতিফ একটু কাছে এগোয়। মাতৃ ঠোঁট টেপে।  
সাহস পেয়ে ওর কোল ঘেঁষে শেষে শুয়েই পড়ে লতিফ,—‘তোর বাটির খিচড়িটা  
ভালোকরে ঢাকা দিয়ে রাকিস কিস্ত। পরে খাবো।’

সঙ্গে সঙ্গে বটকা মেরে লতিফকে সরিয়ে দেয় মাতৃ,—‘ওবে আমার সাধের নাগর  
বে, ও খিঁচড়ি যেন তোর। আমি বলে আর খেতে পারলুম নি তাই নে এলুম।’

ঝামটা শুনেও লতিফ রাগ করে না। উল্টে খ্যাকখ্যাক হাসে। মাতৃর চোখে চোখ  
রেখে অশ্লীল ভঙ্গি করে একটা। তাই দেখে হেসে লুটিপাটি যায় কিশোরী সবিতা।  
মেয়েটার মা-বাপ নেই। কোনো কালে ছিল কিনা তাও আর মনে পড়ে না তার।  
সারাদিন বোদজলে উড়ে বেড়ায়। লোকের দোরে ভিক্ষে চাইতে গেলে কেউ কেউ  
তাকে কাজ করতে বলে। বলেই শুধু, রাখে না। মেয়েটার যে গাভর্তি পাঁচড়ার ঘা।  
নোংরা চুলে মোটা জট। সেই চুলে আঙুল ডুবিয়ে মেয়েটা হাসে। হাসতেই থাকে,  
—‘ও লতিফদাদা, চল না, ওই উদিকের পুজোতেও আজ খিচড়ি দিচ্ছে। চল গিয়ে  
নে আসি।’

লতিফ মাথা নাড়ে। লিকলিক হাতখানা রাখে মাতৃর উরুতে,—‘নাঃ, আর যাবুনি!  
বেশি খিঁচড়ি খেলে পেট ছাড়বে। পেট একেবে গজমজ করতেছে।’

—‘মাইবি! লতিফের কথায় সায় দেয় ধুলোতে গড়িয়ে থাকা ভজন,—।’যেখেনেই  
যাও শুনু খিচড়ি আর লাবড়া। আর কিছু দিতে বাবুদের যেন হাত ওটেনিকো।’

শক্রী মুখ শুরিয়ে টিপ্পনী ছাঁড়ে,—‘আহা, নোলা দ্যাকো মিনসের। বাবুরা তোমাকে  
খিঁচড়ি দেবে না তো কি আইসকিরিম কাটলেট দেবে?’

—‘দেবে নাই বা কেন?’ হঠাতে ওদের কথার মধ্যে ঝাপটে আসে খোঁড়া পেত্তোদ।  
এতক্ষণ চুপচাপ শুয়েছিল বেঞ্চির রোদে। ডাকসাইটে ভিথিরি। মেজাজ সর্বসময়  
তিরিক্ষি থাকে তার। ভিথিরির কোথাকে এত রাগদাপট আসে কে জানে! সেই দাপটে  
সে এখন বিদ্রোহ মেশায়,—‘এদিকে বলবে আমাদের থাইয়ে সব নারায়ণসেবা করতেচে,  
পুণি হবে বাবুদের, ওদিকে দেবার বেলা শুনু খিচড়ি আর লাবড়া। মুতে দি অমন  
নারাণসেবার মুকে!’

সবিতা আবার হিহি হেসে ওঠে,—‘ও দাদু, এট্টু আগে সেই খিচড়িই তুই কিন্তুন  
গালভরে গিলে এসেচিস! ও দাদু....’

—‘ওই শেষ। আর যাবুনি। আর যাবুনি ওসব ছেনালপনায়। খেতি দেবে তো  
ভালো কিছু দাও, নইলে ব্যাস...’

একটু আগে তরংজেয়তির প্যাণেল থেকে পেটপুরে খেয়ে এসেছে সকলে।  
থালাবাটি ভরে নিয়েও এসেছে কিছু। ওদিকের বাবুরা আজ বেশ সকাল সকাল  
খাইয়ে দিয়েছে। ভরপেট মেজাজে তাই ঝটাপট প্রতিবাদ দানা বাঁধতে শুরু করে  
দেয় সকলের। প্রতিবাদ ক্ষমে রাগ হয়ে যায়,—‘ঠিক বলেচো। আমরা কেউ আর  
যাবুনি।’

দেখেওনে হাসকুটে সবিতাটাও আর হাসতে পারে না। অবাক চোখে তাকিয়ে  
থাকে খোঁড়া পেঞ্জাদের দিকে, —‘আমরা না খেলে তাদেরও তো আর ভগবান পুণি  
দেবে না, না দাদু?’

পুণি জিনিসটা যে কেমন, পেঞ্জাদও সঠিক জানে না। নিঃশব্দে নিজের শঙ্ক  
পেটে হাত বুলিয়ে যায় সে। বুলিয়েই চলে। আর তখনই কোথা থেকে আচমকা ফড়িং-  
এর মতো উড়ে আসে কঢ়ি আর নেলো। কঢ়ির বাপ গাঁয়ে থাকতেই মরেছিল। এক  
ফেঁটা ওই ছেলে কোলে শহরে চলে এসেছিল আমিনা। সেই মাতলার ওপার থেকে।  
বাবুদের বাড়ি বারকতক কাজও করেছে। তবে তার বড় হাতটান বলে কেউ বেশিদিন  
রাখে না। তাছাড়া এখানে আসার পর শরীরেরও বিবাম বিশ্রাম নেই তার। বছর বাদে  
বছর ছেলে আসছে কোলে। পাঁচপাঁচটা কঢ়িকাচা নিয়ে আমিনার ঘর যেন খরগোশের  
সংসার। নেলোটাই শুধু যা পেটের নয়—কঢ়ির পেছন পেছন কীভাবে একদিন এসে  
পড়েছিল। খরগোশের মা তাকেও ফেলে দেয়নি,— ঠাই দিয়েছে পলিথিনের ঘরে।

আমিনার সেই কঢ়ি নেলো দৌড়ে এসেই চিলচিংকার করতে থাকে। আটফাঁটা  
প্যাট কোমরে চেপে হ্যাহ্যাহ্যাপায়,—‘এই চল চল সব। বাবুরা আমাদের জন্য  
সব বসে আচে...’

—‘মরণ!’ গোলাপী ধমকে ওঠে, —‘বসে আচে তো আমাদের ইয়ে হয়েছে!  
অত চেলাস নি বাপ।’

—‘বাবে, বাবুরা যে বললে গে ডেকে নিআয়।’

—‘বলুক।’

—‘যাবি না তোরা?’

—‘না। বাবুদের গে বলে আয় অন্য কাঙালি ডাকুক। আমরা যাবুনি।’

—‘কেন?’

—‘কেন কী, যাবু নি,—যাবু নি।’

কঢ়ি নেলো ফ্যালফ্যাল তাকায়। এমন ধারার আজব কথা এই জীবনে প্রথম  
শুনছে। তবে শোনেই শুধু বোঝে না। কিম্বা বুবুতে চায়ও না। হাতের চেটোয় শিকনি  
মুছে পরম্পরাকে গোপন ইশারায় কী বলে। নেলো ছুটে নিজেদের ঝুপড়ি থেকে বাসন  
আনতে যায়,—‘তোর বাটি দুটো নে যাচি মাসি। খিচড়ি আনবো।’

—‘এই রাক, রাক বলচি!’ মা খরগোশ দাপদুপ ছুটে আসে। এতক্ষণ চোখটি  
বুজে শুয়েছিল চুপচাপ,—‘আমার বাটিতে মোটে হাত দিবিনি।’  
—‘অমন করতিচিস কেন?’ কচি নেলোর পক্ষ নেয়।  
—‘চুপ কর।’ আমিনা দাবড়ায় ছেলেকে,—‘অত নোলা কিসের, অঁ? এত্তু আগেই  
তো গাঁকগাঁক গিলে এলি।’

—‘তো কি? আর খাবুনি?’

—‘না খাবিনি।’ বদরি ছেলেদুটোর ডানা ধরে টান মারে,—‘আমরা কেউ আর  
নাবুদের নারাণসেবায় যাবুনি। মণ্ডা মেঠাই মাছ মাংস দিলি পর যাবো, নইলে আর  
শেনো শালারে পুণ্য করতে দিবুনি। এই আমাদের বিচার।’

ডাউন লাইনে একটা লোকাল ট্রেন এসে থেমেছে। মানুষ আর শব্দে সেকেশের  
জন্য আনন্দনা হয়ে যায় প্ল্যাটফর্মখানা। কচি নেলো সেই সুযোগটুকু হাতছাড়া করে  
না। পলকে বদরির হাত ছাড়িয়ে পালিয়ে যায়।

### প্রথম অংক : তৃতীয় দৃশ্য

কিশোরী হাসি মেখে মাথার ওপর শুয়ে আছে শরতের আকাশ। ঠিক শরতও নয়,  
শরৎ হেমন্তের মাঝামাঝি সময়। রোদের রঙ এসময় কাঁচা সোনা। এ রোদে গা ডোবাতে  
ভালো লাগে। তবে দাঁড়ানোও যায় না বেশিক্ষণ। শরীর ঘামে ভেজে। চামড়া জুলে  
ওঠে। সুরেশবাবু সেই রোদে দাঁড়িয়ে থাকতে থাকতে চিড়বিড়িয়ে উঠলেন,—‘পুঁত্তে  
ফেলবো! পুঁত্তে ফেলবো সব ক'টাকে! এত বড় আস্পদ্বা, বলে কিনা মাছ মাংস  
না দিলে আসবে না।’

একটু তফাতে কচি নেলো থমথমে মুখে দাঁড়িয়ে। পাড়ার পাঁচটা মানুষ ভিড়  
করেছে তাদের ঘিরে। ভিথিরির বাচ্চা দুটোর কথা শুনে সকলেই হতবাক। এমন  
বিটকেল কথা কে কবে শুনেছে! ভিথিরিয়া খ্যাটন বিফিউজ করছে! হ্যাঁ! নীরেনবাবু  
মাথা নাড়ছেন ঘন ঘন,—‘কী শুনছি মোয়াই? এরপর কোনদিন শুনবো মিনিস্টারো  
গদি চায় না... পুলিশ ঘৃষ চায় না... সরকারী কর্মচারী সব... এ তো ঘোর কলি মশাই।’

মটু কচির কাঁধে ঠেলা মারে,—‘তোদের এসব বোয়াবি কবে থেকে শুরু হলো  
রে—হ্যাঁ?’

অশোক হঙ্কার ছাড়ে,—‘নিশ্চয়ই কেউ শিখিয়েছে। আমি পরিষ্কার ফাউল প্লের  
গন্ধ পাচ্ছি। কিরে, পালের গোদাটা কে বল দেখি?’

—‘দেবো এক থাপ্পড়...’

কচি নেলো যুগলে কেঁদে ফেলে। অশোক অবিরাম জেরা করে চলে।

শ্যামল বলে,—‘ওভাবে হবে না। ল্যাম্পপোস্টে বাঁধ দুটোকে।’

কচি নেলোর গলা নিংড়ে উৎকট কিছু শব্দ বার হয়। তরুণ বলে,—‘বুঝে গেছি।  
এসব শালা তরুণজ্যোতির প্ল্যান। আমাদের ডাউন দেবার জন্য ওদের সাতসকালে  
ডেকে খাইয়ে দিয়েছে।’

শ্যামল ধাক্কা মেরে ফেলে দেয় ছেলেদুটোকে,—‘কুছ পরোয়া নেই। আমি যেখান থেকে পারি ভিথিরি ডেকে আনছি। আমাদের কাঙালি ভোজন আজ হবেই। এ শালা শুধু সুরেশদার নয়, এ আমাদের চিরসবুজের প্রেসিজের সওয়াল।’

বলতে বলতে ভিড় ঠেলে এগোয়। তাই দেখে সুরেশবাবু আচমকা ভেঙে পড়েন,—‘অন্য জায়গা থেকে ভিথিরি আনলে আমার যে হবে না শ্যামল। মা আমাকে স্বপ্নে বাবার ওই স্টেশনেরগুলোকেই যে দেখিয়েছিলেন।’

‘আশচর্য!’ শ্যামল গজগজ করে,—‘আপনাকে তো অন্য ভিথিরি ডাকতেই হতো সুরেশদা। আয়োজন করেছেন একশ জনের। অত আপনার স্টেশনে নেই।’

—‘তা হোক’ সুরেশবাবু শ্যামলের হাত চেপে ধরেন, ‘যে উপায়ে হোক তুই ওদেরই ডেকে নিয়ে আয় ভাই।’

—‘শুনছেন তো ওরা আসবে না।’

—‘তবু তোরা যা।’ সুরেশবাবুর গলা ধরে আসে, —‘ওদের গিয়ে বল এখন তো মাছ মাংস হয়ে উঠবে না। তার বদলে সকলকে দুটোকা করে ক্যাশ দেবো... ...’

ছেলেরা পরম্পর মুখ-চাওয়াচাওয়ি করে। কচি নেলো তৎক্ষণাতে উত্তর্ঘাসে দৌড় লাগায়। দুরস্ত গতিতে পৌছে যায় স্টেশন-চতুরে। বিজ্ঞ পেহুদ খুঁটিয়ে খুঁটিয়ে বৃত্তান্ত সব শোনে। তারপর অঙ্গুত রায় দেয়,—‘দু ট্যাকায় হবেনি। বাবুদের গে বল, কম করে পাঁচটা করে ট্যাকা দিতে হবে। সকলকে। তবেই যাবো, হাঁ।’

এ পক্ষের দুরকষাক্ষি শুনে ও-পক্ষ রাগে ফাটে। তরণজ্যোতি নির্ধাৎ কলকাঠি নাড়ছে পেছনে। হাতকাটা পল্ট বনবন চোখ খোরায়,—‘আপনি শুধু একবার মুখের কথা খসান দাদা, হকুম দিন, ভাসানের পর তরণজ্যোতিকে দূরমুশ করে দিই।’

—‘সে দেখা যাবেখন।’ সুরেশবাবু বড় কষ্টে সামলান নিজেকে। এমন অসহায় অবস্থায় আর কখনও পড়তে হয়নি তাঁকে। দশাসই মানুষটা ক্রমশ কেমন নিজীব হয়ে পড়েন। মনে হয় তেমন ভাবে দাবি করলে হয়তো দশ টাকাতেও রাজি হয়ে যেতেন।

### দ্বিতীয় অংক : প্রথম দৃশ্য

রাত গভীর। ভাসানটাসানের পালা নির্বিশ্বে চুকে গেছে। সারাদিনের ঝান্সি মেখে সুরেশবাবু অনেকক্ষণ শুয়ে পড়েছেন বিছানায়। বড়ই ধকল গেছে আজ—শরীরের ওপর, মনের ওপর। তবু কেন যে ঘূম আসে না! ডানলোপিলোর গদিতে শুধুই এপাশ ওপাশ করতে থাকেন। অতগুলো টাকার পরেও করকরে দেড়শোটা টাকা বেরিয়ে গেল। তা যাক। ব্রহ্মময়ীর যেমন ইচ্ছা। ভাবতে ভাবতে চোখ খোলেন। বোজেন। আবার খোলেন। কান খাড়া করে কিসের যেন প্রতীক্ষা করেন। পল্টুরা এত দেরি করছে কেন? আর কখন... ...?’

—‘কিগো ঘূম আসছে না? চুড়ি বামবামিয়ে গায়ের কাছে সরে এসেছেন স্ত্রী। সুরেশবাবু ফোঁস করে শ্বাস ফেলেন।

—‘এবাব একটু ঘুমোবাব চেষ্টা করো। যা হবাব তা তো হয়েই গেছে।’  
সুরেশবাবু ফোস ফোস শাস ফেলেন।

—‘সত্তিই, হাড়হাভাতেগুলো কী বাড়াই না বেড়েছে! এবাব আসুক ভিক্ষে  
চাইতে, কুকুর লেলিয়ে দেবো!’

সুরেশবাবু এবাবও কোনো কথা বলেন না। তাঁৰ হয়ে উত্তৰ দিয়ে দেয় বিকট  
একটা শব্দ একটু দূৰে, মনে হয় ওপাড়া থেকে। প্রথমে একটা ফাটে, তাৰপৰ  
আৱেকটা। আৱও আৱও। মুহূৰ্মুহূ শব্দে বোমা আছড়ে পড়তে শুক কৱেছে বাইৱে।  
সুরেশবাবুৰ স্ত্ৰী চমকে উঠে বসেন বিছানায়,—‘ওপাড়াৰ সঙ্গে আবাৰ লাগলো বোধহয়!  
ওগো, কি হবে?’

এতক্ষণে সুরেশবাবুকে ভাৰি শাস্তি দেখায়। ধীৱেসুস্থে নামেন বিছানা থেকে। স্ত্ৰী  
কানে হাত চাপা দিয়েছেন,—‘নিশ্চয়ই এ তোমাৰ পল্টুৰ কাজ। ছি ছি, আজকেৰ দিনেও  
এমন মাৰদঙ্গা! ওফ্ৰ!’

ৱাতি ফুঁড়ে বিকট উল্লাস দাপিয়ে বেড়াচ্ছে চাৰদিক। সুরেশবাবু স্থিৰ দাঁড়িয়ে থাকেন  
কিছুক্ষণ। এৱপৰ যে কী কৱণীয়? কী? কী? ভাৱতে ভাৱতেই ইথাৰ তৰঙ্গে ইচ্ছাময়ীৰ  
নিদেশ এসে যায়। বড় আলো জ্বালিয়ে ঘৰ ছেড়ে চটপট প্যাসেজে আসেন। স্ত্ৰী আৰ্তনাদ  
কৱে ওঠেন আয়,—‘কোথায় যাচ্ছ তৃমি এখন? এই, বাইৱে বেৰোচ্ছ নাকি?’

—‘আহ, চুপ কৱো তো একটু।’ সুরেশবাবু নিচু গলায় ধমকান মহিলাকে,—  
‘কোথায় আবাৰ যাবো? ফোন কৱতে যাচ্ছি।’

—‘কাকে?’

—‘ও সি উজবুকটাকে ডেকে লাভ নেই। ডিসিকে পাই কিনা দেখি।’

—‘কেন?’

—‘কেন আবাৰ? এখখনি ফোর্স পাঠাতে বলতে হবে।’

—‘তাহলে তোমাৰ ছেলেৱাও সব ধৰা পড়ে যাবে যে।’ গোলগাল ভালোমানুষ  
মহিলাটিৰ গলা কেঁপে ওঠে,—‘ওৱা তোমাৰ জন্য কত কী কৱে... ...তোমাৰ পঞ্জোতে  
এত খাটলো... ...পল্টু শ্যামল তোমাকে ভগবানেৰ মতো... ..’

—‘তৃমি ঘুমোও তো গিয়ে। সব ব্যাপারে নাক গলাতে এসো না।’ সুরেশবাবু  
ড্রয়িংৰমেৰ আলো জ্বালান। পেছন পেছন চলে আসেন স্ত্ৰীও। দৱজা ধৰে একদৃষ্টে  
দেখেন প্ৰতাপশালী স্বামীকে। দৃষ্টিতে বিশ্যয়। দৃষ্টিতে আতঙ্ক।

—‘কী দেখছো হাঁ কৱে? বললাম তো শুয়ে পড়ো?’ সুরেশবাবু রিসিভাৰ হাতে  
তুলে গাল ছাড়িয়ে হাসেন। বড় শাস্ত্ৰিৰ হাসি। সারাদিন পৱ। এই প্ৰথম,—‘কাল দুপুৰেই  
ওদেৱ আমি ছাড়িয়ে আনবো, হলো তো?’

—‘তাহলে ধৰাচ্ছা কেন?’

—ধৰাচ্ছি কেন? সুরেশবাবু ঘৰ ফাটিয়ে হেসে ওঠেন, —‘এই জন্যই বলে  
মেয়েছেলেদেৰ বাবো হাত কাপড়েও কাছা হয় না... ...হা হা হা...’ বলতে বলতে  
ভায়াল ঘোৱান,—‘ইজ্জত বাড়বে গো, ইজ্জত। যতটা খুইয়েছি ততটাই ফিৰে পাব।  
তৱণজ্যোতিৰ ছেলেগুলোও এবাব থেকে পোষা কুকুর হয়ে যাবে, বুঝলে?’

সুরেশবাবুর স্তু কিছুই বোঝেন না। তবু কেন যে ঠোঁটের ফাঁকে হাসি ফুটে  
ওঠে তাঁর! শ্রদ্ধা গদগদমুখে তাকিয়ে থাকেন সর্বশক্তিমান স্বামীটির দিকে।

### দ্বিতীয় অংক : শেষ দৃশ্য (যবনিকা)

আমিনার ঝুপড়ির পেছনে, গোটা একটা যুবতী শরীর ছুঁয়ে থেকেও বার বার অন্যমনস্ক  
হয়ে যাচ্ছে ভজন। হায় ভগবান, শঙ্করীটা বাবুদের মারপিটের মধ্যে পড়ে গেল না  
তো? মেয়েছেলেটা আজও গেছে ভাটিখানার দিকে। বারণ শোনেনি। প্রায় রাতে ওখান  
থেকে দু'পাঁচ টাকা রোজগার করে আনে। স্বামীকে স্বামী বলে মানিই করতে চায়  
না। রাঁধাবাড়ির কাজটাও করে না আজকাল। ভজনকেই সামাল দিতে হয় সবকিছু।  
লোকের বাড়ির কাজেও লাগানো যায় নি শঙ্করীকে। আটাত্তরের বন্যার পর এদিকে  
এসে ভজন দু'চারদিন কাজটাজ খুঁজেছিল। পরে দেখলো শঙ্করীর কথাই ঠিক। ভিক্ষেতে  
পয়সা বেশি। খাটলে অত হয় না। সব থেকে বেশি পয়সা আসে... ...ভজন টেক  
গিললো। সাবাদিন ঘুরেফিরে সন্ধায় শঙ্করী টেনে চুল বাঁধে। কোথথেকে একখানা  
সিঙ্কের শাড়ি পেয়েছিল, রাত বাড়লে বাহার দিয়ে পরে নেয় সেখান। চোখে কাজল  
টানে। কপালে টিপ। তারপর টুকটুক চলে যায় ভাটিখানার দিকে। গরিবগুরবো  
মেয়েগুলোর ইদানীং ওদিকেই বেশি টান। বিকেলে সদ্য পাঁচপাঁচটা টাকা হাতে থাকায়  
ভজনের মেজাজ দিয়ি ফুরফুরে ছিল। ফোকটের টাকায় কার না আনন্দ হয়। পেটে  
ক্ষিধে নেই, হাতে কাঁচা টাকা, এর বেশি আর কিছু বাই চাই মানুষের? ভজন তাই  
সোহাগ করে বলেছিল—‘এখন দুদিন জিরিয়ে নে না। তোর বড় ধক্কল যায়। পাঁচ  
পাঁচ দশটা ট্যাকায় দু'তিন দিন তো চলে।’

আসলে ভজনের সাধ ছিল শঙ্করী অস্তত আজকের রাতটা কাছে থাকুক তার।  
বহুকাল পর। শঙ্করী পাত্তা দেয়নি। ঝামটা দিয়ে উঠেছিল,—‘আমার ট্যাকার দিকে মোটে  
নজর দেবে না। ও ট্যাকাতে ছিটের বেলাউজ কিনবো আমি।’

ঝামাবাম শব্দ করে রাতের মালগাড়ি যাচ্ছে দুলে দুলে। সেই শব্দকে চুরমার  
করে ফেটে পড়ছে বাবুদের মারণবোমা। ভজন সরে এলো আমিনার পাশ থেকে।  
কথায় কথায় সাঁওয়ের বেলা কী ঝাগড়টাই না করলো শঙ্করী! ভজন বুঝি বলেছিল,  
—‘এই তো সেদিন বেলাউজ কিনলি, আবার একটা কিসের?’

—‘সে খোঁজে তোমার দরকার কী?’ শঙ্করী ফুঁসে উঠেছিল।

—‘দরকার আচে লিশয়। তুই বেলাউজ কিনলে আম্বও পাঁচ ট্যাকা দে ফৃতি  
মারবো। তোর থেকে সৌন্দর মেয়েছেলের কাছে যাবো।’ চটজলদি জবাব দিয়েছিল  
ভজনও।

—‘যা না তাইলে। উই তো তোদের সুহাগী আমিনা কখন থেকে চট বগলে  
ঘূরতেচে—সিখেন যা।’

—‘যাবোই তো।’

ভজন উঠে বসলো সোজা হয়ে। আমিনা তখনও মাটিতে গড়াচ্ছে,—‘কী হলো  
গো?’

—‘বাবুদের জোর মারপিট নেগেচে রে।’

—‘লাঞ্চক। ও তো রোজ রাতের খেলা।’ আমিনা হাত বাড়িয়ে টানলো ভজনকে।

ভজন নিশ্চল।

—‘ইদিকে আয়।’ আমিনার গলায় হিসহিসানি।

ভজন মুখ ঢাকলো দৃঃহাতে,—‘তোর ছাওয়াল কাঁদতেছে। থামাবিনি?’

—‘কাঁদুক।’ সাপের মতো পিছলে আসছে আমিনা,—‘পেট আজ ভরা আচে। বেশিক্ষণ কাঁদবেনি।’

—‘তবে বোধহ্য বোমা শুনে ভয় পায়।’

—‘আহা, ও আবাজ ওরা লতুন শুনছে নিকি?’ তবু শেষ পর্যন্ত উঠেই দাঁড়ায় ভজন। লুঙ্গির খুঁট থেকে পাঁচ টাকার নেটখানা খুলে গোমড়ামুখে বলে,—‘তিন ট্যাকা ফেরত দে।’

আমিনা পলকে লাফিয়ে উঠেছে। পারলে বুঝি ছোবল মেরে শেষ করে দেয় মানুষটাকে। গলা কাঁপছে প্রেতিনীর মতো,—‘বুইচ। তুই এখন তোর মাগ খুঁজতে যাবি! তা অ্যাতই যখন পিরিত, আমার কাচে আসা কেন, অ্যাঁ?’

ভজন চুপ। আমিনা শুন্যে উড়িয়ে দেয় সবুজ নেটখানা,—‘আহারে, কী সুহাগের মরদ! যা ভাগ,—ভাগ এখান থেকে। টাকার গরম আমিনারে দেকাতে আসবিনি, বুইলি?’

ভজন উধৰশাসে ভাটিখানার দিকে ছোটে।

বাতাস ক্রমশ শীতল হচ্ছে। মাথার ওপর একবাশ তারা পুজোপ্যাণ্ডেলের আলোর মতো খেলা দেখিয়ে চলেছে একটানা। ফটাফট জ্বলছে নিভছে। আকাশের চাঁদোয়ার নিচে শুয়ে সেই মুহূর্তে লতিফ মাতৃকে বলে,—‘তুই আমারে নিকে করবি?’

মাতৃ বাতাসের মতো বিরবির হাসে। লতিফ টেরও পায় না কথার ফাঁকে কখন তার খুঁট থেকে পাঁচ টাকার নেটটা খুলে নেয় মেরেটা। সরে শোয়। লতিফ হাত বাড়ায়,—‘কাচে আয়।’

মাতৃ কথা ঘোরাবার চেষ্টা করে,—‘বাবুদের আবার দাঙ্গা নেগেচে গো।’

—‘নেগেচে তো নেগেচে, তুই সরে যাস কেন?’

মাতৃ জোর করে চেঁটে হাসি ফোটায়। আঁচল পিঠে চেপে চিৎ হয়ে শোয়। পিঠের নিচে টাকাটা খচমচ করতে থাকে।

লতিফ অঙ্ককারে দাঁত ছড়ায়,—‘তোরে নিয়ে আমি ঘর বাঁধবো ঠিক।’

লতিফের হাত আলতো করে সরিয়ে দেয় মাতৃ,—‘এটু সবুর কর। ছেলেটা কাঁদে। আমিয়ে আসি।’

—‘চটপট আসবি।’

মাতৃ সাবধানে ওঠে। বোমার শব্দে ঘুম ভেঙে গেছে অনেকেরই। চারদিকে চাপা শুঁজন মানুষের। ঝুপড়িতে টোকার মুখে কি ডেবে মাতৃ থমকে দাঁড়ায়। নরম সরে বলে,—‘সকালে বেরুনোর আগে খিচড়ি খেয়ে যাস।’

লতিফ ততক্ষণে টের পেয়ে গেছে। প্রেম ভুলে হাত-পা ছুঁড়তে শুরু করেছে

সে,—‘এই মাতৃ, এই হারামজাদি, দে বলছি! দিয়ে যা আমার ট্যাকা!’

—‘কিসের ট্যাকা?’

—‘জানিস না যেন, ন্যাকা! আমার নুঙ্গির খুঁটে ছিল... ...’

—‘তার আমি কি জানি?’

—‘ফের মিছে কথা! চোর... ... ছেনাল... ...’

লতিফের চিলচিকার আঁধার কাঁপিয়ে বেড়াচ্ছে। সবিতার তন্দ্রাটুকুন ভেঙে যায়। বেঞ্চিতে উঠে বসে ঘুমচোখে প্রথমটা সে কিছুই বুঝতে পারে না। জোরে চোখ ডলে। উকুন চুলকোয়। ঘোর কালো বাত ডুবে আছে আবছা কুয়াশায়। গোপন ভয়ের মতো বাতাসে হালকা বারুদের গন্ধ। ঝাঁকুনি দিয়ে মাথা তোলে। আকাশ নেই। মাথা জুড়ে করোগেটো ছাদ। স্টেশনের বাতিগুলোকেও স্পষ্ট দেখতে পায় না সবিতা। খোঁয়াশার আড়ালে সবই যেন অনেক দূরের। কান খাড়া করে সে শুধু উঁচুনিচু নানান শব্দ শোনে। কোনো শব্দেরই মানে খুঁজে পায় না। বেঞ্চির পাশে কঢ়ি নেলো। তাদের কথাও কানে আসে।

কঢ়ি বলে,—‘বাবুদের কেন মারপিট নেগেচে আমি জানি।’

নেলো বলে,—‘আমিও জানি।’

—‘কেন বল দিকি?’

—‘ও পাড়ার বাবুরা আমাদের আজ আগে খেইয়ে দেছে। তার জন্য আমরা এ পাড়ায় যেতি চাইনি, তাই।’

—‘ধূস! ওই আংটিবাবুটাকে পুণ্যির জন্য আমাদের পাঁচ ট্যাকা করে দিতি হলো, তাই।’

—‘কী করে জানলি?’

—‘তারা তখন বলছিল, শুনিস নি?’

—‘হিহি হিহি! পুণ্যির জন্য বাবুরা কত কী করে! হিহি!’

—‘চূপ কর। বাবুদের ব্যাপার তুই কী বুজিস বে?’

—‘বুজি। সব বুজি।’

—‘তবে বল দেখি পুণ্যি কাকে বলে?’

—‘কাকে আবার! এই যে বাবুরা ক্যাঙ্গলি খাওয়ায়, ট্যাকা দেয়—এসব হল পুণ্যি।’

—‘আব পাপ?’

—‘পাপ?’ নেলো মাথা চুলকোয়।

—‘পারলি না তো?’

—‘কিই?’

—‘হই যে মাতৃ লতিপের ট্যাকা চুরি করেচে, সেইটে হলো পাপ।’

কঢ়ি নেলো পাশাপাশি শুয়ে বকবক করেই চলেছে। বুঝি রাতভর পাপপুণ্যের ঠিকানা খুঁজে চলবে। সবিতাকে হঠাৎ বড় শীতে ধরে। হাঁটু মুড়ে কুঁকড়ে মুকড়ে শোয়। তীব্র ডাকে চতুর্দিক তোলপাড় করে ঠিক তখনই দূরপাল্লার গাড়িটা স্টেশন

মাড়িয়ে ছুটে চলে যায়। তীক্ষ্ণ হাইসিলে চাপা পড়ে যায় যাবতীয় আওয়াজ—বাবুদের বোমাবাজি, মাতৃ-লতিফের ঝগড়া, কচি নেলোর জিজ্ঞাসা, উত্তর। কুকুরের গোঙানি। মানুষের নিশাস। সবিতার ঢেকে ঘূম নামতে থাকে। নতুন করে আবছা ঘূমে তলিয়ে যেতে যেতে বোকা মেঘেটা টেরও পায় না পৃথিবীর সমস্ত কথা আর শব্দগুলো কখন নিঃশব্দে তারই বুকে ঢুকে পড়েছে। অকারণেই। কার্তিকের কুয়াশার মতো রহস্যময়। ধূসর।

আমিনার মতো রাত্রির নিশাসও ধীরে ধীরে ভারি হয়ে আসে।

## উটপাখি

জীবনে প্রথম এ ধরণের আজগুবী কথা শুনল কল্যাণী। ঘরে ফিরে বেশ কিছুক্ষণ নাড়াচাড়া করল শব্দকটাকে নিয়ে। আজ হঠাত এমন একটা কথা জিজ্ঞাসা করল কেন মানুষটা ? এমনি এমনি ? না মনে কোন কৃচিত্তা আছে ? ‘কৃচিত্তা’ শব্দটা কারেণ্ট মারার মত ঝন্ঝনিয়ে দিল সারা শরীর। মানুষটার শেষ পর্যন্ত এই ছিল মনে ? না, না। তাই বা কি করে হয় ? তেমন মানুষ তো নয় সে। তবে ? কি জানি বাবা ! পুরুষের মন কখন যে কি মতলবে থাকে !

অনেকক্ষণ উদাসভাবে জানালার ধারে দাঁড়িয়ে থাকে কল্যাণী। হামাগুড়ি দিয়ে অঙ্ককার গুটি গুটি ঢুকে পড়ছে ঘরের ভেতর। কার্তিকের বিকেল। রোদ নরম হওয়ার আগেই গলতে শুরু করে। গলে গলে মিশে যায় কাঁচা অঙ্ককারের গায়ে। পূর্বমুখো ঘরের সামনে একফালি বারান্দা। সকালের রোদ বারান্দাতেই থমকে থাকে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে দিন শুকিয়ে ফ্যাকাশে মেরে যায় ঘরের ভেতর। এদিকের জানালাদুটোর পর্দা তুলে রাখলে দু'ফালি আকাশ তবু যা হ'ক ছিটে-ফেঁটা আলো ছিটিয়ে দেয়। পর্দাও আবার সবসময় তুলে রাখা যায় না। পাশেই খাটাল। গোয়ালাঙ্গলো খড়ের ছাউনি তুলে ওখানেই ঘরদোর বানিয়ে নিয়েছে।

খাটালের দিক থেকে একবাঁক মশা হঠাত সানাই বাজিয়ে ঢুকে পড়ে ঘরের মধ্যে। কল্যাণীর চমক ভাঙে। রোজই এ সময়ে সে ঘরে ধূনো দেয়। ঠাকুরের আসনে সন্ধ্যাবাত্তি জ্বালে। ছেলেমেয়ে দুটোও ফিরবে এবার। উন্ননে আঁচ পড়বে। এককাঁড়ি রংটি করতে হবে এখন। পর্দা নামিয়ে বারান্দায় আসতে আসতে একরাশ কাজের ভাবনা তার চিন্তাকে আলুথালু করে দেয়। বিমধরা মেজাজে সে উন্ননের খোলে জ্বলন্ত কাগজ পুরতে থাকে। একটু পরে ধোঁয়া ছুটবে গলগলিয়ে। ওই মানুষটার ঘরের সামনে দিয়েই তাকে যেতে হবে উঠোনে উন্নন নামাতে। মুহূর্তে মনস্থির করে নেয় সে। না, মানুষটার সঙ্গে আর বেশি মেলামেশা করাটা ঠিক হবে না। বাপীর বাবা জানতে পারলে কুরক্ষেত্র হয়ে যাবে।

রাখাল রোজকার মতই সন্ধের মুখে বাড়ি ফেরে। সার্টের বোতাম আলগা করতে করতে বলে, ‘আজ, বুবালে, খুব একচোট হয়ে গেছে বড়বাবুর সঙ্গে !’

বাপী আর বেবি মেঝেতে ছড়িয়ে বসে লেখাপড়া করছিল। বাবার ফুরফুরে মেজাজ দেখে তারা নড়েচড়ে বসে।

‘শালা তেলুয়া। অফিসারকে তেল মারতে রোজ শালা এগারটাৰ মধ্যে খাতা ভেতরে পাঠিয়ে দেবে।’

কল্যাণী চিমনির কাঁচ পরিষ্কার করছে। আজ শুক্রবার। ঠিক দশটায় কারেণ্ট যাবে। অন্যান্য দিন এসব কথার পিঠে সে কিছু বলে না। চুপচাপ শুনে যায়। আজ একটু বেশি উৎসাহের সঙ্গে স্বামীর কথায় তাল দিয়ে ওঠে, ‘কেন, তোমাদের বড়বাবুৰ চোখ নেই ? বাস্ট্রামের কি অবস্থা টের পায় না ?’

ରାଖାଳ ଏମନିତେଇ ବାଡ଼ି ଏସେ ଅଫିସେର ଗଲ୍ଲ କରତେ ବେଶି ଭାଲବାସେ । ଏଥିନ କଲ୍ୟାଣୀର କଥାଯ ପରମ ମେଜାଜେ ପିଠ ଚଲକୋଯ, ‘ଏହି କେ ବଲେ ! ଆଜ ତୋ ଏହି ନିଯେଇ ଅଫିସେ ଦାରୁଣ ଫାଟାଫାଟି । ଶୁଯୋରେର ବାଚଟାକେ ବେଶ ଏକଚୋଟ ଦିଯେଛି । ଆର ଶାଲା ଆମାର ପେଛନେ ଲାଗତେ ଆସବେ ନା !’

ବାପୀ ବେବି ଥିଲାଥିଲିଯେ ହାସେ । ରାଖାଳ ହଠାଂ ଯେନ ସଚକିତ ହୟ, ‘ଆଇ, ତୋରା କି ଶୁଣିସ ହାଁ କରେ ? ପଡ଼—ପଡ଼ାଶୁନୋ କର !’

କଲ୍ୟାଣୀ ବାରାନ୍ଦୀଯ ଯାବାର ଆଗେ ଘାଡ଼ ଘୋରାଯ, ‘ପଡ଼ାଶୁନୋ ମନ ଆଛେ ଓଦେର ? ସାରଦିନ ଶୁଧ ଖେଳା ଆର ଶୟତାନି !’

ବାପୀ ଭୟେ ଭୟେ ବଲେ, ‘ଅଞ୍ଚଟା ବୁଝାତେ ପାରଛି ନା ବାବା । ଜେହିର କାହେ ଯାବ ?’

‘ନା !’ ଗମଗମିଯେ ଓଠେ କଲ୍ୟାଣୀର ଗଲା, ‘କୋଥାଓ ସେତେ ହବେ ନା । ସରେ ବସେ ପଡ଼ୋ । କୋନୋ ଆଦାର ନୟ !’

ରାଖାଳ ଅବାକ ମୁଖେ ତାକାଯ, ‘କେନ, ଯାକ ନା ! ଶିବେନଦା ତୋ ଏକା ଏକାଇ ଶୁଯେ ଆଛେ ମନେ ହଲ !’ ତାରପର କି ମନେ ହତେ ଗଲା ନାମାଯ, ‘ଟାକାଟା ବାଡ଼ାନୋର କଥା ବଲେଛିଲେ ? ନାକି ଭୁଲେ ଗେଛ !’

କଲ୍ୟାଣୀର ବୁକେ ଏକବୀକ ଚଢୁଇ ପାଥି ଦାପାଦାପି ଶୁରୁ କରେ ଦେଇ । କି ଅନ୍ତୁତ ବ୍ୟାପାର ! ମାନୁଷଟାର ନାମ ଶୁଣିଲେଇ କେନ ଯେ କାପନ ଧରଛେ ଶରୀରେ ? ଏକା ସରେ ଶୁଯେ ଆଛେ । ତାର ମାନେ ଆଜ ଛାତ୍ର ଠେଙ୍ଗାତେଓ ବେରୋଯ ନି । ଏସବେର ମାନେ କି ?

ବାବାର କାହେ ଅନୁମତି ପେଯେ ବାପୀ ବେବି ଦୁଜନେଇ ବେରିଯେ ଗେଛେ ଛୁଟେ । ରାଖାଳ ପାଯାଖାନାଯ ଢକେଛେ । ଚାଯେର ଜଲ ଚାପିଯେ ଅନ୍ୟମନ୍ସ ଭାବେ ବସେ ଥାକେ କଲ୍ୟାଣୀ । ଜଲ ଫୁଟେ ବାଞ୍ଚ ବାର ହୟ । ରଙ୍ଗଟିଟି ଶେଷ କରେ ଉନ୍ନିନେ ଶୁନ୍ଦୋ କଯଳା ଦିଯେଛିଲ । ଗନଗନେ ଆଁଚ ଚାପା ପଡ଼େ ଈସ୍‌ସ ଉଷ୍ଣ ହଲକା ଗରମ ନିଶାସେର ମତ ମୁଖେ ବୁକେ ଉଭାପ ଛଡାଯ । କଲ୍ୟାଣୀ ତଥନ ପ୍ରାୟ ପାଲିଯେଇ ଏସେଛିଲ ମାନୁଷଟାର କାହ ଥେକେ । ସେହି ଥେକେ ବୁକେର ବିଶ୍ରୀ ଦାପାନିଟା କିଛୁତେଇ କମଛେ ନା । ଛି ଛି, ଏସବ କି ଶୁରୁ ହଲ ତାର ମନେର ଭେତର ? ସରେଫିରେ ବାର ବାର ସେହି ଏକ ଅସତୀ ଚିନ୍ତା ! କି ଅନ୍ତୁତ ପ୍ରଶ୍ନ—‘କଲ୍ୟାଣୀ, ତୁମ ଖୁବ ସୁଖୀ, ତାଇ ନା ?’ ବଲାର ସମୟ କେମନ ଯେନ ଶୁକଣୋ ଦେଖାଇଲ ମାନୁଷଟାକେ । ଥମକେ ଦାଁଡ଼ିଯେଛିଲ କଲ୍ୟାଣୀ, ‘ହଠାଂ ଏକଥା ଜିଜ୍ଞାସା କରାଛେନ କେନ ଦାଦା ?’

‘ଏମନି । କଦିନ ଧରେଇ କଥାଟା ତୋମାଯ ଜିଜ୍ଞାସା କରବ ଭାବଛିଲାମ !’

‘କେନ ?’

‘ତା ତୋ ଜାନି ନା । ତୋମାଯ ଦେଖେ ମାବେ ମାବେ ଏ ପ୍ରଶ୍ନଟା ଜାଗେ ଆମାର !’

କି ରକମ ଅପରିଚିତ କଥା ସବ । କଲ୍ୟାଣୀକେ କୋନଦିନ କେଉ ଏମନ ଧରଣେର କଥା ଜିଜ୍ଞାସା କରେ ନି । କେମନ ଯେନ କେତାବି କେତାବି ! ଅତ ବଡ଼ ବଡ ସବ କଥା କୋନଦିନ ଭାବାତେଓ ଶେଖେ ନି ମେ । କଦିନ ଆଗେ ସିନେମା ଦେଖାତେ ଗିଯେ ଓରକମଇ ଏକଟା ଦୃଶ୍ୟ ଦେଖେଛିଲ ମେ ଆର ପାଶେର ସରେର ମଞ୍ଚର ମା । ଉତ୍ତମକୁମାର ମନେ ମନେ ସୁଚିତ୍ରା ସେନକେ ଭାଲବାସେ । ସୁଚିତ୍ରା ଏକଟା ଫୁଟଫୁଟେ ଛେଲେର ମା । ସାମୀ ଖୁବ ବଡ ଅଫିସାର । ଗାଡ଼ି ଆଛେ । ବାଡ଼ିଘର ଛୁବିର ମତ ସାଜାନୋ । କତ ଆସବାବ ! କି ଆଲୋବାତାସଓଯାଲା ବଡ ବଡ ସର ସବ ! ଦାମୀ ଦାମୀ ପର୍ଦା ଝୁଲଛେ । ସୁଚିତ୍ରା ପ୍ରକାଣ ଏକଟା ଝକଝକେ ଥାବାର ଟେବିଲେ ଏକା

একা বসে আছে। গা-ভর্তি গয়না। ঝলমলে দামী শাড়ি। উত্তম শিবেনদার মতই দুঃখী দুঃখী মুখে জিজাসা করেছিল,—‘তুমি খুব সুখী, না?’

সদ্যদেখা ছবি। এখনো মনে দাগ আছে। কল্যাণী চোখ বাঁজে নিজেকে সুচিত্তা সেনের জায়গায় বসিয়ে ফেলে। শিরশির করছে শরীর। দুর! সিনেমা কখনও সত্য হয় নাকি? শিবেনদাও কি বইটা দেখে এসে এসব বলল? কি বোকা মানুষটা! ওসব সিন, ওসব কথা সিনেমাতেই মানায়। কল্যাণী ওভাবে ভাববে কি করতে?

‘কিগো চা দেবে না?’ রাখাল পায়খানা থেকে বেরিয়ে বিবিধ-ভারতী চালাল, —‘তোমার মুখটা শুকনো শুকনো লাগছে কেন? শরীর খারাপ?’

‘না তো!’ কল্যাণীর চোখ ছলছল করে ওঠে।

রাখাল রেডিও বাড়িয়ে দেয়। মনমেজাজ আজ তার কিছু শরিফ আছে। একটা এরিয়ারের বিল অনেকদিন ধরে পড়েছিল। আজ পাওয়া গেছে। ভূপেনরা ভীষণ ধরেছিল মাল খাওয়ানোর জন্য। খুব জোর এড়ানো গেছে। রাখাল খুব হিসেবী। সে জানে গেরমানুষের রোজ রোজ অত শখ করা ভাল না। শখের জিনিস এক-আধিনিই ভাল।

শখের কথা মনে হতে সে গলা ঢিয়ে কল্যাণীকে ঢাকে, ‘এই, কাল সিনেমা দেখতে যাবে?’

‘কি বই?’

‘চলো, কালই মেরে আসি। মহুয়ায় চলছে। সবাই বলছিল দারুণ বই! জমাটি বেড়সিন আছে।’

‘তোমার খালি ওই সব!’ কল্যাণী হেসে ফেলে।

‘নয়ত কি?’ রাখাল হ্যাহ্য করে হেসে ওঠে, ‘ও সব ছাড়া দুনিয়ায় আর কিছু আছে নাকি? মেয়েছেলেদের যে ভগবান কি দিয়ে গড়েছে?’

কল্যাণীর মনের মেঘ সরে যাচ্ছে একটু একটু করে। এই তো সুখ! একেবারে তার হাতের মঠোয়। নিশ্চয়ই সুখী সে। এমন স্বামী, সংসার, ছেলেমেয়ে। শিবেনদা মিছিমিছিই তাকে ভাবনায় ফেলেছে। না চাইতেই কত কি যে পেয়ে যায় সে! এর বেশি আর কি দরকার জীবনে? হে ভগবান, আমার মনের পাপ দূর করে দাও। কল্যাণী আদুরে বেড়ালের মত রাখালের গা ঘেঁষে বসে, ‘এই জান, ও-পাড়ার খোকা মিত্রির আছে না, সেই যে গো যার বউকে তোমরা হেমামালিনী বলো, সে না পাশের বাড়ির কমলের সঙ্গে পালিয়েছে।’

রাখালের চোখ চিকচিক করে ওঠে, ‘তাই নাকি? তুমি কোথথেকে শুনলে?’

‘পাশের ঘরের দিনি বলছিল।’

‘অত সুন্দর মেয়েছেলেকে রাতদিন পেটালে সে পাথী কি আর থাকে? খোকা মিত্রিটা তো পাঁড়মাতাল।’

‘ম্যাগোঁ! কল্যাণীর মুখচোখ ঘে়ায় বেঁকেচুরে যায়! ‘স্বামী মারে বলে আরেকজনের সঙ্গে ভাগতে হবে? ধম-টম্ব কি সব রসাতলে গেছে? অমন মেয়েদের মুখে থৃত ফেলা উচিত।’

‘আরে দূৰ! ধম্ম বলে আৱ কিছু আছে নাকি? আমাদেৱ অফিসেৱ সেই সৰমা গুহৰ কথা বলেছিলাম না, সে তো শুনছি আৱেকন্ধাৰ বিয়ে কৱতে চলেছে। অফিসে এই সব নিয়ে কথা হচ্ছিল; ডিভোর্স কৱেছিস কৰ, আৰাৱ তোৱ বিয়ে কৰা কেন? মেয়েমানুষেৱ বাৱ বাৱ বিয়ে হয় শুনেছ কখনো?’

‘হ্যাঁ গো, ওদেৱ কি পাপপুণ্যেৱ ভয় নেই?’

‘থাকলে কি আৱ এক স্বামী ছেড়ে আৱেক স্বামী ধৰে! আৰাৱ আমাদেৱ অফিসেৱ সেই ছেকৱাৰ মৃম্ময় সান্যাল, সে কি বলে জান? বলে সৰমাদিৰ ভেতৰকাৰ যন্ত্ৰণা আপনাৱা কি বুৰাবেন? কাৰুৰ ব্যক্তিগত ব্যাপার নিয়ে সমালোচনা কৰা ঠিক না। পোকাৰ ডিম।’

‘ওমা সেই ছেলেটা? আমাদেৱ এখানে একদিন এসেছিল না? সে এসব বলে? ছেলেটাকে দেখে তো বেশ ভাল ছেলে মনে হয়। ওৱ এত আঠা কিসেৱ?’

ৱাখাল চকচকে চোখে চিবিয়ে চিবিয়ে হাসে, ‘আমন একটা ডগডগে সোমথ মেয়েৱ ওপৰ আঠা যে কাৱণে থাকে সেই কাৱণে।’

কল্যাণী এবাৱ আচমকা বোকাৰ মত প্ৰশ্ন কৱে বসে, ‘আচ্ছা ওই সব মেয়েদেৱই তো অসুখী বলে, তাই না গো?’

ৱাখাল সামান্য থতমত খেয়ে যায়। তাৱপৰ এক ফুঁয়ে উড়িয়ে দেয় কথাঙুলো, ‘ধূৰ! ওঙ্গলো একধৰণেৱ নোংৰামি। সুখচুখ অনেক বড় বড় কথা।’

হয়ত তাই। কল্যাণী চুপ কৱে যায়। রেডিওতে নাটক আৱস্থ হচ্ছে। ৱাখাল সেদিকে মন দেয়। কল্যাণী উঠে হাতেৱ কাজকৰ্ম সৈৱে। খাটালেৱ দিক থেকে বৈঁটকা গৰু আসছে। আজ ঘৰে ধূনো পড়েনি, মশা ওড়ে নাকমুখৰ পাশ দিয়ে। কল্যাণী বাক্স-পেটৱাৰ মাথা থেকে বালিশ মশারি পাড়ে। বাপীৱ বাৰা ঠিকই বলেছে—সুখ টুখ অনেক বড় বড় কথা। ও সব নিয়ে শিবেনদা ভাৱে ভাৱুক। কল্যাণীৱ কিছু এসে যায় না তাতে।

বাপী বেবি পড়াশুনো সেৱে ঘৰে ফেৱে, ‘মা; জেঠুৰ খুৰ জুৰ এসেছে। ৱান্ডিৰে থাবে না বলল। তোমায় একবাৱ ডাকছে?’

কল্যাণী সঙ্গে সঙ্গে খৰখৰিয়ে ওঠে, ‘আমাৱ এখন ফৰমাস খাটাৰ সময় নেই। যতোসব!’

ৱাখাল বিছানায় টানটান শুয়ে পড়ে, ‘আহা, ডাকছে কেন শুনেই এসো না। একা একা আছে। এক ফাঁকে টাকা বাড়ানোৰ কথাটাও পাৱলে বলে নিও।’

কল্যাণী বাংকাৰ দিয়ে ওঠে, ‘ওসব তুমি বোলো। আমি পাৱব না।’

ৱাখাল হঠাৎ চটে যায়, ‘কেন, তোমাৱ বলতে অসুবিধেটা কি শুনি? দুশো টাকায় আজকাল কোন মানুষেৱ খাওয়া-দাওয়া হয় নাকি? তুমি তো পিৱাত কৱে সকালেৱ চা, বিকেলেৱ জলখাবাৰ দিতে শুৰু কৱেছ। ওসব দেওয়াৰ কি কথা ছিল? ইঞ্জুলেৱ মাইনে এখন অনেক বেড়েছে। আমাদেৱ থেকে বেশি ক্ষেল। তাৱ ওপৰ অতঙ্গলো টিউশানিও কৱে?’

‘বললাম তো পাৱব না।’ কল্যাণী ঘৰ ছেড়ে বেৱিয়ে যায়।

ରାତେ ପାଶପାଣି ଶୁଯେ କଲ୍ୟାଣୀ ଅନେକକ୍ଷଣ ଚିନ୍ତା କରେ, ରାଖାଲକେ କଥାଟା ବଲବେ କିନା। ମାନୁଷଟା ତଥନ ରେଗେ-ମେଗେ ନିଜେଇ ଗିଯେ ଶିବେନଦାର ସଙ୍ଗେ କି ସବ କଥାବାର୍ତ୍ତ ବଲେ ଏସେହେ। ନା, ମାନୁଷଟା ଯଦି କଥନଓ କିଛୁ ଆଁ କରତେ ପାରେ! ଆଗେ-ଭାଗେ ବଲେ ଦେଓସାଇ ଭାଲ। ଦୋଷ କେଟେ ଯାବେ।

କଲ୍ୟାଣୀ ଭୟେ ଭୟେ ସ୍ଵାମୀର ବୁକେ ହାତ ରାଖେ, ‘ତୁମି ରାଗ କରେ ଆଛ?’

‘ରାଗେର କି ଆଛେ? ଶିବେନଦାର ସଙ୍ଗେ ତୋମାର ଖାତିର ବେଶ ତାଇ ବଲତେ ବଲେଛିଲାମ। ତୁମି ବଲବେ ନା, ତାଇ ନିଜେଇ ବଲଲାମ’

‘କି ବଲଲ ଶିବେନଦା?’

‘କି ବଲବେ ଆବାର! ମାନୁଷଟା ସତି ଏତ ଭାଲ—ଆମି ବଲାର ଆଗେଇ ବଲଲ ଏତ ଇତ୍ତନ୍ତ କରଛେନ କେନ? ନିଶ୍ଚଯାଇ ବାଡ଼ାବ। କତ ବାଡ଼ାତେ ହବେ ବଲୁନ? ବେଶ ଜୁରାଓ ଏସେହେ ଦେଖେ ଏଲାମ। ତୁମି ଏକବାର ସକାଳେଇ ଗିଯେ ଥବର ନିଃ। ଆମାଦେର କାହେ ଖାଓୟା-ଦାଓୟା ସଥନ କରେ ତଥନ ଆମାଦେରଓ ତୋ ଏକଟା କର୍ତ୍ତବ୍ୟ ଆଛେ।’

କଲ୍ୟାଣୀ ଫୋସ କରେ ଏକଟା ଗରମ ନିଶ୍ଚାସ ଫେଲେ, ‘ଶିବେନଦାର ଧରେ ଯେତେ ଆମାର କେମନ ଯେନ ଲାଗେ। ମାନୁଷଟା ଆର ଆଗେର ମତ ନେଇ।’

‘ମେ କି? ଏହି ତୋ ଏତ ଦାଦା, ଦାଦା—ହଠାଂ ଆବାର କି ହଲ?’

‘ଜାନି ନା। ଆମାର ଯେନ କେମନ ଅନ୍ୟରକମ ଲାଗେ ଏଥନ। ଆମି ଦାଦା ଭାବଲେଓ ସେ ବୋଧ ହେ ଆର ଭାବତେ ଚାଯ ନା।’

ରାଖାଲେର ଶରୀରଟା ଶକ୍ତ ହରେ ଉଠିଛେ କଲ୍ୟାଣୀ ଟେର ପାଯ।

‘ତୁମି ରାଗ କରଲେ? କଥାଟା ଅବଶ୍ୟ ତୋମାଯ ଆରଓ ଆଗେ ବଲା ଉଚିତ ଛିଲ।’

‘ଆରେ ଦୂର, ରାଗ କରବ କେନ? ତୁମି ନିଜେ ଠିକ ଆଛ ତୋ?’ ରାଖାଲ ଜଡ଼ିଯେ ଧରେ କଲ୍ୟାଣୀକେ।

‘ଭାଲ ଲାଗେ ନା ଯାଓ। ଖାଲି ଆଜେବାଜେ କଥା।’ କଲ୍ୟାଣୀ ରାଖାଲେର ରୋମଶ ବୁକେ ଚିମଟି କାଟେ।

ରାଖାଲ ଆରଓ ଭାଲ କରେ ଜଡ଼ିଯେ ଧରେ ତାକେ, ‘ତାହଲେ ଆର ଚିନ୍ତା କି? ଶୋନ, ଶିବେନଦାକେ ଆମି ଖୁବ ଭାଲଭାବେ ଜାନି। ମାନୁଷଟା ମୋଟେଇ ଧାନ୍ଦାବାଜ ଟାଇପେର ନଯ। ବରଂ ଭୀତୁ ଗୋଛେର। କଥନଇ ବେଶ ଏଗୋନୋର ସାହସ ହବେ ନା।’

‘ମନେ ମନେ ତୋ ପାପ ଚିନ୍ତା ଥାକତେ ପାରେ?’ କଲ୍ୟାଣୀ ସରଲ ଆବେଗେ ସ୍ଵାମୀର ଗଲା ଜାପଟେ ଧରେ।

‘ଥାକୁକ ନା, କ୍ଷତି କି? ବରଂ ଭାଲଇ ହବେ। ତେମନ ବୁବାଲେ ଓକେ ଭାଲମତନ ଲେଜେ ଖେଳାତେ ପାରବେ। ତୁମି ଚାଇଲେ ହ୍ୟାତ ପୁରୋ ମାଇନେଟାଇ ତୁଲେ ଦେବେ ତୋମାର ହାତେ।’

ବିପନ୍ନ ବିନ୍ଦୁଯେ ଛିଟକେ ଯାଯ କଲ୍ୟାଣୀ, ‘ଏକି ବଲଛ ତୁମି!’

‘ଦୂର ପାଗଲି! ରାଖାଲ ଓକେ କାହେ ଟେନେ ନେଯ, ଆବାର ବଲେ, ‘ତୁମି ନିଜେ ଠିକ ଥାକଲେ ଏର ମଧ୍ୟେ କୋନ ଦୋଷ ନେଇ।’

କଲ୍ୟାଣୀର ଗା ଘିନଧିନ କରେ ଓଠେ। ବମି ହବେ ଏଥନି। କୋନରକମେ ଶୁଧ ବଲେ, ‘ଆମି ଓସବ ପାରବ ନା।’

রাখাল ওকে ছেড়ে উঠে বসে বিছানায়। অন্ধকারে মানুষটার মুখ পরিষ্কার দেখা যাচ্ছে না। চুপচাপ কিছুক্ষণ বসে থাকার পর রাখাল সাপের গলায় হিসহিসিয়ে ওঠে,—‘তোমাদের এই ঠুনকো সতীপনা দেখলে আমার গা জ্বলে যায়! সংসারের চিন্তা করতে করতে আমি মুখের রক্ত তুলে মরি, আমায় সামান্য একটু সাহায্য করতেও তোমার গায়ে লাগে! যত সব ন্যাকামি!’

‘আমিও তো খেটে মরি তোমার সংসারের জন্য।’ কল্যাণী বলতে গিয়েও সামলে নেয়। উঠে বসে রাখালের কাঁধে মাথা ঠেকায়। কাঁপা কাঁপা গলায় বলে, ‘বাগ কোরো না গো। তুমি যা চাও তাই হবে।’

প্রাত্যহিক ক্রিয়ার পর ক্লান্ত রাখালের নাক ডাকে, কল্যাণী উঠে বসে বিছানায়। বেড়ালের মত নিঃশব্দ পায়ে এসে দাঁড়ায় জানলার গরাদের এপারে। এক ছাঁটাক আকশ গাঢ় নীল রঙ নিয়ে ঝুঁকে পড়ে তার মুখের ওপর। গুটিকয়েক তারা জ্বলে, নেভে। সামনের খাটালের ম্লান আলোয় গরুগুলোকে দেখা যায়। কল্যাণী অনেক কিছু ভাবার চেষ্টা করে। রাখালের কথা, সংসারের কথা, বাপী বেবির কথা। আস্তে আস্তে তার মন্ত্রিঙ্কের কোষে চুকে পড়তে থাকে শিবেনদা, খোকা মিন্তির, সরমা গুহ, রাখালের অফিসের সেই চনমনে ছেলে মৃত্যুর সাম্মাল, এমন কি খোকা মিন্তিরের পালিয়ে যাওয়া সুন্দরী বউটাও। কল্যাণী হিসেব মেলাতে চায় অনেক কিছুর। পারে না। চিন্তাগুলো একসঙ্গে তালগোল পাকিয়ে মণ হয়ে যায়। একটাকে অন্যটার থেকে পৃথক করার ক্ষমতা হারিয়ে যায়। গলার কাছে দলা দলা কান্না ডেলা পাকায়। মাথা যেন টগবগে ভাতের হাঁড়ি। তার ভেতরে শিবেনদার কথাগুলো হাতা-খুত্তির মত অবিরাম পাক খেয়ে চলে। জীবনে এই প্রথম সে নিজেকে প্রশ্ন করতে শেখে,—‘কল্যাণী, তুমি খুব সুখী, না?’

## দখলদার

প্রথমদিকে একটাই আসত। হাড়-জিরজিরে উপোসী চেহারা, সরু লম্বাটে ঠাঃ, গায়ের রঙ কিছুটা ফ্যাকাশে বাদামি। দেখলেই গা ঘিনঘিন করে ওঠে। চোখদুটোই শুধু আশ্চর্য ব্যতিক্রম! কী ভয়ানক অহংকারী, জেন্দি আর বেপরোয়া চাহনি!

পূর্ণিমা প্রথম দিনই দেখে আঁতকে উঠেছিলেন, —মাগোং এটা কী করে এখানে তুকল?

তখন সবে মাস দুই হল এ পাড়ায় বাড়ি করে উঠে এসেছেন তাঁরা। আগে পৈতৃক বাড়িতেই থাকতেন। নিরাপদ অত্যন্ত ব্যস্ত মানুষ। কলকাতাতেই তাঁর কাজ বেশি। সারাদিন ধরে শুধু এখান সেখান ছুটে বেড়াচ্ছেন। অ্যাসেমবলি, রাইটার্স বিল্ডিং, মিটিং-মিছিল। দিল্লি ও দৌড়তে হয় মাঝেমাঝেই। তারওপর দিনভর বাড়িতে লোকজনের আসা-যাওয়া লেগেই আছে। পার্টির লোক, উমেদার, তি আই পি। জেলা শহরের পৈতৃক বাড়িতে থেকে এত কিছু সামাল দেওয়া যাচ্ছিল না। পূর্ণিমারও অস্বীকৃতি হচ্ছিল খুব। জননেতার স্তৰদেরও আজকাল নানান কাজে জড়িয়ে পড়তে হয়। হাজার রকমের সমাজসেবার কাজ, নারীমুক্তি, নারীজাগরণ। নিরাপদ তাই কলকাতার এই দক্ষিণ দিকে ছোটখাটো একটা বাড়ি তুলে নেওয়া মনস্ত করেন।

বাড়িটা ছোটখাটো হলেও ছিমছাম। নিচ পাঁচিলঘৰে একতলা বাড়ি, সামনে একচু বাগান করার জায়গাও আছে। বাগান পেরিয়ে দু ধাপ সিঁড়ি ভাঙলে প্রথমে বৈঠকখানা। বড়সড় মতন ঘরটার দুই দেওয়াল ঘেঁষে লম্বা লম্বা বেঞ্চ, মাঝাখানে সস্তাদামের সোফাসেট, সেটার টেবিল, দেওয়ালে দুখানা প্রকাণ অয়েলপেস্টিং। এই ঘরেই দিনের বেশিটা সময় কাটান নিরাপদ, লোকজনের সঙ্গে দেখাসাক্ষাৎ করেন। এ ঘরটা ছাড়াও অবশ্য আরেকটা ড্রয়িংরুম আছে নিরাপদের। সেটা পুরোপুরি বিলিতি কায়দায় সাজানো। অয়েলপেপারে মোড়া দেওয়াল, দামী সোফাসেট, মেহগনি কাঠের কারুকাজ করা আসবাবপত্র, পেলমেট থেকে ঝোলা বাহারী পর্দা। মিনে করা পেতলের প্রকাণ ফুলদানিতে নিয়ম করে ফুল সাজিয়ে রাখেন পূর্ণিমা। ড্রয়িংরুমটার পিছনে ছেউ করিডর। সেখানে মুখোমুখি দুখানা শোবার ঘর, দুটোই এয়ার কন্ডিশনেড। এছাড়াও আছে গেস্টক্রম, ডাইনিং রুম, ইত্যাদি ইত্যাদি। দুটো শোবার ঘরের একটাতে থাকেন নিরাপদ-পূর্ণিমা, অন্যটা দুই ছেলের জন্য। তারা দার্জিলিং-এ পড়াশুনা করে। ছুটি-ছাটাতে বাড়ি এলে সে ঘর তাদেরই।

নাহ, নিরাপদ বোকা লোক নন। এক নজরে মানুষের চেখ ধীরিয়ে যাওয়ার মত বিশাল বাড়ি তিনি মোটেই বানাননি। বাইরে থেকে দেখলে একতলা বাড়িখন নিতান্তই ছিমছাম, সাদামাটা। বাড়ির চতুর্দিক মনোরম গ্রিল দিয়ে আড়াল করা। সেই বাড়ির গর্ভে অমন একটা খেঁকুরে বিড়াল চুকে পড়লে পূর্ণিমা বিরক্ত হতে পারেন বইকি। শুধু ঢোকা নয়, খাবার টেবিলের ওপর একেবারে আরাম করে শুয়ে রয়েছে।

পূর্ণিমা চিৎকার করে উঠেছিলেন,—এই হরি, শীগুণীরই তাড়া এটাকে, এখনুনি  
বিদায় কর !

হরি নিরাপদের সেই দেশের বাড়ির পূরনো চাকর। এখন অবশ্য তাকে আর ঠিক  
চাকর বলা যায় না। দাদাবাবুর ভাগ্য পরিবর্তনের সঙ্গে সঙ্গে তার চালচলনও পাল্টেছে।  
পরনে খোপদূরস্থ জামাকাপড়, চুল উড়ুড়ু সর্বসময়। নিরাপদের সঙ্গে বাড়িতে কেউ  
দেখা করতে এলে তাকে আগে হরির কাছে আর্জি জানাতে হয়।

সদর অবধি বিড়ালটাকে তাড়া করে এসে হরি সেদিন বিরক্তমুখে বলেছিল, তখনই  
বলেছিলাম বস্তিতির কাছে জমি কিনবেন না। তা দাদার সেই এক কথা, গরীবদের  
সঙ্গে থাকব। থাকো গরীবদের সঙ্গে ! বোঝ ! এই আমি আপনাকে বলে রাখলাম বউদি,  
এ জয়গায় যখন বাড়ি বানিয়েছেন, আরও অনেক ঝক্কি পোয়াতে হবে।

কথাটা ভুল নয়। তখনকার মত হাঁলা থাণিটাকে দূর করা গেলেও, দেখা গেল  
সে আবারও আসছে। বার বার। সময় অসময় নেই। প্রথম দিকে একাই আসত।  
তারপর কখনও একা কখনও জোড়ায়, কখনও ছোট বড় তিন-চারজন মিলে। যেখানে  
সেখানে যখন তখন চুকে পড়ছে। খাবারঘর বানাঘর, এমনকি শোওয়া বসার ঘরেও।  
আর সুযোগ পেলেই সাফ করে দিচ্ছে দুধটা, মাছটা। রাতভর শয়ে থাকছে দামী  
সোফাসেটের ওপর, ছেলেদের নরম বিছানায়। দেখলেই পূর্ণিমার গা কশকশ করে  
ওঠে। সবকটারই কি মরকুটে চেহারা ! গাভর্তি ঘা, রঁয়াওঠা শরীর, খাই খাই করা  
ছাড়া আর কিছুই জানে না।

নিরাপদ সাবাদিনে নিশাস ফেলার সময় পান না। নতুন বাড়িতে এসে তাঁর  
কাজকর্ম আরও বেড়েছে। সকাল থেকে রাত যেন বড়ের আগে কেটে যায়। সকালে  
একশ্বাস ফলের রস থেয়ে ঘণ্টাখানেকের জন্য বৈঠকখানায় এসে বসেন। লোকের  
সঙ্গে কথাবার্তা সেবেই স্নান খাওয়া করে ছুট। তারপর গোটা দিন ধরে শুধু তো  
কাজ আর কাজ। দেশের জন্য। দশের জন্য। সব সেবে বেশির ভাগ দিনই খাবার  
টেবিলে আসতে তাঁর দশটা সাড়ে দশটা বেজে যায়। সংসারের খুঁটিনাটি খবর রাখার  
তাঁর সময় কোথায় ?

এর মধ্যেই একদিন সকালে খাবার টেবিলে বসে সবে খবরের কাগজগুলোতে  
চোখ বোলাচ্ছেন, পূর্ণিমা জিজ্ঞাসা করলেন—আজও কি হাঙ্কা ব্রেকফাস্ট করেই  
বেরোবে ? না হেভি কিছু দিতে বলব ?

নিরাপদ উন্নরে বললেন,—আজ আমার সম্পর্কে কাগজে কি লিখেছে দেখেছ ?

পূর্ণিমা স্বামীর হাত থেকে কাগজটা কেড়ে নিলেন,—পরে দেখো। ফলের রসটা  
আগে থেয়ে নাও তো দেখি।

—কালকের স্টেটমেন্টটাকে কি ভাবে ঘূরিয়ে লিখেছে দ্যাখো ! সবকটা রিপোর্টের  
শালা দুনহরী। নিরাপদ টেবিল থেকে আরেকখানা কাগজ তুলে ছুঁড়ে মারলেন মেঝেতে।

সঙ্গে সঙ্গে টেবিলের তলা থেকে মৃদু আর্তনাদ উঠেছে—মিঁয়াও।

নিরাপদের হাত থেকে কিছুটা ফলের রস চলকে গেল। খুবই বিরক্ত হলেন তিনি।  
ঝঃ, এই নোংরা ঘেয়ো বেড়ালটা এখানে কেন ?

পূর্ণিমা আলগা ঝাঁঝিয়ে উঠলেন—সংসারের কোন খবরই তো আজকাল  
রাখো না! এ বাড়িতে কী সীষণ বেড়ালের অত্যাচার যে শুরু হয়েছে তা  
জানো?

—বেড়ালের অত্যাচার! নিরাপদের ঢোখ গোল হল,—এগুলো থাকে কোথায়?  
—কোথায় আবার! তোমাদের ওই বাস্তিতে!

—যাঃ যাঃ। নিরাপদ চটিসুন্দ পা মাটিতে টুকলেন। বিড়ালটা একটুও নড়ল না।  
যেখানে ছিল সেখান থেকেই করুণ গলায় আবার ডাকল,— মিঁয়াও।

নিরাপদের এবার একটু মায়া হল। পূর্ণিমাকে বললেন,—একটু দুধ-টুধ দিয়ে দাও  
না। বেচারার বোধহয় ক্ষিধে পেয়েছে।

—থাক, আর দৰদ দেখিও না। একবার খেতে দিলেই একেবারে মাথায় চড়ে  
বসবে। আর রক্ষে থাকবে না।

—আহা, বাগ করো কেন? হাজার হোক মা ষষ্ঠীর জীব। বলেই নিরাপদ অস্তুত  
একটা কাণ্ড করে বসলেন। ঝুঁকে পড়ে আলতো করে ছুঁতে গেলেন বিড়ালটাকে।

পূর্ণিমা হাঁ হাঁ করে উঠলেন,—করছ কি? ছুঁয়ো না। একদম ছেঁবে না বলছি!

বিড়ালটা অবশ্য তার আগেই সরে গেছে টেবিলের তলা থেকে।

নিরাপদ পূর্ণিমার দিকে তাকিয়ে কাঁধ ঝাঁকালেন,—ব্যাপার কি বলো তো? সকাল  
থেকেই আজ এত মেজাজ গরম কেন? টুকুসুকুর চিঠি আসছে না বুঝি?

—থাক। তোমাকে আর ছেলের খবর নিতে হবে না।

নিরাপদ হেসে ফেললেন, খুব রেঁগে আছ দেখছি!

—রাগব না? ওই বেড়ালগুলোর অত্যাচারে আমার মাথা খারাপ হয়ে যাচ্ছে।  
রান্নাঘর থেকে শোভার মা সবে দুধ এনে টেবিলে রেখেছে, দ্যাখ না দ্যাখ সাফ!  
কাল গোটা ডাইনিৎ স্পেসটায় এঁটো কাঁটা ছড়িয়ে... অসহ্য!

নিরাপদ আবারও হাসলেন,— এক কাজ করো না, সবকটাকে ধরে বস্তায় পুরে  
বাইরে কোথাও ছেড়ে দিয়ে আসতে বলো।

—সে চেষ্টা কি আর করা হয়নি? কি সাংঘাতিক ফেরোসাস ওগুলো ভাবতেও  
পারবে না। মিটগিটে শয়তান এক-একখানা। কাল সাবিত্রীর মাব ছেলেটাকে যা  
বিশ্রীভাবে আঁচড়ে দিয়েছে...। ওদের ধরা খুব কঠিন।

—সে কি! নিরাপদ এতক্ষণে ভয় পেলেন,—বেড়ালের আঁচড় খুব খারাপ জিনিস।

—তাহলে আর বলছি কি! গোটা বাড়িতে এমন ভাবে ঘুরে বেড়ায়, যেন...।

—উহ, ভাল কথা নয়। বেড়াল খুব ইনফেক্সাস প্রাণী।

—তাই তো ভয়ে মরছি। ছেলে দুটোর ছুটি পড়তে আর বেশি দিন নেই। ওরা  
আসার আগে হাড়হাতেগুলোকে না তাড়ালেই নয়।

বললেন বটে, তবে সমস্যাটা রয়েই গেল। লক্ষ কাজের মাঝে নিরাপদও বেমালুম  
ভুলে গেলেন বিড়ালগুলোর কথা। দিন কাটতে লাগল। যখানীতি শীতের ছুটিতে টুকু-  
সুকুও এসে পড়ল। গোলগাল ফুটফুটে চেহারার দুই কিশোর। দুজনেই নিরাপদ-য়েঁষা  
হয়েছে। সুরুটা একটু দুষ্ট ধরনের। একটু আদুরেও।

দ্বিতীয় রাতেই শুতে এসে নিজের বিছানায় বিড়াল আবিষ্কার। সে তো মহা খুশি।—মা, দেখে যাও, কি সুইট দুটো বেড়াল আমার বিছানায় ঘুমোচ্ছে!

নিরাপদ নিজের ঘরে বসে তখন দিনের ক্লাস্টি কটানোর জন্য সামান্য সুরাপান করছিলেন। পূর্ণিমা সঙ্গ দিছিলেন তাঁকে। ছেলের উল্লাস শুনে লাফ দিয়ে নেমে পড়লেন ডিভান থেকে,—যা ভেবেছিলাম তাই। নোংরা জানোয়ারগুলো ওই ঘরে বসে আছে।

নিরাপদ মোটা গলায় হেঁকে উঠলেন,—পুশ দেম অ্যাউট সুকু। শীগগীরই ঘর থেকে বার করে দাও।

সুকু ততক্ষণে দোড়ে এসেছে এ ঘরে,—ও নো বাপি। কি সুন্দর করে শুয়ে আছে দুজনে! কি ইনোস্টে লুক! একটু গায়ে হাত দিতেই কি সুইটলি ডেকে উঠল মিঁয়াও। পুওর ক্যাট। ওদের কিছু একটু খেতে দিলে হয় না?

পূর্ণিমা হিস হিস করে উঠলেন—না সুকু, একদম ছোবে না ওদের। দে আর মোষ্ট ডাটি...।

নিরাপদ হাঁক ছাড়লেন, —হরিই-ই... ? হরি গেল কোথায় ? ওকে বলো এখখনি বেড়াল দুটোকে বাইরে ফেলে দিয়ে আসতে।

কয়েক সেকেণ্ডের মধ্যেই হরি লাঠি নিয়ে চুকে পড়ল টুকু-সুকুর ঘরে। আজ একটা নিকেশ কিছু করবেই। বিড়ালগুলোর জ্বালায় তাদেরও আশ ওঠাগত হয়ে উঠেছে।

—হ্যাট হ্যাট, বেরো বেরো।

লাঠি উঠিয়ে তেড়ে গেল হরি। আশ্চর্য! অতবড় একটা লাঠি দেখেও বিন্দুমাত্র ঘাবড়ালো না বেড়ালদুটো। বিছানা থেকে নেমে খাটের তলায় সেঁধিয়ে গেল।

টুকু বলে উঠল, —আহ, করছটা কি? ছেড়ে দাও না ওদের। থাক না যদি থাকতে চায়।

সুকু উবু হয়ে বসে শিস দিয়ে ডাকতে লাগল দুজনকে। পূর্ণিমা দুহাতে মাথা চেপে ধরলেন, ওফ, আমি পাগল হয়ে যাব। টুকু-সুকু সরে এসো। ওদের তাড়িয়ে দিতে দাও।

—কেন? তাড়াবে কেন? ওরা তো কিছু করেনি!

—করতে কতক্ষণ? পূর্ণিমা ছেলেকে খামচে ধরে নিজের কাছে টানলেন,—একদম ইন্ডালজেন্স দেবে না ওদের।

হরি খাটের তলায় এলোপাথাড়ি লাঠি চালালো আবার। বেড়ালদুটো আরেক দিকে চলে গেল। একবার এদিক যায় তো একবার ওদিক। ঘর থেকে বেরোয় না কিছুতেই। হৈ-হৈ সোরগোল পড়ে গেছে। হউগোলে নিরাপদের নেশা প্রায় কেটে যাওয়ার জোগাড়। নেশার ঘোরেই পূর্ণিমার আর্তনাদ শুনতে পাচ্ছেন তিনি—টুকু-সুকু সরে এস বলছি। যে কোন সময় ওরা খামচে দিতে পারে।

নিরাপদের হৃৎপিণ্ডটা হঠাৎই কেমন ধড়ফড় করে উঠল। এখনও কাউকে বলেননি তিনি, এমনকি পূর্ণিমাকেও না, আজকাল মাঝেমাঝেই একটা ভৌতিক টেলিফোন এই মাঝা—৭

পাছেন। ঘোস্ট কল। আবার ওরা বেড়ে উঠছে বলে মনে হয়। মাঝেমাঝেই ফোন করে শাস্ত্রে তাঁকে। বেপরোয়া স্বরে।

আচমকা সবাইকে অবাক করে দিয়ে নিরাপদ গলা ফাটিয়ে চেঁচিয়ে উঠলেন, লাখি মেরে বাব করে দে ওগুলোকে। মেরে ফ্যাল। পিটিয়ে মার।

টলমল পায়ে ছেলেদের ঘরে চলে এসেছেন তিনিও। হরির হাত থেকে লাঠি কেড়ে খোঁচা মেরেছেন বাদামি বিড়ালটার গায়ে। বিড়ালটাও ফোঁস করে উঠেছে সঙ্গে সঙ্গে।

নিরাপদ আবারও চিংকার করেছেন,—কিল দেম! কিল দেম! বলতে বলতেই মাথাটা ঘুরে গেল কেমন। থমকে দাঁড়িয়ে নিজের বুকটাকে খামচে ধরেছেন। এই শীতেও ঘামছেন দৰদৰ করে।

পূর্ণিমা দৌড়ে এসে ধরে ফেললেন তাঁকে।

পূর্ণিমা এই কদিন ধরে নিজের হাতে সেবা করেছেন নিরাপদৰ। নার্স আয়া কিছু বাখতে দেননি কাউকে। ডাক্তারের উপদেশ, আবও কয়েকদিন সম্পূর্ণ বিশ্রামে থাকতে হবে নিরাপদকে। এখনও মাঝেমাঝেই রজ্জচাপ ঝাঁঝ ঝাঁঝ করে লাফ দিয়ে উঠছে।

কদিন ধরে বাড়িতে কম লোকজনও আসছে না। আত্মীয়স্পজন, মন্ত্রী, ভি আই পি আর পার্টির লোকে বাড়ি গমগম করছে সব সময়। টেলিফোন কলই কি কম আসছে! মুখ্যমন্ত্রী আজও ফোনে খবর নিয়েছেন নিরাপদৰ। সব কিছু নিজে, একা হাতে সামাল দিচ্ছেন পূর্ণিমা। নারী সমিতির বার্ষিক সভা পিছিয়ে দিয়েছেন অনিদিষ্ট কালের জন্য।

এখন এই মধ্যরাতেও স্বামীর মাথার কাছে বসে আছেন একাই। আজও সক্ষেবেলা নিরাপদৰ বুকে অল্পস্মিন্ত ব্যথা হচ্ছিল। ডাক্তারৰা যদিও বলছেন ভয়ের কিছু নেই, তবু পূর্ণিমা স্বস্তি পাচ্ছেন কই? নার্সিং হোমে ভর্তি করে দিলেই বোধহয় ভাল হত। এই মাঝরাতে নিরাপদৰ যদি কিছু হয়ে যায়, তাব অবস্থা কি হবে? কোথায় দাঁড়াবেন? নিরাপদৰ মাথার পাশে বসে এই সবই ভাবছিলেন পূর্ণিমা। এমন সময়, এই রাত বারোটায়, টেলিফোনটা ঝানবান করে বেজে উঠল।

পূর্ণিমা বিসিভাব কানে তুললেন,—হালো?

—এটা কি নিরাপদ মিৰিৰ বাড়ি?

—হ্যাঁ। বলুন।

—শুয়োৱের বাচ্চাটার খবৰ কি? এখনও টিঁকে আছে?

ও-প্রাণ্টের স্বরটা নিষ্ঠুর বকমের কর্কশ। পূর্ণিমার শিরদাঁড়া বেয়ে শীতল শ্রেত নেমে গেল। টেলিফোনটা নামিয়ে রাখতে ভুলে গেলেন তিনি। অভ্যাসবশেই কঁপা গলায় প্রশ্ন করে ফেললেন,—কে আপনি?

—নিরাপদৰ দুৰ-সম্পর্কেৰ বাপ।

ওপারে এবাব আৱ দু-একজনেৰ হাসিৰ আওয়াজও শুনতে পেলেন যেন পূর্ণিমা।

— খচ্চরটাকে বলে দেবেন বহুদিন ধরে অনেক রক্ত চুষেছে। আর নয়। এবাব  
আমরা সব কিছুর হিসেব নেব।

টেলিফোনটা কেটে যাওয়ার পরও পূর্ণিমা অনেকক্ষণ বিস্তার ধরে রাইলেন  
কানে। থরথর করে কাঁপছেন। কি করবেন এখন? পুলিশকে জানাবেন? হরিকে  
ডাকবেন? ফোন করবেন নিরাপদের সেক্রেটারিকে?

রাত ক্রমশ গভীর হচ্ছে। পূর্ণিমা একভাবে বসে আছেন। বসেই আছেন। এর  
মধ্যে নিরাপদ জাগলেন কয়েকবার। আবার ঘুমোলেন। আবার জাগলেন। অনেক দিন  
পর আদর করে কাছে ডাকলেন পূর্ণিমাকে।

— এখনও তুমি জেগে বসে আছ? শোও এবাব। শুয়ে পড়। পূর্ণিমার চেখে  
জল এসে গেল। সাধারণ মানুষেরা এত নীচ হয় কেন? এত ছেট? একটা লোক  
অল্প সময়ে অত উঁচুতে উঠে গেছে দেখে দুনিয়া যেন হিংসায় ফেটে পড়ছে। চারদিকে  
শব্দ বাঢ়ছে ক্রমশ। নিরাপদ কি কারুর জন্য কিছুই করেননি এতদিন?

পূর্ণিমা নিরাপদের মাথায় হাত রাখলেন,—আমি ঠিক শুয়ে পড়ব। তুমি  
ঘুমোও।

— আমার অসুখ দেখে তুমি খুব ভয় পেয়ে গেছ, তাই না? পূর্ণিমা উন্নত  
দিলেন না।

— ভয় নেই। আমি সহজে মরব না। নিরাপদ স্তৰির হাতে হাত রাখলেন, —এক  
কাজ করো তো। আমার মাথার তলায়, গদির নিচে কিছু টাকা রাখা আছে—তুলে  
নেকারে রেখে দাও।

পূর্ণিমা অনেকক্ষণ পর কথা বললেন। ধরা গলায় জিজ্ঞাসা করলেন— কিসের  
টাকা?

— ও একটা টাকা। সঙ্কেবেলা দানু দিয়ে গেছে। দানু মানে দানু ঘোষ। নিরাপদের  
সেক্রেটারি। নিরাপদের ডানহাত। পূর্ণিমা ভুক্ত কোঁচকালেন, তাই তুমি কদিন ধরে দানু  
দানু করছ?

নিরাপদ চুপ।

— কত আছে?

— আছে। তা আছে বেশ কিছু। নিরাপদের বোমশ হাত পূর্ণিমার ডাবী কোমর  
জড়িয়ে ধরল,—যাও, তুলে রাখো।

পূর্ণিমা টেলিফোনের কর্কশ স্বরটা নিজের ভেতরে স্পষ্ট শুনতে পাচ্ছেন, কথা  
বলতে গিয়ে গলা ঘড়ঘড় করে উঠল,—কিসের টাকা বলবে না আমাকে?

নিরাপদ পূর্ণিমার কোমরে আলগা চাপ দিলেন,—তুমি সবই জানো। তোমার কাছে  
কোন কাজ কি গোপন করেছি কোনদিন?

— তবু খুলে বলো।

— খুলে কি সব বলা যায়? সব কথা খুলে বলতে নেই। এত বুদ্ধিমতী তুমি  
আর এটকু বোঝ না?

নিরাপদের গলায় আদর বারে পড়ল। আর তখনই হঠাতে অক্ষকারে দপ করে

জুলে উঠল চোখজোড়া। ভয়ংকর তেজী অথচ ঠাণ্ডা নিষ্পৃহ চোখ। বেপরোয়া, ধারাল  
অথচ ক্ষুধার্ত চোখ।

ওটা কি একটাই বিড়াল ? নাকি ওর পিছনে আরও কয়েকটা আছে ? পর পর ?  
সারিবদ্ধভাবে ? অঙ্ককারে বোধ্যা যাচ্ছে না। পূর্ণিমা নিখর হয়ে গেলেন।

## শাড়ি, রসমালাই এবং বিবাহবার্ষিকী

দুপুরবেলায় হাত খালি হলে খাওয়াদাওয়ার পর একটু নিজের মনে সেলাই ফোঁড়াই নিয়ে বসে শান্ত। কিংবা কোন বই বা ম্যাগাজিন। ঘুমের অভ্যেস এককালে ছিল। আজকাল শরীর ঝামেলা করে। একটু ঘুমোলেই গা ম্যাজম্যাজ, মাথা ভার, বৃক জ্বালা। বুবলার হাফহাতটা শেষ করে লালটির কার্ডিগান ধরতে হবে। তারপর শুভর পুলওভার। নিজের জন্যও একটা চোলিকটি ব্লাউজ বানানোর ইচ্ছে আছে। ইদানীং সবাই খুব পরছে। অবশ্য ততদিন শীত থাকলে হয়। একসময় ভাল হাত চলত, বিয়ের পর প্রথম শীতে শুভর লালকালো জাম্পারটা তো সাতদিনে শেষ করে ফেলেছিল। তখন সময়ও ছিল অফুরন্ট। সারাদিন একা মনে শুধু সময় নিয়ে নাড়াচাড়া করা। এখন সময় ছুটছে তাড়খাওয়া কুকুরের মত। তাল দিতে গিয়ে শান্ত নাজেহাল। দম নেওয়ার আগেই ছেট পড়িমড়ি করে।

তাতেও যদি ধরা যায় সময়কে। ধরার আগেই পিছলে পিছলে যায়।

সুম থেকে উঠেই রান্নাঘর। চা, ভাত, ডাল, তরকারি। শুভ সকালে ভাত খেতে পারে না। তার জন্য কটি। ছেলেমেয়েদের টিফিন। ওয়াটারবটলের জন্য জল ফুটিয়ে ঠাণ্ডা করা। শুভ লালটি আগে পরে বেরোয়। লালটির বাস আসে সাড়ে ন'টায়। ওরা বেরিয়ে গেলে বুবলাকে নিয়ে পড়তে হয়। দস্যি ছেলেকে স্নান খাওয়া করাতেই একগাদা সময়। বেশিরভাগ দিনই স্কুল না যাওয়ার বায়নাকা। এরমধ্যেই কাপড় বদলে চুলটুল ঠিক করে শান্ত। কপালে টিপ লাগায়। ছেলেকে স্কুলে পৌছে ফিরতে ফিরতে বারোটা। এ সময় আবেকবার ঠিকে-ঝিটা আসে, তার সঙ্গে খানিক বকবক শেষে স্নান-খাওয়ার পর এই একটু যা বিশ্রাম।

হলুদ গোলাটায় বিশ্রী জট পাকিয়ে গেছে। শান্ত একমনে গিটগুলো খোলার চেষ্টা করে। মনটা সকাল থেকেই খচখচ করছে। শুভ আজ একটাও কথা বলেনি তার সঙ্গে। বেরোনোর সময়ও না। এমনিতে অবশ্য সকালের দিকে খুব একটা কথা হয় না দুঁজনের। আর সময় কোথায়? তবে আজ শুভ ইচ্ছে করেই কথা বলেনি। বাবুর রাগ হয়েছে। ঠিক আছে, কতক্ষণ রাগ থাকে দেখা যাক। শান্ত গায়ে পড়ে কথা বলতে যাবে না। আজকের দিনেও সে যদি মেজাজ দেখাতে পারে, শান্তির কিসের ঠেকা ভাব করতে যাওয়ার? তা বলে গাল ফুলিয়ে বসে থাকলেও তার চলবে না। বিকেলে কত কাজ। বুবলাকে স্কুল থেকে আনার সময় টাকা পনেরোর রসগোল্লা কিনতে হবে। প্রতিবছরই এ দিনটায় রসমালাই বানায়। ঘরে তৈরি রসমালাই শুভর খুব প্রিয়। এ ছাড়া সাবির মাকে দিয়ে মশলা করিয়ে রেখেছে। সঙ্কেবেলা গরমগরম কচুরি ভাজবে, সঙ্গে আলুর দম। কেউ না কেউ আজ বাড়িতে আসবেই। দিদি-জামাইবাবু তো প্রতিবছর আসে। আগেরবার নন্দিনীরা এসেছিল। অনিমেষদারও ঠিক মনে থাকে আজকের তারিখটা। সঙ্কেবেলা যথরীতি বৌদিকে নিয়ে হাজির হবে। সঙ্গে একগোছা ফুল আব মিটিমিটি হাসি।

হলুদ গিঁট আলগা করে সুতো টানল শান্ত। অতঙ্গলো লোক যে বাড়িতে আসবে তার জন্য কোন মাথাব্যথা আছে শুভর ? বিন্দুমাত্র না। শুধু নিজের রাগ নিয়েই ব্যস্ত। সকাল থেকে একবার জিজ্ঞাসা করল না পর্যন্ত। দুনিয়ার লৌকিকতা, সামাজিকতা করার দায় যেন একা শান্তার। উনি দিব্যি মেজাজে টইটুপুর হয়ে গটগটিয়ে বেরিয়ে গেলেন। জানে তো, বাড়িতে অতিথি এসে পড়লে শান্ত একটা না একটা ব্যবহাৰ কৰবে কৰবেই।

গোলা সামলাতে গিয়ে কঁটা থেকে ঘৰ পড়ে গেছে। গলার ছাঁটার ফেলে উঠে পড়া যাক। শান্ত কঁটার মুখে কঁটা ধৰল। রাতের রান্নাও এ বেলা সেৱে রাখা দৰকার। একটু পৰ থেকেই তো ধূমধারাকা, হটেপুটি। বুবলাকে নিয়ে আসার পৰ লালটি ফিরবে। ওদেৱ জলখাবার দেওয়া, জামাকাপড় বদলানো। বাইৱের লোকজন আসবে, ঘৰদোৱও সাজাতে হবে একটু। কাশীৰ থেকে আনা বেড়কভারটা পাতলে হয়। পর্দাঙ্গলোও পাণ্টালে ভাল হত। যাকগো, বুবলাকে আনাৰ সময় বৰং বেশি কৰে ফুল কিনে আনবে। গোলাপ, ঝুই, রজনীগন্ধ। ফুলদানিতে চারটি ফুল রাখলে ঘৰেৱ চেহারাই বদলে যায়। অন্যান্যবাৰ শুভই সকালে বাজাৰ থেকে ফুল নিয়ে আসে। আজ যা হাবভাব, বিকেলে তাড়াতাড়ি ফিরবে কিনা তাৰ সন্দেহ। ছেলেদেৱ বেশ মজা। ইচ্ছে কৰলে রাগটাগ দেখিয়ে দিব্যি সংসাৰ থেকে সৱে থাকতে পাৱে। শান্তাৰ কোথাও যাওয়াৰ নেই। এই সংসাৰ চারদিক থেকে তাকে অস্টেপাসেৱ মত খামচে রয়েছে। আজ যদি সে রাগ কৰে চলে যায় কোথাও ! রাত কৰে ফেৰে ! ভাবা যায় ! ইস্, লোকে কি বলবে ? লালটি বুবলা তো কেঁদেই সাবা হবে। আৱ শুভ বুঝি বিশ্বায়ে পাথৰ হয়ে যাবে। আসলে এ বাড়িৰ খাট, আলমাৰি, দেওয়াল, দৱজাৰ মত সেও একটা অপৰিহাৰ্য অঙ্গ হয়ে গেছে। এ বাড়িৰ সদৱ দৱজাটাৰ মত সেও কোথাও নড়তে পাৱে না। রাগ, দৃঢ়খ, অভিমান সব তাকে চার দেওয়ালে পুষে রাখতে হয়।

দূৰ, কী সব এতাল-বেতাল ভাবনা ! শান্তা সেলাই রেখে বিছানায় গড়িয়ে পড়ল। বোকার মত চোখে জল আসছে। কোন মানে হয় না। এত মনখাৰাপ কৰাব কী আছে ? সামান্য কিছু কথা-ছোঁড়াছুঁড়ি, ও তো সবসময়েই হয়। আপনাআপনি আবাৰ মিটেও যায়। আসলে আজকেৰ দিনেও শুভৰ মুখভাৱ কৰে থাকটা শান্তাকে কষ্ট দিচ্ছে বেশি। এ কষ্ট শুভই তাৰ একাব। শুভ যেন দিন দিন কেমন হয়ে যাচ্ছে। তেমন কৰে আৱ কিছুতেই ছুঁতে পাৱে না শান্তাৰ মনটাকে। বুবাতেই পাৱে না শান্তা কী চায়। তবে কি আৱ তাকে আগেৰ মত ভালবাসে না শুভ ? ধূৰ্ণ, তাই বা কী কৰে হয় ? এই তো গত মাসে, তাৰ যখন ধূৰ্ণ ভুৱ, শুভ অফিস কামাই কৰে দু'দু'টো দিন বসে রাইল বাড়িতে। যাথায় হাত বুলিয়ে দেওয়া, ওষুধ খাওয়ানো, বারবাৰ ছোটা ডাক্তাবেৰ কাছে। জুৰ ছাড়াৰ পৱণও তাকে বিছানা থেকে উঠতে দেয়নি ক'দিন। নিজেই সংসাৰ সামলেছে, অপটু হাতে কাজকৰ্ম সেৱেছে। শান্তা আলগোছে পাশ ফিৰে শুল। তবু কেন তাৰ মনে হয়, শুভ অনেক বদলে গেছে ? নাকি সে আৱ নিজেই বুঝতে পাৱে না শুভকে ? একজনেৰ মনকে পুৱোপুৱি বুৰো উঠতে আৱেকজন কি পাৱে ? প্ৰথম প্ৰথম চেষ্টা হয়ত থাকে। তাৱপৰ শুকু হয় মানিয়ে গুনিয়ে চলা। একসঙ্গে শোওয়া বসাৱ অভ্যেস।

কাল রাতে বারকয়েক প্রশ্নটা ছুঁড়েছিল শুভ। শাস্তা তখন শোওয়ার আগে অঁটসঁট করে চুল বাঁধছে। শুভ নিজেকে ছড়িয়ে দিয়েছে বিছানায়। লালটি বুবলা ঘূমিয়ে কাদা।

—‘এই, কাল কী নেবে বলো।’

শাস্তা কোন উত্তর দেয়নি। প্রতিবছর একই প্রশ্নের জবাব দিতে কারুর ভাল লাগে? তাছাড়া বিবাহবাসিকীর মানে কি শুধুই উপহার আদানপ্রদান? সত্যি সত্যি সম্পর্ক কি তাই? অবশ্য শুভ একেবারে কিছু না দিলেও ভাল লাগবে না শাস্তার। একটু মন খচখচ করবেই। সব মেয়েরই বোধ হয় করে। মানুষ প্রিয়জনের কাছ থেকে কিছু পেতেই তো ভালবাসে সব থেকে বেশি।

প্রথম বছর নিজে থেকেই তার জন্য একটা মুক্তের সেট এনেছিল শুভ। জিনিসটা দেখতে মন্দ না, তবে সবুজ পাথরগুলো না থাকলে আরও সুন্দর হত। কথাটা জানাতেই শুভর কী আফসোস, —ইস, চলো কালই গিয়ে পাণ্টে আনি!

—‘থাক না। এটাই বা খারাপ কি?’

—‘তোমার পছন্দ হয়নি।’

—‘কে বলেছে?’ শাস্তা ওর গলা জড়িয়ে ধরেছিল, —‘তুমি ভালবেসে যা দেবে, তাই সুন্দর।’

—‘বলছ?’

—‘হঁ।’

সেবার বেশ কয়েকজনকে নেমন্তন্ত্র করেছিল তারা। ছেউ ফ্ল্যাটখানা ফুলে ফুলে একাকার। সবাই চলে যেতে একটা একটা করে ফুল দিয়ে বিছানা সাজিয়েছিল শুভ। ফুলশয়্যার রাতের মত গোড়ে মালা দুটো বালিশে জড়ানো।

—‘এবার থেকে প্রতিবছর এভাবে বিছানা সাজাব। যতদিন বাঁচব।’

শুনে শাস্তা হেসে বাঁচে না,—‘সে কি? বুঢ়ো হয়ে গেলেও?’

—‘আমরা কখখনো বুঢ়ো হবো না। কোনদিন আমাদের বয়স বাড়বে না।’

—‘বাবে, সময় শুনবে কেন?’

—‘সময়ের সঙ্গে ভালবাসার কোন সম্পর্ক নেই। সময় যত বাড়ে, ভালবাসা গভীর হয়।’

শাস্তা আবার পাশ ফিরল। দ্বিতীয় বছর তাকে কী দিয়েছিল শুভ? ওহো, সেবার তো সে নার্সিং হোমে। লালটি হলো। তার পরের বছর ফুলে ফুলে বাড়ি ভরে গেলেও বিছানায় কাঁথা, অয়েল ক্লথ, ফিডিং বট্ল। এখন তো শুভর জন্য আলাদা সিঙ্গল বেডের ব্যবস্থা। ছেলেমেয়ে নিয়ে শাস্তা শোয় বড়খাটে। তার মধ্যেই মাঝে মাঝে এক আধদিন তারা যখন এক বিছানায়, তখন কত সাবধানতা তাড়াহড়ো। ভাল্লাগে না। সব কিছুই কেমন মেশিনের মত হয়ে গেছে। শাস্তা একই নয়, শুভও একটা নিয়মে বাঁধা যন্ত্র। কবে থেকে যে জীবনটা এমন হয়ে গেল!

কাল শাস্তার উত্তর না পেয়ে শুভ আবার জিজ্ঞাসা করেছিল,—‘শাড়ি নেবে?’

শাস্তা চুপ। কী বলবে? এখন বটকে কিছু দেবার ধরনটাও শুভর যান্ত্রিক হয়ে গেছে।

—‘বলো কী চাও ? আমেরিকান ডায়মণ্ডের সেট আনব ? না ভাল পারফিউম !’

বারকয়েক প্রশ্ন করার পর বিরক্ত হয়েছিল শুভ, —‘তোমার কী হয়েছে বলো তো ?’

—‘কী আবার হবে ? কিছু না !’

—‘উত্তর দিচ্ছ না কেন ?’

—‘এমনি !’

এরপর শুভ উঠে সিগারেট ধরায়। সামান্য খোশামোদের চেষ্টা করে, —‘আবে বাবা, লজ্জা কি, বলেই ফেলো না কী চাই ?’

—‘কিছু চাই না, শুয়ে পড়ো !’

শুভ আস্তে আস্তে ধৈর্য হারাচ্ছিল।

—‘তোমাদের, মেয়েদের এই এক নাকামো। সোজা কথার সোজা উত্তর দিতে জানো না !’

—‘ব্যাকা কী বললাম ?’

—‘ব্যাকা নয় ? সাধারণ একটা কথা জিজ্ঞাসা করছি...’

—‘দ্যাখো, তোমার সঙ্গে বকবক করতে আমার একটুও ভাল লাগছে না। সারাটা দিন খাটতে খাটতে মুখে রক্ত উঠে যায়, কোন সময় তো ফিরেও তাকাও না। বছরে একদিন আদিয়েতো করে আর...’

—‘বুঝেছি !’ শুভ সঙ্গে সঙ্গে গভীর। —‘আর কিছু বলতে হবে না !’

—‘সত্যি কথা বললেই গায়ে ছ্যাকা লাগে...’

এভাবেই কিছুক্ষণ অকারণ কথা-কাটাকাটির পর বারান্দায় বেরিয়ে গিয়েছিল শুভ। শাস্তা তাকে ডাকেনি।

নাহ, আর শুয়ে থাকলে দেরি হয়ে যাবে। শাস্তা বিছানা ছেড়ে উঠে দাঁড়াল। ঘর থেকে বেরোতে গিয়েও দাঁড়িয়ে পড়ল আয়নার সামনে। কাল অত কথা না শোনালেই হত। কী যে মাঝে মাঝে হয়ে যায় ! মেজাজটাকে কিছুতেই বাগে রাখা যায় না। এরকম চলতে থাকলে...। নাহ, শুভ বাড়ি ফিরলে সে আজ নিজে থেকেই মিটমাট করে নেবে। সঙ্কেবেলা একটু সাজগোজ করলে কেমন হয় ? শুভ বেশ চমকে যাবে তাহলে। শাস্তা নরম করে হাসবে তখন, —‘এখনও রাগ আছে ?’

শুভ ঠেঁট ফুলিয়ে তাকাবে বাচ্চা ছেলেদের মত। শাস্তা ওর বুকে হাত রাখবে, —‘তুমি তো আজকাল নিজে থেকে আমাকে কিছু দাও না। বেশ, আমি আজ নিজেই চাইছি...’

শুভ শাস্তাকে ছুঁতে গিয়েও হাত সরিয়ে নেবে। তখনও হয়ত দিখা। শাস্তা নিজেই ওর হাত তুলে ছোঁয়াবে নিজের বুকে, —‘শুনবে না কি চাই ?’

নিশ্চয়ই আর রাগ করে থাকতে পারবে না শুভ। ওকে কাছে টানবে। আর সেই ফাঁকে শাস্তা টুপ করে বলে ফেলবে মনের কথাটা, —‘শাড়ি, গয়না, আসবাব

এ সবের মধ্যে বড় হাঁপিয়ে উঠেছি গো। আমাকে তুমি আগের দিনের মত একটা রঙিন দিন উপহার দিতে পারো?’

ভাবে শেষ করতে পারলে একটা দারুণ রোমাণ্টিক বিবাহবাধিকী গল্প লেখা যেত। হল না। তার আগেই আমার গল্প থেকে দুম করে উঠে এল শাস্তা। খোলা চুল চুড়ো করে মাথার ওপর যেমন তেমন জড়ো করা, ঘাড়ে কপালে তিরতির ঘাম। আটপোরে শাড়িতে মুখ মুছতে মুছতে হাঁপাচ্ছে —‘থামুন। বন্ধ করুন আপনার লেখা।’

—‘কেন? কী হল?’

—‘বাহ, আপনার হাতে কাগজ কলম রয়েছে বলে আমাকে দিয়ে যা খুশি করিয়ে নেবেন? এ চলতে পারে না।’

—‘তোমার পছন্দ হচ্ছে না?’

—‘প্রথমটা মন্দ শুরু করেননি। ঝগড়াঝাঁটি, কথাবন্ধ, এমনকি মন খারাপ হওয়া অবধি ঠিকঠাক ছিল। তারপরে একগাদা রোমাস-ফোমাস এনে যাচ্ছেতাই রকমের ক্যাতকেতে করে ফেললেন।’

—‘বারে, আমি তোমার মনের কথাই তো লিখতে চাইছিলাম। তোমার ভেতরকার আবেগগুলোকে সাজিয়ে গুছিয়ে...’

—‘আবেগ এলেই ওরকম সব ডায়ালগ্ বলতে হবে নাকি?’ মুখে আঁচল চেপে খিলখিল হেসে উঠল শাস্তা, —‘তাও বিয়ের বারো বছর পরে? ইমপসিবিল! আপনার দেখছি কোন আইডিয়াই নেই।’

—‘কিন্তু একদিন তো এসব ডায়ালগই ভাল লাগত।’

—‘যখন লাগত লাগত। সব কিছুর একটা সময় আছে...’

—‘তোমরাই কিন্তু বলেছিলে ভালবাসার সময় নেই।’

—‘একটা বয়সে সবাই বলে। বাস্তবিক কি তাই হয়?’ শাস্তা হাসি থামাল, ‘উঁহ, আপনার দেখছি ম্যারেড লাইফ সম্পর্কে কনসেপশনই নেই! ওসব মধুর মধুর দৃশ্য ফিল্মে ভাল লাগে কিংবা আপনাদের মত লিখিয়েদের গল্প উপন্যাসে। প্র্যাকটিকাল লাইফে ওরকম কথখনো হয় না। বাস্তব হল সমুদ্রের মত। যত উচ্ছ্বাস তীরের কাছে। ভেতরে যান, দেখবেন জল ত্রুম্প কেমন শাস্তি গভীর...’

—‘তাহলে বলছ মধ্যবয়সে তোমরা আর ওধরনের সংলাপ বলো না?’

—‘বলাৰ দৰকাৰ হয় না।’

—‘বিবাহবাধিকীর দিনেও নয়? নিশ্চয়ই মানো আজ তোমাদের সম্পর্কটা রিনিউআলের দিন?’

—‘মন্দ বলেননি।’ শাস্তা আমার টেবিলে উঠে বসল, —‘তবে সম্পর্ক রিনিউআল না বলে অভ্যেস রিনিউআল বলতে পারেন। আমাদের সম্পর্ক আবেগ, আদৰ, ভালবাসা সবই খাওয়া-ঘুমোনোর মত একধরনের অভ্যেস হয়ে গেছে। কিংবা অভ্যেসটাই ভালবাসা।’

—‘তাই যদি তবে বসমালাই বানাতে গেলে কেন?’

—‘বানালাম। বানাতে হয় তাই।’ শাস্তা ঠোট ওল্টালো, —‘তাছাড়া সঙ্কেবেলা লোকজন আসবে, তাদের আপ্যায়ন করার জন্য...’

—‘আর শুভ্র সঙ্গে কাল যে ঝাগড়টা করলে ? সকাল থেকে সে কথা বলেনি, মনখারাপ, এও কি হতে হয় তাই ?’

শাস্তা বুঝি থমকাল। সেই সুযোগে নিজেকে গুছিয়ে নিলাম, —‘তুমি বোধহয় ঠিক বলছ না শাস্তা। সবটাই শুধু অভ্যেস হতে পারে না। আমি তো জানি বিয়ের আগে তিনটে বছর, বিয়ের পরও বছর দেড়েক তোমরা কী করেছ। গঙ্গার ধারে সাইত্রিশ দিন, ভিট্টোরিয়া ছাবিশটা সঙ্গে, কাফে-ডি-মনিকোর বাহান্টা বিকেল, তারপর বিয়ের পর বাতের পর বাত... মনে পড়ে তখনকার কথা ? বলতে চাও তার কিছুই অবশিষ্ট নেই ?’

মুহূর্তে শাস্তার গালে আবির ছড়িয়ে দিয়েছে কেউ, —‘আপনি কি তখন থেকেই আমাদের ফলো করেন নাকি ?’

—‘করি বৈকি। কাফে-ডি-মনিকোতে তোমরা যখন পরম্পরের আঙুল ছুঁয়ে বসে থাকতে, মনে হত একটা অদৃশ্য তরঙ্গ তোমাদের শরীরে খেলা করছে। গঙ্গার ধারে বসে যখন দু'জনে তাকিয়ে থাকতে দূরে জাহাজগুলোর দিকে, কী সুন্দর একটা ভালবাসার উন্নাপ ছড়িয়ে পড়ত চারিদিকে। বারো বছর একসঙ্গে থাকার অভ্যেসে তার সবটাই...’

শাস্তা এবার উদাস যেন। শেষ ঢিল্টা ছুঁড়লাম, —‘আজ যদি শুভ ফিরে হঠাতে তোমাকে আগের মত করে আদর করে, তোমার কি একটুও ভাল লাগবে না ? সত্যি বলো তো ?’

শাস্তা ধীরে ধীরে সামলে নিল নিজেকে, —‘ভাবতে থারাপ লাগে না। তবে সত্যি বলতে কি ওরকম হয় না !’

—‘কি হয় তাহলে ?’

—‘আমাদের পেছনে সব সময়ই তো ঘূর্ঘূর করছেন। আজও থাকুন বাত অবধি। কি হয় দেখে নেবেন !’

অতিথিরা কেউ তখনও আসেনি। শাস্তা কাজটাজ সেরে ছেলেমেয়েদের একটু পড়িয়ে নিছে, ডোরবেল বাজল। শুভ ফিরল হাতে কিছু ফুল আর একটা বাদামি প্যাকেট। দরজা খোলার সময় শাস্তা আড়চোখে দেখে নিল সেটা। বিকেলবেলা আজ একটু সাজ করেছে। চুল পেঁচিয়ে বাহারী খোঁপা বেঁধেছে মাথায়, মুখে হালকা প্রসাধন, আকাশী নীল তাঁতের শাড়িতে বেশ বাকমকে দেখাচ্ছে তাকে। চোরা চোখে একবার বউকে দেখে নিয়ে ভেতরে এল শুভ, —‘কেউ আসেনি ?’

—‘নাহ !’

—‘এটা রাখো। পছন্দ হয় কিনা দ্যাখো !’

লালটি দৌড়ে এল, —‘বাপি, তুমি দেরি করলে ? মা বলছিল তাড়াতাড়ি ফিরতে পারো...’

দারোগার সামনে পড়া আসামীর মতো শাস্তার দিকে তাকিয়ে টেঁক গিলল শুভ।

—‘তাড়াতাড়ি তো বেরিয়েছিলাম। বাসট্রামের যা অবস্থা, তারওপর আজ তিনটে মিছিল  
বেরিয়েছে এসপ্লানেডে...’

শান্তা নিঃশব্দে রান্নাঘরে ঢায়ের জল বসাতে গেল।

রাতে ছেলেমেয়ে ঘুমিয়ে পড়লে, শান্তা যখন ড্রেসিং টেবিলের সামনে, শুভ  
পাশে এল,—‘অনিমেষদারা এবার এল না কেন বলো তো ?’

—‘কি জানি !’ শান্তা কঁটা খুলে চুলের গোছা ছড়িয়ে দিল পিঠের ওপর,—  
‘নন্দিনী এবারও এসেছে। ওদের অ্যানিভার্সারিতে কিন্তু যেতেই হবে।’

—‘কবে যেন ওদেরটা ?’

—‘দেরি আছে। ডিসেম্বরে।’ শান্তা পাশের টেবিলে পড়ে থাকা পিওর সিঙ্কে হাত  
বোলালো।

শুভ ঝুঁকল, —‘পছন্দ হয়েছে ?’

—‘এত দামী কিনতে গেলে কেন ? তোমাকে পয়সা কামড়ায় ?’

—‘দাম নিয়ে ভাবতে হবে না। কেমন হয়েছে বলো !’

—‘আরেকটু ডিপ পেলে না ? রঙটা বড় ম্যাডমেডে...’

শুভ গোমড় হল, —‘এইজন্যই তোমার জিনিস আমি কিনতে চাই না। কাল  
অত করে জানতে চাইলাম... অথবা মেজাজ দেখালৈ !’

—‘মেজাজ তুমি দেখাওনি ?’ শান্তা সঙ্গে সঙ্গে ঘুরে বসেছে,—‘সকালবেলা  
বাজারটা পর্যন্ত করে দিলে না। এত লোকের আয়োজন, আমি একা একা...’

—‘কথা বললে তখন উত্তর দিতে তুমি ? রাত থেকে যা একটা মুখ করে  
রেখেছিলে ! মাঝে মাঝে তোমার মাথায় ভূত চাপে !’

—‘আমার মত খেটে মরতে হলে দেখতাম কার মেজাজ ঠিক থাকে।’

—‘নিজেই যেচে খাটো। কতদিন থেকে বলছি একটা রাতদিনের লোক রেখে  
নাও...’

শান্তা ফেঁচ ফেঁচ নাক টানল। শুভ সিগারেট নেভাল।

—‘শোভনা বৌদি বলছিল হাতে একটা বাচ্চা মেয়ে আছে। আমি কালই গিয়ে  
নিয়ে আসব।’

—‘না, না !’ শান্তা চোখমুখ ঘোরাল। —‘রাতদিনের লোক মানেই গাদাগুচ্ছে খরচা।  
কোন দরকার নেই।’

—‘মনে থাকে যেন। আর এ নিয়ে খোঁট দিতে পারবে না।’

—‘হ্যাঁ, আমি তো শুধু খোঁটাই দিই ! শান্তার ঠেঁট ফুলল, —‘তুমি কিছু বলো  
না !’

এ প্রসঙ্গ আর বাড়ানো বৃক্ষিমানের কাজ নয়। শুভ কথা বদলাতে চাইল,  
—‘তোমাকে আজ সঙ্কেবেলা বেশ দেখাচ্ছিল।’

—‘খোসামোদ।’ শান্তা চুলে চিরনি চালাল, —‘রসমালাই কেমন হয়েছিল ?’

—‘মন্দ নয়। তবে আজকাল বড় বেশি ভ্যানিলা মেশাও তুমি। আগে আরও  
ভাল করতে।’

—‘থেয়ে তো নিলে চেটেপুটে !’ শান্তা ঠেঁট টিপল।

—‘খেলাম’ শুভ ঝঁকে আচমকা একটা চুমু খেয়ে ফেলল বউকে।  
লালটি ঘুমের ঘোরে হাত-পা ছুঁড়ছে। ওর লাথি খেয়ে বুবলা যে কোন মুহূর্তে  
জেগে উঠতে পারে। শাস্তা হাত বাড়িয়ে তাড়াতাড়ি আলো নিভিয়ে দিল।

—‘কি, দেখলেন তো?’

—‘দেখলাম।’

—‘বুবালেন কিছু?’

—‘মনে হচ্ছে বুবেছি।’

—‘কচু বুবেছেন!’ শাস্তা শুভর বিছানা থেকে চাপাস্বরে হেসে উঠল, —‘যান,  
এবার কেটে পড়ুন। আজ অস্তত আমাদের কিছুক্ষণ একা থাকতে দিন।’

ঘরের ভিতর অঙ্ককার যেন অঙ্ককার নয়, মারাসমুদ্রের গাঢ় নীল শাস্তা জল। এবার  
মনে হয় গল্পটা ঠিক ঠিক লিখে ফেলতে পারবো।

## ରାପକଥାର ଜନ୍ମ

ମା ମରତେ ବାଜାନ ସଖନ ଫେର ନିକେ କରେ ନୂରିର ତଥନ ବସ ବାରୋ । ସବେ ଫୁଲ ଆସତେ ଶୁରୁ କରେଛେ ଶରୀରେର ଆଲେ-ଡାଲେ । ହଠାତ୍ ହଠାତ୍ ମନ ଉଚାଟନ । ଏମନ ଏକଟା ସମୟ ମାକେ ହାରିଯେ ସେ ବଡ଼ ଏକା ହେଁ ଯାଯ । ମା ତାର ଅନେକ ହାସି-କାନ୍ଦାର ସଙ୍ଗୀ ଛିଲ । ଏହି ଗୋରଞ୍ଜାନେଇ ମାକେ ମାଟି ଦିଯେଛିଲ ବାଜାନ । ଗୋରଞ୍ଜାନ୍ତା ସଖନ ତଥନ ହାତଛାନି ଦିଯେ ଡାକତ କାହେ । ପାଯେ ପାଯେ କଥନ ସେ ଚଲେ ଆସତ, ଟେର ପେତ ନା ନିଜେଇ । ଚୁପାଚାପ ବସେ ଥାକତ ଡିବିର ଓପର । ସାମନେଇ ମାଯେର ଗୋର । ବୁରୋ ମାଟି ଅନେକଦିନ ଶୁଷ୍କ ହେଁ ଛିଲ ମେଥାନେ । କଦା ଫୁଲ୍ଡେ ମାଥା ତୁଳେଛିଲ ଏକଗୋଛା ଗୁଲମ୍ ତୁଳସୀ । ବାତାସେର ଝାପଟେ କଟି ଡୁଟିଗୁଲେ ଦୋଦୁଲ ଦୋଲ । ଏଥନ ଏଦିକଟା ବୋପେଝାଡ଼େ ଏକାକାର । ଏକସମୟେ ଏଥାନେ ବସେ ମାଯେର ମେଥା କଥାଓ ବଲତ ନୂରି ।—‘ଓମା ତୁଇ କୁଥା ଚଲି ଗେଲି ?’

—‘କୁଥାଓ ଝାଇନି ବାପଧନ । ଇଥେନେଇ ଆଚି ।’

—‘କୁଥାଯ ଆଚିମ ? ଆମି କ୍ୟାନ ତୋରେ ଦେକତି ପାଇନିକୋ ?’

—‘ମାଟିର କୋଲେ ଆଚି ବାପ । ଆକାଶ ହିଁଯେ ଆଚି । ଗାଚ ହିଁଯେ ଆଚି ।’

—‘ଭାଲଇ ହିଁଯେଚେ । ଆର ତୋରେ ବାପେର ଠେଣ୍ଠାନି ଖେତି ହବେନି ।’

—‘ଆମାରେ ଆର କେଉଁ ପାବେ ନି କୋ । ଆମି ଏଥିନି ପିଥିମି ହିଁଯେ ଗେଚି ।’

ନୂରି ଫୁଲେ ଫୁଲେ କାନ୍ଦତ,—‘ଆମାରେଓ କେନ ତୁର କାଚେ ଲିଯେ ଯା ନା । ସଂମାଟା ଖୁପ କାଟକି । ଆତଦିନ ଖିଚମିଚ କରାନ୍ତିଚେ ।’

ମାଯେର କୋଲେର ମତନ ତଥନ ଗୋଲ ହେଁ ଛଢିଯେ ବସତ ‘ଆକାଶ । ମାଟି ଆଁଚଲ ବିଛିଯେ ଦିତ । ଗାଛଗାଛଲି ବାତାସ କରତ ପାତା ନେଡେ । ମାଯେର ମତ ମିହି ସୁରେ ଗାନ ଶୋନାତ ପାଖିରା । ନୂରି ଚିକାର କରେ ବଲତ,—‘ଆମିଓ ପିଥିମି ହିଁଯେ ଯାବ । କେଉଁରେ ଭାଲ ନାଗେ ନା ଆମାର । କିଛୁ ଭାଲ ନାଗେ ନିକୋ ।’

ଗୋରଞ୍ଜାନେର ବୁକେ ପୋଡ଼ୋ ମସଜିଦ । ଭାଙ୍ଗ ପାଁଚିଲ ଟପକେ ଅନାୟାସେ ଚଲେ ଆସତ ଏଦିକେ । ଏଂଦୋ ପୁକୁରେର ଧାର ସେଷେ ଦାଁଡାତ । ସବୁଜ ଜଲେ ଥିରଥିର କିଶୋରୀ ଛାଯା । କଚୁରିପାନାର ଗନ୍ଧ ଉଠିତ ପ୍ରକୁର ବେଯେ । ଏକ ସମୟ ନିଜେର ଗା ଥେକେଇ କଚୁରିପାନାର ଗନ୍ଧ ପେତେ ଶୁରୁ କରଲ ନୂରି । ବୋପେଝାଡ଼େ ଫଡ଼ିଂ ଓଡ଼େ । କାଠବେଡ଼ାଲି ଛୋଟେ ଏ ଗାଛ ଓ ଗାଛ । ତବତରିଯେ ଡାଳ ବେଯେ ଉଠେ ଯେତ ନୂରି । ଡାଳେ ଝୁଲେ ଦୋଲ ଖେତ । ଘୋଡ଼ାନିମେର ପାତା ସରିଯେ ଉର୍କିବୁକି ଦିତ ବୁଡୋ ଗିରାଗିଟି । ଗାଯେର କାହେ ପିଡ଼ିଂ ପିଡ଼ିଂ ସୁମୁ ଶାଲିଖେର ନାଚ । ଫିଙେ, ମାଛରାଙ୍ଗଦେର ପିଛନେ ଉଡ଼େ ବେଲା ଯେତ । ନୂରି ଟେର ପେତ, ସେଇ ଏକଟୁ ଏକଟୁ କରେ ମାର ମତନ ପୃଥିବୀ ହେଁ ଯାଛେ । ଭାବି ଭାଲ ଲାଗତ । ବୁକ ଖୁଶିତେ ଡଗମଗ । ଥିଲଥିଲିଯେ ହାସତ । ହାସତେ ହାସତେ ଝାପିଯେ ପଡ଼ତ ଜଲେ । ଜଲ-ପୋକାର ମତ ମିଶେ ଯେତ ଜଲେର ଗାୟେ । ଆଁଜଲାଭରେ ସବୁଜ ଜଲ ଛୁଟେ ଦିତ ପାଡ଼େ ।

କତକାଳ ପର ଆଜ ଆବାର ଶରୀରେ କଚୁରିପାନାର ଗନ୍ଧ । ଏକବୁକ ଜଲେ ଦାଁଡିଯେ ଆଁଚଲ ଖୁଲେ ଭାସିଯେ ଦେଯ ନୂରି । ମସଜିଦେର ସବୁଜ ଜଲେ ଜୋଡ଼ାପଦ୍ମ ପାପଡ଼ି ମେଲେ । ଜଲସପ୍ରସାଦ

আঁচল তুলে আবার কাঁধে ফেলে। পদ্মাঁটার মত হাত দুটো ছড়িয়ে শাস্তি পুরুরে শব্দ তোলে ছপচপ। মাছেদের পাশাপাশি তরতরিয়ে সাঁতার কাটে। এপার থেকে ওপার। আবার এপার। ডুব দেয়। ভাসে। ঝাঁপাবাঁপি করে। সজ্জনে বাবলার ডাল কাঁপিয়ে বাতাস বিরাবির হাসে। উথান-পাথাল শরীর ভাসিয়ে অনেকক্ষণ সাঁতার কাটে নূরি। একসময় উঠে আসে ঘাটে। ঘাট বলতে পাড় থেকে ফেলা নারকেল গুঁড়ি। সেখানে দাঁড়িয়ে কাপড় নিংড়োয়। চুল ঝাড়ে। আর তখনই চোখ পড়ে সামনের দিকে। হাই বাপ, খানে অতখানি পাকা ঘর উঠল কবে ? কটা দিনের ভেতর কত কিছু বদলে গেছে গাঁয়ের। নূরি পরিষ্কার দেখে একজোড়া চোখ টুক করে সরে গেল দোতলার জানলা থেকে। মানুষটা তবে তাকেই গিলছিল। নূরি নড়েচড়ে দাঁড়ায়। ঢেউতোলা ভুরু নাকের কাছে জড়ো। পুরুষমানুষের এ দৃষ্টি এখন চিনে গেছে সে। বছরভোর মঙ্গদুলের ওই চাউনি দেখে যেন্না ধরে গেছে। দিন নেই, রাত নেই যখন তখন মঙ্গদুল খামচে ধরত তাকে। দোরের শিকল তুলত। প্রথম প্রথম নূরির বুকেও ঢেঁকি চপচপ। শরীর জুড়ে কুলকুলে সুখ।

সাদির মাস ফেরেনি তখন, শাশুড়ি বলল,—‘এখুন থেকে সোমসারের আঁদা বাড়া তোকেই করতি হবে বট?’

নূরি ভাত গালতেই শেখেনি তো রাঁধাবাড়া! এই নিয়ে কম গাল পেড়েছে সংমা! বাজানের কাছে নালিশ করে মার খাইয়েছে কত। উঠতে বসতে ঘানঘানানি,—‘এই মেয়ে লিয়ে অনেক দুর্কু আচে তুমার। কাজকাম কিছু শিকলোনিকো। আতদিন আলেডালে ঘুরতিচে।’

নূরি শুনেও শুনত না। সে তখন প্রথিবী হয়ে গিয়েছিল। মার মত মিশে গিয়েছিল মাটির সঙ্গে। আকাশের সঙ্গে। নিজের মনে ডানা মেলে উড়ে বেড়াত সারাদিন। খিদের টানে ঘরে ফিরত।

তা শাশুড়ি যখন ফরমান দিল চুকতেই হল হেঁসেলো। ও সব এতাল বেতাল কাজ তার মোটে ভাল লাগে না। তার চেয়ে চের মজা মাঠে ঘাটে ছাগল চরানোতে। কিংবা শুধুই ছুটে বেড়ানো এদিক সেদিক।

একদিন শহর থেকে তাকে এক শিশি স্নো এনে দিল মঙ্গদুল। হাটে কেনা আনাজপাতি কলকাতার বাজারে বেচতে যেত সে। রাতে গাল টিপে বলল,—‘এবার থিকে ওজ্জ সঁওৰে বেলা ছোনো মাকবি। চুল বাঁদবি বাহার করে। কী আকুসীর মত আতদিন এলোচুলে থাকিসু।’

শুনে একচোট খিলখিলিয়ে হাসল নূরি।

পরদিন শাশুড়ি গেছে ঘাটে। ডাল নামাতে গিয়ে ফোড়নের শিশিখান ছিটকে পড়ল মেবোয়। পাতলা কাচের শিশি ভেঙে খান-খান। নূরি সিঁটিয়ে গেল ভয়ে। কেন্নো পোকার মত মুখ গুটিয়ে এতটুকু। শাশুড়ি দেখলে চুলের গোছা ছিঁড়বে। তাড়াতড়ি স্নো-এর শিশি থেকে সাদা সাদা গন্ধওয়ালা জিনিসটুকু সাপটে ফেলে দিল ঝাঁপের ওধারে। ফোড়নগুলো খুঁটে রাখল শিশিতে।

কাজ থেকে ফিরে কাছে টানল মঙ্গদুল,—‘ছোনো মাকিস্নি যে বড়! মানুষটা যত রাগে নূরি তত হাসে ফিকফিক। শেষমেশ বলে,—‘ফেইলে দিচি। শিশির মদ্য এখন আঁধুনি আচে।’

হাই বাপ? শুনে মিয়ার সে কি রাগ! ছেলে যত গাল পাড়ে মা তার তিনগুণ। মিঞ্জির গরম মেজাজে ছাঁকছোক পড়তে থাকল মায়ের নালিশ। পাখার ডাঁটি লপ্ত লম্বা দাগ ফেলে দিল পিঠে। এর পর থেকে প্রায়ই বউকে সিধে করতে ধোলাই দিতে লাগল মঙ্গদুল। ছাগল চরানো বন্ধ। এদিক সেদিক যাওয়া মান। শুধু ঘর আর ঘাঁট। ঘাঁট আর ঘর। সারাদিন কালো মুখে ঘরের কাজ সাবে নূরি, আর রাতে মিঞ্জির বায়না রাখে। দিনমানে বারকয়েক শুধু ঘাটে যাওয়া। টিলটিলে জনের গা ঘেঁষে দাঁড়ালেই বুক হ-হ করে। চোখ বেঁপে জল নামে। আলেডালে কিচকিচ করে পাখপাখালি। সব সব হাওয়া ছোটে বাঁশবনে। ডুব দিতে নেমে নূরি সংসার ভোলে। পুরুর বলে —‘আয় নূরি, পানি হয়ে যা।’ ঘাটে গেলে সময় যায়। শাশুড়ি গালমন্দ করে।

শেষে একদিন এক-গা-জল নূরির বড় ওঠে চোখের পাতায়,—‘আমি আর তুদের ঘরে থাকব নি। তোর ছেলেরে বল আমারে তালাক দিতি।’

শুনে মিঞ্জির চোখে এক উন্নন আঁচ গন্গন,— তোরে তালাকও দিবুনি, নে ঘরও করব নি। আমি আরেকটা বিবি আনব।’

নূরি নিজেই পালিয়ে আসে।

পাকা কোঠাৰাড়ির দিকে পিছন ফিরে ভিজে কাপড় রগড়ে গা হাত পা ডলে নূরি। সবুজ শরীর ফেটে তেল গড়ায়। সুপরি নারকেলের মাথা কাঁপিয়ে একবাঁক টিয়া উড়ে যায়। নূরি ঘাড় তুলে দেখে। কঢ়ি পানপাতা মুখে বিকাষিক করে সাদা পাখরের নাকছাবি। ঘোড়নিমের ডালে মুখ লুকিয়ে কোকিল ডাকে। চিকন শরীরে টেউ তুলে সে কোকিলটাকে খোঁজে। রঙের বাহার লেগেছে গাছগাছালিতে। মসজিদের গা ঘেঁষে দাঁড়িয়ে থাকা রাধাচূড়া গাছে সোনা রঙ-এর ছড়াছড়ি। নূরি খুশিতে পাগল হয়ে যায়। আকাশে দুহাত তুলে ডেকে ওঠে,—‘আমি কোকিল কেন হই নি খোদা?’

## দুই

স্টেশনের ধারে জামালুদ্দিনের চায়ের দোকান। চারখানা মোটা বাঁশের খেঁটুর ওপর টিনের চালা। তোলা উন্মে দুবেলা আঁচ পড়ে। ভেতরে কাচের বয়ামে সন্তানদের বিস্কুট। লাল নীল হজমি লজেস। কিছু বিড়ি সিগারেটও রাখে দোকানে। জামালের নিজের কোন নেশা নেই। পাতলা ছেটখাট চেহারার মানুষটা ঘোর হিসেবী। বাপ মরতে মা আবার নিকে করেছিল। সেই থেকে একা। ক্যানিং-এ মাছের বোড়া বয়ে পয়সা জমিয়েছিল। তার সঙ্গে কিছু ধার-দেনা করে এই দোকান।

পাশের গাঁয়ের মেয়ে নূরি। হঠাতেই একদিন উমনো ঝুমনো চুলে ছুটে এসেছিল

এদিকে। দেখে জামালের বুকে সে কী ঝড়! এত রাপ কোন মানুষের মেয়ের হয়! হুরিপরী নয় তো! খবর নিয়ে জেনেছিল ও গাঁয়ের হারান মোল্লার মেয়ে। দেখেশুনে সাদি করিয়েছিল হারান। মরদটা হাড় হারামজাদা। অমন টকটকে বিবিটাকেও বেধডক পেটাতো। জামালের মনে থির থির করে উঠেছিল দৃঢ়। এমন একটা পরী পেলে সে বুকে করে রাখতো।

আজকাল প্রায়ই আসে মেয়েটা। আলের পথ বেয়ে স্টেশনে ওঠে। অবাক চোখে চেয়ে দেখে ট্রেনগাড়ি, মানুষজন। আচমকাই নেমে যায় ধানবাদায়, আনাজক্ষেতে। পাখির মত উড়ে বেড়ায় হলুদ রোদুরে। জামাল ব্যবসা ভুলে নিখর চেয়ে থাকে। মাঝেমধ্যে তার দোকানেও এসে ওঠে মেয়েটা। পাটায় পা ঝুলিয়ে বসে কলকল করে। একথা। সেকথা। জামালের বুক তখন টালমাটাল। শরীর জুড়ে চোরা কাঁপুনি।

—‘কিরে, চা খাবি?’ তোতলা গলায় জিজ্ঞাসা করে জামাল।

সজনে ফুলের মত ঝিরঝিরিয়ে হাসে নূরি,—‘চা খাবুনি, লোজেন দাও।’

তাড়াতাড়ি লজেন বার করে দেয় জামাল। মনের ভেতর হাজার কথার বুড়বুড়ি। শেষে একদিন বলেই ফেলে—‘তুই আমারে নিকে কৰ না কেন! দুবেলা কত নজেন্ খাওয়াব!’

—‘মারবে নি তো?’ নূরি গালে লজেন ফেলে পা দোলায়।

—‘কখনুনো না। পীরের কিরা।’

—‘যাখন ত্যাখন কাজ করতে বলবেনি? আমি কিন্তু আঁদাবাড়া করতি পারবু নি।’

—‘তোরে কিছু করতি হবেনিকো। খালি আমার আদুর খাবি।’

লালদোপাটি ঠোঁট ছড়িয়ে হাসে নূরি,—‘ঠিক কতা?’

—‘ঠিক কতা।’

—‘আমি পিথিমি হতে চাইলি হতে দিবে তো?’

এবার ঘাবড়ে যায় জামাল। লোকে বলে হারান মোল্লার মেয়েটার নাকি মাথায় ছিট। নিজের খেয়ালে বনেবাদাড়ে ঘোরে। একা একা কথা বলে। গান গায়।

—‘চুপ মেরি গেলে যে?’ নূরি গাল ফোলায়।

—‘না, এমনিই। জামাল টেক গেলে,—‘তা পিথিমি হওয়াটা কিরে?’

—‘তাও জানো নি? আমার মা মরে গে পিথিমি হইয়ে গেছে। আমাও তেমন হতি চাই।’

এবার কিছুটা বোঝে জামাল। আলগা চাপ দেয় নূরির হাতে,—‘মরণের কতা বলতে নি বে। মরণ হক তোর শত্রুরে। তুই আমার বিবি হইয়ে থাকবি।’

—‘বিবি হতি ভাল লাগেনিকো। আমি পিথিমি হতি চাই।’

—‘দূর বোকা মেয়ে!’ জামাল এদিক ওদিক দেখে নিয়ে নূরির পিঠে হাত বোলায়, —‘সোমসারে কত সুক জানিস?’

—‘বেশ। তবে বা’জানরে বলো।’ নূরির চোখ উদাস ভেসে যায়,—‘মঙ্গদুল মির্ণা আমারে তালাক দিবেনি।’

—‘সে তো শুনি আবার নিকে করেচে!’

—‘তা করেচে। তবে আমারেও তালাক দেয় না।’

জামাল বোঝে এ ব্যাপারে মেয়ের সঙ্গে কথা বলে লাভ নেই। হারান মোল্লাকেই ধরে পড়ে। শুনে হারানের নাকের পাটা ফোলে। ঘাড় শক্ত হয়,—‘দশ কুড়ি ট্যাকা দিতি হবে।’

মাথায় হাত দিয়ে বসে জামাল। আগের বছর দোকান সারাতে এককাঁড়ি খরচ গেছে। দেনা শেষ হলেও সুন্দর বাকি।

হারান বলে,—‘দশ কুড়ি ট্যাকার কমে হবেনি। মদ্দুল মির্শার পাঁচ কুড়ি আগে শোধ দিতি হবে। নইলে সে ছাড়ান দিবেনি।’

জামাল কুলুঙ্গিতে তোলা বাঞ্চি খেঁটে দেখে। চাব কুড়ি মতন আছে। আরও ছ’ কুড়ি চাই।

হারান তাড়া লাগায়,—‘যা করার চপ্পির চপ্পির কোরো বাপু। কেনিং-এর একজন নূরিবে দেখে একেবে পাগল। পাঁচিশ কুড়ি দিতি আজি আচে। তা তুমি যতি দশ কুড়ি দাও তাতেই মেয়ে দিয়ে দুব। মেয়েবে আর দূরি পাটাতি মন চায়নি কো।’

জামাল খেয়ে না খেয়ে পয়সা জমায়।

### তিনি

পোড়ো মসজিদের গা বেয়ে এক-পা এক-পা করে নেমে আসছে অঞ্চলিক। ভাঙাচোরা মসজিদ বছরভোর আলগাই পড়ে থাকে। উঠোনের ফাটা শানে কুকুর ঘুমোয়। বাতে ঘুলঘুলি থেকে পেঁচা ডাকে। আনতাবড়ি নেচে বেড়ায় চামচিকে।

আশপাশের গাছগাছালিতে পাখিদের ঘরে ফেরার মেলা। নূরি সেদিকে চেয়ে চুপচাপ বসে থাকে। তাকেও যেন ঘরে ফেরার জন্য ডাকছে কেউ। যুবতী-শরীরে চাপা ছটফটনি।

আকাশের বুকে সিঁদুরের ছোপ লেগেছে। লালটুকটুকে সৃষ্টি যেন নীল কপালের চাকতি টিপ। নূরি দূরের পাকা বাড়ির জানলাটার দিকে চায়। এখন সে জেনে গেছে ওটা শেখদের বাড়ি। মুরু শেখ ও-বাড়ির মালিক। তিনি-তিনটে বিবি আছে আর বালবাচা। সৎমা বলে মুরু শেখের অনেক পয়সা। মাছের আড়ত আছে ক্যানিং-এ। তেজারতিতেও রমরমা। যখনই সে পকুরে আসে, দোতলার জানলা থেকে উকি মারে সেই একজোড়া চোখ। ঘাড় ঘুরোলেই গোল মুণ্ডুখানা টুক করে সরে যায়। প্রথম প্রথম রাগ হত। আজকাল হয় না, বরং শরীর শিরশিরিয়ে ওঠে। ঘুরেফিরে পুরুরের আয়নায় নিজেকে দেখে। আগের মতই টেঁকির পাড় পড়ে বুকে। মদ্দুলের গড়াপেটা শরীরটা মনে পড়ে যায়।

ঘোড়ানিমের ডালে কোকিলটা ডাকছে আবার। পাখিটাকে খুঁজতে উঠে দাঁড়য় নূরি। তখনই কাঁধের কাছে আরেকটা মানুষের ছায়া। নূরি চমকে পেছন ফেরে। চিনতে অসুবিধে হয় না। শেখদের জানলার সেই গোল মুণ্ডুওয়ালা লোকটা। একটুও ঘাবড়ায় এই মায়া—৮

না নুরি। যেন কতদিনের চেনা এভাবে তাকায়। ফুলের মত হাসে।

এ পথ দিয়ে ঘরে ফিরছিল মূল্য শেখ। মেয়েটাকে ঢিবিতে বসে থাকতে দেখেই বুকের রক্ত ছলাই। পায়ে পায়ে এগিয়ে আসে।

নূরি ঘুরে ঘুরে তাকায় মানুষটার দিকে। হাই বাপ! কি বড়সড় শরীরটা গো!

মূল্য গলা ঝাড়ে,—‘একা বসে আচিস, দুটো কতা কইতে এলমা’

—‘বেশ করেচো।’ সরে বসে ঢিবির ওপর জায়গা করে দেয় নূরি। আকাশ বেয়ে একঠাঁক সারস উড়ে যায়। সকলেই একসময় ঘরে ফেরে—পাখি, জন্তু, মানুষজন।

মূল্য চারপাশ দেখে নিয়ে বসে পাশে,—‘আমারে চিনিস তুই? তোদের ইদিকে বেশিদিন তো আসিনি। আমার নাম মূল্য শেখ।’

—‘হাই বাপ! তুমই তাইলে ছেকছায়েব? তা ওজ অমন নুইকে নুইকে দ্যাকো কেন?’

মূল্য জুলজুলে চোখে মেয়েটার দিকে তাকায়।

—‘কি দেকচ? সবজ গাছের মত শরীর দুলিয়ে হাসে নূরি।

—‘তোবে।’ মূল্য টোক গেলে,—‘তোর মুতন সৌন্দর্পানা মেয়েছেলে আর এড়াও দেকিনি রে।’

—‘তো কি? নূরির ভুরুতে চেউ।

—‘তুই আমারে নিকে কৰ না ক্যান?’

পাছা বেয়ে নেমে আসা থাক থাক চুল আমালদামাল ওড়ে। তেঁতুলপাতার মত কেঁপে ওঠে চোখের পালক। নূরি উঠে দাঁড়ায়।

—‘উটলি যে?’

—‘তোমার যে আরও তিনটে বিবি।’ নূরি ঠেঁট ফোলায়।

—‘তো কি? তুই আমার খাস বিবি হবি।’ মূল্য হাত ধরে বসায় নূরিকে,—‘তোরে আমি এখেনে আকবনি। গঞ্জের বাজারে আমার পাকা ঘর আচে। সিখেনে তুই আলাদাভাবে থাকবি। তোবে আমি কত কিছু দ্ব। এক-গা গয়না দ্ব। এত উপ গয়না ছ্যাড়া মানায় নাকি? কলকেতা থিকে বাহারী শাড়ি এনি দ্ব।’

গয়না শাড়ির জন্য একটুও লোভ হয় না নূরির। মূল্য শরীরটাই তাকে টানে বেশি।

—‘কি ভাবতেচিস?’

নূরি মাথা চুলকোয়,—‘তোমারে আমি নিকে করি কি করে? মঙ্গদুল মিএঁ যে আমারে তালাক দেয় না।’

—‘তাতে কি এসি যায়?’ মূল্য ঠেঁট ওল্টায়, ‘আমি তোবে নে বোতি চাইলে কোন শালার খামতা আচে আমারে আটকায়?’

নূরি ঠারে-ঠোরে মূল্যকে দেখে। বকবকে মজবুত শরীর। চওড়া কাঁধ। হাতে-বুকে থাক-থাক পেশী। ভর্টি গলার স্বর। জামালের কথা মনে পড়ে। একরত্নি চেহারার ছেটোখাটো লোকটাও তাকে বিবি করতে চায়। বেছে নিতে সময় লাগে না। মূল্য পাঞ্জাবির ফাঁক দিয়ে ঘন কালো লোম উঁকি মারে। আদিম অরণ্য হাতছানি দেয়।

নূরি মানুষটার লোমশ হাত ছুঁয়ে ছুঁয়ে দেখে,—‘ইস্টিশনের জামালও আমারে বিবি করতি চায়।’

—‘ছোঃ!’ মুখ বেঁকায় মুন্নু—‘ওটা আবার মরদ নাকি? মেয়ে-মাইন্সের মত গলা। চড়ুই-এর মত বুকের খাঁচা। ও তোরে কি দিতি পারে? আমি তোরে সব দুব। যা চাইবি সব।’

নূরি মুন্নুর কাঁধে মাথা ঠেকায়,—‘নাকছাবিটা পাষ্টে দিতি হবে কিন্তু।’

সাদা পাথরের নাকছাবি কবে থেকে নাকের লতিতে সেঁটে গেছে মনে পড়ে না নূরিব। বাহারী অঙ্গ-প্রত্যঙ্গের মত নাকছাবিটাও একটা প্রত্যঙ্গ এখন। তাই বুঝি শুধু ওটার কথাই মনে পড়ে।

—‘সোনার নাকছাবি গড়িয়ে দূব তোকে। অমন বাঁশি নাকে সোনা ছাড়া কিছু মানায় নাকি?’

মুন্নু আচমকা জাপটে ধরে নূরিকে। আঃ, কি সুন্দর গন্ধ মানুষটার শরীরে! ঠিক যেন বুনো ঘাসের প্রাণ! নূরি জোরে জোরে নাক টানে।

গঞ্জের পাকা বাঢ়িতে নূরিকে এনে তোলে মুন্নু শেখ। আগে এখানে ফুর্তিফার্তা করতে আসত। বলে, ‘আজ থিকে মেয়েছেলে নে ফুর্তি করা ছেড়ে দেল্ম। এবার থিকে শুধু তোরে নে আমোদ করব।’

কদিন যেতেই নূরির হাঁপ ধরে যায়। টলটলে চোখে ঘরের কড়ি-কাঠ দেখে। এদিকে শুধু দোকানপাট আর ধুলোবালি। ফড়ে, ব্যাপারিদের চিঁকার শুরু হয় ভোরবাত থেকে। চারদিকে কিচকিচে হিসেবী গলা। নূরি ঝট্টপট করে মরে। ইট, কাঠ, দেওয়াল, দরজা গলা টিপে ধরে যেন। চাপা গুমোটে নিশাসের কষ্ট। কারণ ছাড়াই গাল বেয়ে জল গড়ায়। মুন্নু ব্যস্ত হয়—‘কাঁদিস কেন? গাঁয়ের জন্যি মন কেমন করে?’

নূরি ফৌস ফৌস শাস ফেলে।

—‘তোরে এড়া সোনার হার গড়িয়ে দুব। পায়ে উপোর মল।’

গয়নার ভারে নূরি হাঁটতে পারে না। মুন্নু তাকে মাঝেমধ্যে বেড়াতে নিয়ে যায়। নকাবপোশে মুখ ঢাকতে হয় তখন। মুন্নু গাঁয়ের বিবিদের কাছেও রাত কাটাতে যায়। তাছাড়াও দিন-ভোর তার হাজার কাজ। এক বুড়ি পাহারা দেয় নূরিকে। সঙ্গের পর নিচের ঘরে ইয়ার বন্ধু নিয়ে আসর জমায় মুন্নু। এদিকের দারোগা তার এক গেলাশের দোষ্ট। একা জানালার ধারে তখন বসে থাকে নূরি। চোখের সামনে দিয়ে হ-হ করে নেচে যায় ধানক্ষেত। রুপোলি রোদ পিছলে পিছলে যায় ক্ষেত-খামারে। মানুষের ভিত্তের চালে লুটোপুটি খায় দামাল বাতাস। সঙ্গে হলে বুড়ি তার চুল বেঁধে চোখে কাজল দিয়ে দেয়। কপালে বিলম্বিলে টিপ। মুন্নু বঙিন চোখে তাকায়।

মঙ্গদুলের মত মুন্নুর শরীরটাও একয়ে হয়ে গেছে কখন। রাজ্যের ক্লান্তি ভর করে শরীরে। বুকভোরা জমাট দৃঃখ। নূরি একদিন বলে ফেলে,—‘এখেনে আর ভাল নাগতেছে না। গাঁয়ে যাব।’

শুনে মূলু শেখের চোয়াল ওঠা-নামা করে,—‘কদিন ধরি দেকতিচি তোর ব্যানো  
কি হয়েচে! কিসের অভাব তোর হতিচে এখেনে শুনি?’

নূরি জেনে গেছে শেখ বড় রাগী। হঠাত হঠাত আগুন হয়ে ওঠে। তবু সাহস  
করে বলে,—‘ঘরের মদ্য সারাদিন বন্ধ থাকতি ভাল লাগেনি’

মূলুর ভুরু ঝুঁচকে ওঠে,—‘এ জন্যি বলে ছেটনোকরে নাই দিতিনি। সুখে থাকতি  
ভৃতে মারে তোদের!’

নূরি হ-হ করে কেঁদে ফেলে।

মূলু নরম হয়,—‘তোর আর বনে-বাদাড়ে নেচে বেড়ানো হবেনিকো। তুই এখন  
মূলু শেকের বিবি,— বুইলি?’

—‘আমারে তাইলে তুমি ছেড়ি দাও।’ নূরি ঝাপ করে বলে বসে, —‘তালাক  
দে দাও।’

এ কথায় মূলুর চোখ লাল হয়। নাকের পাটা পুটপুট ওঠা-নামা করে,—‘খপরদার!  
আর ও-কথা বলবিনি। ফের শুনলে ঠাঃ ভেঙে দুব। জান লিয়ে লেব।’

নূরি দিন দিন শুকোতে থাকে।

একদিন রাতে ফুলে ফুলে কাঁদে—‘শরীলটা ভাল ঠেকতিচে না। শুদ্র বমি  
আসে।’

সঙ্গেবেলার আসর সেদিন বেজায় জমেছিল। মূলুর মেজাজ কিছু শরিফ। গোলাপী  
চোখে সে নূরিকে জাপটে ধরে,—‘বুড়ি তাইলে ঠিকই বলতেছেল, পেটে তোর ছাওয়াল  
আসতিচে।’

নূরি ফ্যালফ্যাল তাকায়। দুহাতে তাকে বুকে তুলে বনবন ঘোরে মূলু—‘আমার  
নূরজাহান বিবির কোলে খোকা আসতিচে। তুই আমারে খোকা দিবি কিন্ত। সে  
মাগীণলোন খালি খুকিই বিহয়ে যাচে।’

নূরির বুক ধড়ফড় করে।

মেয়ের শরীরের খবর শুনে দেখতে আসে হারান। এখন প্রায়ই আসাযাওয়া।  
মূলু তাকে আড়তখানার ম্যানেজার করে দেবে।

হারান বলে,—‘ও জামাই, যতি আগ না করো তো নূরিরে কদিন কাচে নে গে  
আকি।’

বাপের জন্য চা ঢালতে গিয়ে চলকে পড়ে। নূরি টান-টান হয়ে বসে।

—‘নে ব্যাও।’ মূলু সিগারেট টানে,—‘ছাওয়াল না হওয়া অবাদি কাচে নে আকতি  
পারো। খোকা হলেই ফেরত পাটাতি হবে কিন্তুন।’

—‘লেশচয়। লেশচয়।’ হারান হাত কচলায়,—‘তা পোয়াতি মেয়ের খরচখরচাটা...’

—‘ট্যাকার জন্যি ভাবতি হবেনি। কত নাগবে? ব্যা নাগে নে যাও।’

হারান মোল্লার চোখ চিকচিক করে।

আগের মত নূরির সেই সরু কোমর নেই। পেটের খোল ছড়িয়ে পড়েছে উচ্চ মুখে। নিখুঁত স্তন-জোড়া নুয়ে পড়েছে ভারে। চায়ের দোকানে বসে জামাল দেখে নূরিকে। বাপের সঙ্গে গাঁয়ে ফিরছে। বোরখার ঢাকনা তুলে মুখটুকু শুধু বার করা। সামনে দিয়ে যাওয়ার সময় নূরি চোখ তুলে চায়। জামালের বুকে ছলছল করে দৃঃখ। হায় আল্লা, মুনু শেখের বদলে সেই যদি ছেলে আনতে পারত মেঘেটার পেটের খোলে! ছ'কুড়ি টাকার তিন কুড়ি মতন বাকি ছিল।

হারান মোল্লা হাঁক পাড়ে,—‘এই, কুনোদিকে তাকাবিনি। চোখ গেলে দুব একেরে!’

কদিন আগে জোর জলবাড় গেছে। ধানবাদায় একহাঁটু কাদা। পোয়াতি মেয়ে নিয়ে আলপথে যাওয়া ঠিক হবে না। একটু ঘোরা হয় তবু বাঁধের রাস্তায় ওঠে হারান মোল্লা। মেয়ের কিছু হলে মুনু তাকে জ্যাণ্ট খাবে। পা টিপে টিপে হাঁটে হারান।

—‘ও নূরি, এটু সাবদানে আয় মা।’

গভিনী নূরি নিঃশব্দে পথ চলে। চারদিকের কচি সবুজ রঙ বার বার তাকে উদাস করে দেয়। শিরীষ ডালে দোয়েল ডাকে। ফিঙে লাফায় পিড়িং পিড়িং। বাদায় দাঁড়িয়ে হি হি হাসে কাকতাড়ুয়া। গাছ-গাছালি দোল খায় পৎপৎ। মাথা ছুঁয়ে একজোড়া কাক উড়ে গেল। নূরি ঘাড় তুলে তাকায়। আকাশ হাত বাড়িয়ে ডাকে,—‘আয় নূরি, আকাশ হয়ে যা।’ ধানচারা বলে ক্ষেত হতে। গাছ বলে গাছ হ। নূরির ইচ্ছে করে এক ছুটে বাদায় নেমে যায়। এঁটেল কাদায় গোড়ালি ডোবে। পেটের ভেতর খোকাটা নড়েচড়ে ওঠে।

আগে এক আদর করেনি সৎমা এবার যেমন করে। মাথায় হাত বুলিয়ে দেয়। দিনভোর বিন বিন উপদেশ দেয় কানে। ভাইবোন পায়ে পায়ে ঘোরে। নূরির বড় সাধ বাইরে যাওয়ার। পারে না। শরীরে জুত নেই। নড়াচড়া করতে পারে না বেশি। পেটের খোল দিন দিন ঝুলে পড়েছে নিচে। হাঁটাচলায় হাঁপ ধরে। দুধের ভারে নয়ে পড়া ধানগাছের মত বুঁকে থাকে শরীর। বাপের উঠোনে মুরগী চরে। সারাদিন দাওয়ায় বসে তাদের দেখে। ধানটা গমটা ছড়িয়ে দেয়। মোরগাটা বড় দেমাকী। সময় অসময় নেই, যখন তখন তাড়া করছে মুরগীদের। কখনো-সখনো ধরা দেয় কেউ। বেশির ভাগ সময় ছুটে পালায়।

তেজী ভঙ্গিতে তখন এগিয়ে যায় মোরগা। কোন একটাকে ধরে ধারালো ঠোঁটে ঠোঁকবায়। পিঠে উঠে মনের সুখে ঝটপট করে। নূরির চোখ দপদপ করে ওঠে। চোয়াল কঠিন হয়। একদিন সৎমাকে বলে,—‘আর আমি ছেকের ঘরে ফিরবুনি।’

সৎমা আঁতকে ওঠে,—‘হায় আল্লা! ইসব কি কুকতা বলতিচিস? ছেকের মত বড় নোকরে কেউ কখনও ছাড়ে? তাছ্যাড়া মদ্দুলের মত তোরে পিটায়ও না ছেক। আদর সুহাগ করে। কত সুকে একেচে তোকে।’

—‘ছাই একেচে। আমার ভাল লাগেনিকো।’

শিউরে ওঠে সৎমা,—‘ওসব বলতি নি মা। ছেক তোরে কত কিছু দেয় বল দিনি। কত গয়না দেচে, কাপড় দেচে...’

—‘উসব আমার ভাল লাগেনি।’

সৎমা খেপে যায়,—‘ছেকরে ছাড়লি দুনিয়ার কুথাও ঠাঁই হবেনি তোর। আমরাও আর তোরে ঘরে তুলবনি কুনোদিনি।’

—‘ছেক যতি মোরে তালাক দেয় ?’

—‘হ্যায় আল্লা ! তালাক দিবে ক্যানো ? ঝা বললি বললি, আর কেউরে বলিসনি। তোর বাজান শুনলি পরে কাটবে তোরে।’

ন্বি ভেজা চেখে আকাশ দেখে। আপনমনে প্রশ্ন করে,—‘মেয়েমাইন্ধরে কেন তালাক দিবার হক দাওনি খোদা ?’

### পাঁচ

ইদের দিন দশেক আগে নূরি একটা রোগাসোগা ছেলে প্রসব করে। দুদিন হল হলুদ মূরগীটাও ডিম দিয়েছে। তা দিছে দিনভোর। সে উঠে গেলে সতীনরা এসে বসে। মৃৎ ঘুরিয়ে নেয় নূরি। কোলের পাশে ছেলেটা টা-টা কাঁদে। গভীর অনিষ্টায় স্তন গুঁজে দেয় ছেলের ঠোঁটে। মুমু এসে খোকা দেখে গেছে। ইদের পরই গঞ্জের কোঠায় ফেরত নিয়ে যাবে।

বাপ-মা দুজনেই উপোস দিচ্ছে। সবের মুখে খাওয়াদাওয়া সেরে শুয়ে পড়ে সকলে। ছেট বৈনটা শোয় ন্বির কাছে। ডোঁঙা নৌকার মত চাঁদের ফলি ঝুলে আছে ছাইরঙ আকাশে। ছেলে, বোন ঘুমিয়ে কাদা। পা টিপে টিপে বাইরে বেরিয়ে আসে নূরি। অনেকদিন পর একটা চেনা গন্ধ নাকেমুখে ঝাপটা মারছে। সাবধানে পা ফেলে বাদায় নেমে পড়ে। রমজান মাস। সব ঘরের বাতিই ভাড়াতাড়ি নিভে গেছে। বাদা টপকে পোড়ো মসজিদটার দিকে এগোয়। দূরে কোথাও শেয়াল ডাকে। ডানা ঝাপটে উড়ে যায় সাদা পেঁচা। ঢেলকলমির ঝোপে বিঁবির গান। নূরি জোরে জোরে শাস টানে। শরতের বাতাস তার চুলেমুখে বিলি কাটতে থাকে নরম করে,—‘আয় ন্বি, বাতাস হয়ে যা।’

চাঁদের আলো উপুড় হয়ে পড়ে আছে গোরস্তানের বুকে। উঁচু চিপিটার ওপর উঠে দাঁড়ায় নূরি। মসজিদের ভেতর থেকে উঁকি দিছে ছমছমে অন্ধকার। হঠাৎ খুশি চলকে ওঠে শরীরে। চোখ ছাপিয়ে সে খুশি গড়িয়ে যায় গালে। বহুকাল পরে বুক উজাড় করে হাসে নূরি। হেসে লুটিয়ে পড়ে ঘাসের কোলে। মাটির বুক বেয়ে সে হাসি গড়িয়ে গড়িয়ে ফেরে। হাসতে হাসতে কাঁদে হাসে—আবার কাঁদে। কাঁদতে আকাশের তারাগুলোর দিকে হাত বাড়িয়ে দেয়। আর্কাশভাঙা হস্তিকান্নায় আছড়ে পড়ে ধূলো, মাটি, আগাছার গায়ে।

রাত গাঢ় হয়। জিনে পাওয়া মানবীর মত বড় বড় পা ফেলে একসময় পাঁচিল টপকে যায় ন্বি। চলে আসে পুকুরধারে। পাতলা সরের মত আলোর চাদর ছড়িয়ে

পড়েছে ঘোড়ানিমের মাথায়, নারকেল ডালে। খোপেঝাড়ে ছোট ছোট আলোর জাফরি।  
পুকুরের জলে শালুকপাতা খিলখিল হাসে।

নারকেলগুঁড়ির ওপর দাঁড়িয়ে নূরি একটানে খুলে ফেলে লাল ডুরে শাড়িখানা।  
জুঁড়ে দেয় দূরের আগাছায়। আঃ, কি আরাম! কতদিন পর আবার কচুরিপানার গন্ধ  
উঠেছে শরীর থেকে। চাঁদের সঙ্গে নূরির শরীরের ছায়া কেঁপে কেঁপে ওঠে সেঁদা গন্ধওঠা  
জলের আয়নায়। অনেকক্ষণ ধরে চেয়ে চেয়ে দেখে নূরি। একটু দূরে মুনু শেখের  
পাকা বাড়িখানা রাণী ভূতের মত দাঁড়িয়ে। নূরি একটুও ভয় পায় না। খুশিতে ঝিরঝির  
বাবলা পাতা, সজনে ডাল। এখান থেকে সোজা গেলে তার বাপের ঘর। তা ছাড়িয়ে  
বাদার পর বাদা ভেঙে এগিয়ে গেলে জামালুদ্দিনের ভিটে। জামালও তাকে বেঁধে  
ফেলতে চেয়েছিল। আরও এগোলে মস্টিদূল মিঞ্চাদের গাঁ। ঘুরে ঘুরে সব দেখে নেয়।  
তারপর হঠাৎই চিংকার করে তালাক দিতে থাকে সকলকে। মুনু শেখ, মস্টিদূল এমনকি  
জামালউদ্দিনকেও নাম ধরে ধরে তালাক দেয়। সাক্ষী থাকে চাঁদ, তারা, আকাশ, জল,  
মাটি। ঠাণ্ডা নরম জলে ঝাঁপ দেওয়ার আগে ধর্মকে দাঁড়ায়। বুক জুঁড়ে কটকটে যন্ত্রণা।  
নন ভেসে যায় দুধে। রাতবিরেতে খোকাটার বড় ক্ষিধে পায়। হয়ত এখন জেগে  
উঠেছে! চাঁ-চ্যাঁ করছে শালিখানার মত! লাল কঢ়ি মুখ বেয়ে গড়িয়ে পড়েছে কষ!

দুধ-টস্টস বুকের দিকে ফ্যালফ্যাল তাকিয়ে থাকে নূরি। চারদিক থেকে জল,  
আকাশ, চাঁদ, তারা, গাছ-গাছালি বার বার ডাক দিয়ে ফেরে, —‘আয় নূরি, পৃথিবী  
হয়ে যা।’

নিজেকে দৃহাতে খামচাতে থাকে নূরি। আঁচড়ে কামড়ে ক্ষতবিশ্বত করে দেয়।  
চুল ছেঁড়ে। তীব্র বোৰা যন্ত্রণায় ছটফট করে মরে।

বুক বেয়ে গড়িয়ে আসা দুধ। জল, বাতাস, জ্যোৎস্না তখন সব মিলেমিশে  
একাকার।

## ভাতের গল্ল

চারটের ট্রেন ধরবে বলে দ্রুত পা চালাছিল অছিরনবিবি। কদিন জ্বরে ভুগে আজই প্রথম কাজে বেরিয়েছে। নিজের হাত পা মাথা এখনও নিজের বশে নেই। সারাদিনের ক্লাস্টি কামড়ে ধরছে শরীর। ঠিকমতো গাড়ি পেলে ঘরে পৌছতে এখনও ষষ্ঠা দেড়েক। গাড়ি যদি লেট করল তো আলে নামার আগেই আঁধার নেমে যাবে। কর্তিকের শেষ। এমনিতেই বেলা এখন ফুরোয় তাড়াতাড়ি। বিকেল ফোটার আগেই রোদ গলতে শরু করে। গলে গলে কখন যে মিশে যায় কাঁচা অঙ্কুরারের গায়ে !

প্ল্যাটফর্মে উঠে অছিরন দম নিয়ে নিল খানিক। ট্রেন আসতে দেবি আছে। ঘরমুখো মানুষের হা-ক্লাস্টি নিশাস আর গাদা গাদা ঝুড়িবস্তায় হাঁসফাঁস করছে গোটা চতুর। এত মানুষও রোজ শহরে আসে। পেটের তাড়া থেয়ে আশপাশের গাঁ-গঞ্জ থেকে প্রতিদিন পালে পালে ছুটে আসছে মানুষ—মেয়ে—পুরুষ—শিশু—বুড়ো। সেই কোন সাতসকালে ঝাঁক বেঁধে বেরিয়ে পড়ে সব। তারপর হাঁস-মূরগির মতো কামরা বোঝাই হয়ে নাগরিক স্টেশনগুলোতে ছিটকে ছিটকে পড়া। যাদবপুর, ঢাকুরিয়া, বালিগঞ্জ, পার্কসার্কাস—শহরতলির ট্রেনগুলো অভাবি মানুষদের ভিড়ে সর্বসময় থাইথাই।

টুকুনখানিক ফাঁকা জায়গা খুঁজে অছিরন হাঁটু মড়ে বসল। আধভেজা পুটলিখানা কোল থেকে নামিয়ে রাখল পাশে। কদিন ধরেই শরীরের মতিগতি মোটে ভাল ঠেকছিল না। বুধবার ঘরে ফেরার পর দামাল জুরটা এসে একেবারে আছড়ে ফেলল তাকে। প্রথম দুটো দিন হঁশই ছিল না কোনও। দেহ জুড়ে নিদারণ ব্যথা। মাথা ঘোরে চৰকির মতো। কাজে যাবে কি, ঘর থেকে দালানে যাওয়ারও ক্ষমতাটুকু নেই। শাকিলার বিমার দয়ার প্রাণ, সেই পাঁচ-পাঁচটা দিন সামলে দিয়েছে অছিরনের চার-বাড়ির কাজ। বলেছে, ঠেকা তো আমি দিয়েই দিতেছি, তুই আর দুটো দিন গড়িয়ে নে না কেন !

অছিরনের মন চায় নি। নিজের খাটনি খেটে পরের কাজও সামাল দেওয়া চারটিখানি কথা ? তার ওপর পাঁচ দিন ধরে মাকে শোওয়া দেখে মেয়েটারও সে কী বাগ ! ভাবতে গিয়ে অছিরনের ঠোঁটের ফাঁকে আপনা-আপনি হাসির খিলিক। মেয়ে খালি ঘোরেফেরে আর ধাক্কায় মাকে—ওমা, উটবি নি তুই ? আজও কাজে যাবি নি ?

প্রথম দু-দিন মায়ের অসুখ দেখে বেজায় ঘাবড়েছিল মেয়ে। মাকে ওভাবে চোখ উলটে পড়তে আগে তো দেখেনি কখনও। নিজেই দৌড়ে গিয়ে বিমা, খালাদের খবর দেয়। এঁটলির মতো দু-দুটো দিন মায়ের গায়ে গায়ে সেঁটে থাকে। শেষে তিন দিনের দিন পড়শীদের মেয়ে-বউরা যখন বেরিয়ে যাচ্ছে কাজে তখন ভেঙে পড়ে দূম করে।

রাতশেষে বিমবিম ঘোরের ভেতর সবকিছুই টের পাচ্ছিল অছিরনবিবি। হানিফ, মকবুলদের ঘরে মোরগ ডাকল প্রথমে। তারপরে কাক। তারপর একসময় ঝাঁপের এপার থেকে মেয়ে-বউদের কলকলানিও শুনল সে। শুধু টের পায়নি মেয়েটাও কখন জেগে উঠেছে। অন্য দিন এ সময়ে ন্যাতার মতো পড়ে থাকে কাঁথায়। বন্ধ চেখে

গায়ের ওপর কঢ়ি হাতের ছোঁয়া পেয়েছিল অছিরন—ওট মা ওট। টেন বেইরে যাবে যে, কাজে যাবি নি ?

অছিরনের দু-চোখ তখনও ভারী হয়ে আছে। চেষ্টা করেও অবশ চোখ খুলতে পারছিল না অছিরন।

মেয়ে আরও জোরে ঠেলা দিল তাকে—ওট্নারে মা। থিদে নেগেচে যে।

অছিরন জড়ানো স্বরে বলল—কৌটোতে মৃত্তি আছে। খেয়ে নে গে।

হাই মা, শুনে মেয়ের সে কী রাগ ! বার বার ঠেলে মাকে, আর সরু গলায় কাঁদে—আজও তাইলে তুই কাজে যাবি নি ? আজও ভাত খাওয়া হবেনিকো ?

শাকিলার সেই তীক্ষ্ণ কান্না নতুন করে ধাক্কা মারল অছিরনের বুকে। ঠোঁটের হস্তি ঠোঁটেই মিলোল। শাকিলার বাপ যখন অছিরনকে তালাক দেয়, মেয়েটা তখন এন্টুকুন। হাঁটতে সবে শিখেছে কি শেখে নি। তেলকালো-মুখে ফোলা ফোলা গাল। একমাথা গুঁড়ি গুঁড়ি চুল। কথায় কথায় হেসে ওঠে কলকল করে। অমন ফুলের মতো মেয়েটাকে ফেলেও কেমন চলে গেল মানুষটা ! পুরুষমানুষের বুকের খাঁচায় মন বলে কিছু থাকে না, দেহ—সবটাই দেহ। নতুন বিবি অছিরন বাসী হতেই অন্য দেহ টানল লোকটাকে। মাকালতলার ডগডগে ছুঁড়িটার সঙ্গে গফনাই হল। তাই নিয়ে সংসারে দিন ঘাগড়া, দিন খিটিমিটি। শেষমেশ সেই ছুঁড়িটাকে নিয়েই ক্যানিংয়ে দিয়ে ঘর বাঁধল গফুর। চাষবাসের দিনমজুরি ছেড়ে লক্ষের খালাসী হল। তা সেও তো আয় চার বছর আগের কথা। শোনা যায় এখন নাকি আর এক ছুঁড়ির রসে মজেছে। তা মজুক, অছিরনের আর মাথাব্যাথা নেই কোনও। মাঝে মাঝে কেন যে শুধু বুকটা এমন হ-হ করে তার ! যুবতী-শ্রীর রাতবিবেতে ডুকরে ডুকরে কাঁদে। কান্না ফুরোলে রাগ আসে। রাগ ফুরোলে ঘণা। গোটা পুরুষ জাতটাকেই এখন ঘণা করে অছিরন। শাকিলাকে বুকে চেপে নতুন করে বাঁচার ইচ্ছে খোঁজে। হাজার কান্না বিবাদ সালিসির পর মোড়ল-মুরবিদের রায় মতো গফুর ভিটেটুকু ছেড়ে দিয়ে গেছে অছিরনকে। ভিটে বলতে ভাঙ্গা ফাটা টুকরো একচালা ঘর। একে যদি দেনমোহর বল তো দেনমোহর, ভিক্ষে বল তো ভিক্ষে। এক ফালি ওই ভিটে আর এক রত্তি ওই মেয়ে নিয়েই এখন দিন গুজরান অছিরনের। গাঁয়ের আরও অনেক মেয়েবউয়ের মতো কাকড়াকা ভোরে বেরিয়ে পড়ে ঘর থেকে। মাইল দেড়েক রাস্তা ভাঙ্গলে তবে ঘুটিয়ারি শরিফ স্টেশন। সেখান থেকে ট্রেনে যাদবপুর। তারপর বাবুদের বাড়ির কাজ সেরে ঘরে ফিরতে সেই সঙ্গে।

অছিরন কাজে বেরিয়ে গেলে শাকিলাও বেরিয়ে পড়ে ঘর ছেড়ে। সারাটা দিন একা একা ঘাসফড়িংয়ের মতো এদিক সেদিক নেচে বেড়ায়। এর সঙ্গে ভাব করে তো ওর সঙ্গে খুনসুটি। নিজেই নিজেকে স্নান করায়, ঘুম পাড়ায়, খেতে দেয়। ঘরে যদি তেল থাকল তো চুক করে মাথায় ঢেলে নিল সবটুকু, না হলে রুক্ষ চুল উড়ছে সর্বসময়। পুরুরে ডুবটা দিয়েই উঠে পড়ে লাফ মেরে। গায়ে হাতে পায়ে ময়লা বসে। খুব যদি বকল মা তবে সেদিন গা ডোলবে। দুপুরে দু-গাল পাস্তা গিলে কোনদিন বা দাওয়ায় ঘূমিয়ে পড়ল, না হলে সারাটা দিন চরকিবাজি টাইটই। ছেলে-ছাওয়ালদের

সঙ্গে বেলাভর হটোপুটি। শেষে সূর্য যখন হেলে পড়ে বাঁধের গায়ে, রোদ বিমোতে শুক করে, তখন সঙ্গী ছেড়ে শাকিলা একা হাঁটতে থাকে আলপথ ধরে। আধমাইলটাক হেঁটে এসে চুপচাপ দাঁড়িয়ে থাকে শিরীষতলায়। জলকাদা তেমন না থাকলে বাঁধের পথ ধরে বড় একটা ফেরে না অছিরন। বাদা ধরে এলেই তাড়াতাড়ি হয়। দূর থেকে রোজই মেয়েকে দেখতে পায় সে। ছোটু শরীর নিখর দাঁড়িয়ে তার পথ চেয়ে। যত এগোয়, স্পষ্ট হয় কঢ়ি অবয়ব। কাছে পৌঁছলে শাকিলা দৌড়ে এসে জাপটে ধরে তাকে। হাতে ধরা তার পুটিলিটার গায়ে জলজ্বল চোখে হাত বোলায়—হাই মা, আজ শুন্দু ডাল এনেচিস ? মাছ নেই ? কোনদিন বা পুটিলি ছুঁয়ে উল্লাসে লাফায়—ও বাবা, আজ আবার গোস্ত আছে নাকি গো !

বাবুদের বাড়ি থেকে যেদিন যেমন পায়, মেয়ের জন্য বেঁধে আনে অছিরন। দু-মৃঠো ভাত, ডাল, রুটি, তরকারি। এক আধ টুকরো মাছ। কালেভদ্রে মাংস। নিজের ঘরের মোটা চালের ভাত পছন্দ নয় মেয়ের। বাবুদের হাঁড়ির ভাতে কী যে আলাদা স্বাদ পায় সে !

মেয়ের কথা ভাবতে গিয়ে আবার পেট কাঁপিয়ে হাসি এল অছিরনের। আনমনে মুখে আঁচল চাপল সে। শুধু ভাত কেন, বাবুদের ঘরের বিষেও অরুচি নেই শাকিলার। একবার পেটের ব্যামো হতে কাজের বাড়ির বৌদি এক শিশি কালমেষ দিয়েছিল অছিরনকে। মায়ের আঁচলে সবজেকালো শিশি দেখে মেয়ের সে কী নাচানাচি !

—ওমা, ওর মদ্য কী আছে আমারে এড়ু দে না !

—ওষ্ঠু আছে বাপধন। এ তুই খেতি পারবি না।

—খুব পারব, দে না তুই!

তা দিয়েছিল অছিরন। ছিপিতে করে এই একটুখানি। খেয়ে দেখুক। একবার গালে গেলে আর ফিরে চাইবে না। হায় আল্লা ! পরদিন ফিরে দেখে তেতোর তেতো ওষ্ঠু গিলে বসে আছে মেয়ে ! শিশি প্রায় থালি। মাকে দেখে থালি শিশি হাতে মেয়ের সে কী নাচ—খেইয়ে নিছি ! খেইয়ে নিছি !

অছিরন তো ভয়ে সারা। একেবারে অতটা ওষ্ঠু খেয়ে নিল, না জানি কী হয় ! ওমা, অতখনি কটকটে তেতো বিষ দিবি হজম করে নিল মেয়ে। সেই থেকে আর ওষ্ঠু-বিষ্ঠু ঘরে আনলে মেয়ের ধারেকাছে রাখে না অছিরন।

ভাবতে ভাবতে নিজের ভাবনায় নিজেই হেসে মরছে অছিরন। হেসেই চলেছে। খেয়ালও নেই চারটের গাড়ির সময় পেরিয়ে গেছে কখন। স্টেশনচত্বর উপচে পড়েছে মানুষে। শাকিলার বিমার ডাকে হঠাতই হঁশ ফিরেছে তার,—কিরে, খুব যে দেখি নিশিন্দে বসে আছিস ? গাড়ি বন্দ হয়ে গেছে সে খেয়াল আছে ?

অছিরন ধড়ফড় করে উঠে দাঁড়াল—কেন ? কী হল গাড়ির ?

—শ্যালদায় গঙ্গোল। মারপিট নেগেচে বাবুদের। এখন সেখান থিকে কোনও টেন ছাড়বেনি।

—কী করে জানলি ?

—মরণ ! কান কোথায় আছে তোর ? ব্যামোয় পড়ে কানটাও খোওয়ালি নাকি ?

—কেন ?

—ওই তো মাইকে আবার বলতিছে। শোন—কান পেতে শোন !

অসংখ্য মানুষের ক্ষেত্রে বিক্ষেপে চিত্কারে হাহাকারে একটা কথাও ভাল মতন বোঝা যায় না। অছিরন শুধু দেখল এলোপাথারি ছোটাছুটি শুরু করেছে মানুষজন। বৃথা উদ্দেশনায় ছটফট করে মরছে।

নিবতে নিবতে দিনের আলোও নিবে গেল এক সময়। কর্তৃকের বাতাস শিরশির বহতে শুরু করল।

অছিরনের হৃৎপিণ্ডটা কাটা মুরগির মতো লাফাছিল। বুকের কাছে ধরা পুঁটিলি ভিজে উঠছে ক্রমশ। ভাতের রসে বুক ভিজে গেল। শাকিলা এতক্ষণে শিরীষতলায় এসে গেছে। কদিন ঠিকমতো ভাত জোটেনি মেয়েটার। অছিরনের নন্দ-জা এক-আধবেলা ডেকে নিয়ে খাইয়েছিল মেয়েকে। তাতেও মেয়ের শুকনো মুখে হাসি ফোটে কই !

অছিরন নন্দের হাত আঁকড়ে ধরল—কী হবে এখন ! শাকিলা যে বড় কানবে গো !

নন্দের কপালেও দানা দানা ঘাম জমেছে,—অনেকে বাসের জন্য হেঁটে যেতিছে। গড়ে থেকে কেনিং-এর বাস ধরবে।

—আমরাও যাই চল।

—এখান থিকে বাসে গড়ে ! গড়ে থিকে ফের বাস ! অত পয়সা আছে কাছে ?

—সে নয় কাজের বাড়ির থিকে চেয়ে আনি।

—তারপর ? এই শরীলৈ বাসে অতটা পথ যেতি পারবি ?

—খুব পারব। অছিরন ঢোক গিলছে। দুপুরে এক কাজের বাড়িতে খানদুই আটার রুটি খেয়েছিল। টক চেকুর চলকে উঠছে গলায়—শাকিলা একা দেইড়ে থাকবে গো দিদি, ঘরে যাবে না !

অছিরনের নন্দের কপালে ভাঁজ—ভুই কি ভাবিস বাসে গেলি পর এখনি পৌঁছুবি ? সব পথই দূর পথ !

ঠিক, ঠিকই। সব পথই দূর পথ। অছিরন কেঁপে উঠল। আবার জ্বর আসছে তার।

জ্বর থেকে তুলে আনা শরীর আবার জ্বরের হাতেই ছেড়ে দিল অছিরন।

প্রকাণ্ড শিরীষগাছের চতুর্দিকে বাদার পর বাদা জুড়ে শুধু ধানগাছ আর ধানগাছ—মহাজনের জমি, বড়লোকের জমি, গরিবের জমি, ভাগের জমি, ভাগচাষের জমি।

হেমন্তের সোনালি ফসল পেকে উঠেছে। শাকিলার মাথা পেরিয়ে পাঁচিলের মতো দাঁড়িয়ে ধানগাছ, তাদের টপকে শাকিলা দূরের কিছুই দেখতে পাচ্ছিল না। শিরীষতলার উঁচু তিবিটায় উঠে দাঁড়াল, তাও দৃষ্টি পথ পায় না। অন্যদিন এ সময়ে ট্রেনের ভেঁকনে আসে। মাঝেমাঝেই। এই বুঁধি ক্যানিং লোকাল ঘুটিয়ারি ছাড়ল ! এই বুঁধি শেয়ালদার গাড়ি এসে পৌঁছল স্টেশনে ! নাহ, আজ কোনও সাড়াশব্দ নেই তাদের।

ধানগাছের সরসর ছাড়া আর কোনও আওয়াজ কানে বাজছে না। এত নিয়ম চারদিক !  
এত উদাসীন !

শাকিলার পেটের ভেতর এক অশান্ত ক্ষিধে ঝমঝাম করে বেজে উঠল। কনকনে  
বাতাস কুঁকড়ে দিল কচি শরীর। শীত তাড়াতে ছেউ বালিকা হাতে হাত ঘৰল বার  
বার। তাপ চাইছে। যত উত্তাপ চায়, দিন তত শীতল হয়ে আসে। পৃথিবীর দখল  
নিল আঁধার। আঁধারের গায়ে আকাশ কুয়াশার চাদর বিছিয়ে দিল। ধানখেতে কুয়াশা  
নামল।

শাকিলা আল বেয়ে এগোনোর চেষ্টা করল এবার। একটু গেলে একফালি পোড়ে  
জমি আছে। মেরেটা সেখানে পৌঁছতে চাইছে। যত এগোতে চায় ধানের জঙ্গল ঝাঁপিয়ে  
পড়ে গায়ে। পাকা ধানের শিষ খামচে দেয় মুখ গা হাত পা। খামচায়, কামড়ায়, আঁচড়ায়।  
পাকা ধান নয়, যেন একদল গভীণি রাঙ্গসী মানবশিশুকে নিয়ে হিংস্র খেলায় মেতেছে।  
দেখতে দেখতে ক্ষত-বিক্ষত শাকিলার শরীর। সমস্ত শক্তি দিয়ে শাকিলা সরাতে থাকে  
নির্দয় ধানগাছগুলোকে। সরাতেই থাকে শুধু। তারপর একসময় অন্ধকার যথন পুরোপুরি  
জাপটে ধরে তাকে, আলপথেই গুটিসুটি মেরে বসে পড়ে সে। পাকা ধানের তীব্র  
ঝাঁঝালো গন্ধ উপোসী পেটটাকে অস্থির করে দেয়। হড়হড় করে বমি করে ফেলে  
শাকিলা। সে বমিতে ভিজে একাকার দুধেভোজ অনন্ত ধানবন।

তার মা-র আজ শহর থেকে ফেরা হবে না।

তার মা তার জন্য ভাত আনতে গেছে শহর থেকে।

## পদ্মবৃড়ির রোজনামচা

গাজনপুরের পদ্মবৃড়ি এবার যেন কিভাবে জেনে ফেলেছিল আকাশমাটির গোপন খবর। জেনেছিল নাকি সে এই ধরিত্বাদীরই গন্ধ পাচ্ছে আজকাল ! কে জানে ? কে আর তেমন খোঁজ রাখে তার। একা বৃড়ি একলা মনেই থাকে দিনভোর। কবেকার সেই আদ্যকালের শরীর। বয়সের কোন মাপজোকই নেই তার। সত্ত্ব, আশি, নবই কি একশ'ও হতে পারে। কিংবা তারও বেশি। গাজনপুর আসার পথে বুড়ো মাঠের মাঝ বরাবর দাঁড়িয়ে যে প্রাচীন বটগাছটা, বৃড়ি বুঝি তারও আগের কালের। চোখের জ্যোতি ক্ষীণ হতে হতে ক্ষীণতর, দাঁড়া গেছে, কোমর অবশ, কান দুখানাও বুজে এসেছে প্রায়, আছে শুধু এক জরতী কঠ। তাই কঁপিয়ে দিনরাত বিনিবিন করে চলেছে পদ্মবৃড়ি। তিন মাথা এক করে কখনও বা বসে আছে মাটির দাওয়ায়, কখনও বা ডেলামতন শরীরখানা আঙিনার কোলে, রাঙচিতার বেড়ার ধারে সারা সকালটা বসে বসে মানুষের ছায়া খোঁজে বৃড়ি, ‘কে যাস রে ? হরির ব্যাটা নিকি ? হাঁরে, কী ধান এবার ঝুলিবাপ ? ঝুপশাল ?’

কখনও ডাকে, ‘বেন্দাবনের বাট নিকি লো ? তোর মেয়ে যেন ছেলে বিয়োতে কবে আসছে এখনে ?’

একজন সাড়া করে তো দশজন পাশ কাটিয়ে যায়। সাতকেলে বয়রা বৃড়ির সঙ্গে অহেতুক বকে মরার সময় কোথায় মানুষের ? বৃড়ি শেষে একা একাই প্রলাপ বকতে শুরু করে দোরগোড়ার কাঁঠাল গাছটার সঙ্গে। গর-ছাগল সামনে এলে ফিকফিক হেসে গল্ল জমায়, ‘বলি ও ছাগলি, কার ক্ষেতে অমন ডগডগে পালং পেলি রে অঁা ! চিবো, ভাল করে চিবো !’

বকম বকম আব বকম বকম। বসে বসে শুধুই কথার চৰকা কেটে চলা। তাবপৰ কথায় কথায় বেলা বাড়লে বাবলা ডালের লাঠিখানায় ভর দিয়ে বৃড়ি কষ্টেস্তু উঠে দাঁড়ায়। ঠুকুর ঠুকুর নাতবৌদের উঠোনে নিয়ে গন্ধ খোঁজে। গৰম ভাতের গন্ধ। লোভী কাকের মত উঁকি দেয় ঘরের ভেতর। তোমামোদের গলায় বড় নাতবৌকে ডাকে – ‘ও রাঙবৌ, কাশিটা তোর এতু নৱম হল ?’ কোনদিন গলায় নির্ভেজাল উৎকঠা, ‘তোর কঢ়িটাৰ জ্বৰ নাকি আব নামে না ? ও রাঙবৌ, ওয়ুধপালা কৰেচিস কিছু ?’

সোহাগবালা ভেতর থেকে ঘনঘনিয়ে ওঠে, ‘তার খোঁজে তোর কি দৰকাৰ ? ফেৰ বুঝি এ ঘৰে বিষন্জৰ ঢালতে এসেছিস ?’

পদ্মবৃড়ি ঝামটাটুকু বোঁৰে, কথাকটা শুনতে পায় না। দু-হাতে লাঠি চেপে পেঁপেতলায় উবু হয়ে বসে। ঘোলা চোখে পিটপিট তাকায়, ‘রেগে যাস কেন ? ছেলেপুলের ব্যারামে মাথা ঠাণ্ডা রাখতে হয়। এইবেলা তুলসীপাতা কথান ছেঁচে, আদা দিয়ে খাইয়ে দে দিকিনি !’

‘তুলসী গঙ্গাজল তোর মুখে পড়ুক। ডাইনী রাক্ষসী বৃড়ি, খবৰদার যদি কুছায়া ফেলিস আৱ... দুনিয়াসুন্দু মানুষ খেয়েও আশ মেটেনি না ? মৰণখাকি, যমের অৱচি...’

সোহাগবালার চিংকার শব্দ হয়ে টুকরো টুকরো কানে ঢোকে যেন। পদ্মবৃত্তি বোকে আজ এখানে বিশেষ সুবিধে হবে না। রাঙাবৌ-এর মেজাজ আজ তাতল আঁচ। তবু বসে থাকে কিছুক্ষণ। গত সনের আগের সনে বড় নাতিটা হঠাত একদিন ধড়ফড়িয়ে মরে গেল। সেই থেকে রাঙাবৌ এমন পাগলপারা। পদ্মবৃত্তি নাকি গিলে নিয়েছে বড় নাতিকে। তা বলুক যা মন বলে, পদ্ম তাকে মাপ করে দেয়। কঢ়ি বয়সের বিধবার রাগ গায়ে মাখতে নেই। শাপ দিক, গাল পাড়ুক, মাঝেসাবে তবু দুটো ভাতপাস্তা তাকে দেয়ও বটে রাঙাবৌ। ভাবতে গিয়ে সোহাগবালার দৃঃখ্য হাদয় কাঁদে। শক্তি-মানটা তারও কি কম আদরের ছিল? ছেলের ঘরের প্রথম নাতি বলে কথা! যেমন তার নাম, তেমনি রাপের জুনুস। এই সাজোয়ান চেহারা, এতখানি বুকের পাটা। ঠাকুর বলে সামনে এসে দাঁড়লে আরেকটা কার শরীর যেন মনে পড়ে যেত। কাকে যে মনে পড়ত—ছেলে, না ছেলের বাপ? পুরোনো মুখগুলো ঠিক ঠিক আর মনে পড়ে না এখন। পদ্মবৃত্তি ময়লা ছেঁড়া কানিমতন আঁচলখানা তুলে চোখের পিঁচুটি আর কষ মোছে। সোহাগবালা দাপদুপ ঘরে ঢুকে যায়। আরও খানিক বসে থেকে পদ্মবৃত্তি ওঠে। এবার সেজ'র দোরে যাওয়ার পালা।

—‘ও সত্য, সত্য ঘরে আচিস নিকি?’

বারকয়েক ডাকার পর হেসেলঘর থেকে সত্যবানের ডাগর মেয়ে সুন্দরী ভারী তাচ্ছিল্যে জবাব দেয়—‘বাবা ঘরে নেই। বাঁধের কাজে গেছে। কেন, তার সঙ্গে কি দরকার?’

বৃত্তি শুনতে পায় না। ফের গলা কাঁপায়, ‘ও বৌমা, ও সত্য, গেলি কোথায় সব?’

ডুরে আঁচলে হলুদহাত মুছতে মুছতে বেরিয়ে আসে সুন্দরী, ‘হল্টা কি? অত চিন্নাও কেন?’

—‘তোর মা-বাপ ঘরে নেই?’

—‘কেন? কি চাই তোমার?’

উঠেনটাতে পা দিয়েই গুৰু পেয়ে গেছে পদ্মবৃত্তি। কান যাক, চোখ যাক, নাকটা এখনও ভালই আছে। বরং দিন দিন সরেস হচ্ছে আরও। সেই নাকে ঠিকই ঝাপ কেটেছে সত্যবানের ঘরে সেন্ডচাল ফোটাৰ গৰ্জ। মরে যাই, কী মধুর ভ্রাণ! মুখের লালা টপাটপ গিলে নেয় পদ্মবৃত্তি। চাইবে কি চাইবে না ভাবতে সময় নেয় দু দণ্ড। না পাওয়ার সম্ভাবনাই বেশি। তবু বলে ফেলে, ‘তোদের ঘরে বৃঝি এত বেলায় ভাত নামল?’

সুন্দরী মাচা থেকে কুমড়োফুল ছিঁড়ছে। পদ্মবৃত্তির ফোকলা গালে হাসি ছড়ায়

—‘ফুল ছিঁড়িস কেন? ভাজবি বৃঝি?’

—‘ভাজি না ভাজি তোমার কি?’

—‘এক মুঠ ভাতের সঙ্গে দুটো গরম ভাজা যদি দিস...’

—‘এহ, বড় নোলা যে!’ সুন্দরী অবিকল তার মায়ের গলায় কথা বলে, ‘কেন, তোমার পিরীতের ছেট নাতি খেতে দেয়নি?’

—‘দিছিল।’ হাতের কঠি কঠি পাঁচটা আঙুল জড়ো করে দেখায় পদ্ম, ‘পাস্তা। এই এন্ট্রকুন। তাতে মোটে পেট ভরেনি রে মা...’

—‘ভরবে কি করে? পেট তো তোমার পেট নয়—জালা।’ সুন্দরী দাওয়ায় বোলানো দড়ির দোলনা থেকে কাঁথাসুস্ক ছোট ভাইটাকে কোলে তুলে নেয়। ঘুরিয়ে শোওয়ায়। তারপর পদ্মবুড়ির পাশ দিয়ে বেড়ার ধারে এসে গলা চড়ায়, ‘ও নুড়ো, ও হেরো, সাবিত্তির রে—ভাত খাবি আয়?’

পদ্মবুড়ির ছানিচোখে ভাতের লোভ ক্রমশ হলুদবরণ ধারণ করতে থাকে, ‘ভাইবোনদের খেতে ডাকিস বুঝি? আহা, বাছাদের খাওয়া হয়নি এখনও? তবে আমি এটু বসি...’

—‘না না, যাও তো এখন। ভাগো এখান থেকে। মা গেছে শেতলামন্দিরে পুজো-দিতে—এসে পড়ল বলে। সেদিনের মত আবার এমন ঝাঁটার তাড়া দেবে...’

সুন্দরী এত কাছে দাঁড়িয়ে কথা বলে যে শুনতে কষ্ট হয় না পদ্মবুড়ির। কষ্ট আসে অন্যত্র। দলা বেঁধে। গলার কাছে। তাড়া খাওয়া ল্যাংচা কুকুরের মত বাইরে ছিটকে আসে। বিড়বিড় করে কি যেন বকে খানিক। তারপর কাশবন মুগ্ধখানা প্রায় মাটিতে ঝুলিয়ে বেড়ার গা বেয়ে হাঁটে। হাঁটতে হাঁটতে পেছনদিকের পুরুরধারে চলে আসে। শ্যাওলা আর কচুবিপানায় পুরুরটার জল বারো মাসই গাঢ় সবুজ। আশপাশে তেলাকুচো, বাসকপাতার জঙ্গল। সুশুনি, হেলেঞ্চা, কঁটানটেও হামা টেনেছে কোথাও। পুরুর পেরিয়ে পদ্মবুড়ি আবও কিছুবৰে শিরীষ গাছটার নিচে এসে দাঁড়ায়। এখান থেকে বহু দূর অবধি দেখা যায় উদাস ধানভূমি। বুক থেকে অভিমান ঠোঁটে এসে রাগ হয়ে যায়। বুলস্ত চামড়া কাঁপিয়ে শিরা উপশিরারা দপদপ করে। রাগ যত বাড়ে, পেটের ভেতর নাড়িভুঁড়িগুলো তত লাফালাফি করে। ছোট নাতিটা আজকাল বড়ই কম খোরাকি দেয়। নিষ্ফল রাগে বুনো ঘাসে লাঠি আছড়ায় বুড়ি। শাপমন্তি করে ধানভূমিকে, ‘মর মর, মরে যা সব—শুকিয়ে মর! বাতাসে থৃত ছিটিয়ে ধুলোর সঙ্গে ঝগড়া করে। শেষে কোমর যখন টাটিয়ে আসে, শিরদাঁড়ায় যন্ত্রণা নামে, তখন ধুলোমাটিতে খেবড়ে বসে। ভরদুপ্পরে খুনখন সুর তুলে কেঁদে যায়, ‘আমারে কেউ দু গাল ভাত দেয় না গো। ওগো আমারে কেউ ভাত দেয় না...’

এরকমই চলে প্রায়দিন। এরকমই খোলা রোদে রোজ কেঁদে চলে পদ্মবুড়ি। কেঁদে কেঁদে নালিশ জানায় ধরিত্রীকে। কোনদিন কোন দয়ালু পড়শী ডেকে দুমুঠো খেতে দেয়ও বা। নরম মনের নাতিপুতি কেউ ঘরে দিয়ে আসে। নইলে বুড়ি ওমনি পড়ে থাকে আকাশের তলায়। কাঁদতে কাঁদতে এক সময় ঘিমিয়ে পড়ে। কালোকুলো পেঁটলামতন দেহটাকে তখন দেখায় ঠিক মাটির ঢিবির মত। তবে বুঝি এভাবেই মাটি হতে হতে একদিন মাটির ব্রাণ পেয়ে যায় পদ্মবুড়ি। আকাশের মতলব জেনে যায়। বাতাসের মতিগতি আগাম বুঝে ফেলে।

মুখের মুখে কিসের গুরু !

এবার ভাদ্র মাস থেতে না থেতে কেমন যেন এলোমেলো কাহা ধরেছিল পদ্মবৃত্তি। সময় অসময় নেই, যাকে পায় ডেকে মনের শঙ্কা জানাতে চায়। ছোট নাতিকে বোজ বলে, ‘ও রাপো, কাল রাতে আকাশটাকে দেকেছিলি ? কেমন যেন রঙচঙ করছিল না ?’

রূপবানের হয়ত তখন খুব তাড়া। চটপট কাজে বেরোতে হবে। রেল স্টেশনের বড় মিষ্টিদোকানের হেডকর্মচারী সে। কাঁধে হাজার দায়দায়িত্ব। নেহাঁ চাবের সময়টুকু ছাড়া গাঁয়ে থাকার ফুরসত নেই বড়। ভোর না হতে বেরিয়ে পড়ে। ফেরে সঙ্গের মুখে, ডুমুরমণির সঙ্গে। একবালক প্রেমালাপ সারার পর। সকালবেলা বাসি পাঞ্চা বেড়ে রেখে যায় ঠাকুমাবৃত্তির জন্য। বহুকাল ধরে এ এক বাঁধাধূরা ব্যবস্থা। যেদিন থেকে জমি-ভিটে পৃথক করেছে তিন ভাই, সেইদিন থেকেই।

হাওয়াই শার্ট গায়ে গলিয়ে রূপবান ঠাকুমাকে ধমকায়, ‘কদিন ধরে কী এক কথা ঘ্যান ঘ্যান করে চলেছ বলো তো ! চুপ থাকো একটু !’

—‘চুপ কি করে থাকি বাপ ? মনে যে বড় ধন্দ...’

—‘হয়েছেটা কি ?’

—‘আকাশ এত গুমসুম কেন লাগে রে ভাই ? বাতাস যেন টেরা দিকে বয়...’

—‘কচু বয় !’ রূপবান ভাবে বৃত্তির মাথাটা তবে পুরোপুরি যেতে বসেছে। একেই বলে ভীমরতির শেষ দশা। দিবি হালকা বাতাস বইছে চারদিকে। আকাশ জুড়ে সাঁতার কাটছে পালক পালক মেঘ। এরপরই তো রঙ আসবে ধানের বুকে। রূপবান হিসেব করে দেখেছে এবার তার ফসল মন্দ উঠবে না। ঠাকুমা যতদিন তার কাছে, জমির দু'দুটো ভাগ তারই। বাকি দু' ভাগ বড় মেজের। তবে কিনা পরের সনে বৃত্তিকে আর রাখা যায় কিনা ঠিক নেই। ডুমুর সাফ সাফ বলে দিয়েছে, ‘কোন বৃত্তি-বৃত্তি নিয়ে আমি ঘৰ কৰতে পারবনি বলে দিলুম !’ আবে বাবা, আখেরে যে ক্ষতিটা তোরই সে কে বোঝে ! পদ্মবৃত্তির পরমায়ু সহজে ফ্ৰোবার নয়। তো ডুমুর কোন কথাই শুনতে চায় না। কাঁচা বয়সের মেয়েরা একৰমই অবুৰু হয়। রূপবানও বেশি ঘাঁটায় না। দৰকার কি বাবা, ডুমুরকে পাওয়ার জন্য সে এখন সব ছাড়তে রাজি। এমনকি জমির একটা গোটা ভাগও। ঠাকুমার ভাগের ধান বেচে আগেই কুলি গড়িয়ে ফেলতে হবে একজোড়া, আব পায়ের মল, নাকের নথ। অস্বাগেই বিয়েটা সেবে ফেলবে। কতদিন আব নিজের ভাত নিজে ফোটানো যায় ! ভাবতে ভাবতে ডুমুরের ধ্যানে ভাবী বিভোর হয়ে যায় রূপবান। সেই ফাঁকে পদ্মবৃত্তি কখন বেরিয়ে যায় বাইরে। মেজ নাতির ভিটের মুখে দাঁড়িয়ে ডাকে, ‘ও সত্য, সত্য রে, জেগেচিস নিকি ? একবার বাইরে আয় তো ! বাতাস শুঁকে দ্যাক দিকি, কেমন সৌন্দা সৌন্দা বাস পাস না ?’

সত্যবান বড় পার্কল চা ছাঁকতে ছাঁকতে মুখে আঁচল চাপে, ‘ওই আবার দিন না ফুটতে ভুল বকা শুরু হল বৃত্তি। তা যাও না গো মেজ নাতি, এত করে বলে যখন একবার নয় বাতাস শুঁকে এস।’

সত্যবান সুখটান দেয় বিড়িতে, ‘এবার মনে হয় বৃত্তি মরবে !’

—‘সে গুড়ে বালি। আরও হাজার বছর বাঁচবে ওই বুড়ি। তোমার চতুর ছেট  
ভাই ঠিক কল করে বাঁচিয়ে রাখবে তাকে।’

সোহাগবালার বড় ছেলেও একই কথা বলে মাকে, ‘ও বুড়ির মরণ নেই রে  
মা, তুই যা ভবিস...’

সোহাগবালা ফোস ফোস শ্বাস ফেলে। দাওয়া থেকেই দেখা যায় পদ্মবুড়িকে।  
লাঠি হাতে টলমল এগিয়ে চলেছে। দিনভোর এখন ঘূরবে পড়শীদের দোরে। পথ  
আটকাবে মানুষজনের, ‘ও আমার চাঁদ, আকাশটাকে ভাল করে দ্যাক না রে ভাই...’

### বাঁধনভাঙা ঝড় এল

ঝড়টা উঠেছিল ঠিক বিকেলের মুখে। আশ্বিনের ধান তখন দিব্যি নওজোয়ান।  
যেদিকে তাকাও উপচে পড়ছে ভৱাট পৃথিবী। ঘরে ফেরার মুখে গুনগুন গান ধরেছিল  
কৃপবান। কদিন ধরে আকাশ যেন একটু থমকে আছে। তা থাক, অকালের মেঘে  
কত আর জল থাকে! বুড়ো মাঠ ভেঙে কাঁচা রাস্তায় উঠেছে কি ওঠেনি, একটা  
দমকা বাতাস এল উত্তরদিক থেকে। আকাশপারের নিরাহমুখ মেঘগুলো চমকে উঠেছে  
সঙ্গে সঙ্গে। কৃপবান ঢোলকলমির ঝোপের পাশে দাঁড়িয়ে গেল। ব্যাপারটা কি বোঝার  
আগেই আরেকপ্রান্ত বাতাস দৌড়ে এসেছে। বামের বামের নেচে উঠল ধূলোবালি।  
উত্তরকে ঝুঁতে দ্যাখ না দ্যাখ তেজী হাওয়া হেড়ে দিয়েছে দখিন। বাতাসে বাতাসে  
যুদ্ধ বেধে গেল। অন্তরাসিতে ফাটেছে বাতাস, গাছগাছালির ঝুঁটি চেপে উন্মাদ নাচ  
নাচে। কৃপবান তাড়াতাড়ি পা চালাতে চাইল। হঠাতে কী আজব ঝড় উঠল রে বাবা!  
ঝড় নয় যেন লক্ষ লক্ষ ঘোড়সেন্য দাপাদাপি শুরু করেছে। তুফানী ঝাপটায় গোটা  
একটা নারকেল গাছ শুয়ে পড়ল ভুঁয়ে। আকাশও সেই তালে ক্রমে খেপছে। পাগলা  
ষাঁড়ের মত বারকয়েক হুক্কার ছাড়ল। মেঘ বলসে ফুঁসে উঠল বিদ্যুৎ। কৃপবান ছুটতে  
শুরু করল। ছুট ছুট। পায়ে পায়ে জড়িয়ে যাচ্ছে ঝড়। আছড়ে কামড়ে ফেলে দিতে  
চাইছে মাটিতে। ধূলোবালির ঝাপটে চোখ কানা হবার জোগাড়। ঘরে পৌঁছনোর আগেই  
গলগলিয়ে বৃষ্টি নেমে গেল। দশদিক আঁধারে আঁধার। কাদের যেন ছাড়া ছাগল প্রাণভয়ে  
কাঁদছে। পাশ দিয়ে ফকির মণ্ডল দৌড়ে গেল, ‘পালা রে কৃপো, আকাশ মাতাল হয়ে  
গেছে।’ মাতাল বলে মাতাল! অমন ভয়ানক মাতাল বাপের জন্মে দেখেনি কেউ।  
গোটা বাত অন্ধকারের ঘাড়ে চেপে ঝড়বৃষ্টির সে কী তাঙ্গৰ খেলা। গাছ ভাঙ্গে,  
চাল উড়েছে, কান ফাটিয়ে ধূম ধূম ডাক ছাড়ছে বৃষ্টি। শেষে ভোর এলে পরে একটু  
যেন শান্ত হল পৃথিবী। আর তখনই মূল দুঃসংবাদটা এসে পৌঁছল গাজনপুরে। সাবা  
রাতের বর্গী ঝড়ে ভেঙে গেছে দক্ষিণের অনেকগুলো সরকারী ভেড়ির বাঁধ। কতগুলো  
ভেঙেছে হে? পাঁচ? দশ? কেউ সঠিক উত্তর দিতে পারে না। সর্বনাশের আতঙ্কে  
কাঁপছে মানুষ। গ্রামের পর গ্রাম ডুবিয়ে ছুটে আসছে মুক্ত জলের শ্রোত। আসছে  
গাজনপুরের দিকেই। গভীর রাতে কখন গাজনপুরের ঝড় গিয়ে হামা দিয়েছিল  
ভেড়িগুলোর বাঁধে। ঘাড় ধরে টেনে তুলেছিল বন্দী জলরাশিকে। তারপর ধাক্কা মেরে  
তাদের পাঠিয়ে দিয়েছে গাজনপুরের দিকেই। যে পথ দিয়ে সে আসে, থাবা মেরে

ভেঞ্জে দেয় ঘৰিবাড়ি, ডুবিয়ে দেয় সদ্যবত্তী ধানগাছ, ভাসিয়ে নিয়ে চলে গৱঁ ছাগল  
ভেড়া কিংবা অসাবধানী কোন মানুষজন। মাকালতলা ডুবে গেছে, নবীন পুকুর ডুবড়ুব,  
গাজিনপুর ভাসালো বলে। দিশেহারা মানুষগুলো এলোপাথাড়ি আশ্রয় খঁজছে।  
মেয়েবড়দের কানা আৰ শিশুদের ভয়াৰ্ট চিংকারে জল আসাৰ আগেই বানভাসি হল  
গাজিনপুৰেৰ মানুষ।

### ধানেৰ বদলে মাছ, টাকড়ুমাডুম ডুম

সাতদিন পৱ, রাত্তাৰ জল কোমৰ ছেড়ে যখন হাঁটুতে, রেললাইনেৰ উঁচু পাড়  
থেকে একে একে ঘৰে ফিৰল সকলে। সত্যবানেৰ ঘৰ মুখথুবড়ে পড়েছিল ঝড়েৰ  
ৱাতেই। কিছু বাসনকোসন, বিছানা কাপড় আৰ গোপন কটা টাকা নিয়ে সে সদলবলে  
চলে গিয়েছিল রেললাইনে। সোহাগবালাৰা উঠেছিল বামুনবাড়িৰ পাকা দালানে।  
ঠাকুৰমাকেও সেখানে তুলে দিয়ে এসেছিল কৃপবান। ঝড়েৰ বাতেই একদিকেৰ চাল  
উড়ে হা-হা কৱছে তাৰ ঘৰ। তাই দেখে মড়াকানা আৰ থামে না পদ্মবুড়িৰ, ‘ওৱে,  
আমি এখন কোন ঠাণ্ডে ঘুমুবো বৈ! আমাৰ ঘৰ নাই রে...কোথায়, বসে তবে পান্তা  
খাই...’

তো বুড়িৰ কানা তখন আৰ কে শোনে। জল নামাৰ পৱ গাজিনপুৰেৰ মানুষ  
তখন বেজায় ব্যস্ত। সরকাৰী ফিশারিৰ বাঁধভাঙা জল নতুন আশাৰ হাত বোলাতে  
শুরু কৱেছে যে ধানেৰ জন্য কাঁদাৰ সময় পেল না মানুষ। ঘৰেৰ দিকেও ফিৰে  
তাকানোৰ সময় নেই। সময় কোথায় গৱঁ-ছাগলই বা খোঁজার। কৃপোলি রাজকন্যাৰ  
মত ঝাঁক ঝাঁক মাছ চিকমিক নেচে বেড়াচ্ছে সৰ্বনাশা বেনোজলে। যেদিকে তাকাও  
শুধু মাছ আৰ মাছ। পথেৰ ওপৱ যেখান সেখান বড় বড় তক্কা চৌকি পেতে জাল  
ফেলতে বসে গেছে গাজিনপুৰবাসী। এক এক জালে উঠে আসে ইয়া ইয়া কই, কাতলা,  
তেলাপিয়া, পাবদা।

—‘আৱও আসত গো। শালা নবীনপুকুৰ সব আগে ধৰে নিচ্ছে...’

মাকালতলা বলল, ‘তিনবিবিতে জল আগে ঢুকেছিল। ওবাই শালা বেশিৰ ভাগটা  
নিল...’

কৃপবান, সত্যবান, এমনকি সোহাগবালাৰ কিশোৰ ছেলেটাৰ জলে ছুটেছে মাছ  
শিকাৰে। বামুনবাড়িৰ উঠোনেও জলকন্যেৰ দল তিৱতিৰ সাঁতাৰ কাটিছে। কচিকাচাৰা  
জলপোকাৰ মত গোটা দিন ঘূৰতে লাগল জলে। মাটিকাদা মাখামাখি হারানেৰ ছেলে  
ডুব দিয়েই লাফিয়ে উঠল, ‘এই দ্যাখ, আৱেকটা ধৰলাম!’

দেখাদে?—সাধাগবালাৰ রোগা ছেলেটাৰ হাত নাচাল, ‘আমিও পেয়েছি। সিলভাৰ  
কাপ।’

পদ্মবুড়ি সাঁতানো দালান থেকে শিশুৰ মত হেসে উঠল, ‘আমায় দে। আমায়  
দে এট্টা।’

সোহাগবালাৰ ছেট ছেলে এইটকুনি এক পুটিমাছ দিয়েছে বুড়িৰ হাতে। তাই  
পেয়ে বুড়ি আঞ্চাদে ডগমগ,

‘ধান পচেছে, ঘর ভেঙেছে, এখন উপায় কি ?  
আর কটা দিন সবুর করো,  
পুকুর চষেছি !’

কার পুকুর কে এসে কখন ভরে দিয়ে যায়। জল সরার পর গাজনপুরের সব পুকুর মাছে মাছে খৈ খৈ। ধানের বদলে মাছ এসেছে ঘরে। মাছ সামলাতে গাজনপুরের মানুষ ছুটেছে যে-যার পুকুর বাঁধতে। পুকুর বাঁধো হে, আগে নিজের পুকুর বাঁধো। পাঁচজনের মত পদ্মবৃক্ষের নাতিশুলোও হাত লাগাল পেছনবাগের পুকুরটাকে বেঁধে ফেলতে।

### কার মাছ কে খায়

চারদিক ভাল করে দেখে নিয়ে চুপড়ি জালটা খপাত জল থেকে তুলন পারল। এবার কয়েকটা সরপুটি আর মৌরলা উঠেছে। আগের খেপে উঠেছিল গোটাকয়েক চারা পোনা। মোট আজ মন্দ উঠল না। খুশি খুশি মনে সজনেতলায় পাহারাত মেয়েকে ইশ্বারায় ডাকল, ‘হাঁ করে দাঁড়িয়ে থাকিস নি। এগুলোকেও তাড়াতাড়ি গামছায় বেঁধে ফ্যাল। হেসেল নয়, একেবারে ঘরে তুলে রাখবি।’

বাস রে বাস, পাঁচটা মাত্র জালে কন্টগুলো মাছ উঠেছে! সুন্দরীর চেখ বিকমিকিয়ে উঠল।

‘তবু হাঁ করে দাঁড়িয়ে থাকে ! চটপট নিয়ে যা ! আমি একটা ডুব দিয়ে আসছি !’  
—‘সব মাছ বেচে দিবি মা ?’

—‘দুটো দোব অখন তোদের।’ পারুল জলের ভেতর জালসুন্দহাত ডুবিয়ে রাখল। আরেকবার মাঝপুকুরে গেলে হয়। আরও কিছু ওঠে। বিকেলবেলা স্টেশনে বেচে এলে কটা টাকা হাতে আসবে। বড়ই অভাবে দিন কাটছে এখন। রোজকার রোজ জনমজুর খেটে ঘরে চাল আনে সত্যবান। কোনদিন দুকিলো, কোনদিন চারকিলো। তারপর হয়ত তিনদিন বসেই রইল। কাজ নেই। থাকবে কোথথেকে ? পাঁচ গাঁয়ের মানুষ হল্যে হয়ে যুবহে কাজের জন্য। একদিন জুটল তো দুদিন বেকার। নিরপায় হল্যে তবেই না পারুল মাছ চুরিতে নেমেছে। তা এ চুরি বোধহয় পুরোপুরি চুরি নয়। মাছ যদি হয় পুকুরের, তবে সে পুকুরে এখন পারুলদের ভাগ পাকা পাঁচ আনা। তাও এই ভাগাভাগিতে রূপবান কি সহজে রাজি হয়। তার দাবী জমির মত পুকুরেরও হিসেব হক। ঠাকুমার চার আনা, তার চার আনা, পুরো আটআনাই তাকে দিতে হবে।

সত্যবান বললে, ‘তা কি করে হয় ? পুকুর ভাগের কথা আগে কোনদিন ওঠেনি —মজা পুকুর নিজের মনেই মজেছিল, তুইও কোনদিন দাবী তুলিসনি।’

—‘এখন্ত তুলছি। ন্যায্য ভাগ হক সব কিছুর।’

শেষে কয়েক দফা মিটিৎ, ঝাগড়া বিবাদের পর গাঁয়ের মাথাদের কথামত রূপবান ছ আনায় রাজি হয়েছে। হঃঃ, তাও যদি বুঝতাম বুড়িটাকে ঠিকমত দেখিস। আপন মনে গজগজ করতে করতে জল থেকে উঠল পারুল। ছপাং ছপাং জল ছড়িয়ে ঘরে ফিরছে। ঝোপ পেরোবার সময় দুটো হিংচে শাকও ছিঁড়ে নিল। কি ভাবে কচু

যেঁচ খাইয়ে অতঙ্গলো পেটকে ঠাণ্ডা রাখতে হয় ভগবানই জানে। তারপর কাঁধের কাছে লকলক করছে ভরাবয়সের মেঘে। মেঘের বাপ বলে, ‘ভাবো কেন? মাছ যা এসেছে, ঠিকমত বাড়লে পরে, চোত বোশেখে থোক টাকা ঘরে আসবে। কম করে দু-হাজার টাকার মাছ যদি ওঠে তো আমাদের থাকে ছ-সাতশ। তাই দিয়ে এই বোশেখেই সৌন্দরীর বর এনে দেব।’

‘আর ভিটে বাঁধার কি হবে? ঠেকনা দিয়ে শীতটুকুন নয় পার হল, বর্ষা এলে কঢ়িকাচা নিয়ে দাঁড়াব কোথায়?’

ভাঙা বেড়ার সামনে এসে আবার একটা বড়সড় শ্বাস ছাড়ল পারুল। কত কষ্টে না মাথাটুকু ঢাকার ব্যবস্থা করা গেছে। মহাজনের কাছে ধার হয়েছে মেলা। কোন দিক রেখে এখন কোন দিক দেখা যায়! ভাবতে ভাবতে ঘরে চুকে কাপড় বদলালো। তিনটে মাত্র শাড়ি মাঝে-বিয়ে পালা করে পরতে হয়। তাও সব শতেক ফটা।

সুন্দরী ঘরের আবহায়াতে বসে মাছ গুনছে। সিঁথিতে এক টিপ সিঁদুর ছুঁটিয়ে পারুল তার পাশে এসে বসল, ‘এই কটা মৌরলা নুন-হলুদে ফুটিয়ে ঝোল করে ফ্যাল। ভাজাভাজি যেন করতে যাসনি, গন্ধ ছড়াবে।’

মৌরলার সঙ্গে একটা সরপঁটও নিয়ে সুন্দরী ঘর থেকে বেরিয়েছে কি বেরোয়ানি, উঠোনে ভাঙা কাঁসি বেজে উঠল, ‘ও পারুলবৌ, আমারে এত্তা মাছ দিবিনি?’

হায় রে মা! পারুল কপাল চাপড়াল। শয়তান বুড়ি ঠিক তকে তকে থেকেছে দ্যাখো। এত কড়া নজরদারির পরও পদ্মবুড়ি মাছের হাদিস পায় কি ভাবে?

সুন্দরী চকিতে মাছকটাকে ছুঁড়ে দিয়েছে চৌকির নিচে। পারুল ঠেলে ঠেলে আরও ভেতরে ঢুকিয়ে দিল পোঁটলাটা। বুড়িকে বিশ্বাস নেই। হামলে হমলে চুকে পড়তে পারে ঘরে।

—‘ও বৌমা, এত্তু মাছ দে না রে!’

গলা নয়, যেন শাঁকচুনি কাঁদছে। পারুল কোমর বেঁধে বেরিয়ে এল দাওয়ায়, ‘ফের আমার উঠোনে পা রেখেছিস অলুক্ষণে পেঁত্তী? যা বেরো,—বেরো বলছি।’

পদ্মবুড়ি দু পা পিছোল। ঘাড় কাত করে বুঝি শোনার চেষ্টা করল পারুলবৌ কি বলে।

পারুলের গলা আরেক পর্দা উঠল, ‘খবরদার যদি তোকে এ উঠোনে দেখি কোনদিন...’

—‘মাছ একটা পেলেই চলে যাই।’

—‘মাছ পাব কোথথেকে? বিয়োব?’

—‘বিয়োবি কি লো?’ পদ্মবুড়িরও গলা উঁচু হল, ‘মাছ তো তোর ঘরেই রে।’

পারুল থমকে গেল। বুড়ি আজকাল খুব জেরা করতে শিখেছে। শেখায়টা কে? রূপবান? না বুড়ির আদরের নাতবৌ সোহাগবালা? কত শত্রুর যে আছে পেছনে। পদ্মবুড়িকে ঘাবড়ে দিয়ে পারুল হঠাত ভেউভেউ কেঁদে উঠল, ‘আমি বলে পেটেরগুলোকে দুগাল মৃড়িও দিতে পারি না...আমার ঘরে শত্রুরেরা মাছ খুঁজতে আসে গো...ও হো হো হো...’

এমন গলা ফাটিয়ে কাঁদছে পারুল যে পদ্মবুড়ির ঝাপসা কানেও হাহাকারণগুলো

পরিষ্কার পেঁচে গেল। কয়েক পলক হতবাক দাঁড়িয়ে থেকে ধীরে ধীরে বেরিয়ে এল বাইরে। সোহাগবালাও সেদিন এমনধারা কেঁদে উঠেছিল। দিব্য মাছের গন্ধ পেয়ে পদ্ম চুকেছিল তার হেসেনে। সে এই মারে, সেই মারে, ‘আমি বলে কতদিন পর দুটো মাত্র চারাপোনা কিনে আনলুম বাজার থেকে...’

—‘কিনলি কি রে? আমি যে তখন নেতাইকে জলে নামতে দেখলুম?’

—‘মরণদশা! কি দেখতে কি দেখেছ, চোখ বলে কিছু আছে তোমার?’

—‘তবে বুঝি ওটা নেতাই নয়!’ বৃঢ়ি অমায়িক হেসেছিল, ‘মরুক গে যাক। তুই আমারে এক টুকরো মাছ দে না বে মা। দিবি?’

‘দোব। মাছ নয়, মুখে নুড়ো জ্বেলে দোব তোর। মিথ্যেবাদী, কৃচুটিবৃঢ়ি, পেটে তোর এত সন্দেহ? আমার নেতাই বলে শুধু একটা ডুব দিতে গেছিল পুকুরে...’

কি আর বলে পদ্মবৃঢ়ি! তোরা যেমন খুশি পুরু থেকে মাছ তুলে খাবি আমি একটু চাইলৈই দোষ? হাঁটিতে হাঁটিতে পদ্মবৃঢ়ি নিজেই নিজেকে নালিশ জানাতে থাকে। রপবানটা পর্যন্ত তার চোখে ধূলো দিতে চায়। তা কানার চোখে ধূলো দিবি, তার নাকটাকে ঠকাবি কি ভাবে? পর পর কদিন আলো ফেটার আগে ঘরে ঝাপুরুপুর আঁশগন্ধ। শুঁকে শুঁকে পদ্ম একদিন বলেছিল, ‘ও রাপো, রোজ রোজ কার জন্য মাছ তুলিস রে? একদিন দুটো বাঁদ না, ভাল করে খাই!’ সঙ্গে সঙ্গে রূপবানের সে কী হংকার, ‘খবরদার, মাছের কথা কাকপক্ষী ঘেন টের না পায়!’

পদ্ম গলা নামিয়েছিল, ‘কি করিস তুই মাছ নিয়ে?’

—‘বেঁচি! রূপবানের স্টান জবাব, ‘টাকাব দরকার, বুঝলি? ধান কটাকে তো বাণ মেরে শেষ করেছিস...’

পদ্মবৃঢ়িও রেগে উঠেছিল ঝপ করে, ‘তবে আমার এক আনা আমারে দিয়ে যা।’

হাইরে বাপ, শুনে নাতির কী তড়পানি! আশ্চিনের আকাশও বুঝি অমনধারা লাফালাফি করেনি এবাব। ভয়ে চুপ মেরেছে পদ্মবৃঢ়ি। শুধু ভরাদুপুরে একলা বসে পেটের কথা গলগল উগবে দেয় মাছ-মাটির কাছে। চিরকালের হেলাফেলার পুরুটায় তখন ছলছল টেউ তোলে। চঞ্চল মাছ লাফায় ঘূর্ণি দিয়ে। পদ্মবৃঢ়ির দৃষ্টি অতদূরে পৌঁছয় না। কান্নার মনে সে কেঁদে যায়, ‘আমারে কেউ এত্তো মাছ দেয়নাগো। ওগো আমার হাত গিয়েচে, চোখ গিয়েচে—কে আমারে মাছ বেঁদে খাওয়াবে গো...।’ কাঁদতে কাঁদতে বৃঢ়ি ঘূমিয়ে পড়ে।

বৃঢ়িকে ঘূমোতে দেখলে সোহাগবালা পা টিপে টিপে পুরুরে আসে। এসময় জলের বুক বড় শীতল। পা ছোঁয়ালৈই শরীর শিউরে ওঠে। তবে এখন ছাড়া সুযোগ কোথায়? মেজবো মেয়েকে নিয়ে স্টেশনে গেছে, দেখে নিয়েছে সোহাগবালা। হেলেমেয়ের দল সব খেলতে গেছে বুড়োর মাঠে। সোহাগবালা বড় সাবধানে জল সরায়। শব্দ হলেই ডুব দেয় গভীরে। জল থেকে শুমন্ত বৃঢ়িকে দেখতে দেখতে একবার বুঝি মায়া হয়। শেষ কার্তিকের দুর্বল রোদে গাছের পাশে আগছাহা হয়ে গেছে। ডেকে তুলে একটুকরো মাছ খাওয়াতে সাধ হয়। পরক্ষণে মন পাল্টায়। পাগল নাকি? একবার

দিলেই বুড়ির নোলা বাড়বে। তারওপর যা পেট-আলগা। ভ্যাক ভ্যাক চাউকু, করে দেবে দশদিকে। তখন সোহাগের মুখ থাকে কোথায় ? সোহাগই না বড় গলায় দেওরদের বলেছে, ‘পুরুরের মাছ পুরুরে বাড়তে দিতে হবে। কেউ চুরি করতে পারবেনি। চোত-বোশেখে পুরুর ছাঁচা হলে...’

‘হক কথা !’ সায় দিয়েছিল সকলেই, ‘বাড়তে দিলে মাছ কালে সোনা হবে।’

সোহাগবালা আলতো জল ছড়িয়ে একচোট হাসল মনে মনে। কে কাকে পাহারা দেয়, কে করে চুরি। গাজনপুরের ঘরে ঘরে পুরুর নিয়ে দাঙ্গা লেগে গেছে। মণ্ডলদের ঘরে ভাইয়ে ভাইয়ে হাতাহাতি হয়ে গেল পরশুদিন। সর্দারদের তো মুখ দেখাদেখি বন্ধ। ধান ডুবিয়ে এবার মজার কল করেছে বসুমতী। মাকালতলায় কাদের পুরুরে যেন রাতারাতি জাল ফেলে মাছ উড়িয়ে নিয়েছে ডাকাতের দল। সোহাগবালার দৃঢ় ভুরু জড়ো হল। তবে তাদের গাঁয়েও কি ডাকাত ঢুকছে আজকাল ? গহীন রাতে মাঝে মাঝেই ছপচপাও জাল ফেলার শব্দ হয় যেন। মাছ লুটতে ডাকাত আসে, না অন্য কেউ ! রূপবানটাই কি কম বড় ডাকাত নাকি ! সোহাগবালা পেছনের জানলা থেকে উঁকি দিয়ে বোঝার চেষ্টা করেছে। আওয়াজ পেলেই সব চুপ হয়ে যায়। সাহস করে লম্প হাতে একদিন বেরিয়েও ছিল। বোঝার আগে সুড়ুৎ করে সবে গেল তিন-তিনটে বড় ছায়া। তিনজন কেন ? তবে তো রূপবান নয় ! সত্যবান তো নয়ই, সে ভাবী ভীরু প্রকৃতির। ভালমানুষ মতন, অনেকটা সোহাগবালার স্বামী যেমন ছিল।

শক্তিমানকে মনে পড়তে জলের কোলে পাথর হয়ে গেল সোহাগ। জাল পাততে ভুলল। সেই লোকটা পাশে থাকলে আজ এই দশা হয় ? নিজেরই ভাগের পুরুরে আসতে হয় সিঁধেল চোরের মত ? নাকি একফোটা ছেলে নিতাইকে পাঠাতে হয় পরের দ্বার কাজ করতে ?

বেলার মনে বেলা নামছে। অবশ শরীরে সোহাগবালা দাঁড়িয়েই আছে হিম-হিম জলে। কার্তিকের সূর্য একটু পরেই ডুব দেবে বেললাইনের ওপারে। পুবের ধানবাদা বেয়ে, পাড়াপড়শির ভিটে মাড়িয়ে থোক থোক কুয়াশা তখন জড়ো হবে গাজনপুরের বুকে। সে কুয়াশায় এক হাত দূরের কিছু দেখা যায় কি যায় না। সোহাগবালার শরীরটা সিরসিরিয়ে উঠল। সময় এখন বড় নির্জন। জল থেকে উঠে পড়ল সোহাগ। থাক, আজ আর মাছ তুলে কাজ নেই। বরং দেওর দুজন ঘরে ফিরলে কথা বলতে হবে। রাতের বেলা কারা আসে পুরুরে ? সত্তি কি তবে ডাকাত তারা ?

গা মুছে পদ্মবুড়িকে গিয়ে ঠেলা দিল সোহাগ। কি জানি কি ভেবে ডাকল জোরে জোরে, ‘ও ঠাকুমা, খুব ঘুমিয়েছিস—ওঠ দিকি এবার ! ঘরে চল !’

পদ্মবুড়ি চোখ খুলেই বুজে ফেলল। আবার খুলল। এ কে আজ তাকে ঘরে তুলতে এসেছে ! চেনা চেনা—তবু বড় দ্রের যেন !

—‘আমি রাঙাবৌ রে, চিনতে পারছিস নি ? ওঠ, ঠাণ্ডা লেগে যাবে।’

কত যুগ পরে সোহাগ বুঝি নরম করে কথা বলছে। পদ্মবুড়ি ভাঁা করে কেঁদে ফেলল, —‘আমারে কেউ দেখে না রে রাঙাবৌ। ভাত দেয় না, মাছ দেয় না...’

অনেক দূরের আকাশ ছুঁয়ে উড়ে যাচ্ছে সারসের দল। সেদিকে তাকিয়ে

সোহাগবালা ভাবী মধুরভাবে ঠোঁট ছড়াল, ‘কাল তোকে গোটা একটা মাছ রেঁধে দেবোখন।’

—‘কোথাকে পাবি?’ পেছনে হাঁটতে হাঁটতে জেৱা শুক কৰে দিয়েছে পদ্মবৃত্তি, ‘এখন বুঝি চুৱি কৰলি পুকুৰ থেকে?’

—‘দূৰ কানাবৃত্তি!’ সোহাগবালা আগেৱ দিনেৱ মত কৰে ভেংচি কাটল দিদিশাশুভ্ৰিকে, ‘বাজাৰ থেকে শোল মাছ এনে খাওয়াৰ তোকে। খলবল কৰবি জ্যান্ত শোলেৱ মত...’ বলতে বলতে গলা নামাল, ‘ও বৃত্তি, তুই আমাৰ কাছে এসে থাকবি? কালীৰ দিবি, আমি কাউকে ঠকাই না। তাছাড়া ৱৰপৰানও তো বিয়ে কৰলে তোকে তড়িয়ে দেবো।’

পদ্মবৃত্তি ফ্যালফ্যাল তাকিয়ে আছে। ৱাঙাবৌ-এৱ হঠাৎ এ কী পৰিবৰ্তন? মাথা খারাপ হয়ে গেল না তো?

কঁঠালগাছেৱ গা বেয়ে গড়িয়ে যাচ্ছে হেমন্তেৱ কাঁচা রোদ। একটু পৱেই গলে গলে মিশে যাবে অঁধাৰে। তাৰপৰ অঁধাৰ না নামতেই চারদিক নিকষ কালো। শেষ ৰোদটুকুৰ দিকে তাকিয়ে পদ্মবৃত্তি ভাবছে কাৰ কাছে থাকলে লাভ বেশি—ৱৰপৰান, না সোহাগবালা? সোহাগ হিসেব কৰে দেখছে বৃত্তি যদি আৱও কটা বছৰ বাঁচে...ছেলেটা যদি তাৰ মধ্যে আৱেকটু ডাগৰ হয়ে যায়...

ভাবতে ভাবতে দুজনেই হিসেব গুলিয়ে ফেলল। অসম বয়সেৱ দুই বিধবা অসহায় তাকিয়ে রইল পৰম্পৰারে দিকে।

### সালতামামি

সকাল থেকেই আয়োজন শুরু হয়ে গেছে। আজ সত্যবানদেৱ পুকুৰ ছ্যাচা হবে। পাস্প নিয়ে লোক আসছে গঞ্জেৱ বাজাৰ থেকে। তাৰ আগেই ৱৰপৰান টাকা চাইল দাদাদেৱ কাছে, ‘তিন ষষ্ঠা মেশিন চললে লাগবে তিন কৃতি ষষ্ঠ টাকা। তা বাদে কিছু বাহা খৰচ। আমি আগাম কৃতি টাকা দিয়েছি। তোমাদেৱটা দাও এবাৱ।’

সত্যবান বলল,—‘এৱ বেলা সমান ভাগ কেন? পাঁচআনা ছানা হোক।’

ৱৰপৰান ঝাপটে উঠল। হিসেবী মানুষদেৱ ন্যায্য কথায় চিৰকালই বিৱাগ, ‘অত কৰলে নিজেৱাই সব ব্যবস্থা কৰ গিয়ে। কাজেৱ বেলায় আমি...’

—‘আহা-হা-হা, তেতে ওঠ কেন?’ এক জোড়া মাছৰাঙা উড়ছে পুকুৰেৱ মাথায়, সোহাগ তাদেৱ তাড়াতে চেষ্টা কৰল, ‘টাকা আমৰা কেউ মাৰব না...’

—‘তবে ছাড় দিকিনি।’

—‘দোব, দোব—হাতে এলেই দোব।’ পারুল ঠোঁট বেঁকাল,—তোমাৰ মত তো আমাদেৱ মিষ্টিৰ দোকান নেই ভাই।’

পুৰনো খৌচা। ৱৰপৰান গায়ে মাখল না। সকাল থেকে সে শুধুই হিসেবেৱ নেশায় মশগুল। প্রথমেই ডুমুৰেৱ জন্য সিঙ্কেৱ শাড়ি কিনতে হবে একটা। তাৰপৰ আৱ যা চাই। এখন তো মাত্ৰ চৈত্ৰটুকু পাৰ হওয়াৱাই অপেক্ষা।

গাঁয়েৱ উৎসাহী লোকজন এসে গেছে পুকুৰপাড়ে। সত্যবান ছুটল হৱিজ্যাঠাকে

তাকতে। হারান সর্দার, বৃন্দাবন আর হরিসাধন এই তিনজন আজ জলয়জ্ঞের প্রধান তিন সাক্ষী। আগে কয়েক বাড়িতে জল ছেঁচার কালে দক্ষসূত্র হয়ে গেছে। সুবোধ দাস তো এখনও পড়ে আছে গঞ্জের হাসপাতালে। পুলিশ কেস হয়ে গেছে ভাইয়ের নামে। নবীনপুকুরে লাশও পড়েছে তিনটে পরিবারের। শেষে পার্টির লোক ফয়সালা ফরমান জারি করে গেছে, যার ঘৰেই পুকুর ছেঁচা হোক না কেন, কম করে গাঁয়ের তিনটে মাথাকে সাক্ষী রাখতে হবে। ভাগবাঁটোয়ারার সময় আর যেন না লড়াই বাধে। তবে সাক্ষ্য তো আর কেউ শুধুমুখে দেবে না। তার ব্যবস্থাও করতে হয় পুকুর মালিকদের। সাক্ষী পিছু পাঁচটাকা ধার্য হয়ে আছে। মাছ ভাল উঠলে পার্টির কমিশন আলাদা। ভোর থেকে সজনেতলায় শরীর গুটিয়ে নীরবে বসে আছে পদ্মবুড়ি। তার দিকে ফিরে দেখছে না কেউই। কঢ়িকারা তার গায়ের ওপর দিয়েই ছুটছে, নাচছে। কেউ যেন একবার মাড়িয়েও গেল। আশ্চর্য! তবু বাকি নেই বৃড়ির ঠোঁটে। বকবকে বৃড়ি অন্তু রকমের শাস্ত আজ। জুলজুল চোখে শুধু তাকিয়ে আছে টিলিটিলে পুকুরটার দিকে।

প্রথম গ্রীষ্মের নবীন তাপ ছড়িয়ে পড়েছে চারিদিকে। চৈত্রের দামাল ধূলো উড়েছে যেমন তেমন। বড় নিঃশব্দে ঘন হচ্ছে বোদ। শেষে আরও বেলায়, সকলে যখন ভাঁধের্ঘণ্টায়, তখন এল মেশিন। চোঙা প্যাট পরা, টেরিবাগানো মেশিন চালক এসেই জায়গামত বসিয়ে দিল পাম্পসেট, জেনারেটার। যান্ত্রিক ভাবে তাকাল সবার দিকে, ‘জল ক’ভাগ হবে?’

—‘মোট তিন ভাগ। প্রথম ঘণ্টা জল যাবে বড়ৰ জমিতে, দ্বিতীয় ঘণ্টা মেজর, বাকিটা...’

—‘তা কি করে হয়?’ রূপবান আপত্তি জানাল, ‘তিন ঘণ্টা পাম্প চললে বেশি সময় আমার জমিতে দিতে হবে?’

বিজ্ঞ মেশিনচালক ঘাড় ঝাঁকাল। জলভাগ নিয়েই যে প্রথম বিবাদের সূচনা হয়, তা সে হামেশাই দেখছে।

—‘তিন ঘণ্টার বেশিও চলতে পারে পাম্প। যেমন জল থাকবে...’

—‘ঠিক আছে। তবে না হয় শেষের ভাগটাই আমার।’

—‘তা কেন?’ সোহাগবালার ঘাড় শক্ত হল, ‘ঠাকুমাকে সে যদি আর নাই রাখে...’

—‘রাখব কি না। এখন তার বিচার হবে কেন?’

—‘আরে বাবা, থমো দিকি তোমার।’ সাক্ষীদের মধ্যস্থতায় দ্বিতীয় দফার ঝগড়া শুরুতে থামল, ‘ঠাকুমাকে নিয়ে পরে নিকেশ কোরো বসো।’

পারল সত্যবান কোনদিনই পদ্মবুড়ির দায়িত্ব নিতে চায় না। তারাও আগ্রহ দেখাল না বিশেষ, ‘মেশিন চালু করে দাও হে। বেলা যায়।’

ভট্টভট্ট মেশিন ডাকতে শুরু করেছে। জল উঠে আসছে বানের শ্রেতের মত। পাইপ থেকে ছিটকে যাচ্ছে সোহাগবালার জমিতে। ভিজে উঠে মাটির শরীর।

জল কিছুটা নামতে ইয়া বড় এক খ্যাপলা জাল পড়ল পুরুরে। মাকালতলার ইয়াসিন জেলে চার-চারটে লোক নিয়ে জলে নেমেছে। তাদের দিতে হবে মোট চার

দশ চল্লিশ টাকা। হেইও, হেইও, এবার জাল গোটাচ্ছে জেলেরা। পাড়ে উঠল। কঁটা আগেই টঙ্গিয়ে রেখেছিল ইয়াসিন। খোল, শামুক, ঝাঁঝি আর কচুরিপানা বেছে ফেলে মাছ চড়ল পাল্লায়। মাঝারি কাতল দুকিলো। কুড়ি টাকা করে মোট দাম চল্লিশ। কালবোস দেড়...কিলো...খলসে এক কিলো আড়াইশ...সিলভার কাপ এক কিলো তিনশ...শোল সাড়ে আটশ গ্রাম...প্রথম দফায় মাছ উঠল একশ তিথান টাকার।

—‘প্রথম ঝাঁকে মাছ কমই ওঠে হো জল বেশি...’

—‘তা-বলে এত কম?’ রূপবানের অবিশ্বাসী চোখ দাঁড়িপাল্লা ঘূরে জলের দিকে স্থির।

তৃতীয় দফায় বড় মাছ তিনশ বারো টাকার। এবার একটু বেশি। জল ক্রমশ কমছে। পাইপের মুখ শক্তিমানের জমি ঘূরে সত্যবানের ক্ষেতে। মাছ দেখতে হড়মুড়িয়ে ভিড় করছে বাচ্চারা। রূপবান কেঁকিয়ে উঠল, ‘এখানে এখন গোল করিস না তো! ভাগ সব, সবে যা!’

পুরুষরা উবু হয়ে বসল পুকুরপাড়ে। সোহাগবালা, পারুলদের দৃষ্টি ঝুলন্ত কঁটার দিকে পলকহীন।

—‘এ খেপে আরও যেন মাছ ওঠার কথা ছিল?’

—‘যেমন আছে তেমনই তো উঠবে বাপু’ তৃতীয় দফায় চুনোজালে মৌরলা দুকিলো একশ, চুনোপুঁটি দেড়কিলো, কই-তেলাপিয়া তিন কিলো চারশ, ছেট ট্যাংরা এক কিলো ছশ।...

পাইপ ঘূরেছে রূপবানের ক্ষেতে। জলের টানে ছিটকে আসছে কিছু বেওয়ারিশ কুচো চিংড়ি। তিড়ি়বিড়ি় লাফ কাটছে ভেজা মাটিতে। কুচোকাচার দল দৌড়ল সেদিকে।

চতুর্থ দফায় জালে কঁটা মাত্র মাছ। বাকি শুধু কাদা শামুক, জলৰোপ, ঝিনুকের খোল। কী কাণ্ড, অত মাছ তবে গেল কোথায়? কম করেও যে দুহাজার টাকা...

ইয়াসিন দাঁত বার করে হাসছে, ‘সব পুকুরেই এক দশা গো। কার মাছ কে খেয়েছে ঠিক কি তার?’

কথা নয়, যেন ফুটন্ত তেলে জলের ছিটে। যেন এই বাক্যটুকুরই অপেক্ষায় ছিল হতাশ মুখগুলো। সোহাগবালা ডুকরে উঠল, ‘এমন হবে আমি জানতুম গো...ওগো, এ কী সবৈবানাশ হল গো-ও-ও...’

পারুল চিলচিংকার জুড়ল, ‘চোর চোর, চোরের ব্যাটা চোর...’

রূপবান গর্জে উঠল, ‘কাউকে ছাড়ব না শালা। সব জানি কারা মাছ তুলেছে, জানতে বাকি নেই।’

হিংস্র চোখ জোড়ায় জোড়ায় ঘূরছে পরস্পরের দিকে। পড়শীরা একে একে সবে পড়তে লাগল। রূপবান কখন কার ওপর ঝাঁপিয়ে পড়ে! তবে গাজনপুরের কে কোনু রাতে কার পুকুরে জাল ফেলেছে তার দলিল কোথাও নেই। সাঙ্গ্যপ্রমাণ ছাড়া ধরা যায় না কাউকেই। পদ্মবুড়ির নাতি-নাতবো আর কঢ়িকাচা বাদে পুকুরধারে আছে আর মাত্র তিনজন। তিন সাক্ষী। জোট বেঁধে চৃপচাপ দাঁড়িয়ে তারা। কথার লড়াই মারপিটে

পৌছলে তবে নাক গলাবে। এইরকমই নিয়ম। পুকুরের জল একেবারে তলানিতে এসে ঠেকেছে। আঁশটে গন্ধে ঝমঝম চতুর্দিক। মেশিনচালক পাততাড়ি গোটাচ্ছে। হিসেবটা বুঝত মাছ ভরতে লাগল বুড়িতে, ‘নাও গো, কাঁদাকাটি পরে হবে, হিসেবটা বুঝে নাও।’

রূপবান গটগট এগিয়ে এল, ‘যা টাকা হবে সব আমি নেব শালা। কাউকে এক পয়সা দেব না।’

—‘কেন মানিক? মগের মূলুক পেয়েছ নাকি?’

—‘মূলুক-ফুলুক বুঝি না। যারা শালা মাছ ঘেঁপেছে তাদের এক পয়সাও ভাগ নেই।’

—‘তবে তো তুইই আগে বাদ যাস বে হারামজাদা! নিতাদিন অন্ধকার থাকতে...আমরা কিছু দেখিনি ভেবেছিস?’

—‘দেখলেই হল? প্রমাণ কি?’

—‘প্রমাণ লাগে না রে শালা। কোন মেমেছেলের গভভে সব ঢেলে আসিস...’

—‘বাজে কথা বললে মুখ ছিঁড়ে নেব।’

—‘নে না দেখি।’ সত্যবান ব্যাঙের মত দু ধাপ লাফাল।

—‘মাছ যদি ঘরের কেউ চুরি করে থাকে তো সে হল তুই আর ওই নেতাই-এর মা...’

—‘ইইইই’, সোহাগবালার মুখ ভেঙে-চুরে গেল, ‘আমার নাম মোটে নেবেনি বলে দিলুম। খপরদার।’

—‘ক্যান বে? তুই কোন মহাজনের বিটি?’ পারলের চোখ দপ্দপ জ্বলছে, ‘হাতেনাতে পাঁচবার আমি ধরেছি তোকে...’

—‘সে তো তুইও কতবার ধরা পড়েছিস। জলে নামার নামে চুপড়ি ফেলে...’

—‘আহাহা, চোরের মাঝের বড় গলা বে...’

—‘আরে থাম।’

নিদাঘবেলার সূর্য যত প্রকট হয়, বিবাদ তত উঁচুতে ওঠে। উঠতেই থাকে। ফাঁকা পুকুরের ঘোলাজলে ছটফট করে পাঁকাল মাছের দল। ছোটরা উদোম দেহে ঝাঁপ দেয় সেই জলে। পিছলে পিছলে মাছ ধরতে চায়। মাঞ্চর, শিঙি, চাং, চিংড়ি। সজনেতলা থেকে লোলচর্ম বুড়িটা তাই দেখে বসে বসে। পেটে তার বড় চনচন ক্ষিধে। বুঝতে পারে এ ক্ষিধে আজও মিটল না। বাবলাডালে ভর দিয়ে জীর্ণ শরীর উঠে দাঁড়ায়। পৌছে যায় বুড়ো শিরীষ গাছের কাছে। খাখা ধানভূমির দিকে তাকিয়ে ক্ষুধার্ত ঠেঁটদুটা নড়েচড়ে, ‘ওরে ভাত বড় মিঠে বেএএএ...মাছে বড় সোয়াদ’—বলতে বলতে ঘন ঘন ঢোক গেলে। কান্নার দমকে চামড়া ঢাকা হাতের খাঁচাটা ধূপধূপ কাঁপে। ছাইবড় চোখ আকাশে তুলে জোরে জোরে শাস টানে। চৈত্রশেষে আবার নতুন কোন গুঁ পায় কি গাজনপুরের পদ্মবৃড়ি। ভাত বা মাছের! জল বা মাটির! বা আকাশের! কে জানে?

## ବାଡ଼ିବାଦଲେ ଧୂଧୁ ମାଠେ...

ବାଡ଼ିବାଦଲେ ଧୂ-ଧୁ ମାଠେ ଯେ ଯାଏ ସେ ପାଯ... ଛେଲେବେଳାୟ ବାଡ଼ ଉଠିଲେଇ ଠାକୁମା ଦୁଲେ ଦୁଲେ ଗାଇତ ଛଡ଼ାଟା । ତବେ ଓହ ଟୁକୁନଇ । ନାତିରା ବାର ବାର ପ୍ରଶ୍ନ କରତ,—‘ତାରପର ? ଓ ଠାମ୍ବା, ବଲୋ ନା ତାରପର ? ଗେଲେ କି ପାଯ ?’ ଠାକୁମା ଉତ୍ତର ଦିତ ନା । ଶୁଧୁ ଠୋଟ ଟିପେ ଭାବି ରହିଥିଲେ ହାସି ହାସତ ।

ଅନେକ ଅନେକଦିନ ପର ଆଜ ଏହି ନିର୍ଜନ ସ୍ଟେଶନେ ଦାଁଡିଯେ ରହସ୍ୟମଯ ସେଇ ଛଡ଼ାଟା କେନ ଯେ ମନେ ପଡ଼େ ଗେଲ ଶଙ୍ଖର । ! ଟ୍ରେନ ଥେକେ ନାମତେଇ ସାମନେ ସେଇ ବିଶାଳ ପ୍ରାନ୍ତର । ଘନ ମେଘ ଜଡ଼ୋ ହୟେ ବଡ଼ସଢ ଆସର ପେତେହେ ସେଖାନେ । ବୃଷ୍ଟି ବୁଝି ନାମେ ନାମେ । ଆଜ ବୌଧହୟ ନା ବେରୋଲେଇ ଭାଲ ହତ । ଅସମରେ ଏମନ ଆସାଟେ ମେଘ କୋଥୁଥେକେ ଏଲ କେ ଜାନେ ! ନିର୍ବାଂ ବଙ୍ଗୋପସାଗରେ ଡିପ୍ରେଶନ ! ତବେ ଆଜ ନା ଏଲେ କବେ ଆବାର ଆସା ହୟ । ରାଖିକେ ସଂନାରେ ଗଣ୍ଡି ଥେକେ ବାର କରାଟାଇ ଏକ ବିରାଟ ସମସା । ଆଜ ଏହି ଝାମେଲା, କାଳ ଓହ ଫ୍ୟାଚାଂ । ଆଗେର ଦିନଓ ତୋ ବେରୋବ ବେରୋବ, ଦୂମ କରେ ଖଡ଼ଦାର ମାସିମା ଏସେ ହାଜିବ । କି, ନା ସାରାଦିନ ଥାକବେନ । ଆବେକ ଦିନ ବାତ ଅବଧି ସବ ଠିକଠାକ, ସକାଳ ଥେକେ ହଠାତ୍ ବୁମପାର ଗା ଛୁକଛୁକ । ଦରକାରୀ କାଜେ ଏଭାବେଇ ଶୁଧୁ ପରପର ବାଧା ଆସେ ।

ମେଘଲା ମାଠେ ବାରକତକ ଚୋଖ ବୁଲିଯେ ରାଖିବ ଦିକେ ଆଡ଼ଚୋଥେ ତାକାଳ ଶଙ୍ଖ । ଅନିଚ୍ଛାୟ ଏସେହେ ବଲେ ଏଥନ୍ତ ମୁଖ ଭାବ । ଆଁଚଲ ତୁଲେ ଚେପେ ଚେପେ ଘାଡ଼ଗଲା ମୁଚ୍ଛେ । ଦୁ ଭୁରୁର ମାବେ ଜମାଟ ବିରାଙ୍ଗି ।

କଥା ବଲାର ଜନ୍ମହି କଥା ବଲିଲ ଶଙ୍ଖ,—‘ଆକାଶେର ସାଜଗୋଜ ଦେଖେ ମନେ ହୟ ଜୋର ନାମବେ, କି ବଲୋ ?’

ରାଖି କୋନ କଥା ବଲିଲ ନା ।

ଶଙ୍ଖ ଆକାଶେର ଦିକେ ମୁଖ କରେ କୋମରେ ହାତ ବାଖିଲ,—‘ତବେ ବୌଧହୟ ନାମଛେ ନା । ଦ୍ୟାଖୋ, ପଞ୍ଚମ ଦିକଟା ଖାଲି ଖାଲି ଆଛେ । ପୁରୋ ଭରାଟ ହେଁଯାର ଆଗେ ଆମାଦେର କାଜ ହୟେ ଯାବେ ।’

ରାଖି ଏବାର ସୋଜାସ୍ତି ତାକାଳ,—‘ତୋମାର ଲୋକ କୋଥାଯ ?’

ଲୋକଟା ଯେ ସାମନାସାମନି କୋଥାଓ ନେଇ ତା ଆଗେଇ ଦେଖେ ନିଯମେହେ ଶଙ୍ଖ । ତୋକ ଗିଲିଲ ତାଇ, —‘ଓଦିକଟାଯ ଥାକତେ ପାରେ । ଚଲୋ ନା, ଓପାରେ ଯାଇ ।’

ଦୁଇ ପ୍ରାଚୀନ ସ୍ଟେଶନେର ମାଧ୍ୟମରେ, ଖୋଲା ମାଠେର କୋଲେ, ମାତ୍ର କିଛିକାଳ ଆଗେ ଜନ୍ମ ନିଯମେହେ ଛୋଟ୍ ସ୍ଟେଶନଖାନା । ଏଥନ୍ତ ଓଭାରବୀଜଟା ପର୍ଯ୍ୟନ୍ତ ହୟନି । ବେଲାଲାଇନେର ଉଁଚନିଚ ଖୋଯା ଟପକେ ଓରା ଏପାରେ ଏଲ । କୋଥାଓ ଜନପ୍ରାଣୀର ଚିହ୍ନମାତ୍ର ନେଇ । କେମନ ଯେନ ହୁ ହ କରଛେ ଗୋଟା ଏଲାକଟା । କାଁଚା ମାଟିର ଗା-ବରାବର ଏକା ଏକଟା ଲ୍ୟାମ୍ପିପୋସ୍ଟ । ରାଖି ସେଇ ଅବଧି ପୌଛେ ଦାଁଡିଯେ ଗେଲ,—‘କହ, କାହିକେଇ ତୋ ଦେଖୁ ଯାଚେ ନା !’

ଶଙ୍ଖର ସ୍ଵନ୍ତ ଚୋଖ ବୁଥାଇ ପୁରୋ ପ୍ଲ୍ୟାଟଫର୍ମ ସୁରଳ ଆବାର,—‘ବୁଝିତେ ପାରଛି ନା । ଦଶଟାର ଆଗେଇ ତୋ ଏଥାନେ ଏସେ ଦାଁଡାବେ ବଲେଛିଲ ।’

—‘ଦ୍ୟାଖୋ କଥନ ଆସେ । ଦାଲାଲଦେର କୋନ କଥାର ଠିକ ଥାକେ ନା ।’

—‘দেখি আরেকটু’

রাখি ঠোট গল্টোলো। ট্রেনটা তাদের নামিয়ে দিয়ে যে পথে চলে গেছে, সেইদিকে তাকিয়ে আছে। ভাবটা এমন গাড়িটা যদি ভুল করে উলটো দিকে চলে আসে, টুক করে ও ফিরে যাবে কলকাতায়। কী যে মোহ ওর কলকাতার ওপর! দীর্ঘদিন খাঁচাবন্দি থাকলে বোধহয় এরকমই হয়। খাঁচার পাখি আকাশই ভুলে যায় তখন।

শঙ্গ তাড়াতাড়ি পা চালিয়ে টিকিট কাউন্টারের দিকে এল। খুপরি মতন টিকিট ঘরটির ঝাঁপ ঘথারীতি অর্ধেক নামানো। ভেতরে কেউ আছে কি নেই বোৰা যায় না। আগে যে ক'দিন এসেছে, কোন্দিনই কাউন্টারের ঝাঁপ পুরোপুরি খোলা দেখেনি শঙ্গ। শহরতলির বেশিরভাগ লোকাল এখানে দাঁড়ায় না। হঠাৎ তীক্ষ্ণ চিংকারে দশদিক তোলপাড় করে ঝমাঝম চলে যায়। সেই অভিমানেই কি কাউন্টার ঘোমটা টেনে রাখে? শঙ্গ ঝুঁকে ভেতরটা দেখার চেষ্টা করল। টেবিলে মাথা গুঁজে নিঃসাড়ে ঘুমোচ্ছে টিকিটবাবু। আয়েস করে ঘুমোবার দিন বটে আজ। আর কেউ কি আছে ভেতরে? দেখা যাচ্ছে না। বাইরে বেরোনোর মুখে লাল সিমেন্টের চওড়া বেঞ্চ। একটা মাদী কুকুর খানচারেক বাচ্চা নিয়ে সেখানে নিয়ুম বসে। শঙ্গ বাইরেটাও দেখে এল। নাহ, লোকটা আসেইনি। কোন মানে হয়? অত দূর থেকে, এমন একটা আকাশ বয়ে তারা আসতে পারল, আর তুই বাটা কাছেই থাকিস, জমি কেনা-বেচাতে দাঁও মারবি মোটা... শঙ্গ পায়ের ডগায় এসে পড়া ইটের টুকরোয় ফুটবলের শট মারল একটা।

স্টেশনের বাইরে কাঁচা রাস্তা। রাস্তার গায়ে এখানকার সবেধন একটিই দোকান। ঠিক দোকান নয়, দোকানের মত। বাঁশের খুঁটির মাথায় টিনের চালা, তিনদিকে দরমার দেওয়াল। পাম্প দেওয়া কেরোসিন স্টোভে কখনও-সখনও এখানে চা বানানো হয়। তবে কখনও-সখনই। অফিস টাইমের টুকরোটাকরা দু-চারজন ছাড়া বড় একটা চায়ের খন্দের নেই এলাকায়। অন্যান্য দিকের বাসিন্দা। বসে বসে আড়ডা মারে, কাগজ পড়ে, বোফর্স কিম্বা শ্রীলঙ্কা চুক্তি নিয়ে তর্ক জয়ায়। আজ চারদিক সুন্মান। এমন গোমড়া দিনে কে আর শখ করে বাইরে বেরোয়! ছেট্টামতন কাচের বাত্তে গড়াগড়ি যাওয়া গুটিকতক অনাথ দরবেশ আর দানাদার সামনে রেখে দোকানিটাও ঢুলছে। তার খুব কাছে গিয়ে গলা বাড়ল শঙ্গ,—‘দাদা শুনছেন?’

ধড় ফড় করে সজাগ দোকানি —‘টুটুবাবুকে দেখেছেন? এখানে এসে দাঁড়ানোর কথা ছিল...’

ঘুমস্ত চোখ টানটান করল লোকটা। হাতের উল্টোপিঠে ঘুমের রস মুছছে। একবার ঝুঁকে আকাশও দেখে নিল,—‘সে কি আজ আর ঘর থেকে বেরোবা? জমি দেখাবার কথা ছিল বুঝি?’

টুটুবাবু এ অথবলে মোটামুটি সবার পরিচিত। মুখের আগে তার চোখ কথা বলে। এসব লোকরা স্বভাবতই কথা দিয়ে কথা রাখে না। প্রশাস্তদাই এই লোকটার সঙ্গে শঙ্গের আলাপ করিয়ে দিয়েছিল। শঙ্গ তখন কলকাতার বুকে নিজস্ব একটা ফ্ল্যাটের স্বপ্ন দেখছে। ফ্ল্যাট না হোক, নিদেনপক্ষে এক ফালি জমিও যদি পাওয়া যেত। এখানে

ওখানে কথা বলে বেড়ায়, কিছুতেই সুবিধে হয় না। সাধ আর সাধোর মধ্যে দুরত্বটা যে বজ্জ বেশি। শেষে প্রশান্তদা বলল, —‘কি তোমরা কলকাতা কলকাতা করে মরো? একটু বাইরে যাও, দেখবে কত চমৎকার সব জায়গা পেয়ে যাবে?’

রাখি আপত্তি জানিয়েছিল, —‘ও বাবা, কলকাতা থেকে দ্বে গিয়ে আমি থাকতেই পারব না। এখানে আজীবন থেকে...’

—‘দুর কোথায়? নরেন্দ্রপুর তো কাছেই। তোমাদের বালিগঞ্জ থেকে ট্রেন ধরলে মাত্র কুড়ি মিনিট। স্টেশন হওয়ার পর পূর্বদিকের ধানীজমিশুলোও সব হৈ-হৈ করে বিক্রি হয়ে যাচ্ছে। ছুটির দিনে গিয়ে দ্যাখো গে যাও, তোমাদের মত ভূমিহীন বাবুবিবিরা কেমন রঙিন প্রজাপতির মত উড়ে উড়ে ফাঁকা মাঠে নিজেদের সীমানা মাপছে। দামও তোমাদের নাগালের মধ্যেই।’

কথাটা ঠিক। বাসরাস্তা থেকে এ জায়গাটা যদিও দুর তবে স্টেশন হয়ে যাওয়াতে অনেকেরই ধারণা এখানেও শহর পৌছতে আর দেরি নেই। গড়িয়ার দিক থেকে ঝাঁক ঝাঁক বাড়ি এগিয়ে আসতে শুরু করে দিয়েছে। সোনারপুর আসবে ওদিক থেকে। শহর আর শহরতলীর মিলন হবে। এভাবেই তো নগর ডালপালা ছড়িয়ে দেয় নানাদিকে, ঝুরি নামিয়ে নতুন শিকড় গাড়ে। টুটুবাবু ছাড়াও আরও দু’একজন দালালের সঙ্গে আলাপ হয়েছে শঙ্খ। ইদানীং কিছু হাউসিং এজেন্সি এনিকে ব্যবসায় নেমে গেছে। দিনকেদিন নিচু ধানজমির দামই লাফিয়ে লাফিয়ে বেড়ে চলেছে। আজ পাঁচ হাজার কাঠা তো কাল ছ হাজার, পরশু আট হাজার।

শঙ্খ প্ল্যাটফর্মে ফেরার আগে সিগারেট ধরাল। আলংগাভাবে ঠাণ্ডা হাওয়া উঠছে মাঝে মাঝে। কোথায় হয়ত বৃষ্টি নেমে গেছে। চাপা গুমগুম শব্দে আকাশ ডেকে উঠল। ডাকতে ডাকতে গড়িয়ে গেল দূরে আবছাপ্রায় ঘরবাড়িগুলোর দিকে। এই পশ্চিম পারটায় তবু যা হোক জনবসতি আছে। মেঠো পথ বেয়ে খানিক গেলেই বাসরাস্তা, রামকৃষ্ণ মিশন। পূর্বদিক একেবারেই জনহীন। যতদূর চোখ যায় শুধু হা-হা মাঠ। খামচা খামচা ভাবে চাষও হয়েছে কোথাও কোথাও। মাঠের শেষ প্রান্তে গ্রাম। এখান থেকে শুধু তার সবুজ আভাস পাওয়া যায়।

টুটুবাবু ওই কামরাবাদের দিকেই থাকে। এগিয়ে গিয়ে লোকটাকে খুঁজলে কেমন হয়? ধূৰ্ণ, বাড়াবাড়ি হয়ে যাবে। তার থেকে ফিরে যাওয়া ভাল।

প্ল্যাটফর্মে ঢুকতে ডানদিকে তারজালে ঘেরা সদাকিশোরী এক গুলমোহর গাছ। তার ওধারে চুপচাপ দাঁড়ানো রাখিকে দেখাচ্ছে ঠিক নির্বাসিত রানীর মত। শঙ্খ মনে মনে হেসে ফেলল। সত্যি, এসব জায়গায় রাখির মত শহুরে মেয়েদের একেবারে বেমানান লাগে। তাকেও কি ঠিক মানয়? এই বিশাল প্রাকৃতিক পটভূমিতে? না মানাক, জায়গাটা শঙ্খের ভীষণ ভাল লেগে গেছে। কলকাতার এত কাছে, বলতে গেলে প্রায় নাগালের মধ্যে, এমন বিশাল নির্জনতা পাওয়া যায় ভাবলেই গা ছমছম করে ওঠে। এ ধরনের নির্জনতার আলাদা একটা চোরা টান আছে।

প্রথম দিন এখানে এসেই অস্তুত এক অনুভূতি হয়েছিল তার। চারধারের অনস্ত নীল আর সবুজের মাঝখানে তাকে দাঁড় করিয়ে টুটুবাবু বলেছিল,—‘এই দেখুন, এই

আপনার জমি। পছন্দ হয় ?'

মাঠের গায়ে টালমাটাল টেউ উঠেছে তখন। সোনালি রোদে ভেসে গেল কিছু  
শুকনো ধুলোমাটি। গাছগাছালি তিরতির নাচছে।

লোকটা বলল,—‘স্টেশনের কাছেও দু’একটা প্লট আছে। দাম একটু বেশি পড়বে।  
দেখবেন ?’

উন্নত দেবে কি, শঙ্খ কোথায় ঢলে গেছে তখন। সে যেন সে নয়, সে হয়ে  
গেছে পৃথিবীর সেই আদি পুরুষ যে প্রথম অধিকার করেছিল ভূমিকে, তারপর প্রথম  
ঘর বেঁধেছিল মাটির ওপর। কথাটা রাখিকে গিয়ে বলতে সে তো হেসে কুটিপাটি,  
—‘আশ্চর্য কল্পনাশক্তি যা হোক ! ওসব কাব্য আমার পোষায় না।’

—‘আহা, তুমিও একটু ভাবো না। মনে কর ওখানে গিয়ে প্রথম আমরাই ঘর  
তৈরি করলাম। ভেবে দ্যাখো, চারদিকে কোন হউগোল নেই, প্রতিবেশীদের বেষারেয়ি  
নেই, ধূ ধূ মাঠের ভেতর আমরাই শুধু থাকি। যে দিকে তাকাও, আকাশ মাটি আর  
সবজ গাছপালা। ছেলেমেয়ে দুটো উদাম খেলা করবে ধুলোতে। যেমন তেমন বাতাস  
দৌড়বে আমাদের ঘরের ভেতর দিয়ে। সে বাতাসে ঘোঁয়া নেই, ডিজেলের গন্ধ নেই...’

—‘তুমি ভাবো বসে বসে !’ রাখি মুখ বেঁকিয়েছিল, —‘একটা কথা মনে রেখো,  
ওসব পাণ্ডববর্জিত জায়গায় বাড়ি করলে তুমিই গিয়ে থাকবে। আমরা কেউ যাব  
না।’

শঙ্খ পা দিয়ে চেপে সিগারেট নেভাল। রাখি একমনে হাতের নখ খুঁটছে। একটু  
দূর হলেও শঙ্খ বুৰতে পারল ওর নিচের ঠোঁট বেশ কাঁপছে। ইচ্ছের বিরুদ্ধে কিছু  
করতে হলেই রাখির ঠোঁট অভিমানী বালিকা হয়ে যায়। আহা বেচারি, কত সাধই  
যে ওর অপূর্ণ থেকে গেল ! নিজস্ব এক ফালি বাড়ির জন্য কবে থেকে শুধু কল্পনার  
জাল বনে চলেছে আর উদ্বাস্তুর মত বাসা বদল করতে হচ্ছে একের পর এক। কোথাও  
একটু পুরনো হলেই বাড়িওয়ালা বাঁকা হয়ে যায়। অন্যের তৈরি ঘরে কী যে শংকা  
আর আড়ত্তায় দিনযাপন করতে হয় মানুষকে ! কেমন হীনমন্যতা বোধও এসে যায়  
মনে। আসতে বাধ্য। তার নিজেরই আসে।

শঙ্খ বড়-এর কাছে এগোল,—‘লোকটা এরকম ঝোলাবে ভাবতেও পারিনি। যাক  
গে, এরপর যে ট্রেনটা দাঁড়াবে তাতে ফিরে যাব !’

রাখি ঠাণ্ডা চোখ তুলে তাকাল,—‘শখ মিটে গেল ?’

কথাটায় যথেষ্ট খোঁচা আছে। শঙ্খের সামান্য বাগ হচ্ছিল। তার কি নিজের কোনই  
ইচ্ছে-অনিচ্ছে, শখ-আহ্নাদ থাকতে নেই ? রাখি ধরেই নিয়েছে সে যা চাইবে তাই  
হবে। তার যদি এখানে জমি পছন্দ না হয়...। শঙ্খের গলা ভারী হল,—‘আজ না হল  
তো কি আছে ? কিনব মনস্ত যখন করেছি, আরেকদিন আসব।’

—‘আমি আর আসব না।’

—‘এসো না। আমি একাই বায়না করে যাব !’

আকাশ বেয়ে হড়মুড় করে মেঘ ছুটতে শুরু করেছে। বিদ্যুৎ চমকাল বারকয়েক।  
রাখি গুম হয়ে আছে। হাওয়ার দিকে পেছন ফিরে আরেকটা সিগারেট ধরাল শঙ্খ,

—‘কলকাতা কলকাতা করে মরছ, চেষ্টা তো করা হল। আমাদের জন্য ওখানে জায়গা আছে কোথাও ? থাকলেও তুমি ছাঁতে পারবে ?’

—‘তেমন চেষ্টা আর হল কই। এই তো ইস্টার্ন বাইপাসের বিজ্ঞাপন বেরিয়েছিল...’

—‘ওখানে লটারি হবে। আমাদের কোনদিন লটারি উঠবে না।’

—‘এটাও তোমার কল্পনা।’

—‘কল্পনা নয়, বাস্তব। লটারি পাওয়ারও কপাল থাকা দরকার।’

—‘লেজিন্ডের কপাল কখনও খেলে না।’ রাখি যেন ঠিকই করেছে তর্ক চালিয়ে যাবে, —‘লটারি ছাড়াও কতরকম ক্ষিম হচ্ছে চারদিকে। মধ্যবিত্তদের জন্যও...’

—‘তারাও কেউ তোমাকে প্রপার কলকাতায় জায়গা দিতে পারবে না। এরকম শহরতলিতেই...’

—‘সে যেমনই হোক, এমন ভূতুড়ে জায়গা তো হবে না।’

—‘আশৰ্ব ! শঙ্খ হতাশভাবে দুদিকে মাথা নাড়ল,—‘এমন একটা সুন্দর পরিবেশ তোমার ভাল লাগছে না ? কলকাতাতে মাথা খুঁড়লেও এমন নির্মল জায়গা পাবে তুমি ?’

—‘নাহ, পাব না।’ রাখির ঘাড় শক্ত হ'ল,—‘তা সুন্দরবনে গিয়েও তো বাড়ি করা যায়। সেখানে প্রকৃতি আরও সুন্দর।... উঠোনে বাঘ-ভালুক হামা টানবে। কুমড়ো-ডগায় সাপ ঝুলবে, তবে না নিজের বাড়ি !’

—‘ভুল করছ। এ জায়গা ক'দিন পরে মোটাই এরকম থাকবে না।’

—‘অসম্ভব ! দশ বছরের আগে এখানকার কোন ডেভেলপমেন্ট হতেই পারে না। কবে ইলেক্ট্রিসিটি আসবে, জলের ব্যবস্থা হবে...আমি বাজি ধরতে পারি...’

—‘বেশ তো।’ শঙ্খ নরম হল,—‘তখনই না হয় তুমি এসে বাড়ি করো। এখন যখন সস্তায় পাওয়া যাচ্ছে, কিনে রাখতে ক্ষতি কি ? কাঠা চাবেকে কত সুন্দর মনের মত বাড়ি করা যাবে ভাবো তো।’

—‘ভাল। এভাবেই ফাঁকা মাঠে কষ্টের টাকাগুলো ঝুক করে রাখো আর বাড়িঅলাদের তোয়াজ করতে করতে কাটিয়ে দাও জীবনটা।’

এ কথার পিঠে কথা হয় না। শঙ্খ চুপ করে গেল। প্রচণ্ড দাপটে একটা ডাউন ট্রেন ছুটে যাচ্ছে চোখের ওপর দিয়ে। শিশু প্ল্যাটফর্ম দুটো ধুকধুক কেঁপে উঠল। গাড়িটা বেরিয়ে যেতেই চতুর্দিকে ধুলোঝাড়। রাখি নাকে অঁচল চাপা দিল। অনেকক্ষণ পর দুটো জাগত্ত মানুষের মুখ দেখা যাচ্ছে। স্টেশনের ঢাল বেয়ে আধাশহরে দু'জন লোক উঠে আসছে প্ল্যাটফর্মে। তাদের বিস্মিত চোখ শঙ্খ-রাখির দিকে। যেন এরকম দিনে স্টেশনে কাউকে দেখবে ভাবেনি। শঙ্খ তাদের দিকে গটগট এগিয়ে গেল,

—‘দাদা, এরপর কোন গাড়ি দাঁড়াবে ?’

ধূতিপরা লোকটি বগল থেকে ছাতা নামাল,—‘কোনদিকে যাবেন ?’

যেন রাখি শুনতে পায়, সেভাবে গলা চড়াল শঙ্খ, —‘কলকাতায়।’

—‘এখন কলকাতায় ?’ পাশের লোকটি আরও অবাক, —‘যখন তখন দুর্যোগ নামতে পারে...’

শঙ্খ শুকনো হাসল, —না, না। যাৰ না—ফিৰব।'

—‘এখন তো গাড়ি নেই। ক্যানিং থামবে সেই বারোটা পাঁচে।...তবে হেঁটে যদি সোনারপুর চলে যেতে পাৰেন...’

শঙ্খ ঘড়ি দেখল। এগারোটা বাজতে পঁচিশ। তাৰ মানে দেড় ঘণ্টার কাছাকাছি। আকাশ নেমে এসেছে আৱও। একটু আগেও বিমুক্তি আলো ছিল, আৱ এবাৰ বোধহয় বৃষ্টিকে ধৰে রাখা গেল না। লোক দুটো প্ল্যাটফৰ্ম বেয়ে নেমে যাচ্ছে। ভুল। ওৱা ট্ৰেন ধৰতে আসেনি। রাখি সৱে দাঁড়িয়েছে। ভানিটি বাগ থেকে ফোলড়িং ছাতা বাব কৱেও রেখে দিল। শঙ্খৰ হঠাতে খুব মনখাৰাপ হয়ে গেল। কি দৰকাৰ ছিল অ্যথা বাগড়া কৰাৰ? প্ৰতিদিন একই কথা ছোঁড়াচুঁড়ি...? শঙ্খ সামনেৰ বেঞ্চিতে বসে পড়ল। সোনারপুৰ অবধি এখন আৱ হেঁটে যাওয়া যায় না। রাখি হাঁটতেও পাৱে না অতটা। এবাৰ একটা আপ ট্ৰেন পাশ কৱচে। অনেক দূৰ চলে যাওয়াৰ পৱণ তাৰ ধাতব বেশ শুনতে শুনতে শঙ্খ মত বদলে ফেলল। মৰুক গে যাক, এখানে কিনবেই না জমি। ঘৰ বাঁধা নিয়েই যদি শ্বামী-স্ত্রী একমত না হতে পাৰে...

শঙ্খ যখন এভাবেই বিমৰ্শ, তখনই আশৰ্য কাণ্টা ঘটে গেল। বৃষ্টিৰ প্ৰথম ফেঁটাটা রাখিৰ শৰীৰকেই ছুলো আগে। সঙ্গে সঙ্গে হঠাতে কেমন আলুখালু হয়ে গেল রাখিৰ মনটা। বৃষ্টিৰ সম্ভাৱনা আৱ বৃষ্টি আসা এ দুটোৰ মধ্যে এত তফাত! রাখি আকাশৰ দিকে চোখ তুলল। আবাৰ একটা ফোঁটা বৰল। আৱও একটা। চোখ নামিয়ে রাখি শঙ্খৰ দিকে তাকাল। আচমকা ভেতৱে একটা গোলমাল বেধে গেছে। একটু আগেৰ ক্ষোভ, বিশাদ সব যেন ধুয়ে যেতে চাইছে। বৃষ্টি আৱ মাটিৰ মিলনে বুনো সুখেৰ গন্ধ ছড়িয়ে যাচ্ছে বাতাসে। শঙ্খ উঠে দাঁড়ানোৰ আগেই তাৰ কছে ছুটে গিয়েছে রাখি,—‘এই ওষ্ঠো, উঠে পড়ো।’

শঙ্খ উঠে ফিৰে দাঁড়াল। সিকিট়িঘৰেৰ দিকে যাচ্ছে।

—‘ওদিকে নয়?’ পিছন থেকে টানল রাখি, —‘ওইদিকে চলো। তোমাৰ পছন্দ কৰা জমিতে—মাটিতে।’

রাখিৰ স্বৱে কি ব্যঙ্গ? শঙ্খ বুঝতে পাৱছিল না। চোখদুটো তবে ঝিকঝিক হাসে কেন? মেয়েদেৱ মনেৰ রঙ কখন কিভাবে যে বদলায়! বৃষ্টিৰ ফেঁটাৰা ঘন হচ্ছে ক্ৰমশ। শঙ্খ নিজেৰ মনে বিড়বিড় কৰে উঠল,—‘ধূৰ! ৰোববাৰেৰ সকালটাই মাটি হয়ে গেল। এমন জানলে কোন শালা...ওদিকে ছেলেমেয়ে দুটোও হয়ত না খেয়ে বসে থাকবে...’

—‘থাকবে না?’ চাপা অস্ত্ৰিতায় গলা কাঁপছে রাখিৰ,—‘আমি আশাৰ মাকে ওদেৱ খাইয়ে দিতে বলেছি।’

—‘লন্ত্ৰী থেকে জামাকাপড়গুলো আনা হ'ল না...দুপুৱে বাবুলৰ অ্যাডমিশানেৰ জন্য ব্যানার্জিবাৰুৰ কাছে যাওয়াৰ কথা ছিল...কেৱেৱিনও ধৰা হ'ল না মাৰখান থেকে...’

মেঘে মেঘে যুদ্ধ বেধে গেছে। এমন জোৱে চেঁচিয়ে উঠল আকাশ যেন শুধু

ধমকেই খামিয়ে দেওয়া যায় বৃষ্টিকে। রাখি শঙ্খর হাত চেপে ধরল,—‘কথা বোলো না। তাড়াতাড়ি চলো।’

—‘কোথায়?’

—‘বললাম তো আমাদের জমিতে...বাড়ে...বৃষ্টিতে...’ শঙ্খ ফ্যালফ্যাল তাকাল। রাখির কথাগুলো ঠিক বুঝে উঠতে পারছে না। ঝোড়ো হাওয়ার তালে নাচছে বৃষ্টি। রাখি আচমকা সেদিকে ছুটে গেল। ছুটতে ছুটতে নেমে যাচ্ছে প্ল্যাটফর্ম বেয়ে।

—‘আরে কি হ’ল?’ শঙ্খ হতচকিত,—‘ওদিকে কোথায় যাচ্ছ? এই রাখি...এই...মিছিমিছি ভিজছ কেন?’

রাখি উত্তর দিল না। ঝুমঝুম বৃষ্টি মাথায় একেবারে খালপাড়ে চলে গেছে।

শঙ্খও এক ছুটে পৌঁছে গেল সেখানে,—‘কী আজব খেয়াল মাথায় চাপল, অ্যাঁ?’

রাখি শুনেও শুনল না। প্রকাণ্ড আকাশ জুড়ে নাচছে হিসহিস বিদ্যুৎ। সেদিকে চোখ ভসিয়ে দিয়েছে,—‘জানো, সেদিন না আনোয়ার শাহ রোডের দিকে গিয়েছিলাম। তোমাকে বলিনি। ...আমাদের সেই ফ্ল্যাটটায় না লোক এসে গেছে!’

টাপটুপ জল গড়াচ্ছে রাখির চুল বেয়ে, কপাল বেয়ে। শঙ্খ ওর হাত থেকে বাগ কেড়ে নিয়ে ছাতা বার করতে চাইল।

—‘নিশ্চয়ই সেই ডাঙ্কারটা কিনেছে, তাই না? রাখির চোখ থেকে বৃষ্টি বারল, —‘অথচ ফ্ল্যাটটা প্রথমে আমাদের নামে আলটেড হয়েছিল। বাড়তে বাড়তে শুনলাম দু’লাখ আশিহাজারে বিজি হয়েছে।’

হাওয়াতে ছাতা উলটে পালটে যাচ্ছে। শঙ্খ প্রাণপণে সোজা রাখির চেষ্টা করছে সেটাকে। রাখি দেখেও দেখল না,—‘ওরা প্রথমে যা এস্টিমেট করে, তা আর কিছুতেই ঠিক রাখে না। নইলে বলো দেড়লাখ টাকার ব্যবস্থা তো আমরা করেছিলাম। আশি হাজার লোন... আমার গয়না...তোমার প্রভিডেন্ট ফাণ্ড...’

রাখির গলা ক্রমশ ডুবে যাচ্ছে। ভয়ংকর শব্দে বাজ পড়ল কোথাও। মেঘেরা প্রায় ঘিরে ফেলেছে দু’জনকে। খানিক তফাতে, বাঁপাশে কারা আধখানা ঘর বানিয়ে ফেলে রেখে গেছে। হয়ত শেষ করতে পারেনি। ঘর নয়, ঘরের খাঁচা। একটা গরু ভীষণ ভয় পেয়ে লাফাতে লাফাতে আশ্রয় নিতে যাচ্ছে খাঁচাটার দিকে। যেন ওখানে পৌঁছলেই খাঁচা যায় তাগুবের হাত থেকে। রাখি সেদিকে তাকিয়ে শিলখিল হেসে উঠল বাচ্চা মেয়েদের মত। লাফিয়ে বাঁশের সাঁকো পার হ’ল। আবার বাজের শব্দ। শঙ্খ এবার ভয় পেয়ে গেল,—‘কী পাগলামি করছ রাখি? এসো—ফিরে চলো।’

রাখি তাকাল না। হাওয়ায় হাওয়ায় দুলে বৃষ্টি ছুটছে প্রদিকে। সেই বৃষ্টিতে বাঁপিয়ে পড়ল,—‘বাড়িঅলা কাল কি বলছিল জানো? বলে ছেলের বিয়ে দেবে। ওদের আর ওপরের ঘরে কুলোচ্ছে না। শীগগির মনে হয় আমাদের উঠে যেতে বলবে।’ বলতে বলতে জোরে হেসে উঠল,—‘বাজে কথা! বাড়িঅলা মাত্রই তাড়াটে ওঠাতে ও কথা বলে। আমরা চলে গেলে আবার বেশি ভাড়া, আবার মোটা আড়ভাস...শিবুদালাল মাঝেমাঝেই আজকাল যাতায়াত করছে...’ বৃষ্টির সঙ্গে রাখি ছুটে চলেছে পাল্লা দিয়ে।

কখনও আগে, কখনও পেছনে,—‘এই, তোমার মনে আছে আগের বাড়িতে কিনকম কায়দা করে...ইস, জল নিয়ে ওরা কষ্ট দিয়েছিল খুব। আর প্রথম যে বাড়িটায় ছিলাম...সেই যে গো ঢাকুরিয়ায়...তিনঘর ভাড়াটের কমন বাথরুম...’

চৰাচৰে বুঝি রাত নেমে আসছে। কামৰাবাদের দিক থেকে এদিকের বৃষ্টিকে তাড়া করে আরেক দল বৃষ্টি ঝাপটে এল ছিপছিপ শব্দে। শূন্য মাঠে ঝড়ের শব্দ কী ভয়ৎকর। শঙ্খ দু'হাতে কান চাপল। রাখি কেমন অনায়াস ভঙ্গিতে এগিয়ে চলেছে। যেন আজই সমস্ত প্লানি আর হতাশা ভসিয়ে দেবে জলঘড়ে। খুব নিচু দিয়ে একটা কাক উড়ে গেল। রাখি পা থেকে চাটিজোড়া খুলে ছুঁড়ে দিল দূরে। এমন তরতর হাঁটছে যেন এ পথে রোজই আসা-যাওয়া। শঙ্খের বুক কেঁপে উঠল। বৃষ্টির ধোঁয়ায় রাখিকে পরিষ্কার দেখা যাচ্ছে না। নিজের বউকেই এই মুহূর্তে কেমন অলৌকিক লাগছে। যেন মানবী নয়। যেন বৃষ্টি কিম্বা আকাশ মাটি। আবছায়া হাতড়ে শঙ্খ চিৎকার করে বলতে চাইল—দোহাই রাখি, এবার ফেরো। মাথায় যখন তখন বাজ ভেঙে পড়তে পারে।—কিছুই বলতে পারল না। বৃষ্টির ধোঁয়ায় শব্দরা হারিয়ে গেছে। সেই ধোঁয়াতে আবছা রাখিও। প্রকাণ্ড মাঠে ভাসছে শুধু অশৰীরী নারী। শঙ্খের পছন্দ করা ভূমিতে নিজেকে ছাড়িয়ে দিল। একটা জমি দখল করে অন্য জমিতে যাচ্ছে। তারপর আবার একটায়। আকাশের দিকে হাত বাড়িয়ে দিল। এবার বুঝি ধারণ করে নেবে আকাশটাকেও।

শঙ্খ স্তৰ দাঁড়িয়ে রইল। রাখি যেন ভাবেভঙ্গিতে বলতে চাইছে,—ভয় কিসের গো? বাড় তো নিত্য উঠছে। বাজও পড়ছে। শুধু হঠাত এই কুড়িয়ে পাওয়া বৃষ্টিটা...এই বৃষ্টিটা...

ভাবতে ভাবতে শঙ্খও দু হাত বাড়িয়ে দিল আকাশের দিকে। পুরনো ছড়াটার মানে খুঁজে পাচ্ছে যেন—...বাড়বাদলে ধূ ধূ মাঠে...।

## ଘୁମନ୍ତ ଭର

ସ୍ଥମେର ମଧ୍ୟେଇ ଶବ୍ଦଟା ଶୁଣନ୍ତେ ପାଛିଲ ସୁନ୍ତି। ଡାଇନିଂ ସ୍ପେସେ କେ ଯେନ ଏଦିକ-ଏଦିକ ହେଁଟେ ବେଡ଼ାଛେ। ଆଚମକା ଶବ୍ଦଟା ଜୋର ହତେଇ ତନ୍ଦା କେଟେ ଗେଲ। କେ ! କେ ! କେ ଯେନ ଧାକା ଖେଳୋ ଫିରେ ! ସୁନ୍ତି କାନ ଥାଡ଼ା କରେ ରଇଲ। ପା ଘୟେ ସଷେ କେଉ ରାନ୍ଧାଘରେର ପ୍ଯାସେଜେର ଦିକେ ଯାଛେ। ଆବାର ଫିରଲ। ହଡ଼ମୁଡ଼ କରେ ଚୟାର ପଡ଼ାର ଆଓୟାଜ। ସିଲେର ଗେଲାସ ଗଡ଼ିଯେ ଗେଲ। ତୀତି ଆତକେ ନିଶାସ ବନ୍ଧ ହୟେ ଏଲ ସୁନ୍ତିର। ମଶାରିର ଚାଲେ ଫେଲା ବେଡୁସୁହିତ ଖୁଜିଲ ଏଲୋପାଥାଡ଼ି। ସଭଯେ ଧାକା ଦିଲ ମୃମ୍ଭିଯକେ, —ଏହି ଶୁନଛ ? ତାଡ଼ାତାଡ଼ି ଓଠ—ଓଠ ନା!

ମୃଗ୍ନ୍ୟ କ୍ଲାନ୍ତିହର ଗଭୀର ସ୍ଥୁମେ ଅଚେତନ।

ମଶାରିର ଚାଲ ବାରକମେକ ଖାମଚାନୋର ପର ସୁନ୍ତି ସୁହି ପେଲ ହାତେର ମୁଠୋୟ। ଉଞ୍ଜଳ ଆଲୋଯ ମନେ ସାହସ ଫିରଲ କିଛୁଟା। କାଂପା ଗଲାଯ ଚିଙ୍କାର କରାର ଚେଷ୍ଟା କରଲ,—କେ-ଏ-ଏ ? କେ ଓଥାମେ ?

ଆର ଶବ୍ଦ ନେଇ। ଆଗନ୍ତୁକ ଥମକେଛେ ବୋଧହୟ। ସୁନ୍ତି ମୃଗ୍ନ୍ୟକେ ଖାମଚେ ଧରଲ,—ଶୋନ ନା... ଏହି... ଓଠ ନା...

କଯେକବାର ଝାକୁନି ଥେଯେ ତବେ ମୃଗ୍ନ୍ୟ ଜାଗଲ, —କୀ ହୟେଛେ ?

—କେ ଯେନ ଆଓୟାଜ କରଛେ ବାଇରେ—ଶୋନ !

ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ଆରେକଟା ଚୟାର ପଡ଼ାର ଶବ୍ଦ।

ମୃଗ୍ନ୍ୟ ଧଡ଼ଫଡ଼ କରେ ଉଠେ ବସଲ ବିଚାନାୟ,—କିସେର ଆଓୟାଜ ?

—ବୁଝାତେ ପାରଛି ନା। ଅନେକକଣ ଧରେ ହଚ୍ଛେ।

—ଇନ୍ଦ୍ର ବେଡ଼ାଲ କିଛୁ ଢୁକେଛେ ବୋଧହୟ।

—କୀ କରେ ଢୁକବେ ? ଚାରଦିକ ତୋ ବନ୍ଧ !

—ତାଇ ତୋ !

ଦୁହାତେ ମଶାରି ତୁଲେ ମୃଗ୍ନ୍ୟ ନାମଲ ଖାଟ ଥେକେ। ପିଛନ ପିଛନ ସୁନ୍ତି। ବେଡ଼ାଲ ନା ପାରଲେ, ମାନ୍ୟଇ ବା ପାରବେ କୀ କରେ ! ଢୁକତେ ଗେଲେ ଜାନଲାର କାଠ ଗିଲ ସବ ଭାଙ୍ଗତେ ହବେ ଆଗେ। ଏକ ଯଦି ବାଥରମେର ସ୍କାଇଲାଇଟ ଦିଯେ...

ଶୋବାର ସରେ ପରେ ଡାଇନିଂ ସ୍ପେସ୍। ଉଣ୍ଟୋଡ଼ିକେ ତୁତୁ-ମିତୁର ଘର। ଏପାଶେ ଡ୍ରିଇଂରୁମ। ଡ୍ରିଇଂରମେର ମୁଖ୍ୟମୁଖ୍ୟ ସରକ ପ୍ଯାସେଜ, ରାନ୍ଧାଘର, ବାଥରମ। ଏକେବାରେ କମପ୍ଲ୍ୟାନ୍ଟ ଫ୍ଲ୍ୟାଟ। କୋନଭାବେଇ କାରର ଟୋକାର ଉପାୟ ନେଇ, ଯଦି ନା ବାଇରେର ଦରଜା ଖୋଲା ଥାକେ।

ଡାଇନିଂ ସ୍ପେସେର ଆଲୋ ଜୁଲିୟେ ଭାଲଭାବେ ଦେଖିଲ ମୃଗ୍ନ୍ୟ। କେଉ ନେଇ ତୋ ! ଡ୍ରିଇଂରୁମ ଖୁବ୍ଜେ ପ୍ଯାସେଜେର ଦିକେ ଗେଲ। ନାହ, କାରର ଚିହ୍ନ ନେଇ କୋଥାଓ। ରାନ୍ଧାଘର ଦେଖିଲ, ବାଥରମ—ଦରଜା-ଜାନଳା ଭାଲଭାବେଇ ବନ୍ଧ। ତବେ !

ଚାରଦିକେ ଘୁରେ ମୃଗ୍ନ୍ୟ ଡାଇନିଂ ସ୍ପେସ୍ ଭୂର କୁଁଚକେ ଦାଁଡ଼ିଯେ ଥିଲା, ସୁନ୍ତିଇ ଆବିଷ୍କାର କରଲ ମେଯେଟାକେ। କାଚେର ବାସନ ରାଖାର ଆଲମାରିଟାର ପାଶେ, ଦେଓୟାଲ ଆର ଆଲମାରିର ମଧ୍ୟବତୀ ଫାଲି କୋଣାଟୁକୁତେ ଗୁଟିସୁଟି ମେରେ, ଦେଓୟାଲେ ହେଲାନ ଦିଯେ ନିଃସାଡେ ଘୁମୋଛେ।

আরে এর কথা তো এতক্ষণ খেয়াল হয়নি! সবে কাল দুপুরে এসেছে বলেই হয়ত মেয়েটার অস্তিত্বের কথা ঘুমচোখে ভুলে গেছে দৃজনেই। কিন্তু এখানে এল কী করে! ওকে তো শুতে দেওয়া হয়েছিল বাথরুম-রান্নাঘরের সামনের প্যাসেজটায়! একজন শোওয়ার পরেও ওখান দিয়ে যাতায়াত করতে তেমন অসুবিধে হয় না। প্রথম রাত বলে মশারি দিতে পারেনি, ঠিক করেছিল পরে যা হোক ব্যবস্থা করে দেবে।

সুপ্তি মৃগ্য মুখ চাওয়াচাওয়ি করল। কয়েক মুহূর্ত। সুপ্তিই এগিয়ে গেল দুপদাপ। উবু হয়ে বসে পড়ল মেয়েটার সামনে,—এই ভাদুরি... আয়াই... কিরে... এখানে এভাবে স্বুমোছিস কেন?

অবিরাম ধাক্কায় চোখ খুলল মেয়েটা। বোবা ঘুমস্ত চোখ উদ্দেশ্যহীনভাবে সুপ্তির মুখের ওপর ঘূরল দু'চার সেকেণ্ড। আবার বন্ধ হল। কঠির মত সরু শীর্ণ ঘাড় ঝুলে পড়ল বুকের ওপর।

—এই ওঠ—উঠে পড়! নিজের জায়গায় গিয়ে শুবি যা।

মেয়েটার নিশাস ঘনতর হল।

—ওঠ রে। এই ভাদুরি? ভাদুরি? বিছানায় শুবি, যা।

সুপ্তির স্বর সামান্য নরম এবার। মেয়েটা চোখ বন্ধ করেই উঠে দাঁড়াল। বন্ধ চোখেই মাতালের মত এগোল কয়েক পা।

মৃগ্য হাঁঁহি করে উঠল,—পড়ে যাবি যে! চোখ খুলে হাঁট!

ভাদুরি চোখ খুলল না। সেভাবেই ঘাড় ঝুলিয়ে, টলমল পায়ে ঠিক পৌঁছে গেল প্যাসেজে। নিজের বিছানার কাছে। সতরাফিতে দু'হাঁটু মড়ে কুঁকড়েমুকড়ে শুয়ে পড়ল। কী যেন বললও বিড়বিড় করে। বোবা গেল না। বলতে বলতে তলিয়ে গেছে গাঢ় নিদ্রায়।

ঘরে ফিরে সুপ্তি স্বত্ত্ব নিশাস ফেলল,—বাবাঃ, যা ভয় পেয়েছিলাম...

মৃগ্য জল খেয়ে ঢুকে পড়ল মশারির ভেতর।—আশচর্য! ও বিছানা ছেড়ে ওখানটায় গিয়ে শুয়েছিল কেন বল তো?

—মশাটশা কামড়াছে বোধহয়। মৃগ্য বড় হাই তুলল।

—যাহ্। এমন কিছু মশা নেই। দেশে যেন ওরা কত মশারির ভেতর শোয়!

—কী করে জানলে শোয় কিনা?

—জানি। সুপ্তির সামান্য ঝাঁঝ এল গলায়,—কালকের আগে ট্রাংক থেকে প্রোনো মশারি বার করতে পারব না।

মৃগ্য আর জবাব না দিয়ে পাশ ফিরে শুল।

সুপ্তি বসেই রইল,—আমার মনে হয় ভয়টয় পেয়েছে... নতুন জায়গা... প্রথম রাত তো... বাড়ির সকলকে ছেড়ে...

—হতে পারে। মৃগ্য পাশবালিশ জড়াল আয়েস করে,—ভাল করে খোঁজটোজ নিয়ে নিয়েছ তো?

—হঁ। সুপ্তি একটু অন্যমনস্ক যেন। মেয়েটা ডাইনিং স্পেসে অন্য কোন উদ্দেশ্যে ঘূরছিল না তো! না, না, তাহলে ওভাবে ঘুমিয়ে পড়বে না। ছেলেমানুষ মেয়ে...

শোবার সঙ্গে সঙ্গে মৃগয় ঘুমিয়ে পড়েছে। সুপ্তির ঘূম এল না অনেকক্ষণ।

দুপুরবেলা। সবে তখন একটু গড়িয়ে নিছে, তিনটে নাগাদ উঠে মিতুকে স্কুল থেকে আনতে যাবে, তখনই মেয়েটাকে নিয়ে এল নিমাই-এর মা।

—বৌদি, তুমি রাতদিনের লোক খুঁজছিলে! এই নাও, তোমার জন্য নিয়ে এলাম দেশ থেকে।

—ওমা এ তো একেবারে বাচ্চা! এ কী কাজ করবে?

—বাচ্চা কিগো? এই ভাদ্বের বারো পুরে তেরোয় পড়েছে। নিমাই-এর মা চোখ ঘুরিয়েছিল,—গরিবের ঘরে তেমন খাওয়াদাওয়া জোটে না তো! এক বেলা খায় তো এক বেলা উপোস—বাড় আসবে কোথথেকে?

—যাহু, তেরো কী বলছ?

—হ্যাঁগো বৌদি, বিশ্বেস করো। আমার জ্ঞানি দেওবের মেয়ে। একে নিয়ে মোট ছটা মেয়ে দেওবের। শেষে এক ছেলে। তা এ ধরো গিয়ে তিন নম্বর। আগের দুটোর এখনও বিয়ে দিতে পারেনি। দেবে কোথথেকে? নিজেদেরই পেছনের কাপড় নেই। যেটুকুন জমি ছিল, তা এর মা বেগে পড়তে সেটুকুনও গেছে। দিনমজুর খেটে বাপ একদিন আয় করে তো দুদিন বসা। বড় কষ্টে আছে গো—নিত্য অভাব, নিত্য যাতনা। এবার দেশে গিয়ে দেখি ঘরে ঘরে সব...

হাত-পা নেড়ে নেড়ে দেশগ্রামের দৃঃখ-অভাবের কাহিনী শোনাচ্ছিল নিমাই-এর মা। মেয়েটা তখন জড়সড় হয়ে একগাশে দাঁড়িয়ে। খসখসে কালো গায়ের রঙ। প্যাকাটির মত সরু হাত-পা। একমাথা চুল, কম্প লালচে জটলা মতন। ঢলচলে মোটা ছিটের ফ্রক পরনে। বুকের কাছে আঁকড়ে ধরে আছে এতটুকুন এক পোঁটলা। নিমাই-এর মা'র কথার ফাঁকে মেয়েটাকে আলগোছে দেখে নিচ্ছিল সুপ্তি। এত রোগা যে মনে হয় শরীর গড়তে গিয়ে হাড়ের খাঁচায় শুধু চামড়া জড়িয়ে দিয়েছেন সৈন্ধব। শিখিয়ে নিলে এদের দিয়েই অবশ্য ভাল কাজ করানো যায়!

—কাজটাজ সব করতে পারবে তো, দ্যাখো!

—কেন পারবেনি? একটু দেখিয়ে শুনিয়ে দেবে...

—কত দিতে হবে?

—সে তুমি বিচের করে যা দেবে তাই।

—তবু তুমি বলো!

—একশো দিও।

—ওরেং বাবা! একশো! অত আমি দিতে পারব না। তার ওপর আনকোরা একেবারে। সব শেখাতে হবে। পারবে কিনা তাও জানি না। সুপ্তি মাথা নেড়েছিল, —এখন সক্তবের বেশি পারব না।

—বেশ, তাই দিও। তবে আর কটা টাকা বেশি দিলে পরিবারটার বড় উপকার হত গো। বড় কষ্টে আছে সব। সাধ করে কি আর কেউ নিজের মেয়েকে দূর বিদেশে খাটতে পাঠায়?

সুপ্তি আবার ভালভাবে জরিপ করেছিল মেয়েটাকে, —কী রে? সব কাজ করতে

পারবি তো ? খাবার জল আনা, মশলা করা, ঘরদোর ঝাড়া, টুকটাক ফাইফরমাস...  
পারবি তো ?

সঙ্গে সঙ্গে মেয়েটার চিবুক প্রায় বুক ছুই-ছুই।

—নাম কী তোর ?

উত্তর নেই।

—কী রে, নাম বলবি তো ? নিমাই-এর মা ঠেলা দিয়েছিল—লজ্জা কিসের ?  
মামীর কাছে ভাল হয়ে থাকবি...কথা শুনবি.. দেখবি তাইলে কত কিছু দেবে মামী...  
জামা, প্যান, চুড়ি... না জিগিস করে কিছুতে যেন হাত দিবি নি। বদনাম যেন না  
হয়...

মেয়েটার চোখ ছাপিয়ে তখন অবোরে জল নেমেছে। শব্দহীন গাঢ় কান্না। সুস্থির  
মায়া হয়েছিল। আহা, কতটুকুন একটা মেয়ে, তৃতৃর সমবয়সী প্রায়, বিদেশবিভুঁইয়ে  
একা একা চাকরি করতে এসেছ। তৃতৃটা এখনও এক রাত্তিরও সুস্থিকে ছেড়ে থাকতে  
পারে না। এক গ্লাস জল গড়িয়ে খেতেও শেখেনি। স্কুল যাবার সময় জামা-জুতো  
এগিয়ে দিতে হয়।

সুস্থি পাশ ফিরে শুল। একটা রাতদিনের লোকের বড় দরকার ছিল। একা হাতে  
সব সামলে ওঠা যায় না। শিখিয়ে পড়িয়ে নিতে কদিন লাগবে ঠিকই, মনে হয় শিখে  
যাবে। বেশ তো রঞ্জিট বেলে দিল সন্ধেবেলা। তবে হাঁ, একটু চোখে-চোখেও রাখা  
দরকার। গেঁয়ো ভূত হোক আব যাই হোক, এভাবে রাতবিরেতে উঠে খাবার ঘরে  
ঘরে বেড়াবে এটাও ঠিক না। কালই মশারির ব্যবস্থা করতে হবে একটা।

মশারির ব্যবস্থা হলেও সমাধান কিন্তু হল না। দুদিন পরেই মাঝরাতে আবার  
শব্দ ডাইনিং স্পেসে। খটাখট চেয়ার পড়ার আওয়াজ। সুস্থির সঙ্গে মৃগয়েরও ঘূম  
ভেঙেছে আজ।

—মেয়েটা আবার উঠে এসেছে মনে হচ্ছে ? বিছানা ছেড়ে ?

—তাই তো মনে হচ্ছে। কী ব্যাপার বলো তো ?

—বাইরের দরজায় তালা বন্ধ করেছ ?

—বাইরের দরজায় আবার কবে তালা লাগাই আমরা ?

—লাগিও না, টের পাবে একদিন ! মৃগয় চিত হয়ে শুল, আমাদের অফিসের  
চক্রবর্তীর কী হয়েছিল জানো তো ? কাজের লোক রাতারাতি নিঃশব্দে গোটা বাড়ি  
একেবারে সাফ করে দিয়ে...

—যাহ ! ও ওসব কিছু করবে না। মুখ দেখলে বোঝা যায়।

—ভাল। মৃগয়ের স্বরে হালকা ব্যঙ্গ, —এখন দ্যাখো উঠে কী করছেন তিনি !

সুস্থি পর্দা সরিয়ে ডাইনিং স্পেসে এল। অন্ধকার ছমছম করছে চারদিকে।  
দেওয়াল হাতড়ে হাতড়ে আলো জ্বালল। টেবিলের বুকে তৃতৃর চেয়ারটা উপুড় হয়ে  
পড়ে আছে—টেবিলে এঁটো থালা, বাটি, গেলাস। টিকিটিক শব্দ করে ফ্রিজটা চলে  
উঠল। নির্জনতায় শব্দটা এত বেশি কানে লাগে! এগিয়ে গিয়ে প্রথমেই কাচের  
আলমারির পাশটা দেখল। নেই তো ! পা টিপে প্যাসেজে এল। বিছানা খালি। আধো-

অন্ধকারেও পরিকার বোৰা যাচ্ছে। গেল কোথায়! অকারণে ফ্ৰিজ খুলে বন্ধ কৱল একবাৰ। বাথৰমে গেছে? বাথৰমেৰ দৰজা তো খোলা! তৃত্পায়ে বাইৱেৰ ঘৰে এল। আলো জুলিয়ে শ্বাস ফেলল বড় কৰে। নিশ্চিন্ত। বাইৱেৰ দৰজা বন্ধ—ছিটকিনি, খিল দুটোই তোলা। মেয়েদেৱ ঘৰে গিয়েছে কি? ঠিক, যা ভেবেছিল তাই! তৃত্ত-মিতুৰ খাটোৱ সামনে আবছায়ায় অশৰীৰী আত্মাৰ মত দাঁড়িয়ে স্থিৰ।

—এই ভাদুৰি, এ ঘৰে কী কৰছিস?

চিংকারেও ছায়া নড়ল না একটুও। সুপ্তি আলো জুলল। তৃত্ত-মিতু অঘোৱে ঘুমোচ্ছে। ওদেৱ বিছানাৰ সামনে দাঁড়ানো ভাদুৰিৰ ঘুমস্ত। এভাবে দাঁড়িয়ে দাঁড়িয়ে কী কৰে ঘুমোচ্ছে মেয়েটো! সত্যি ঘুমোচ্ছে না কি ভান! কী মতলব আছে? সুপ্তিৰ সন্দিক্ষ চোখ নিষ্পলক। আশৰ্য, সত্যিই তো দাঁড়িয়ে দাঁড়িয়ে ঘুমোচ্ছে মেয়েটো! আলতো ঠেলা দিতেই চমকে তাকাল। পৰক্ষণে চোখ বন্ধ। জড়ানো স্বৰে কী যেন বলছে বোৰা যাচ্ছে না। সুপ্তি মেয়েটোৰ কাঁধ ধৰে ঠেলা দিল,—কী বলছিস? কী হয়েছে তোৱ?

বাকঞ্চলো স্পষ্ট নয়। স্বলিত কটা শব্দ শুধু বোৰা গেল,—বিছানা... গদি... হাওয়া... মা... আদৰ...

—খুব হয়েছে। যা নিজেৰ জায়গায় যা। সুপ্তি হাত ধৰে টানল।

অবিকল আগেৰ দিনেৰ মত শূন্যদৃষ্টিতে মেয়েটো তাকিয়ে রইল কয়েক পলক। তাৰপৰ চোখ বুজেই টলতে টলতে ফিৰে গেল প্যাসেজেৰ দিকে। সেদিনেৰ মতোই।

ঘৰে ফিৰে, চিন্তি মুখে ড্ৰেসিং টেবিলেৰ সামনে বসে রইল সুপ্তি। কী হয় মেয়েটোৰ রাত্ৰিবেলা? এমনি তো সারাদিন দিবি চৃপচাপ। খুবই শাস্ত। কাজ শেখাৰ আগ্ৰহও আছে।

—ও মাঝি, গ্যাস কী কৰে ধৰায় গো?

—জলেৱ বোতলঙ্গলো ফিচে তুলে দেব মাঝি? নিচেৰ তাকে?

ভাষায় যে কত অপভ্ৰংশ শব্দ! কতৰকম বণবিপৰ্যায়। তৃতু হেসে কুটিপাটি যায়,—ফিচ নাবে ভাদুৰি, ফ্ৰিজ বল! ফ্ৰি-ই-ই-জ!

মিতু শেখায়, —স্যালাশ নয়, স্যালাড!

ভাদুৰি প্ৰাণপণে অনুকৰণেৰ চেষ্টা কৰে। রোগা মুখেৰ কালো দুই চোখ তাৱাৰ মত জুলতে থাকে তখন। তৃত্ত-মিতুৰ সঙ্গে ভাৰও হয়েছে বেশ। ফাঁক পেলেই ওদেৱ সামনে ঘূৰঘূৰ কৰে। ওৱা পড়তে বসলে মাটিতে বসে বাবু হয়ে,—আমিও পড়তে জানি।

ছোটো মিতু উৎসাহিত হয়,—সত্যি? পড় তো এটা কী?

বুঁকে পড়ে অনেকক্ষণ ধৰে অক্ষৰটাকে দেখে তখন। পুৱোনো পৱিচিত কাউকে চিনে নেওয়াৰ মত, —এটা হল চ'এ আকাৱে চা, মুৱধোনো ষ'এ আকাৱে চা-চাষা।

—ৱাইট! আবসেলিউটলি ৱাইট! তুই স্কুলে পড়েছিস কখনও?

—ইঁ। কেলাশ থিৰিতে উঠেছিলাম। তাৰপৰ ছেড়ে দিয়েছি।

—কেন?

—আমরা যে বড় গরিব। ইঙ্গুলে গেলে ঘরের কাজ কে করবে? দিদিরা যায় বাইরে থাটতে, মাকে কে দেখবে? ভাইবোনদের কে দেখবে?

—এখন তাহলে কে দেখছে তাদের?

একথার উভয় বোধহয় ভাদুরির জানা নেই। চপ করে থাকে।

তৃতৃ টিচারের মত মুখ করে, —ঠিক আছে। এবার থেকে আমার কাছে পড়বি তুই। আমি তোকে ইংলিশ শিখিয়ে দেব।

ঠিক তখনই সুষ্ঠি হয়ত ডেকে ওঠে,—ভাদুরি এদিকে আয়, দুটো পেঁয়াজ কুচিয়ে দিয়ে যা তো দেখি।

বিনা বাক্যবায়ে উঠে আসে মেয়েটা। সঙ্গে সঙ্গে মন দিয়ে নিখুঁতভাবে কাজ করার চেষ্টা করে। সব ঠিক ঠিক মনোমত হয় না সুষ্ঠির। না হোক, কাজে সাহায্য তো হয়—তাই অনেক। আস্তে আস্তে দক্ষ হয়ে যাবে।

সুষ্ঠি ড্রেসিং টেবিলের সামনে থেকে বিছানায় ফিরল। সবই ঠিক আছে। শুধু মেয়েটা রাত্রে কেন যে ওরকম! কী সব বিড়বিড়ও করছিল! মেয়েদের ঘরে গিয়ে কেন দাঁড়িয়েছিল? হিসে করছে তৃতৃ-মিতৃকে? শুয়ে শুয়ে আগ্রাণ বিশ্লেষণ করার চেষ্টা করছে সুষ্ঠি। তখন ভাদুরিকে দুধ দেয়নি বলেই কি...!

তৃতৃ-মিতৃ তখন খেতে বসেছে টেবিল। পাশে দাঁড়িয়ে ভাদুরি। উল্টোদিকের চেয়ারে বসে সুষ্ঠি বকছে তৃতৃকে,—না, তোমাকে দুধ খেতেই হবে। খাও!

—পিল্জ মা, ভাঙ্গাগছে না!

—কোন কথা নয়। খেয়ে নাও। একটুও ফেলবে না।

তৃতৃ অসভ্য মত ওয়াক্ তুলল।

ভাদুরির হিল্ডেলিয়ামের থালায় গোটাচারেক ঝুটি দিয়ে দিল সুষ্ঠি। সঙ্গে তরিতরকারি। এক টুকরো মাছও, —যা, তুই খেয়ে নেগে যা।

বাধ্য মেয়ের মত বানাঘরে যাচ্ছে ভাদুরি, চকিতে মিতু পাকার মত বলে উঠল, —ভাদুরিকে একটু দুধ দাও না মা।

মিথ্যে চোখ পাকাবার চেষ্টা করল সুষ্ঠি।

তৃতৃর চেখে অনুরোধ,—আমার থেকে দেব মা?

নাটো কি বেশি জোরে বলে ফেলেছিল সুষ্ঠি! তাই ভাদুরির অভিমান হয়েছে!

সুষ্ঠি পাশ ফিরে মৃগয়কে ঠেলল,—শুনছ?

মৃগয় জেগেই ছিল বোধহয়। এক ডাকে সাড়া মিলল,—কোথায় ছিল?

তৃতৃ-মিতৃর ঘরে। সুষ্ঠি চোঁক গিলল।

—কী করছিল?

—ঘুমোছিল। সেদিনের মতোই। দাঁড়িয়ে দাঁড়িয়ে।

—মেয়েটা বোধহয় সমন্মুলিন্ট, বুঝলে! কিংবা সমনোএলোকোয়েন্ট!

—মানে?

—মানে ওই যারা ঘুমিয়ে ঘুমিয়ে হাঁটে কিংবা কথা বলে...

—তারা কি খুব বিপজ্জনক?

—না, না। ওটা এক ধরনের ডিজিজ। মৃগ্য ছুল বাঁকে, —দেখাই যাক না আর কয়েকদিন। ঘুমিয়ে পড়ো।

দেখব বলা সহজ। সত্তি দেখা সহজ নয় মোটেই। ভাদুরি ধীরে ধীরে একটা ঝুলন্ত সমস্যা হয়ে উঠেছে। সুপ্তির কাছে তো বটেই। মৃগ্যের কাছেও। ইদানীং ঘুমন্ত অবস্থায় হেঁটে বেড়ানোর সঙ্গে কথা বলাও বেড়েছে। হঠাৎ হঠাৎ চিঢ়কারও করে ওঠে। খারাপ গালাগালি দেয়। ঘুমিয়ে ঘুমিয়ে হাত-পা ছোঁড়ে। সেদিন ড্রিয়িংরুমে টিভিটা ভেঙে ফেলছিল আয়। সুপ্তি-মৃগ্য দুদিক থেকে ধরে বেখেও সামলাতে পারে না। তৃতু-মিতু ভয়ে হতবাক।

—এই ভাদুরি, করছিস কী?

ভাদুরি তখন লাখি ছুঁড়েছে টিভির দিকে, —গান... নাচ... যাত্রা...

সজোরে একটা থাপ্পড় কষিয়ে দিয়েছিল সুপ্তি। তাতেই কাজ হল। শৰ্ণ্য দৃষ্টিতে দেখল খনিকক্ষণ, যেমন দেখে। তারপর টলে টলে চলে গেল নিজের বিছানায়।

মৃগ্য বিরক্ত ভীষণ—অনেক হয়েছে। তাড়াও এবার। কোথথেকে একটা পাগল জুটিয়েছে!

যথার্থই কি পাগল! যে মেয়ে সারাদিন অত ঠাণ্ডা, সে রাতে অমন হিংস্র হয়ে ওঠে কী করে! ঘুমের ঘোরে! সকাল হলে নিজেই কিন্তু মনে করতে পারে না। সুপ্তি কতভাবে প্রশ্ন করে দেখেছে—না, রাতের আচরণ দিনে কিছুতেই স্মরণে আসে না ভাদুরির।

—সত্তি করে বল না, কেন অমন করিস?

ভাদুরি ফ্যালফ্যাল তাকায়।

—তুই কি আগেও এরকম ঘুমের মধ্যে হাঁটতিস? কথা বলতিস?

—জানি না তো!

দিনকুড়ির মধ্যে বেশ কাজেকর্মে দক্ষ হয়ে উঠেছে ভাদুরি। সুপ্তিকে আর বলতে হয় না। পাকা গিন্নির মত নিজেই গুছিয়ে সব কাজ করে। খেলা করে তৃতু মিতুর সঙ্গে। গল্প করে। সাজিয়ে কথা বলতেও শিখেছে,—জানো মামি, তোমাদের রান্না যেমন সুন্দর হয়, আমাদের তেমন হয় না। হবে কী করে বলো, তোমাদের মতো তেলমশলা পড়ে না তো। কী সাদ তোমাদের তরকারিতে! কী সুন্দর বাস!

একদিন বলল, —ও মামী, আমাকে একটা তৃতুদিদির পুরোনো সালোয়ার-কামিজ দেবে?

দেবে বলেছিল সুপ্তি। তবুও কেন যে তৃতুর নতুন কামিজটা কুটি কুটি করে ছিঁড়ল ভাদুরি! ঘর থেকে বেরিয়ে আসতে যেটুকু সময়, তার মধ্যে প্যাসেজের তাবে বোলানো কামিজটাকে চারটুকরো করে ফেলেছে। ওইসব সময়ে কী ভীষণ যে শক্তি আসে মেয়েটার গায়ে! আরেকদিন রাতে আক্রোশ গিয়ে পড়ল মিতুর ড্রিয়িংখাতা আর কমিস্যুলোর ওপর। ঘুমের ঘোরেই টেনে বার করেছে মিতুর টেবিল থেকে। মিতু জেগে উঠে কেঁদেকেটে একসা। ভাদুরির যথারীতি সকালে কিছুই মনে নেই,—আমি ছিঁড়েছি? এমা! কখন গো মামী?

সুপ্তি ভেংচে উঠেছিল,—জানো না যেন ! ন্যাকামি কোরো না।

বাস, তারপর সারাদিন কী করণ মুখ মেয়েটার। কাচুমাচু মুখে একবার মিঠুর কাছে ক্ষমা চায়, একবার সুপ্তির কাছে। মৃগয়ে পর্যন্ত বলে ফেলেছিল,—থাক, আর কিছু বোলো না। মেয়েটা সত্তিই ডিজিজড়। সাইক্রিয়াটিস্টের কাছে নিয়ে গিয়ে চিকিৎসা করা দরকার।

অনেক ভেবে শেষ পর্যন্ত নিমাই-এর মাকেই খবর পাঠাল সুপ্তি। যাক বাবা, ঘরের মেয়ে ঘরে ফিরে যাক। সুপ্তির একটু অসুবিধে হবে—কদিনেই অভ্যেস খারাপ হয়ে গেছে বেশ—তবু সুখের থেকে স্বত্তি ভাল।

ভাদুরি কাল চলে যাবে। রাতের আতঙ্ক কাল থেকেই শেষ। তবু কিছুতেই নিশ্চিন্ত হয়ে ঘুমিয়ে পড়তে পারছিল না সুপ্তি। না, ঠিক ভাদুরির জন্যও সজাগ নয়, ব্রকের ভেতরে কোথায় যেন একটা বিশ্বি অস্পতি! নিমাই-এর মা প্রথমটা সব শুনে একেবারে থ। বেশ কিছুক্ষণ ভুরু কুঁচকে দাঁড়িয়ে ছিল, তারপর ডাকল ভাদুরিকে,—কিরে, এরা যা বলছে সত্যি ?

ভাদুরি ঠিক প্রথমদিনের মতই ঘাড় ঝুলিয়ে দিল। সেদিনের মতো হাঘরে চেহারা আর নেই। কদিন পেটভরে খেয়েটোয়ে বেশ চকচকে। জড়তাও নেই আগের মতো। তবু কেঁদে ফেলল টপটপ করে,—জানি না।

—জানি না তো এরা বলছে কেন ?

—সত্যি জানি না। মেয়েটা ফুঁপিয়ে উঠল।

নিমাই-এর মা'র চোখমুখ আরও কঠিন তখন। ঘূরে তাকিয়েছে সুপ্তির দিকে, —মিথ্যে বদনামকে আমরা বড় ভয় পাই বৌদি। ও বলছে কিছু জানে না, এদিকে তুমি বলছ...।

সুপ্তি রেঁগে উঠল ঘপ করে,—আমি কি মিথ্যে বলছি নাকি ? তুমি বাপু কালই নিয়ে যাও একে, আমার দরকার নেই।

এরপর সারাটা দিন ধরে কী কান্না মেয়েটার! খেল না, দেল না—ভেঙা-মুখে বসে রইল রান্নাঘরে। সুপ্তিও সাধাসাধি করেনি। থাক যেমন আছে নিজের মনে। মিঠুটাই স্কুল থেকে ফিরে গণগোল পাকিয়ে দিল সব,—কেন তোমরা ভাদুরিকে তাড়িয়ে দিচ্ছ মা ? কেন ওকে ডাক্তার দেখালে না ?

কিছুতেই বোকা মেয়েটাকে সামলানো যায় না। সুপ্তি মিথ্যে চোখ পাকাল,—সব সময় পাকা পাকা কথা বোলো না তো ! যা বোঝ না...।

মিতু তবু কেঁদে অস্ত্রিব,—তোমরা ভাল না, একটুও ভাল না।

ওইটুকুনি সাতবছরের মেয়ে কেন বলল ও কথা ? ধূঁ ! একটা পঁচকে মেয়ের কথাকে এত পাত্তা দেওয়ার কোন মানে হয় না। তবু মনটা কেন খচখচ করে ! কেন ভয় করে ভাদুরিকে—ভাদুরির অসুখকে ! তবে কি... ! ছটফট করতে করতে মৃগয়কে ঠেলা দিল সুপ্তি,—এই শুনছ ? শোন না...।

—কী হল ?

সুপ্তির স্বর কেঁপে গেল,—আমরা কি ভাদুরির চিকিৎসা করাতে পারতাম ?

—আহ, ঘুমোও তো! মৃগ্যয় প্রচণ্ড বিরক্ত,—বাজে চিন্তা ছাড়ো!

—বলো না।

—না, পারতাম না। পৃথিবীসূক্ষ্ম লোকের চিকিৎসা করা আমার পক্ষে সম্ভব নয়।  
সুখে থাকতে ভৃতে কিলোয়ানি আমাকে। এবার ঘুমোও।

—ঘুম আসছে না।

মৃগ্যয় এবার এদিক ফিরল,—কী চাও তুমি বলো তো? শান্তি না অশান্তি?

—কেন?

—শোন, মৃগ্যয় আলতো হাত রাখল সুস্থির পিঠে, মিছিমিছি মিতুর মতো মন  
খারাপ কোরো না। খারাপ আমারও লাগছে। কিন্তু কিছু করার নেই। মেয়েটা দিনে  
দিনে যা বেড়ে উঠছিল...

—এমনিতে কত শান্ত...

—হঁ। ওরা এরকমই। কে যে কেমন... বলতে বলতে সুস্থিকে কাছে টানল মৃগ্যয়,

—তোমার অসুবিধে হবে ঠিকই, তবু কত নিশ্চিন্ত হওয়া যাবে বলো তো! কাল আর  
রাত থেকে...

সুস্থি কোন কথা বলল না। মৃগ্যয়ের সঙ্গে একান্ত ঘনিষ্ঠ মুহূর্তেও মন পড়ে আছে  
বাইরের দিকে। আজ রাত্রে আরও ভয়ঙ্কর কোন প্রতিবাদ জানাবে কি ভাদুরি! শেষ-  
বারের মত!

নাহ! ভাদুরিকে তার নিজস্ব জায়গায় পাঠিয়ে দেওয়াই ভাল সময় থাকতে।  
তাতেই হয়ত মঙ্গল সকলের—সুস্থির, তুতু-মিতুর—মৃগ্যয়েরও।

## প্রতিবন্ধী

ছেলে বলল, ‘আমরা কোথায় যাচ্ছি বে মা?’

‘সে অনেক দূর। তোর দিন্মার বাড়ি।’

‘কী আছে সেখানে?’

‘কত কী আছে...গাছপালা, পুকুর, ধানক্ষেত, দিনভর কতৱরকম পাখ-পাখালি।’

‘হি হি, কী মজা! আমি তবে খুব খেলব সেখনে। ঝাপঝুপ মাছ হয়ে ঢুব দেব পুকুরে।’

‘না বাপধন, না। জলে যেন একদম নামতে যেও নি। জলের নিচে জলরাঙ্গস থাকে, সেই সেবার টান দিয়েছিল তোর পা ধরে...’

ছেলে নয়, যেন চোখ পাকিয়ে নিজেকেই ভয় দেখাচ্ছে চঞ্চল। নিজের বাকে নিজেরই বুক অসাড়। ছেলের যে তার এতটুকু বোধগম্য নেই—এতটা বয়স গেল এখনও জলস্তুলের তফাত বুঝল না, কী যে শেষে আছে কপালে! দিনবাত চোখের পাতায় বেঁধে রাখতে হয়। সেদিনই তো কারখানার পুকুরটা গিলে ফেলত নেড়ুকে। ভাগ্যে পটলিমিস্টী সাঁতার দিছিল সেখানে! বুঁটি ধরে কোনমতে টেনে এনেছিল ডাঙ্গায়। জল খেয়ে পেট জয়ঠাক। পাঁচপাড়ার মানুষ জড়ো পুকুরপাড়ে। তা বৃত্তান্ত কী? না রবারের বল বুঝি ছিটকে গেছে জলে! তাই ধরতে ছেলে স্টোন জলের কোলে। রবারের বল হয়ে সে-ও যেন হাঁটতে পারে পুকুরে। ভাবতে ভাবতে সর্বশরীরে কাঁটা উঠল চঞ্চল। এভাবেই বুঝি কবে মরে যায় নেড়ু। কপাল, কপাল, সব তার পোড়া ভাগ্যের দোষ। নইলে সাত নয়, পাঁচ নয় একটাই নাড়িছেঁড়া ধন, তাও কিনা জড়বুদ্ধি হয়! বয়সের তালে শরীরটুকুই যা ঝাড়া দিয়েছে ছেলের, মনের বাড় আসেনি এতটুকু। কালো কোদাল দেহে ইয়া বড় এক মাথা, ডাবা চোখ মরা কাতল মাছের যেমন। জিভ নাড়লে ঠোঁট ডেঙে কষ গড়ায়। জন্ম থেকেই এরকম—নেলাখেপা মতন। একসময় নানা ওষুধপালা করেছিল—যে যা বলে করতে হোটে। তাবিজ কবচ শেকড় জলপড়া কত কী! ছেলে নিয়ে কমদিন গোবরা হাসপাতালে ছোটেনি নেড়ুর বাপ! তো শেষে ডাঙ্গার বললে, এ রোগ নাকি সারার নয়। গর্ভকালেই এ রোগ চুকে যায় শিশুর মাথায়। সেই গর্ভদোবেই নেড়ু এরকম। শোনার পর বহু ভেবেছে চঞ্চল। কার দোষে ছেলে এমন হল? বাপ না মার? ছেলে যখন জন্মায়, তখনও তো দিবি টগবগে জোয়ান ছিল নেড়ুর বাপ। তারপর কী কালরোগে যে ধরল তাকে! দেখ না দেখ, তরতাজা শরীর শুকিয়ে পোড়াকাঠ। টানা তিনটে বছর বিছানা কামড়ে থেকে শেষে সেই শরীর রওনা দিল শ্বাসানে। ঘরে তখন পড়ে শুধু একপাহাড় দেনা।

বাইরের এজমালি কলে নিত্যদিনের বাগড়া শুরু হয়ে গেছে। চঞ্চল আলগোছে জানলায় চোখ রাখল। আলো ফুটলেই রোজ এক দৃশ্য। আজকাল মানুষ মানুষকে কয়েক দানা সময় ছাড়তেও রাজি নয়। কে আগে জল ধরে তাই নিয়ে নিয়ত চিংকার, মারামারি। রাধার মা কার বুঝি বালতি উলটে দিয়েছে। গবগব জল ছুটছে নালার

দিকে। এঁটো শালপাতার ঠোঁও মাড়িয়ে, কাদের ঘরের বাচ্চার নোংরা ভাসিয়ে, মটর-মেকানিকের দেওয়াল ছুঁয়ে এইমাত্র চলে গেল কাঁচা নালার গর্ভে। আচমকা মনে হয় কোনও কালকেউটে বুঝি হিসহিসিয়ে পাক দিল উঠোনটা। পাশের ঘরের নসিবৃত্তি উনুনে আঁচ দিয়েছে। ঝাঁঝালো ধোঁয়া পিলপিল দৌড়ে আসছে এদিকে। নাহ, বুড়ির সঙ্গে কোঁদল করে আর পারা যায় না। সাঁবসকাল এই জানলার ধারেই উনুন রাখবে। চঞ্চলা শব্দ করে টিনের পাল্লাদুটো বন্ধ করে দিল। নেড়ু একমনে ঠাঁঁ ছড়িয়ে বসে মুড়ি চিবোচ্ছে। যত না খায়, ছড়ায় বেশি। টেবিলফ্যানের বাতাসে ডুমো ডুমো মুড়ি মাছির মত নাচছে গোটা ঘর জুড়ে। চঞ্চলা ধমকাতে গিয়েও নরম হল। আর বকে কী লাভ! ফেলেই যখন দিয়ে আসছে...

নেড়ু অবশ্য এখনও বোঝে নি কিছুই। বোঝার মত মাথা থাকলে তো। চঞ্চলার বুক ডুবডুব করে উঠল। টের পেলেই ছেলে ধূন্দুমার বাধিয়ে দেবে। গলা কাঁপিয়ে এমন কান্না ধরবে যে দশ ঘর মানুষ ভেঙে পড়বে ঘরে। হাবা হওয়ারও সুবিধে কিছু আছে। দুঃখব্যথা চাক বাঁধতে পারে না মনের খোলে। উথালপাথাল শোকতাপ হাউহাউ উগরে দেওয়া যায়। তবে বুঝি চঞ্চলা নেড়ুর থেকেও দুঃখী বেশি। এই যে বুকের খাঁচায় আছাড়িপিছাড়ি কান্না এমন, তার কথা আর জানতে পারে কে বা!

চঞ্চলার দুখিনী চোখ ছেলের শরীর ছুঁল, ‘ওঠ বাপ, আর থেতে হবে নি। বেলাবেলি পেঁচুতে হবে যে।’

হাত দুমড়ে শরীর ভাঙল নেড়ু, ‘নতুন বাপ যাবে নি সঙ্গে ?

‘না। শুধু তুই আর আমি।’

ছেলে খুশিতে হাততালি দিল, ‘সত্যি ?’

‘সত্যি।’

‘তারপর দুজনেই থেকে যাব সেখেনে, তাই না ? নতুন বাপ কিছুতেই খুঁজে পাবে নি !’

চঞ্চলা টেঁক গিলল। বুকটা ফের ডুবডুব ডুবডুব। মুখ ফিরিয়ে তাড়াতাড়ি বাইরে এল। তবে আজ থাক না হয়, আরেকবার চেষ্টা করে দেখা যাক। এলোমেলো হাতে টুকটাক হাঁড়িকড়া নাড়ানাড়ি করল। নাহ, মনটাকে বাঁধা দরকার। উঠোনের গায়ে হশ্হশ বেড়ে উঠেছে শিশু সকাল। আর দেরি করলে বোঢ়ালে ছেলে রেখে ফিরতে বাত হয়ে যাবে। চঞ্চলা ঘরে ফিরে টিনের তোরঙ খুলল। খমথম মুখে বার করল। নতুন গোলাপরঙ সিঙ্কের শাড়ি। অঙ্কুর এবার পুজোয় দিয়েছে। নেড়ুকেও দিয়েছে দু'সেট জামাপ্যাণ্ট। লোকটা মানুষ তো মন্দ নয়। যখন যা চায় এনে দেয়। মুখের কথা পড়ার আগে সুখ কিনতে হেটে। সে থাকাতে দুঃখ-অভাবগুলো কোথায় যেন হাঁটি দিয়েছে। প্রাপ্তের কত সাধআহুদ মনভরে মেটানো যায়। শুধু নেড়ুটাই যদি একটু বুঝেননে থাকতে পারত! খরচাপাতি করে তোর জন্য বাইরের দাওয়া ঘিরে কেমন একখানা ঘর বানিয়ে দিল মানুষটা, ভাল ছেলের মতো সেখানেই থাক, তা নয় রাত বাড়লেই রোজ ধাক্কা!—‘ওমা, দরজা বন্ধ করলি কেন? ও মা, খুলে দে।’

প্রথম প্রথম মোটেই রাগত না অঙ্কুর। নতুন বিয়ের গান্ধমাখা মুখে মিট্টিমিট হাসত,  
‘আহা, অত করে ডাকছে...’

চঞ্চলা তখন সংকোচে গুটিয়ে এতটুকু, ‘থাক। ডেকে ডেকে একসময় ঘুমিয়ে  
পড়বে’খন।’

পেটা শরীরের লোমশ মানুষ মুখ ঘষতো ওর খোলা বুকে। চঞ্চলার যুবতী অঙ্গে  
নতুন করে ফুল ফুটত। দুলত ঘিরবির।

ছেলে জোরে জোরে ঘা দিত, ‘ও মা, দরজা খোল,—আমার ভয় করছে।’

শেষে কতদিন অঙ্কুরই উঠে দরজা ঝুলেছে, ‘আহা, বাপমরা ছেলে...ভয় পাচ্ছে।  
আসুক ঘৰে। একবার ঘুমিয়ে গেলে আর তো জেগে দেখতে আসবে না।’

চঞ্চলার গলা কাঁপত, ‘যদি জাগে?’

‘জাগলেও আঁধারে বুঝাবে না কিছু।’

বুঝাবে আবার না! দিনে যে ছেলে মাথামোটা, রাতে সে কেমন বুদ্ধিধর দেখ!  
আর কিছু না থাক, বুকভর্তি হিংসে আছে এত এত! দুদিন না যেতে ঠিক ঘূম থেকে  
উঠে বসেছে মেঝেতে।

‘ওমা, তৃই কোথায় চলে গেলি?’

সবে তখন লোকটা নতুন করে খুঁড়তে শুরু করেছে দেহটাকে। চঞ্চলা ক্রমশ  
বিবশ। রাতগভীরে পুরুষদেহের স্বাদই আলাদা। সে স্বাদ পৃথিবী ভোলায়। তুচ্ছ করে  
জগৎসংসার। তবু ভয় পেয়েছে চঞ্চলা। কুলকুল শ্রোত নেমেছে শিরদাঁড়া বেয়ে। নেড়ু  
যেন নেড়ু নয়, রোগাভোগা নেড়ুর বাপ ছেলের গলায় ডাকছে অঙ্ককারে।

আমাকে ফেলে কোথায় গেলি তৃই?

কোথায় আর যাব! আমাকে নরকে ডুবিয়ে তুমিই তো চলে গেলে! নিজে তবু  
উপোস দিতে পারি, ছেলেটা বাঁচে কীভাবে? এদিক সেদিক খেটেখুটে যা হোক  
প্রাণধারণ করছিলাম, তাও কারুর সহ্য হল? পাওনাদাররা এসে ছিঁড়ে খেতে চায়।  
রাতবিবেতে কারা টোকা দেয় দরজায়, ফিসফিসিয়ে ডাকে। মৃত্যুঞ্জয় মাঝি একগলা  
মদ গিলে তো একদিন ঢুকেই পড়ল ঘৰে। কোথায় যে তখন পালাই! পালাবার জায়গা  
আছে এই দুনিয়াতে? বোঢ়ালে গেলাম, দাদা বলল, ‘আমাদেরই চলে না, তোদের  
খাওয়াব কী?’

কেঁদে পড়লাম, ‘খাওয়াতে হবে নি। খেটে খাব। একটু শুধু মাথা গোঁজার ঠাই  
চাই।’

বউদি বলল, ‘আমাদেরই বা থাকার জায়গা কোথায়? এক ফালি ভিটেতে  
এতগুলো কচিকাচা নিয়ে কোনমতে আছি...।’

ঝরঝরে বৃড়ি মাটা কেঁদে সারা, ‘ওৱে, আমাকে কে দেখে তার ঠিক নেই।’

‘তবে তুমি আমার কাছে গিয়ে থাকবে চলো মা। ছেঁড়া-ফাটা যেমন হও, মাথার  
ওপর ছাতা তো হবে।’

‘খেতে দিবি কী? তোদের মা-বেটারই পেট চলে না, তারওপর অত দেনা...এখানে  
তবু লাথিবাঁটার সঙ্গে দু’মুঠো পাঞ্চা পাই।’

‘তাও বটে। তবে আমি কোথায় যাই মা?’

মেয়েমানুষ আর কোথায় যায়! ভগবানের দেওয়া এই শরীরখনা নিয়েই যত দুর্ভোগ! পেট কাঁদে, বুক কাঁদে, সর্বঅঙ্গ জুড়ে কান্না। পূরুষ-বিলা বয়সের মেয়ে ডাঙায় ছিটকে আসা মাছ যেন। খালি খাবি খায় আর লেজ ঝাপটায়। কাকচিলে ঠোকরাতে আসে।

নেড়ুর ভাঙা স্বরে তবু নেড়ুর বাপের হিংসে ঝরতেই থাকল, ‘আমার কাছে চলে আয়, আয় বলছি।’

অঙ্কুরের গরম শ্বাস তখন বাষ্প হয়ে যাচ্ছে ঘাড়েমুখে। চঞ্চলা অঙ্ককার হাতড়ে শাড়ি খুঁজল, ‘একটু দাঁড়াও। ওকে ঠাণ্ডা করে আসি।’

এভাবেই একাত, দুরাত—রাতের পর রাত। ক্রমে অঙ্কুরের মুখের হাসি নিবল। ছেলেটাকে এমন দুরদুর করে ধেন সে ওই গলির মোড়ের ঘেয়ো নেড়িটা। আকঞ্চ মদ গিলে ঘরে ফেরে। হল্লা জমায়। দেখে দেখে ঘাবড়ে গেল চঞ্চলা। লোকটা যদি দুম করে তাদের ফেলে চলে যায়! পূরুষমানুষের ভ্রমরার মন। ফুলে যদি মধুই না পেল, তবে সে ফুলে আর থাকা কেন? রাজ্যের রাগ গিয়ে পড়ল ছেলের ওপর। হায় রে কপাল, সুখের মর্ম বুঝলি না তুই! চারবেলা ভরপেট ভালমন্দ খাওয়া, সিঙ্কের জামাকাপড়, ইলেক্ট্ৰিকের আলোপাখা... যখন-তখন দমাদম রাগ আছড়ে পড়তে লাগল ছেলের পিঠে, ‘মৰ মৰ, মৰে যা।’

নবুর মা দৌড়ে এল, ‘আহা, করিস কী? হাবা ছেলে কী বোবো?’

চঞ্চলা কেঁদে ফেলল, ‘কী করি এখন বলো দেখি? এ ছেলে নিয়ে...’

‘শোন, তবে বুঢ়ি দিই।’

‘কী?’

‘বলি ছেলেটাকে রেখে আয় তোর মায়ের কাছে। মাস গেলে থোক টাকা দিয়ে আসবি। সেই ফাঁকে চোখের দেখাও হয়ে যাবে। টাকা ছিটোলে সব দেখবি...’

প্রস্তাৱ মন্দ নয়। অঙ্কুরের আয় ভালো। সব দিক রাখতে এর চেয়ে ভালো পথ আর কোথায়?

অঙ্কুর শুনে প্রথমটা নিমরাজি, ‘কাজটা কী উচিত হবে?’

‘খুব হবে। কত মানুষের ছেলে তো বোর্ডিং-হোস্টেলেও থাকে।’

‘তা থাকে। তবে তাদের ছেলে নুলোহাবা নয়।’

বুকের শ্বাস বুকে গিলেছিল চঞ্চলা। অঙ্কুরও মত দিয়েছিল শেষে।

ত্বরিত হাতে ঘরদোরের কাজ সারছে চঞ্চলা। সে ফেরার আগেই হয়ত ফিরে আসবে মানুষটা। দিন না ফুটতে বেরিয়ে যায়, ছুটি সেই বিকেল এলো। সুতোকলের মিস্ত্রী বলে কথা। দুনিয়ার তাৰৎ লোকের কাপড় তাকেই না বুনে দিতে হয় মেশিনে। ভাবলে যত গৰ্ব হয়, বৃক্ষখানাও যেন ঝিনঝিন করে তত। নেড়ুর বাপটা বড় গরীব ছিল। দিনআনা দিনখাওয়া মানুষ। এই অঙ্কুর পাড়ুই-এর কাছেই তার দেনা জমেছিল কম! সে ধাৰ আৰ মেটানো হল না জীবনে। চঞ্চলাদীসীর খণ দিনে দিনে বাড়ছেই শুধু।

যত্ন করে অঙ্কুরের লুঙ্গি গেঞ্জি দড়িতে ঝুলিয়ে দিল চঞ্চলা। লোকটা ফিরে পৰবে। দুটো ঝুঁটি করে রেখে গেলে হত! থাক, কোটোতে মুড়ি আছে আৰ কটা নারকেল-

নাড়ু। পথের জন্য চারটি মুড়ি বেঁধে নিলে হয়। ছেলেটার পেটে বড় দ্রুত ক্ষিধে আসে। তখন তাকে রোখা দায়। কদিন আগেও কী কষ্টে না ছেলের পেটের জোগাড় করতে হয়েছে। ভাবলে বুকে রোঁয়া ওঠে।

ছেলেকে সাজাতে বসে নতুন করে বুক ভাঙছে চপঞ্চলার। কাল থেকে যে নেড়ু কী করবে! এখনও নিজে জামাটা পরতে শিখল না। দশবছরের ছেলে, দেখে মনে হয় কত জোয়ান! এরকমই নাকি হয়। হাবা ছেলের বয়সের আগে শরীর ছোটে। শরীর ঘত দৌড়োষ, মন তত শিশু হয়। এখনও গায়ের কাছে শুয়ে এমন বায়না ধরে নেড়ু...

ছেলের জামা প্যাটের ব্যাগটা আবেকবার দেখে নিল চপঞ্চলা। কাল রাতেই গুছিয়ে রেখেছে। রবারের বল, ডাংগুলি আর মার্বেল ভরে নিল বেতবুড়িতে। সোয়েটার একটা নেবে নাকি? প্রথম কার্তিকেই এবার বেশ ঠাণ্ডাভাব। দেশগাঁয়ের দিকে শীত আবার আগে নামে। নানান রঙের উল বেঁধে নেড়ুর জন্য বাহারী সোয়েটার বুনেছে গত বছর। সেখানা বার করেও রেখে দিল। তাড়া কিসের! শীত নামার আগে সে কী আর যাবে না!

দরজায় তালা দিতেই খুশি বুঝি ধরে না ছেলের। ব্যাঙের মত লাফ কেটে কেটে উঠেন পেরিয়ে যাচ্ছে। চপঞ্চলা কয়েকমুহূর্ত হির দাঁড়িয়ে রইল। বেলা বাড়ার কোলাহল গুনগুন করছে চতুর্দিকে। শব্দরা এখানে একেক ঘরে একেক রকম। কোথাও কখনও নিরুম শান্তি নেই। কল থেকে নবুর মা ফিরছে, চপঞ্চলাকে দেখে দাঁড়িয়ে গেল, ‘চললি তবে?’

কাঁধে তোলার পর ঝোলাব্যাগ যেন দশমণি বোঝা। চপঞ্চলা কাঁধ বদলালো, ‘দেখি কদিন রেখে!’

‘হঁ। তাতে যদি শান্তি আসে...’

শান্তি যে ঠিক কোন পথে আসে! চপঞ্চলার চোখে বিঁঁবিঁ ধরল। পাতাদুটোকে সজোরে হুঁড়ে পা চালাল তাড়াতাড়ি।

## দুই

শীর্ণ রাস্তা বেয়ে সার সার শুধু কানা ল্যাম্পপোস্ট। বাতি নেই একটাতেও। গলি ফুঁড়ে লাফিয়ে ওঠা দৈত্যবাড়িটা যা ছিটেফেঁটা আলো দেয় এদিকটাকে। সঙ্গ্য-রাতের কৃয়াশা ভেঙে ক্লাস্ট পায়ে ফিরছে চপঞ্চলা। আচমকা প্রাণীটা সামনে দিয়ে দৌড়ে যেতে থমকে দাঁড়াল। আশ্চর্য! বেড়ালটা পাড়ায় ফিরল কীভাবে? কদিন আগে বন্ধায বেঁধে এটাকেই না গঙ্গায় ফেলে এসেছিল খালপাড়ে! চপঞ্চলা নিখর। দু চোখ শুধু ঘূরে ঘূরে বেড়ালটাকে খুঁজছে। বেড়াল যদি পারে, মানুষ কেন পারবে না? কোনও ম্যাজিকে যদি এখন ফিরে আসতে পারে নেড়ু। পাগল, তা কী করে সম্ভব! মানুষ কি বেড়াল? তাছাড়া এখান থেকে বোড়াল বহু দূরের পথ। প্রথমে অতটা হেঁটে এসে বাস ধরো। তারপর গড়িয়া থেকে ট্রেন। শেয়ালদায় নেমে ফের বাস। তারও পর কত লক্ষ গলিঘূঁজি। নেড়ু কোনদিন একা বাসরাস্তাতেই যায়নি।

চঞ্চলা ঘাড় হেঁট করে উঠোনে চুকল। ঘরে ঘরে বাতি জ্বলছে। পাঁচ নম্বরের বাবুলু পড়া মুখস্থ করছে গলা ছেড়ে। গঙ্গাদের ঘর ফেলে এজমালি কলঘরের দিকে গেল। যদিও এসময়ে তেমন উষ্ণ নয় পৃথিবী, তবু জুলে যাচ্ছে শরীর। ভাল করে জল ঢালা দরকার। দরজা আবজে হড়হড় জল ঢালল মাথায়, গায়ে। হৃদয়টাকেও যদি কোনভাবে ধূয়ে শীতল করা যেত! ভেজা কাপড়ে পা টিপে টিপে ঘরে ফিরল। যেন কত বড় অপরাধ করে এসেছে, এভাবে চোরের মতো নিঃশব্দে তালা খুলল দরজার।

ছেলেটা আসার সময় টের পায়নি কিছু। অমন একটা প্রকাণ্ড আকাশ পেয়ে ছেলে একেবারে দিশাহারা। একবার ধানক্ষেতে যায় তো একবার পুকুরপাড়ে। হাঁ করে টিয়ার ঝাঁক দেখে। গরু-ছাগলের পিছনে হ্যাট হ্যাট তেড়ে যায়, কোমর থেকে খসে পড়ে হাফপেটুলুন। বউদি তো দেখে হেসে কুটিপাটি, ‘ও ঠাকুরবি, তোমার ছেলের আমোদ দ্যাখো!’

দাদা-বউদি ইন্দনীং মাকে ভিন্ন করেছে। খেজুরগাতার খোলপা তুলে ভাগ করেছে একরত্নি ভিটে। দাওয়ার কোণে শরীর গুঁজে মা থাকে কোনরকমে। বয়স দাঁত বসিয়েছে আরও। কাশবন চুল ফাঁকাফাঁকা। ধানের একটুক ভাগ বুঁধি মাকে দেয় দাদা, তাই দিয়ে বুড়ির দিন-গুজরান।

মা বলল, ‘শাকপাতা’ কুড়িয়ে খেয়ে দিন কাটে আমার, তোর ছেলের কী সে সব সহ্য হবে?’

‘ভাবছ কেন? মাস মাস ঠিক এসে টাকা দিয়ে যাব। সে তোমাদের দুজনেরই খোরপোস দেবে বলেছে।’

মায়ের চোখে তবু বিধা সন্দেহ। মেয়ে বুঁধি উটকো আপদ গছিয়ে সরে পড়ছে। মনের থেকেও পেটের ঝালা বেশি অবিশ্বাসী করে মানুষকে। দুপুরবেলা নেড়ু ঘুমোতে সে যখন পালিয়ে আসছে তখনও মার গলায় শঙ্কা, ‘আসবি তো তুই? সত্যি?’

‘পেটের ছেলে ফেলে দিয়ে আমি কী থাকতে পারি মা? পরের হপ্তাতেই চলে আসব দেখো।’

ছেলেটা এতক্ষণে কী করছে কে জানে। নিশ্চয়ই অভিষ্ঠ করে তুলেছে দিদিমাকে। অভিমান বেশি হলে নেড়ু যেন কেমন অস্তুত সুরে কাঁদে। গরগর শব্দ ওঠে গলা থেকে। শেষে পুকুরে ঝাঁপটাপ দেবে না তো! গায়ে ওর পালোয়ানের শক্তি, হাতের একটা ঝাপটাতেই ছিটকে যাবে মা।

ঘরের আলো জ্বলে উঠল চিক করে। অঙ্কুর ফিরেছে। চঞ্চলা মুখ ঘুরিয়ে নিল। পোড়া চোখের জল যেন দেখতে পায় না কেউ।

অঙ্কুর চারদিক দেখছে। বুঁধি যাচাই করে নিতে চায় নেড়ু সত্যি গেছে কিনা।

চঞ্চলা উঠে বাইরের ঘেরাটোপ থেকে মুখ মুছে এল গামছায়, ‘রেখে এসেছি।’

‘কাঁদে নি?’

‘টের পায় নি। চুপি চুপি ফেলে এসেছি।’

অঙ্কুর চৌকিতে বসে শাস ফেলল। কী যেন ভাবছে। চপঞ্চলা আড়চোখে তাকাল,  
‘বসে রইলে যে?’

‘ভাবছি।’

‘কী?’

‘কাজটা বোধহয় ভাল হল না। লোকে আমাকেই দুষবে।’

বাইরে গিয়ে স্টোভ জুলাল চপঞ্চলা। ভাত বসাতে হবে। অন্যদিন দু কোটো চড়ায়।  
এক কোটোয় সে আর অঙ্কুর। আরেক কোটোর প্রায় সবটাই লাগে নেড়ুর। ছেলেটা  
একটু খায় বেশি। সেই কথায় বলে—বোবে কম খায় বেশি, সেই-ই হয় গলার ফঁসি!

নেড়ু ঠিক গলায় না বুকে কোথায় ফাঁস টেনেছে বুবাতে পারছিল না চপঞ্চলা।  
দুটো বালিশ ফুলিয়ে ফাঁপিয়ে সাজাল পাশাপাশি। নেড়ুর বালিশটা ছুঁড়ে দিল চৌকির  
নিচে।

ঘরে চুকে দুদণ্ড থমকে রইল অঙ্কুর, ‘তুমি একটু কিছু খেলে না?’

চপঞ্চলা কথা বলল না।

অঙ্কুর চুলে চিরুনি চালাল, ‘জানি তোমার মন মানছে না।’

চপঞ্চলা এবারও নীরব।

‘কথাও বলবে না?’

‘কী বলব?’

‘আমার ওপর রাগ করছ কেন? নিজেই তো জোর করে...’

চপঞ্চলা ধীরে ধীরে নিজেকে সামলে নিল। মানুষটাকে বেশি উক্ষণোর দরকার  
কী! যদি ঝপ করে বলে বসে, থাকো তুমি ছেলে নিয়ে, আমিই চললাম! যদি বলে,  
যদি বলে ...

চপঞ্চলা নতুন স্বামীর পাশে এসে বসল, ‘রাগ করব কেন? প্রথম প্রথম তো,  
তাই একটু কষ্ট হচ্ছে। পরে সব ঠিক হয়ে যাবে দেখো। তারও সেখানে মন বসে  
যাবে ক্রমে ক্রমে।’ বলতে বলতে আবার উঠে আয়না পেড়ে সাজতে বসল। চারঙ্গছির  
বিনুনি পাকিয়ে খোঁপা বাঁধল বড়। চোখে হালকা রূপটান, কপালে সিঁদুরের চাকা টিপ।

আজই বুধি প্রথম রাত যেদিন ঘরের আলো নেবাতে হল না অঙ্কুরকে। আজ  
সারারাত সে বউকে দেখতে পাবে। ছলছল-মুখ এই মেয়েটার প্রতি তার বহুদিনের  
চোরা টান। সেই সাধন বেঁচে থাকার আমল থেকেই। হাজার শোকেও যে মেয়ে পাপড়ি  
মেলে ফুটে থাকতে পারে, তাকে ছিঁড়তে কার না লোভ হয়।

ময়ুরকণ্ঠী শাড়ি খুলে সবে ল্লাউজের সেফটিপিনে হাত রেখেছে অঙ্কুর, দরজায়  
কিসের শব্দ।

চপঞ্চলা ছিটকে গেল সঙ্গে সঙ্গে, ‘কে?’

‘ও কিছু না। হাওয়া মনে হয়।’

আধখোলা পিন বুকের ঠিক মাঝখানে বিঁধে রক্ত ফুটিয়ে তুলেছে এক ফোঁটা।  
চপঞ্চলা কান পেতে রইল। আবার শব্দ হচ্ছে। আবার—পরিষ্কার দরজায় আঁচড় টানার  
শব্দ।

‘না গো না, কেউ এসেছে মিশচ্যাই?’

‘কে আসবে এখন? এত রাতে?’

হয়ত সো। বলতে গিয়েও ঠোঁটে কুলুপ টানল চঞ্চলা। অঙ্কুর শুনলে হোহো হাসবে।  
অসম্ভব—নেড়ু হতেই পারে না। তবে বুঝি ওই হাঁংলা বেড়ালটা এসে আঁচড়াচ্ছে  
দরজা। এক সময় নিজের খাবার থেকে ওকে ভাগ দিত নেড়ু। হয়ত খাওয়ার  
লোভেই...। চঞ্চলার শরীর শক্ত হল। বাপের বাড়ির কেউ তাকে ফেরাতে আসে নি  
তো!

একটু থেমে আবার বাজছে শব্দ। এই বুঝি সে ডেকে উঠল, ‘দরজা খোল মা!  
আমি এসেছি!’

অঙ্কুরকে একরকম ঠেলে সরিয়ে ব্যাকুল চঞ্চলা দরজার খিল নামিয়েছে। হায়বে,  
কেউ নেই কোথাও—বেড়াল না, নেড়ু না, কেউ না। থমথম করছে নিশ্চতরাত। শূন্য  
বারোয়ারী উঠোন। চঞ্চলার শরীর হিম হয়ে এল। বুঝতে পারছে ওই ক্ষুধার্ত শব্দটা  
থেকে তার রেহাই নেই কোনদিন। ওটা বাজবেই।

## নিষাদ জানে না

বলেছিল আসতে পারে। যে কোন দিন। সত্তিই আসবে কে জানত! দেবাদিতার ডাকাডাকিতে রান্নাঘর থেকে দৌড়ে এসে আমি একেবারে হাঁ। এ কি দেখছি! ঠিক দেখছি তো! আমারই ঘরে, আমারই সোফায় বসে শৈবাল! হাঁ, শৈবালই। অবিকল সেই আগের মত বসার ভঙ্গি। পায়ের ওপর পা, হাত ছড়নো সোফার হাতলে, মুখে সেই চিরন্তন টুথপেস্টের বিজ্ঞাপন—কি রে, খুব চমকে গেলি তো? বলেছিলুম চলে আসব...

চমকে গেছিই তো! বিশ্বাস হচ্ছে না, কিছুতেই বিশ্বাস হচ্ছে না।

—ওভাবে দেখছিস কি? আমি রে আমিই। তোর সেই গ্রেট হিরো শৈবালদা। তোর একমাত্র নায়ক।

কথার ছিরি দ্যাখো! দেবাদিত্য রয়েছে না সামনে! তাড়াতাড়ি সামলে নেবার চেষ্টা করলাম, থাক। হয়েছে।

দেবাদিত্য অবশ্য নির্বিকার। শৈবালের কাঁধ-ঝাঁকানো দেখে উল্টে মজা পাচ্ছে যেন।

—আরে কি কাণ্ড! এত বড় খবরটা তো জানতাম না!

—সেকি রে? বেমালুম চেপে গেছিস বরের কাছে?

—ইস! হাসতে শিয়ে গলাটা কেমন কেঁপে গেল, কি আমার উত্তমকুমার ছিলেন রে...

—যাহ। তাহলে তো তোকে সুচিত্রা সেন হতে হয়। তুই মোটেই অতটা সুন্দরী নোস।

শৈবালের সঙ্গে দেবাদিত্যও হাসছে হ্যা-হ্যা করে। মুখটা কেমন বোকা-বোকা হয়ে গেল। ওদের মত হাসতে পারছি না কিছুতেই। ফুসফুস দৃঢ়ো এখনও চমকের ধক্কল কাটিয়ে উঠতে পারেনি। কেন এসেছে শৈবাল? নিশ্চয়ই বাড়ি বয়ে শুধু আমার পেছনে লাগতে আসেনি! তাহলে? বিয়েবাড়িতে সেদিন বলেছিল বটে। হাঙ্কাভাবেই। —কেমন ঘৰসংসার করছিস শিয়ে একবার দেখে আসতে হবে!

—সত্তিই? কবে আসবে বলো?

—ঠিকানা দিয়ে রাখ। যে কোনদিন চলে যাব।

শৈবাল এখনও একই রকম। চার বছর পরেও। হাসিখুশি। ঝলমলে। জড়তাহিন। কী সহজে ভাব জমিয়ে ফেলেছে দেবাদিত্যর সঙ্গে। সেই বিয়েবাড়ি থেকেই। দেবাদিত্যও দিব্য অসংশয়। ছোট সোফাটায় ছড়িয়ে বসে উপভোগ করছে শৈবালের কথাগুলো।

—আপনার বউটা বোধহয় আর সেরকম বোকা নেই, বুঝালেন? খেপালেও খেপছে না!

—একদম ভুল রিডিং। এখনও কথায় কথায় চোখ দিয়ে টপটপ...

—ইজ ইট ? স্যাড—ভেরি স্যাড ! আমি ভেবেছিলুম...

শৈবাল ভাবে ? আমার কথা ? মিথ্যে বলছে। প্রতিবাদ জানানো দরকার। মাঝখান  
থেকে বলে উঠলাম, অনেক হয়েছে আমাকে নিয়ে গবেষণা, এখন কি খাবে বলো  
—চা ? কফি ? সরবত ?

—চা-ফা তো হবেই। তার আগে একটু জল খাওয়া দেখি।

—শুধু জল কেন ? একটু সরবত করে দি ?

—দিবি ? দে ! বেত না আসা পর্যন্ত কানমলাই চলুক।

সঙ্গে সঙ্গে ঘর ছেড়ে, শোবার ঘর পেরিয়ে, সোজা একেবারে ডাইনিং স্পেসে।  
ফ্রিজের ডালা খুলে চুপচাপ দাঁড়িয়ে রইলাম কিছুক্ষণ। কেমন একটা নিখাসের কষ্ট  
হচ্ছে। গলা শুকিয়ে মরুভূমি। ঠাণ্ডা জলের বোতল খুলে ঢকঢক ঢাললাম গলায়।  
কেন এমন হচ্ছে ? এতদিন পরও ? ভেতরে ভেতরে বিশ্বী এক অস্থিরতা। তুলতুলির  
বিয়ের দিনও ঠিক এরকমই হয়েছিল। সবে তখন উপহার তুলে দিচ্ছি তুলতুলির  
হাতে, মালা কোথেকে এসে টানল হাত ধরে। আচমকা।

—এত দেরি করে এলি যে ?

—দেরি কোথায় ? ও অফিস থেকে ফিরলে তবে তো আসব !

—হয়েছে। হয়েছে। আমার সঙ্গে একটু আয় তো এখন।

—কোথায় ?

—আয় না। ছোড়দাভাই তোকে কখন থেকে খুঁজছে।

ছোড়দাভাই শব্দটাতে এখনও এত জাদু আছে কে ভেবেছিল ! চার বছর পরেও !  
শিরদাঁড়ায় শক্ত খেলাম যেন। মস্তিষ্ক পলকে অবশ। গলা থেকে আপনাআপনি শব্দ  
ছিটকে এল।—কবে এসেছে শৈবালদা ?

—কাল। হঠাৎ। আমরা তো ভেবেছিলাম তুলতুলির বিয়েতেও বোধহয় আসতে  
পারল না। আমার বিয়েতে তো পারেনি জানিসই।

জানি। অনেক দ্বৰে উড়ে গেলে ফেরা কঠিন। সকাল-সন্ধিটাই সে দেশে বদলে  
যায়। ভাবতে ভাবতে একটু বুঝি দুরমনস্ক হয়েছি, মালা আবার টানল আমাকে।

—চল। আমার কাছে অনেকবার তোর খোঁজ করেছে। বলতে বলতে চোখ ঘোরাচ্ছে,  
রহস্যটা কি রে ? ছেটদাভাই-এর সঙ্গে তোর কোন ব্যাপার-স্যাপার ছিল নাকি ?  
গভীর... গোপন... ?

—থাকলে তুই জানতে পারতিস না ?

এ ছাড়া আর কি-ই বা বলতে পারতাম মালাকে ! গোপনীয়তা কিছু থাকলেও  
সে যে শুধু আমারই। আমার সম্পূর্ণ নিজস্ব। কাউকে বলা যায় না। ভালবাসায হেরে  
যাওয়ার মত লজ্জা আর কিছুতে নেই। নিজেকে প্রকাশ করতে না পারার যত্নগা বোধহয়  
আরও কষ্টের। সে কষ্ট আমি জানি। তবু চেষ্টা একবার করেছিলাম। বেহায়ার মত।  
শৈবালের নিউইয়র্কে যাবার তারিখ তখন একেবারে কাছে। ঠিক দুদিন পরে।—তুমি  
তাহলে সত্যিই চলে যাচ্ছ শৈবালদা ?

—কেন ? এখনও তোর সন্দেহ আছে নাকি ?

—তা নয়, চলে যাবে ?

—ইউনিভারসিটি স্কলারশিপটা যখন পাইয়েই দিল, দেখাই যাক না... ঘুরে আসি...

—একা একা ওখানে খুব মন খারাপ লাগবে তোমার, দেখো ! মরিয়া হয়ে বলে ফেললাম, এই সবাই মিলে এখানে হৈচে...এত নাটক-টাটক করা...

খুব অল্প সময়ের জন্য হলেও শৈবাল সেই প্রথম যেন উদাস হয়েছিল একটু। সময় স্থির হয়ে গিয়েছিল মুহূর্তের জন্য। ব্যাস, সেই টুকুনি। তারপরই দুনিয়াওড়ানো হসি। স্বভাবস্থান।

—যাওয়াটা তাহলে ক্যানসেলই করে দিই, কি বল।

—আমি কি সে কথা বলেছি নাকি ? নিশ্চাস চেপে বলে ফেলেছিলাম, গ্রুপ তো ভেঙে যেতেই বসেছে। আমাকেও হয়ত চলে যেতে হবে শিগগিরই...

—কোথায় যাবি ? প্রশ্ন করেই মনে পড়ে গেছে শৈবালের। সঙ্গে সঙ্গে হৈ-হৈ করে উঠেছে, রাঁচি।

মালা বলেছিল, বটে !

—কতদূর এগোল বে ব্যাপারটা ? দিন ঠিক হয়ে গেলে আমাকে খবর দিবি কিন্তু। তোর বিয়েতে আসতে না পাবি, শুভেছা তো পাঠাতে পারব !

এরপর আর কত নির্ণজ হওয়া যায় ! প্রাণপণে শুধু নিজেকে ধরে রাখার চেষ্টা করছি, কিছুতেই যেন কেঁদে না ফেলি।

সেই কান্নাটা কি এখনও রয়েছে বুকের ভেতরে ! গলার কাছে তবে এত বাঞ্চ জমছে কেন ! ঢোক গিলতে কষ্ট হচ্ছে। গ্লাসে জল ঢেলেও স্কোয়াশ দিতে ভুলে গেছি। বাইরের ঘর থেকে ডেকে সাড়া না পেয়ে দেবাদিত্য যে এসে দাঁড়িয়েছে, সে হঁশও নেই আমার।—কি হল ? সরবত করতে এত দেরি ?

দেবাদিত্যর মুখে বিস্ময়। নাকি সন্দেহ ? তাড়াতড়ি গুছিয়ে নিলাম নিজেকে, দ্যাখো না কি বিশ্রী ব্যাপার ! কোটো খুলে দেখি চিনি নেই। কি করি বলো তো ?

বিশ্বাস করল কিনা বোঝা গেল না। ভুরঁ কঁচকে তাকাল।—এনে দোব ?

—থাক। ওর হাত চেপে ধরতে যাচ্ছিলাম প্রায়। ভাগিয়স ধরিনি। বাড়াবাড়ি হয়ে যেত। অভিনয় নিখুঁত করার চেষ্টা করলাম। রান্নাঘর থেকে দৌড়ে বাটি নিয়ে এলাম একটা, তুমি বরং শৈবালদার সঙ্গে ততক্ষণ কথা চালিয়ে যাও, প্লিজ। আমি চট করে পেছনের দরজা দিয়ে কল্পনাদির কাছ থেকে...

চিনির বাটি হাতে টেবিলের কাছে ফিরে এসেও হাঁপাচ্ছি। বুক টিপটিপ করছে। আরেকটু হলেই ধরা পড়ে যেতাম। কি ভাবত আমাকে ঘরের মানুষটা ? ছি ছি ! এখন আর এ ধরনের যুক্তিহীন আবেগের কোন মানেই হয় না। আমার সংসার সুখী। নিরবেগ। সুন্দর। কোথাও ফাঁকি নেই। এখানে। দেবাদিত্যর সঙ্গে সম্পর্কেও না। আরেকজনও এসে যাচ্ছে শিগগিরই। মাসতিনেক আগে তার আসার সূচনা হয়ে গেছে আমার শরীরে। আমি তাকে প্রতি পলে অনুভব করি।

সরবত নিয়ে যাবার সময় শোবার ঘরের আয়নায় ঢোক পড়ে গেল। ট্রে নামিয়ে

আটগোৱের আঁচল সাজিয়ে নিলাম কাঁধে। চুলে আলতো চিৰনি বোলালাম। একটুও অগোছালো যেন না লাগে। মুখে যেন ভাবাত্তৰ না ফোটে।

শৈবাল যথারীতি জমিয়ে গল্প করে চলেছে দেবাদিত্যৰ সঙ্গে।—দিন সাতেক আছি আৰ। ফিফটিনখ ফিৰছি। যাবাৰ আগে বসেতে একটা ইন্টারভিউ আছে...

—ওদেশে তাহলে সেটল কৰছেন না ?

—নাহি। তেমন একটা ভাল চাস পেলেই...

—হ্যাঁ। এবাৰ এখানে এসে একটা বিয়ে-থা কৰে ফ্যালো। পৰ্দা সৱিয়ে মিপুণ হাসি ঝুলিয়ে নিলাম ঠোঁটে, আমৱা বেশ পাত পেড়ে নেমন্তন্ত্র খাব!

—তোৱ বিয়েৰ খাওয়াটা খাওয়া আগে।

—এনি ডে। এসো। কবে খাবে বলো ?

—মাথা খাবাপ। এক প্লাস সৱবত খাওয়াত্তেই যা কৱলি...পাৰ্কা আধৰণ্টা... খেতে ডেকে হয়তো...

—না... মানে... আসলে কি হয়েছে, জানেন তো ? দেবাদিত্য সহসা তাগকৰ্তাৰ ভূমিকায়। বউ-এৰ দোষ চেকে দিতে চাইছে —সৱবত বানাতে গিয়ে দেখে চিনি নেই।

—সো হোয়াট ? তোৱ আঙুলটা একবাৰ ডুবিয়ে দিলেই পাৰতিস !

—উফ। শৈবালদা তুমি না... বিশুদ্ধ ভাঁজ আনলাম ভুৱতে, —নাও, খেয়ে নাও।

—দৱকাৰ নেই। তোৱ কৰ্তা প্লেন জলে আমৱাৰ তেষ্টা মিটিয়ে দিয়েছে।

তাৰ মানে আমি যখন চিনি আনতে গেছি, দেবাদিত্য আবাৰ গিয়েছিল ভেতৱে ! জল আনতে ! হৃৎপিণ্ডটা লাফিয়ে উঠল বেয়াড়াভাবে। রান্নাঘৰে গিয়ে চিনিৰ কৌটো খুলে দেখেনি তো ! দেখলেও আৱ কিছু কৱাৰ নেই। অস্পষ্টি চাপা দেবাৰ জন্য কথা ঘোৱাতে চাইলাম।—তাৰপৰ আৱ কি খবৰ বলো ? মালা শশৰবাঢ়ি ফিৰে গেছে ?

—এই তো কালই গেল। তুলতুলিৱাও।

সৱবত শেষ কৰে সিগাৰেট ধৰিয়েছে শৈবাল। প্যাকেট বাড়াল দেবাদিত্যৰ দিকে। আঙুন দেওয়া-নেওয়াৰ পালা চলছে। ঘৰেৱ চারদিকে চোখ ঝুলিয়ে নিলাম। এখনও ঝাড়পৌঁছ হয়নি। টিউবলাইটেৰ কোণে পাতলা ঝুল। বই-এৰ ব্যাকে ধূলো। পৰ্দাঙ্গলোও নোংৰা হয়েছে। বেশ এলোমেলো সৱ কিছু। শৈবাল সত্যি আসবে জানলে সাজিয়ে গুছিয়ে রাখা যেত। পৰিবেশৰ অবিন্যস্ততা নিজেকেও বড় আলথালু কৰে দেয়।

দেবাদিত্য আৱ শৈবাল আবাৰ গল্প শুৰু কৰেছে। আমেৰিকা থেকে বাজনীতি ঘৰে ভাৱতে এল। বুশ থেকে ভি পি সিং। আবাৰ ঘৰে পোল্যাও, জাৰ্মানি, রাশিয়ায়। সেখান থেকে ইৱাক, কোয়েত, সৌদি আবৰে। ওদেৱ বিশ-পৰিজ্ঞায় মাৰো মাৰো ফুট কাটছি আমিও। পেট্ৰোলিয়াম সমস্যা নিয়ে বেশ খানিক মতামতও জানিয়ে দিলাম। মূল্যবৃদ্ধি লোডশেডিং নিয়ে বিৱক্তিগু। ত্ৰমে শান্ত হয়ে আসছে ভেতৱটা। মোটেই আৱ বাটপট কৰছে না। এক সময় দেবাদিত্যই দেশবিদেশ থেকে ঘৰেৱ মাটিতে চলে এল দুম কৰে।—এই, তুমি যে বসে গল্পই কৰে যাচ্ছ ! ভদ্ৰলোককে কিছু খাওয়াবে-টাওয়াবে না ?—শৈবালদা, আজ দৃপুৰে এখানেই খেয়ে যাবে। না হয় দৃপুৰেৰ খাওয়া সক্ষেৱ মুখে...

—ওরে বাবাহ! কথা পুরো শেষ হবার আগেই শৈবাল মাথা ঝাঁকাচ্ছে সজোরে, বৌদি আজ দুপুরে হেভি আরেঞ্জমেন্ট করেছে। ওটা মিস্ করে এখানে রিস্ক নিতে একদম রাজি নই আমি!

ব্যাস, হয়ে গেল। বলার ধরনই এমন যেন পৃথিবীর শেষ রায় দেবার অধিকার শুধু ওরই। তার ওপর কোন আ্যপিল চলবে না। দেবাদিত্য তবু গৃহকর্তার সৌজন্য দেখিয়ে চলেছে, ঠিক আছে। কিছু অস্তত তো খাবেন। প্রথম দিন এসেছেন...

—সুদে বাড়ুক না। পরে একদিন উশুল করা যাবে।

—তা কি করে হয়? আপনি বরং ওর সঙ্গে কথা-টথা বলুন, আমি এক্ষুনি...

দেবাদিত্য উঠে পড়েছে। কি কাণ! সত্যি সত্যি বেরোবে নাকি? আমাকে একা ফেলে? একটু আগের সহজ হয়ে আসা ভাব পলকে উধাও। শরীর শিরশির করছে। জেনে বুঝে বেরিয়ে যেতে চাইছে নাকি! মনে হয় না। এতক্ষণ তবে সাদা মনে আড়া মারল কি করে? কি জানি! বলা যায় না! ছেলেরা মনের সন্দেহ সহজে প্রকাশ করে না। দেবাদিত্য তো না-ই।

দেবাদিত্যের পাশাপাশি উঠে দাঁড়িয়েছি, দোকানে যাওয়ার দরকার কি? বাড়িতে যা আছে...শৈবালদা, ওমলেট খাবে? কিমা দিয়ে করে দিতে পারি। কথা দিছি পাঁচ মিনিটে দেব।

—দাঁড়া। দাঁড়া। তোরা হঠাৎ এত ব্যস্ত হয় পড়লি কেন? এক কাজ কর, ভাল করে চা বানিয়ে ফেল তো দেখি!

—পাগল নাকি? শুধু চা? ওসব হবে না। দেবাদিত্য খাওয়াবেই, একে শুশুরবাড়ির লোক, তার ওপর বট-এর হিরো। নিজের মৃগুটা তো বাঁচাতে হবে,—বসুন বসুন!

বলতে বলতে শৈবাল ঘরের দিকে পা বাঢ়াল। মানিব্যাগ নেবে। দেবাদিত্য বেরিয়ে যাবার পর ভীষণভাবে স্বাভাবিক থাকার চেষ্টা করছি। কোনভাবেই দুর্বল হয়ে পড়তে চাই না।

—শুনলাম তুমি বিসার্চিও শেষ করোনি? ওখানে চাকরিতে ঢুকে পড়েছ?

—আর কতদিন ইউনিভার্সিটির ঘাড় ভাঙ্গব রে? রোজগারপাতি করতে হবে না?

—বোকো না, তোমার আবার রোজগারপাতির ভাবনা! বেশি গার্ল ফ্রেণ্ড টাল ফ্রেণ্ড জুটিয়ে ফেলেছ তাই বলো!

—সেটাই বা পারলাম কই! কি যে হল... সবটাই কেমন...

শৈবাল লতুন সিগারেট ধরিয়ে হেলান দিল সোফায়। হঠাৎ যেন সামান্য অন্যমনস্ক। ঠেঁট চেপে সিলিং-এর দিকে তাকিয়ে কি যে ভাবছে! আন্তে আন্তে বদলে যাচ্ছে যেন। সম্মে নাড়ি খেলাম। পরিষ্কার টেব পাছিছ একটা কিছু ঘটতে চলেছে। এক্ষুনি পালিয়ে যাওয়া দরকার, শৈবালের সামনে থেকে।

—শৈবালদা, এক সেকেণ্ড—আমি চায়ের জলটা বসিয়ে দিয়েই আসছি।

ভেতরে যাওয়ার জন্য পা বাড়িয়েছি, পেছনে এক সম্পূর্ণ অপরিচিত স্বর, দাঁড়া!

খোলা দরজার দিক থেকে ফাল্টনি বাতাস আসছে। ঘরের সব পর্দা দূলে উঠল।

দোলনার মত। বাইবের আলোর ঝলকানি ঘরে চুকে মড় জ্যোতি। শৈবাল হঠাৎ একেবারে অন্যরকম।

—এদিকে আয়। এখানে এসে বোস।

এমন হওয়ার তো কথা ছিল না। ওই স্থির তাকিয়ে থাকা মুখ একদম অপরিচিত।

—কি হল, আয়! তোর সঙ্গে আমার একটা খুব জরুরি কথা আছে।

ভরাট পুরুষকষ্ঠ নয়, সাপড়ের বাঁশি ডাকছে সাপিনীকে। পায়ের তলায় ছড়িয়ে যাচ্ছে স্পন্দন। সব ওলটগালট হয়ে গেল। মন্ত্রমুক্তের মত এগিয়ে চলেছি। এগোনো না পিছোনো! চতুর্দিক আবছা হয়ে এল। বিষ্঵সংসার, দেবাদিত্য, সব—সবাই।

—একটা কথা জিজ্ঞেস করব, সত্যি কথা বলবি?

—কি কথা?

নিজের গলাটা আব আমার আয়তে নেই। কেঁপে গেল।

—আমার জানা খুব দরকার। চার বছর ধরে কথাটা আমাকে উচ্চাদের মত তাড়া করে বেড়াচ্ছে। তোকে সত্যি কথা বলতেই হবে—বল্ বলবি?

এবার চোখও বিবশ। পলক ফেলতে ভুলে গেছে।

—তুই কি আমাকে কোনদিন কিছু বলতে চেয়েছিলি? ঠিক করে বল তো...

শরীরের সমস্ত রোমকৃপ যেন খুলে গেল। লক্ষ সরোদ বেজে উঠল শিরা উপশিরায়। আজ শৈবাল এতদিন পরে...সেই শৈবাল...

দীর্ঘ সুঠাম শরীর উৎসুকে ঝঁকে আছে। নিষ্পলক দৃষ্টি আমারই চোখে স্থির। চেতনা ক্রমে অবশ হয়ে আসছে। সম্বিতে ফিরতে পৃথিবীর বয়স বেড়ে গেল কয়েক হাজার বছর। অথবা কয়েক মৃহূর্ত মাত্র। ধীরে ধীরে মাথা নাড়লাম। প্রবল ভূমিকস্পরে পর মাটি শান্ত হচ্ছে।—না তো শৈবালদা। সেভাবে তো কোনদিন কিছু বলতে চাইনি তোমায়—না তো! কেন তোমার মনে হয়েছে একথা?

সমুদ্রের মত গাঢ় চোখে মেঘের ছায়া পড়েই মিলিয়ে গেল। আবার সেখানে ঝালমলে উচ্ছল টেউ। স্থালিত মুহূর্তটাকে কি অবলীলায় সেই টেউ-এ ভাসিয়ে দিল শৈবাল! বুবলই না সমস্ত কথারই নির্দিষ্ট একটা সময় থাকে। সেই সময় চলে গেলে সে কথার মত্ত্য হয়। হরিণী বসে থাকে না নিষাদের প্রতীক্ষায়। আমার মুখের দিকে তাকিয়ে শৈবাল আবার হাসছে শব্দ করে।

—এত কাঁপছিস কেন রে বোকা? ঠাট্টাও বুঁধিস না?

আমার চার বছর আগের প্রতি রাত্রের সব স্পন্দন কি ঠাট্টা এখন!

দেবাদিত্য কেন ফিরছে না? এক্ষুনি ফিরে আসুক। এই মৃহূর্তে।

## দৃষ্টিইন

আমাৰ বাবা মাৰা গিয়েছিলেন একা একা। শেষ সময়ে তাঁৰ বিছানাৰ পাশে আমৰা কেউই ছিলাম না, যদিও মা ছাড়া আমৰা সকলেই তখন হাসপাতালে। দাদা ছোড়দা দিদি, আৱও অনেকে, আমিও।

মাৰা যাওয়াৰ ঠিক ন'দিন আগে বাবাকে হাসপাতালে ভৰ্তি কৰা হয়। মস্তিষ্কে বক্রফৰণ। ক'দিন ধৰেই তিনি ইন্টেনসিভ কেয়ারে ছিলেন, আমৰা কেউ তাঁৰ দেখা পেতাম না। দেখা পেয়েই বা কী হত! ডাঙ্কল-নার্সদেৱ মুখে শুনতাম তিনি নাকি কোমাতেই আছেন। বাবাকে বাঁচানোৰ জন্য খৰচে কাপৰ্ণ্য কৰিনি আমৰা, নামী হাসপাতাল, দামী চিকিৎসা সবই হয়েছিল। ডাঙ্কলৰ যথন যেমন বলেছে—ওষুধ ইনজেকশন কিমে দিয়েছি, দিতেৰাতে সৰ্বসময়ে কেউ না কেউ পালা কৰে থেকেছি, বাবার চিকিৎসায় যেন সামান্যতম ক্ষটি না হয় সেদিকে আমাদেৱ সতৰ্ক নজৰ ছিল। আমৰা কাজেৰ মানুষ, প্রত্যোকেবই সুবিধে অসুবিধে আছে, সেঙ্গলো সামলে-সুমলে চার ভাইবোন একসঙ্গে মিলতাম বিকেলে। ভিজিটিং আওয়াৱেৱ পৰ চারজনই বড় ডাঙ্কলৰ সঙ্গে কথা বলতাম। তিনি খুব একটা আশা দেননি, তবু যেন মনে হত এত দিন যথন কেটে গেছে, বাবা হয়তো এ্যাত্মা বেঁচে গেলেন।

বাড়ি ফিরে মাকে রোজকাৰ সংবাদ দিতাম আমৰা। মা সচৰাচৰ কিছু বলত না। শুনত শুধু। নীৱৰে। বাবা হাসপাতালে যাওয়াৰ পৰ থেকেই কেমন যেন থম মেৰে গিয়েছিল আমাদেৱ স্বল্পভাষী মা।

বাবা টিকলেন না। মাৰাই গেলেন। এক চৈত্ৰেৰ বিকেলে।

নামে চৈত্রমাস হলেও দিনটা ছিল খুব গুমোট। গৱাম। শেষ বসন্তে যে একটা এলোমেলো বাতাস বয় তাৰ কোনও চিহ্নই ছিল না কোথাও। শুকনো পাতাৱা উড়ছিল না, শহৰেৱ সমস্ত গাছ নিষ্পন্দ, হাসপাতালেৱ পুকুৱেৱ জন্মেও তৱজ্জ ছিল না এতটুকু। সব কিছুৰ মধ্যেই ছিল এক মৃত্যুৰ পূৰ্বাভাস।

আমৰা অবশ্য তেমন কিছু লক্ষ কৰিনি।

লক্ষ কৰাৰ তখন অবকাশই বা কোথায়? অন্তত আমাৰ? সেদিন দুপুৰ থেকেই আমাৰ নিঃশ্বাসেৰ কষ্ট শুন হয়, বিকেল নাগাদ বেশ বেড়ে যায় সেটা। কষ্টটা নতুন কিছু নয়, তখন প্রায়ই হত। কোনও খাতু একটু চড়া হলেই ওই রোগ ছিল আমাৰ নিতাসন্ধি। সে কিবা শীত, কিবা গ্ৰীষ্ম, কিবা বৰ্ষা। গুমোট হলেও নিঃশ্বাসে টান, ঘোৱাৰ বৰ্ষায় দয় আটকে আসে, ঠাণ্ডা হাওয়া চললেও ভাল কৰে শাস নিতে পাৰি না। কড়া গন্ধ আমাৰ শক্ত, ধুলোবলি বিভীষিকা, যে কোনও মানসিক উদ্বেগই আমাৰ ফুসফুসেৰ শমন। এই চেনা কষ্ট যে এক আসন্ন মৃত্যুৰ সংক্ষেত, আমি তা বুঝব কৰে!

সিঁড়িতে বসে তখন হাঁপাচ্ছি আমি, দাদাদিদিৰা এলোমেলো কথা ছেড়ে আমাকে নিয়ে ব্যস্ত হয়ে পড়ল। দিদি বলল, তোৱ তো ব্যাগে ট্যাবলেট আছে, একটা খেয়ে নে না!

ছোড়দা বলল, জন এনে দেব ? :

বড় বউদি বলল, তোমার কাছে স্প্রে থাকে না, মুখে একটু টেনে নাও !

ছোট বউদি বলল, ওকে একটু চা এনে দাও। গরম চা খেলে এখন আরাম হবে।

আমার অস্পষ্টি হচ্ছিল। আমি আর খুকিটি নেই, উন্নিশ বছর বয়স হয়েছে আমার, চাকরিবাকরি করি, নিজের ভাবনা নিজেই ভাবা আমার প্রকৃতি। তা ছাড়া হাসপাতালে বসে আমাকে নিয়ে বিরত হয়ে ওঠাও ঠিক পছন্দ হচ্ছিল না আমার। হাত তুলে দুদিকে মাথা নাড়লাম—কিছু লাগবে না।

জামাইবাবু তবু কোথেকে ছুট্টে এক ভাঁড় চা নিয়ে এসেছে। খেতেই হবে। ভাঁড় হাতে নিয়ে সবে চুম্বক দিয়েছি, তখনই ডাকটা এল। মৃত্যুতের মতো কে যেন হাঁকছে, আই সি ইউ সেভেনটিন... আই সি ইউ সেভেনটিইইন... ! পেশেন্টের বাড়ির লোক কেউ আছেন ?

আমাদের বাবা চিন্তপ্রিয় রায় যে আই সি ইউ সেভেনটিন হয়ে গেছেন, সেটা বুঝতে কয়েক সেকেণ্ড সময় লেগেছিল আমাদের।

দাদা হঠাৎ সিগারেট ফেলে লাফিয়ে উঠল, আমাদের ডাকছে ! বাবা...

হড়মড় করে ছুটল সবাই। চেষ্টা করেও আমি উঠতে পারলাম না কিছুতেই। বুকের ভেতর তখন আমার আস্ত পাহাড়ের ভার, শাসকস্টে চোখ ঠেলে বেরিয়ে আসছে, সামনে শুধু চাপ চাপ ধোঁয়া। বাবাকে দেখতে যাব কী, মনে হচ্ছিল আমিই বুঝি তক্ষুনি মরে যাব।

কতক্ষণ এ অবস্থা চলেছিল মনে নেই। বড়জোর আরও মিনিটখানেক। তারপরেই চাপ ভাবটা সরতে লাগল। ধীরে ধীরে ঘিমিয়ে এল শরীর। অন্তু এক ঘোরের মধ্যে দেখতে পেলাম নতমুখে নেমে আসছে দিদি-দাদারা, আমার সামনে এসে দাঁড়িয়ে রইল স্থাণুবৎ।

দাদা নিচু স্বরে, অনেকটা টেলিগ্রাফিক মেসেজ শেষ হওয়ার ভঙ্গিতে বলল, ওভার !

কে যেন প্রশ্ন করল। বোধহয় আমার মাসতুল্লো ভাই, টাইমটা নোট করেছ ?

—আমরা পৌঁছনোর আগেই...। ওরা বলল পাঁচটা সাত।

ছোড়দা ক্ষুব্ধ স্বরে বলল, আমাদের আরেকটু আগে ডাকতে পারত !

মৃত্যুর আগে বাবার কি একবারও জ্ঞান ফিরেছিল ! বাবা কি খুঁজেছিলেন আমাদের !

দিদি কাঁদছিল, বড় বউদি ছোট বউদিরাও।

দাদা সিগারেট ধরাতে গিয়ে কয়েকটা কাঠি নষ্ট করল। চোখের কোল মুছল আঙুল দিয়ে, এখানে দাঁড়িয়ে কানাকাটি কেরো না। বাড়ি গিয়ে মাকে খবর দাও, আমরা বড় নিয়ে আসছি।

মা খুব শাস্তিভাবেই গ্রহণ করেছিল দুঃসংবাদটা। যেন জানতই বাবা আর ফিরবে না। যেন এই ক'দিন ধরে একটা এলেবেলে যুদ্ধের মহড়া দিচ্ছিলাম আমরা। অমোহ

নিয়তির সঙ্গে। কিছুক্ষণ স্থির থেকে বলল, এবার তাহলে তোমাদের শেষ কর্তব্যগুলো  
সেরে ফ্যালো।

মা চিরকালই শক্তিপোত্ত মানুষ, নিজেকে প্রকাশ করে না সহজে। তা বলে বাবার  
মৃত্যুতেও এত নিরন্তর ! এত সমাহিত !

নিজেকে দেখেও খুব আশ্চর্য হচ্ছিলাম আমি। বাবার জন্য যতটা কাঁদা উচিত,  
ততটা কান্না আসছে না। বরং কেমন নির্ভার লাগছিল নিজেকে। সেই যে ভয়ঙ্কর  
টানটা হাসপাতালে উঠেছিল, সেটা যেন কোন ম্যাজিকে উধাও। সামান্য চাপ ভাব  
একটা ছিল বটে, তবে তা তেমন কিছু নয়। অথচ আমি ট্যাবলেটও খাইনি, স্প্রেও  
নিইনি, বাতাসে গুমোট ভাবও কমেনি এতটুকু ! কেন এমন হয়েছিল !

মেয়েরা সাধারণত শ্রশানে যায় না, যেতে চায়ও না, কিন্তু আমি গেলাম। দিদি  
গেল না, বউদিবাও কেউ গেল না, আমি কেন গেলাম কে জানে ! ভেতর থেকে  
কেউ কি ঠেলছিল আমাকে ? শেষ দেখা পাক না-পাক, সবাই তো দৌড়ে গিয়েছিল,  
একা আমি যেতে পারিনি—এই ঘটনাটুকুই কি উচিত-অনুচিতের বোধ উসকে দিছিল ?  
নাকি কর্তব্যে অবহেলার বোধ ?

শ্রশানে পৌঁছতে সেদিন রাত হয়েছিল অনেক। প্রায় সাড়ে বারোটা। বেশ কিছু  
আত্মীয়স্মজন দেরি করে এল, তার জন্য অপেক্ষা করতে হয়েছিল। শ্রশানে গিয়েও  
অপেক্ষা, ইলেক্ট্রিক চুল্লির সামনে সেদিন মৃতদেহের মিছিল। গুনে দেখা গেল আমরা  
হচ্ছি পনেরো নম্বরে, যত তাড়াতাড়িই হোক, ঘণ্টা ছ'য়েকের আগে বাবা চুল্লিতে ঢোকার  
সুযোগ পাবেন না।

হালহকিকত বুঝে দাদাই তুলল কথাটা, আমার মনে হয় এখানে আমাদের অপেক্ষা  
করার কোনও মানেই হয় না।

আমরা দাদার কথা ঠিক ধরতে পারিনি। ছোড়া জিজ্ঞাসা করল, তাহলে কী  
করব ?

—পাশেই তো কাঠের চুল্লি ফাঁকা পড়ে আছে। আমরা বাবাকে কাঠেও পোড়াতে  
পারি।

গত ন'দিনে পাঁচ রাত জাগার পালা পড়েছিল ছোড়দার, কালও জেগেছিল  
হাসপাতালে। সে খুব একটা ভাবার সময় নিল না। বলল, কাঠে পোড়ানোই তো  
ভাল। মোর ট্র্যান্সিলনাল। বাবা মাঝে মাঝে বলত না, আমাকে তোরা কাঠেই দিস,  
চুল্লিতে ঢুকলে আমার দম বন্ধ হয়ে যাবে।

আমি বাবার দেহটি ছুঁয়ে বসে ছিলাম। এক ঝলকু দেখলাম বাবাকে। মরার পরেও  
দম বন্ধ হওয়ার ভয় ! বাবার মাথাতেই এসব আসত বটে !

দাদা জিজ্ঞাসা করল, কী রে পুতুল, তুই কী বলিস ?

অন্যমনস্কভাবে বলে দিলাম, তোমরা যা ভাল বোঝ করো।

প্রচুর চল্পন কাঠে চিতা সাজানো হল। জামাইবাবু অনেকটা ধি.কিনে এনেছিল,  
সবটুকু মাখিয়ে দেওয়া হল বাবাকে। যথাযথ শাস্ত্রবিধি মেনে চিতা প্রদক্ষিণ করল  
দাদা। বাবার মুখে আঙুল ছুঁইয়ে দিল। চিতা জুনে উঠল দাউদাউ।

বাবা পুড়তে শুরু করলেন, বাবা নিঃশেষ হতে শুরু করলেন।

তখনই একটা বাতাস উঠল। ৰোড়ো। ঠাণ্ডা। সারাদিনের ভ্যাপসা গরম ফুঁড়ে ছুটে এল এক দামাল কালৈবেশাখী। রক্তবর্ণ আকাশ ফালা ফালা হয়ে গেল নীল বিদ্যুতের চাবুকে। বামাবাম বৃষ্টি নামল।

ঝড়ের আকস্মিকতায় হকচকিয়ে গেছি আমরা। শুশানেই একটা পাকা শেড ছিল, প্রতিবর্ত ক্রিয়ায় পলকে ছুটে গেছি তার নীচে। নিজেদের মাথা বাঁচাতে।

মুহূর্ত-পরেই হঁশ ফিরল। বাবা একা! মুহূর্তেই ছুটে গেছি বাবার কাছে। দাদারাও এসেছে পিছন পিছন। চিতা অবধি পৌছনো হল না, তার আগেই শিউরে উঠেছি আমরা।

যা দেখছি তা কী সত্ত্বি!

জল পড়ে চিতা প্রায় নিভু-নিভু। ধিকিধিকি আগুনের মধ্যখানে খাড়া উঠে বসে আছেন বাবা। শরীরের প্রায় কিছুই পোড়েনি তখনও, এখানে ওখানে কিছু ঝলসে যাওয়ার দাগ। একমাত্র চোখ দুটো গলে গেছে। চোখের জায়গায় দুটো বড় বড় গর্ত।

ঠিক যেন এক অক্ষ মানুষ!

## দুই

বাবা কোনও দিনই খুব একটা চক্ষুম্বান ছিলেন না। সফলও না। বরং তাঁকে মোটামুটিভাবে সাংসারিক দৃষ্টিহীন এক আদর্শ বিফল মানুষ বলা যায়। চাকরি করতেন খুব সাধারণ। সারাজীবন খেটেখুটে কনিষ্ঠ কেরানী থেকে বড়বাবু হয়েছিলেন, এইটুকুনই তাঁর সাফল্য। অফিসের ছেলেছোকরারা তাঁকে নিয়ে হাসাহসি করত। বলত, চিন্দার মাথায় হাত বুলিয়ে দিব্যি সব কাজ করিয়ে নেওয়া যায়, গাধার খাটুনি খেটে ধন্য হয়ে যায় চিন্দা। সত্ত্বি, চাকুরি নিয়ে বাবার মধ্যে কখনও কোনও ক্ষোভ দেখিনি! অফিসের কর্তাব্যভিংরা বাবার পরিষ্কারের কোনও মূল্য দেয়নি, তাই নিয়েও বাবার কোনও হিলদোল ছিল না। বাবা শুধু কাজ করেই সন্তুষ্ট।

বাবার এই অল্পে সন্তুষ্টি আমাদের পছন্দ ছিল না। ছেলেবেলাটা আমাদের বেশ অনটনে কেটেছে, হয়তো সেই জন্যই। আমাদের বড় হয়ে ওঠার মূলে বাবার বিশেষ অবদান ছিল না। মাঝি আমাদের সংসারের শক্ত খুঁটি।

বাবার সামান্য আয়ে কী নিপুণ হাতে মেপেজুপে সংসার ঢালাত মা!

মার সঙ্গে বাবার সব বিষয়েই ঘোরতর অমিল। আমাদের মা প্রকৃত সুন্দরী, বাবাকে চেষ্টা করেও সুদর্শন বলা কঠিন। মার গানের গলাটি চমৎকার, বাবার কঠে সুরের রেশটি ছিল না। মা বলত মুর্তিমান অ-স্বৰ। মা'র সেলাইয়ের হাতটি কী অসাধারণ! শিল্পীর আঁচড়ে আগে কাপড়ে ছবি এঁকে নিত মা, তারপর রং মিলিয়ে সুতোর কাজে ভরাট করত ছবি। দেখে মনে হত যেখানে যে রংটি মানায়, সেখানে ঠিক সেই রংটিই পছন্দ করেছে মা। আর বাবা? তিনি তো ভাল করে রংই চিনতেন না। মেরুন ম্যাজেন্টা রানি সবই বাবার চোখে এক-লাল।

মাঝে মাঝে বড় বিস্ময় জাগে, কী করে বাবার সঙ্গে মার বিয়েটা হয়েছিল ! খুব গরিব ঘরের মেরে ছিল মা, সেই জন্যই কি ? কিন্তু বাবাও তো এমন কিছু রাজাবাদশা ছিলেন না ? শুনেছি, দাদু মানে আমার মার বাবা নাকি একবার এক দুর্ঘটনায় আহত হন, বাবাই নাকি তাঁকে রাস্তা থেকে তুলে হাসপাতালে নিয়ে যান। বাবার দৌলতেই সেবার প্রাণে বেঁচে যান দাদু। তিনি হাসপাতাল থেকে ফেরার বছরখানেকের মধ্যেই মা-বাবার বিয়েটা ঘটেছিল। সম্ভবত দাদুর আগ্রহেই। মা কি মন থেকে মেনে নিতে পেরেছিল বিয়েটা ? কে জানে ! তবে লক্ষ করেছি, বাবার প্রতি মার চিরকালই একটা নাকডঁচু ভাব ছিল। শীতল ঔদাসীন্যও। বাবার একবার এক কঠিন অসুখ হয়। খুব খারাপ ধরনের প্লুরিসি। আমি তখন ক্লাস ফাইভ কী সিঙ্গে পড়ি। আমাদের কাউকে তখন বাবার ঘরে ঢুকতে দিত না মা। বাবা আমাদের চুপি চুপি ডাকলেও মা ঠিক দেখতে পেয়ে যেত, ঘর থেকে টেনে বার করে নিত সঙ্গে সঙ্গে। বাবার থালা আলাদা, প্লাস আলাদা, বাবা তখন বলতে গেলে প্রায় আচ্ছুত। একমাত্র মা ঢুকত বাবার ঘরে। ওষুধবিষুধ খাওয়াত, পথ্য দিত, রাতে শুতও বাবার কাছে, কিন্তু বাবার অসুখে মা খুব কাতর হয়ে পড়েছে, এমনটি কখনও মনে হয়নি।

বাবা ছিলেন সম্পূর্ণ বিপরীত মেরুর। আমাদের নাক দিয়ে এক ফেঁটা কাঁচা-জল ঝরলেও মাকে অতিষ্ঠ করে তুলতেন। শুধু আমাদের কী বলি, কোন আত্মীয়স্পজনের বিপদে অসুখে না ছুটতেন বাবা ! নিজের ভাইবোনদের জন্য তো বটেই, এ ছাড়াও যত নিকট-দূরের জাতিগুষ্ঠি আছে, কারোর একটু খারাপ খবর পেলেই বাবা সেখানে হাজির।

মা ভীষণ চটে যেত। বলত, সাতজন্মে কে কবে তোমার খেঁজ রাখে ? আমাদের হাঁড়ি চড়ছে কিনা ভুলেও দেখতে আসে কেউ ?

বাবার এক উত্তর, কী করব, থাকতে পারি না যে। বুকের ভেতরটা কেমন আনচান করে।

আত্মীয়স্পজনরা বাবাকে দেখে যে খুব গদগদ হয়ে পড়ত, তাও কিন্তু নয়। একবার তো মেজকাকার বাড়িতে বাবা যথেষ্ট অপমানিত হয়েছিলেন। ভাইবির খুব কাশি হয়েছে শুনে কোথাও কোন ঝোপ ঘেঁটে গাদাখানেক বাসকপাতা ছিঁড়ে নিয়ে গিয়েছিলেন। সেই পাতার রস খেয়ে কাকার মেয়ের গলা ফুলে ঢোল। পাতায় বোধহয় বিষাক্ত কিছু লেগে ছিল। কাকিমার মুখে পাঁচ কথা শুনে বাড়ি এসে মুখ চুন করে বসেছিলেন বাবা।

মা বলেছিল, ঠিক হয়েছে। যাও আরও ! গাঁয়ে মানে না, আপনি মোড়ল !

বাবার মুখ কাচুমাচু, আমি ওদের কাজের মেয়েটাকে পাতা ধূয়ে বাটিতে বলেছিলাম। সে যদি ভুল করে...

—থামো তো ! ওদের কি ওষুধ কিনে খাওয়ার পয়সা নেই, তুমি পাতা গেলাতে গেছ ?

বাবার মুখে নির্ভেজাল হাসি, নেড়ির গলা একটু ফুলেছে, কিন্তু সত্যিই কাশিটা চলে গেছে গো। কাশতে গলা চিরে গিয়েছিল বেচারীর।

তো এই ছিলেন আমাদের বাবা। যেচে অন্যের দায় নিজের ঘাড়ে নেওয়া, অকারণ  
উদ্বেগে আকুল, শিল্পসৌন্দর্য বিষয়ে রসকষবিহীন এক মাটো মানুষ।

কত ঘটনা যে আছে বাবার, বলতে গেলে মহাভারত হয়ে যায়। কত পারিবারিক  
প্রলয় ঘটে গেছে বাবার জন্য। মারা যাওয়ার মাসভাবেক আগে কী কাণ্টাই না হল !  
ছোড়দার ছেলের সামান্য জ্বর, তেমন কিছুই না, ওরকম জ্বরজারি বাচ্চাদের হয়ই,  
বাবা ভীষণ ব্যস্ত হয়ে পড়লেন। দিনের বেলা টুটুলের মাথার কাছে বসে আছেন,  
ঠিক আছে—বাতিরেও যা শুরু করলেন, আধ ঘণ্টা অন্তর ছোড়দারের দরজায় টোকা  
দিচ্ছেন।

—বাচ্চু, টুটুল ঘুমোল !

—এই বাচ্চু, একবাব থার্মোমিটাৰ দিয়ে জ্বরটা দ্যাখ !

—বাচ্চু, টুটুল কাশল কেন ? সিৱাপটা একটু খাইয়ে দে না ?

একে শীতের রাত, বার বার লেপ ছেড়ে উঠতে হচ্ছে, তার ওপৰ বাবার  
প্যানপ্যানানিতে ছোড়দা ছোটবউদি ধৈর্যের শেষ সীমায়।

শেষমেশ ছোড়দা বলে উঠল, আহ বাবা, বিৱজ্ঞ কোৱো না তো ! টুটুল তোমার  
ছেলে নয়, আমাদের ছেলে, ওৱ ভাবনা আমাদেরই ভাবতে দাও।

ছোটবউদি ছ্যাবছ্যাব শুনিয়ে দিল,—সাধে কি দাদাৰা কেটেছে এখান থেকে ?  
ওই আদরের অত্যাচার আৱ সহ্য হয় না !

মা কোনও দিন বাবার পক্ষ নেয় না, সেদিন ছোট বৌদিৰ খোঁটায় দুম কৰে  
খেপে গেল, তোমাদেৱ না পোষায তোমৰাও চলে যাও, কে আটকে রেখেছে ?

এক কথা থেকে দু'কথা। দু'কথা থেকে চার কথা। ছোটবউদি পৰদিনই ছেলে  
নিয়ে সোজা বাপেৰ বাড়ি। তিনি না ফেৱা পৰ্যস্ত ছোড়দারও মুখ এতখানি। বাড়িৰ  
লোকেৰ সঙ্গে টোটাল নন-কোআপারেশান।

আমি তখন বাবাকে বলেছিলাম, কী এক-একটা কাণ্ড কৰে বসো বলো তো ?  
যেচে মান খোঁয়াতে তোমার ভাল লাগে ?

বাবার কোনও তাপটুআপ নেই। বললেন, ওদেৱ কথা গায়ে মাখলে চলে ? রাগেৰ  
মাথায কী বলতে কী বলেছে, রাগ পড়লেই সব ঠিক হয়ে যাবে।

—তোমার শিক্ষা হবে না বাবা। দাদাৰ মতো ছোড়দাও যখন মানে মানে সৰে  
পড়বে তখন টেরটি পাবে।

—কী যে তোৱা বলিস ! বাবনু কি শখ কৰে এ বাড়িৰ থেকে গেছে ? নেহাত  
অফিসেৰ কোয়ার্টাৰে না গেলে নয়, তাই না...

আমাৰ আৱ বোৰানোৰ প্ৰবৃত্তি হয়নি। দাদা-বউদি যে পৃথক হবে বলেই চলে  
গেছে, অফিসেৰ কোয়ার্টাৰ পাওয়াটা একটা ক্যামোফ্লেজ, এ কথা বাবার মাথায  
কোনওদিনই দেকেনি।

দাদাৰ চলে যাওয়াতে আমি অবশ্য তেমন দোষ দেখি না। দাদাৰ যে ওৱকম বড়  
চাকৱি, যে ধৰনেৰ মানুষেৰ সঙ্গে দাদাৰ গোঠা-বসা, ক্লাৰ-পার্টি, এ বাড়িতে থেকে  
সেটা মানাত না। তাও কি দাদা বাবার হাত থেকে ছাড়ান পেয়েছিল ? দিব্যি কৰ্তাগিনি

মনের মতো করে আলাদা হয়েছে, সেখানেও প্রতিদিন সকাল না হতে গিয়ে বসে আছেন বাবা ! এটা ঝাড়ছেন, ওটা পরিষ্কার করছেন, এই শোকেসের পৃত্তল ওই ক্যাবিনেটের মাথায় তুলছেন, যেন ওটা বাবার নিজেরই ফ্ল্যাট ! দাদা বাড়িতে পার্টি দিল, সেখানেও হংসো মধ্যে বকে যথা হয়ে বসে আছেন বাবা ! অফিসের লোকদের সামনে দুমদাম বেফাস মন্তব্য করে বসছেন ! বাবুটা আমার কমজোরি, ওকে যেন বেশি খাটাবেন না ! অত মদ খাচ্ছেন কেন, মাতাল হয়ে যাবেন যে ! দাদা তো খেপে মেপে এসে মাকেই শাসিয়ে গেল ! বাবার যদি ও-বাড়ি যাওয়া বন্ধ না করো, তাহলে কিন্তু আমরা মুখের ওপর দরজা বন্ধ করে দেব ! সে এক বিদিকিছিরি পরিস্থিতি !

দিদির সংসারেও কম কেছু করে এসেছেন বাবা ! দিদির শাশুড়িটার আট বছর আগে সেরিবাল হয়েছিল, তারপর থেকে তিনি চরিবশ ঘন্টাই বিছানায়। হাত নড়ে না, পা নড়ে না, পাশ ফিরতে গেলেও ফিরিয়ে দিতে হয়, কিন্তু মুখের কমতি নেই বুড়ির। বেডপ্যান দিতে পনেরো সেকেণ্ড দেরি হলে গালাগালির চোটে দিদির ভৃত ভাগিয়ে দেবেন, অথচ তাঁর সব কিছু করতে হবে দিদিকেই। আয়া একটা রাখা আছে, তাকে দিয়ে চলবে না। ওই শাশুড়ির পিছনে খাটতে খাটতে দিদির অ্যানিমিয়া হয়ে গেল। মুখ শুনতে শুনতে প্রেসার লো। জামাইবাবু ভীষণ মাত্তভক্ত, সে মায়ের বিরুদ্ধে কোনও অভিযোগই শোনে না। বাবা গিয়ে বাপ করে একদিন তাকে বলে এল, তোমাদের আমি মেয়ে দিয়েছি বিল্লব, যি দিইনি ! তোমার মা তো মরবেনই, তার সঙ্গে আমার মেয়েটাকে মারছ কেন ?

জামাইবাবুর সঙ্গে দিদির এই লাগে তো সেই লাগে। বাড়ি বয়ে এসে কেঁদে গেল দিদি, মা, বাবাকে থামাও। এমনিতেই প্রচুর অশাস্তির মধ্যে আছি, তার ওপর উটকো ঝগড়া আর ভাল লাগে না।

বাবাকে থামানো কি সহজ কথা ! বাবার ম্রেহের রথ ছুটবেই। এক অদ্ভুত বাস্তববোধীহীন কাছাখোলা মানুষ ছিলেন বাবা।

বাবাকে দেখে আমরা লজ্জাই পেয়েছি চিরকাল। তাঁর দৃষ্টিহীনতায় আমাদের মাথা হেঁট থেকেছে। তাঁকে দেখেই আমরা শিখেছি কী রকম হলে জীবনে ব্যর্থ হয় মানুষ, আর কী রকমটি না হলে এই দুনিয়ায় প্রাণিয়োগের কমতি থাকে না।

আমরা কি চূড়ান্ত সফল ? জানি না। তবে বাবার মতো হেলাফেলার বস্তুও নই। পড়াশুনোর আমরা ভালই ছিলাম। দাদা ইঞ্জিনিয়ারিং করে মালটিন্যাশনাল কোম্পানির উচ্চতলার চাকুরে। ছোড়দা আয়াহায়েড কেমিস্ট্রি তে এম এস সি, নিজের কেমিক্যালসের কারখানা আছে। চালু ব্যবসা। আমাদের মধ্যে দিদি মার গলাটি পেয়েছিল, গানও শিখেছে মনপ্রাণ দিয়ে। এক জলসায় দিদির গান শুনে মৃক্ষ হয়েছিল জামাইবাবু। পাত্র হিসেবে জামাইবাবু এ ক্লাস। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। নিজেরই ছেট ফার্ম, গাড়ি আছে, ফ্ল্যাটও। আমি কলেজে পড়াই। বিয়ে করিনি।

আমার বিয়ে না করার কারণটা কেউ শ্পষ্ট জানে না। সকলের ধারণা ওই বেয়াড়া হাঁপানির টানটার জন্যই বিয়েতে আমার অনীহা। সেরকমই আমি বলতাম কিনা।

এ ছাড়া বলিই ব্রা কী ? জগৎসুন্দর লোককে কী করে বলে বেড়াই শৈবাল নামের

এক বোকা ছেলে আমার অহঙ্কারেই আত্মহত্যা করেছে ! হল্লোড়বাজ অপদার্থ ছেলেটা যদি একতরফা আমার প্রেমে পড়ে সে কি আমার দোষ ? প্রথম থেকেই তো আমি তাকে বুঝিয়ে দিয়েছিলাম, তোমার লিমিট কেরানীগিরি, ইউনিভার্সিটির সেরা মেয়েটার দিকে চোখ তুলে তাকানো তোমার শোভা পায় না। শৈবাল শুনল কই ! অবৃপ্তনা করত। বিরক্ত করত। তুমি রিফিউজ করলে আমি বিষ খাব। রেললাইনে গলা দেব ! রাগ করে বলেছিলাম, সেটাও অস্তত করে দেখাও। সত্যি সত্যি করে দেখিয়ে দিল ! ডেল্টাডাঙ্গার কচে রেললাইনে দু'আধাধানা হয়ে পড়ে রাইল শৈবাল। পকেটে চিরকূট —কেউ দায়ী নয়।

কিছুটি জানতে পারল না কেউ। আমার দিকে আঙুলও তুলল না। শুধু আমার ফুসফুস্টা কেমন কমজোরি হয়ে গেল। সর্বনাশ রোগ বাসা বাঁধল শরীরে। কতবার নিজেকে বলেছি, একটা নিপাট মূর্খের জন্য কষ্ট পাওয়ার কোনও যুক্তি নেই। কিন্তু বুককে চাবকে সিধে করি সে জোর আমার কোথায় ? নিজে-নিজেই পুড়ি আমি। নিজের মধ্যেই রচনা করি এক অকারণ যন্ত্রণার বৃত্ত।

একমাত্র বাবাই কি আন্দাজ করেছিলেন কিছু ? নাহলে মৃত্যুর বছরতিনেক আগে কেন হঠাতে বললেন, রোগটা তোর কী করে এল রে পুতুল ? এ কষ্ট তো আগে ছিল না তোর ! আমাদের বৎশেও তো কারও এ রোগ নেই !

মনে আছে তখন শীতকাল। পিঠে তিনটে বালিশ নিয়ে কুকুরের মতো হাঁপাছি আমি, হিমকণা জমাট বেঁধেছে বুকে। অজন্তেই জল ঝরছে চোখ বেয়ে। তবু প্রাণপণে হাসার চেষ্টা করেছিলাম, শহরে যা পলিউশন ! এ অস্থ এখন ঘরে ঘরে !

বাবা আমাকে দেখছিলেন। হাত বুলিয়ে দিচ্ছিলেন মাথায়। কেউ যেন শুনতে না পায় এমন নিচু স্বরে বললেন, মনের কষ্ট চেপে রাখিস না পুতুল, উগরে দে।

বাবা কি জেনেছিলেন কিছু ! না নিছকই অনুমান !

অনুমান, না অনুভব !

আমার অন্ধ বাবার কি তৃতীয় নয়ন ছিল !

### তিনি

বাবার শ্রাদ্ধশান্তি হয়েছিল খুব ঘটা করে। আমরা চার উপযুক্ত ছেলেমেয়ে প্রচুর খরচা করেছিলাম শ্রাদ্ধে। চারদিকে যত আত্মীয়-পরিচিত আছে, সববাইকে বলেছিলাম। সে প্রায় শ'পাঁচকে মতো হবে। নিয়মভঙ্গের দিনও দেড়শো পাত পড়েছে। কেটারার দিয়ে মাছ মাংস পোলাও মিষ্টি, সে এক এলাহি আয়োজন। সব শেষে বাবা যা যা খেতে ভালবাসতেন সব একটা থালায় সজিয়ে ছাদে রেখে আসা হয়েছিল। স্বচক্ষে দেখেছি কাকের পাল এসে খেয়ে গেল সবটুকু।

বাবা তৃপ্ত হলেন। আমরাও।

কিছুদিন পর থেকে কয়েকটা ঘটনা ঘটতে শুরু করল। ঘটনা ঠিক নয়, হয়তো এগুলো হওয়ারই ছিল। কিন্তু এমনভাবে ঘটতে থাকল, আমরা নজর না করে পারলাম

না। বেশ কিছুদিন ধরে দাদা কোম্পানিতে একটা লিফট পাওয়ার জন্য ছটফট করছিল, হঠাৎ পেয়ে গেল। এক ধাপ নয়, একেবারে কয়েক ধাপ। কোম্পানির বাসালোরের ফ্যাক্টরির প্রায় কর্ণধার হয়ে বসল দাদা। বছরখানেক ধরে ছোড়দা কেমিকাল এক্সপোর্টের চেষ্টা চালাচ্ছিল, হঠাৎই একসঙ্গে তিন দেশ থেকে অর্ডার—বাংলাদেশ, মালয়েশিয়া, তাইল্যাণ্ড। কয়েক কোটি টাকার অর্ডার, ছোড়দা যা কখনও কল্পনা করেনি। দিদির শাশুড়ি, যাঁর সম্পর্কে ধারণা ছিল তিনি অন্তত হাজার বছর বাঁচবেন আর বিছানায় শুয়ে অবিরাম মানসিক অত্যাচার চালাবেন দিদির ওপর, ঝুপ করে এক ঘুমের মধ্যেই ঠাণ্ডা হয়ে গেলেন চিরতরে।

সবই ঘটল বাবার মৃত্যুর তিন মাসের মধ্যে।

আমার মধ্যেও এক অভিনব পরিবর্তন এল। বাবা চলে যাওয়ার ক্ষণেই শেষ দেখো দিয়েছিল টানটা, তারপর থেকে যেন একেবারে হাল্কা হয়ে গেছে। গরমকাল আর বর্ষাকাল—একটি বাবের জন্য পাথর-চাপা-ভাবটা ফিরল না। রক্ষ, গোঁড়া মেজাজি বলে আমার বদনাম ছিল, কারও সঙ্গে মিশতে ভাল লাগত না, সবটাই কি শারীরিক কারণে? হয়তো না। মনেও বোধহয় কিছু বাধা ছিল। আচমকা আবিষ্কার করলাম, দিদি হস্তিখণ্ড হয়ে গেছি আমি। জোরে জোরে কথা বলছি, হাসতেও ভাল লাগছে আমার। মাঝেমধ্যে দু'একটা গানের কলিও গুনগুন করছে বুকে।

মাও যেন আর ঠিক আগের মতো নেই। মাকে আমি কোনও দিনই বেশি কথা বলতে দেখিনি, কেজো সাংসারিক কথা ছাড়া মার যেন কোনও কথা থাকত না। সেই মাকে দেখি আমি কলেজ থেকে ফিরলেই কত হাবিজাবি গল্প করে আমার সঙ্গে। ছেলেবেলার কথা, দাদু, দিদা, মামা-মাসিদের গল্প, আরও কত কী যে! কবে একবার ছাত্বাবুর বাজারে চড়কের মেলায় গিয়ে হারিয়ে গিয়েছিল, গরমের ছুটিতে কোন নস্যবৃত্তির গাছ থেকে জামরুল পাড়তে যেত, কুয়োয় ঘটি পড়ে গেলে কোথেকে ঘটিতোলা এসে হাজির হয়ে যেত, এরকম অজস্র গল্পের বাঁপি খুলে বসত মা।

মার মধ্যেও এত গল্প জমা ছিল! নাকি আমাকে খুশি দেখেই মার ওই অর্গলমুক্তি! ছেটতে তো আমি হস্তিখণ্ডই ছিলাম, তখন মার মুখে ওসব গল্প শুনিনি কেন? মার সুখের স্মৃতি কি হঠাৎ উখলে উঠল?

দাদা ছোড়দা দিদি মা, এমনকি আমার জীবন থেকেও অনেক অবরোধ সরে যাচ্ছিল। খুব দ্রুত। এত দ্রুত যে কাকতালিয় বলে মনেই হয় না। ধন্দ জাগে।

কে ওই অবরোধ সরাচ্ছিল—মনের, বাইরের পৃথিবীর?

বাবা!

## চার

পুজোর পর বাসালোর থেকে দাদার চিঠি এল। চিঠিতে দাদা এক অন্তুত কথা লিখেছে। বাবাকে নাকি পর পর তিন চার দিন দেখতে পেয়েছে দাদা। রোজ কাকভোরে দাদা সামনের পার্কে জগিং করতে যায়, সেখানেই নাকি বসে থাকেন বাবা। একটা পাথরের

বেঞ্চিতে। কাছে গেলেই মিলিয়ে যান।

আমরা পড়ে খুব হাসাহাসি করলাম। ছোড়দা বলল, দাদার কত বয়স হল বে ?

—কত আর ! মাই জবাব দিল, এই তো গৌষে তেতালিশ পুরে চুয়ালিশে পড়বে !

—ওহ, তাহলে নির্বাত চালশে ধরেছে ! চশমা নিতে লিখে দাও।

আমি বললাম, যাহ। চালশে হলে তো কাছের জিনিস দেখতে অসুবিধে হয়, দূরের জিনিস ভুল দেখবে কেন ?

ছেট বউদি বলল, আমার মনে হয় দূর বিদেশে আছেন... দাদার বোধহয় বাবাকে এখন মনে পড়ে।

টুটুল সাত বছরেই সর্বজ্ঞ। সে বলল, তোমরা কিছু জানো না, এই সময়ে ভোরে খুব কুয়াশা থাকে, জেঁচু কী দেখতে কী দেখেছে !

ব্যাপারটা হাসি-ঠাটাতেই ধামাচাপা পড়ে গেল। সাতদিন যেতে না যেতে দিদি একদিন হাঁপাতে হাঁপাতে উদয় হল বাড়িতে। কী কাণ, পরশুদিন নিউ মার্কেট থেকে বাজার করে বেরোচ্ছি, হঠাতে দেখি বাবা ! উল্টোদিকের ফুটপাতে দাঁড়িয়ে আছে। আমি তো ভাবলাম মনের ভুল। হয়তো বাবার মতো দেখতে অন্য কেউ। আমি যখন রাস্তা পেরোচ্ছি, তখনও বাবা ওখানে দাঁড়িয়ে ছিল।

আমি চোখ টিপলাম, তুই আজকাল জামাইবাবুর দেখাদেখি চুমুক-টুমুক দিচ্ছিস নাকি ?

—নারে ! আজকেও দেখলাম ! মিতুনকে নাচের স্কুলে দিয়ে ফিরছি, দেখি ঢাকুরিয়া ত্রিজ দিয়ে হেঁটে আসছে বাবা—আমার দিকে ! খুব কাছে এসে হঠাতে উবে গেল !

হাসতে হাসতে বললাম, জামাইবাবুকে বলেছিস ?

—কী বলব ? বাবার কথা ? ও তো হেসে উড়িয়ে দেবে !

আমি দিদির কাঁধে চিমটি কাটলাম, তোর তো কপাল ভাল বে ! বাবাকে দেখেছিস, ভাগিস তোর শাশুড়ি দেখা দেননি !

মা চুপ করে শুনছিল। কিছু বলল না।

রাতে ছোড়দাকে শোনালাম গল্পটা। ছোড়দা আগের বারের মতো হাসল না, বরং খানিকটা গম্ভীরই হয়ে গেল। বলল, আমি তোদের একটা কথা বলিনি পুতুল ! বাবাকে আমিও দেখেছি। বেশ কয়েকবার। একদিন ট্রামের পাদানিতে দাঁড়িয়ে ছিল, আমি সিট থেকে উঠে এগিয়ে যেতেই ভ্যানিশ। একদিন এসপ্ল্যানেডে দেখলাম ! মনোহর দাস তড়াগের পাশে গম্বুজগুলো আছে না, তার নীচে দাঁড়িয়ে। আমাকেই দেখছিল। পাশে দু'তিনটে ছেলে দাঁড়িয়ে কথা বলছে, তারা কিন্তু কেউ বুঝতে পারছে না ওখানে আরেকটা মানুষ আছে !

ছেট বউদিও চিন্তিত, হাঁ, তোমার ছোড়দা কদিন ধরে ঘৃণাতে পারছে না। বলতে বারণ করেছিল, তাই বলিনি। কী করা যায় বলো তো ?

আমি কিছু ভেবে পাছিলাম না। বুকের ভেতরটা কেমন যেন শিরশির করছিল। এরা যা বলছে তা কি কখনও সত্য হতে পারে ? এতগুলো লোক একসঙ্গে হ্যালুসিনেশনও দেখবে কী করে ?

কলেজ খোলার পরদিনই আমার পালা এসে গেল। ছুটির পর কলেজের ফাঁকা করিডোর দিয়ে হেঁটে আসছি, বাইরের বাগানে স্পষ্ট দেখতে পেলাম বাবাকে। একটা গাঁদাগাছের পাশে একটু ঝুঁকে দাঁড়িয়ে আছেন। পরনে ধূতি আর ফুলহাতা শার্ট, যেমনটি নিত্যই থাকতেন। ঠেঁট দুটো অল্প ফাঁক হয়ে আছে বাবার, যেন কিছু বলছেন!

আমি কয়েক মুহূর্ত নিশ্চল। বুকটা ধড়াস ধড়াস করছে। চমকটুকু কাটিয়ে পলকে ছুটে গেছি বাগানের দিকে। নেই—কোথাও কেউ নেই! কুঁড়িভরা গাঁদাফুলের গাছ শুধু দুলছে হাওয়ায়!

কলেজ থেকে ফিরেই মাকে কথাটা বললাম। মা যেন কেমন অন্যমনস্ক হয়ে গেল। বেশ কিছুক্ষণ নীরব থেকে ভাঙা ভাঙা গলায় বলল, আমি জানি সে আমাদের ছেড়ে যায়নি।

—তুমিও কি দেখেছ নাকি?

—নাহ। মা মাথা নাড়ল, তবে সব সময়েই মনে হয় আশেপাশেই কোথাও আছে, এই ঘাড় ঘোরালৈই দেখতে পাব।

পরদিন সক্ষেবেলো দিদিকে ডেকে জরুরি মিটিং বসল একটা। আমরা কেউই আমাদের চেখের দেখাটাকে পুরোপুরি বিশ্বাস করছি না, কিন্তু আমাদের সকলেরই মনে হচ্ছে বাবা যেন কিছু বলতে চান। যদি সত্যিই আত্মা বলে কিছু থাকে, তাহলে তো তাঁর কথা আমাদের শোনা উচিত। আমরা শেষ মুহূর্তে বাবার কাছে কেউ পৌঁছতে পারিনি, নিশ্চয়ই বাবা ঝুঁজেছিলেন আমাদের! হয়তো বাবার কিছু বলার ছিল!

অনেক ভেবেচিস্তে দাদাকে টেলিফোন করলাম। কী করা যায়?

দাদা তেমন সদ্বৃত্ত দিতে পারল না। বলল, তোরা যা করবি, তাতে আমিও আছি। আমারও বড় অস্পষ্টি হচ্ছে রে।

কয়েক মাস দোলাচলে কাটল। ঘনিষ্ঠ দু'চারজনের সঙ্গে আলোচনা করা হল, একেকজন একেক রকম পরামর্শ দেয়। কেউ বলে, গয়ায় গিয়ে পিণ্ডি দিয়ে এসো। কেউ বলে, বাড়িতে শাস্তিস্বস্ত্যান করো, হোমযজের ঠেলায় অত্প্রত্য আত্মা পালাতে পথ পাবে না। গোটা বাপারটাকে উপেক্ষাও করতে বললে কেউ কেউ। তাদের মতে সময় গেলে মন স্থির হবে, তখন নিজেরাই আমাদের মনের ভুল বুঝতে পারব।

কোনও পরামর্শই আমাদের ঠিক পছন্দ হচ্ছিল না। যেমনই আলোভোলা মেঠো মানুষ হোন বাবা, তাঁকে কি ভূত বলে ভাবা যায়?

আরও কিছুদিন কাটল। ধীরে ধীরে বাবার দর্শন পাওয়ার হারটাও কমে আসছিল। দশদিন পনেরোদিন অস্ত্র হঠাৎ হয়তো কেউ একজন দেখতে পায় বাবাকে। মেট্রো রেলের স্টেশনে। লেকের পাড়ে। চৌরাস্তার মোড়ে।

বাবার বাংসরিকের দিন-কুড়ি আগে ছোড়দা একটা কথা তুলল। ছোড়দার বন্ধুর কে এক মামা আছেন, তিনি নাকি সরাসরি আত্মার সঙ্গে কথা বলিয়ে দেন। টাকা পয়সার কোনও ব্যাপার নেই, তিনি নাকি সাধুসন্ন্যাসীও নন, এ নাকি তাঁর এক বিচ্ছিন্ন খেয়াল। ছোড়দার কয়েকজন বন্ধুও নাকি ওই ভদ্রলোকের মাধ্যমে আত্মার সঙ্গে কথা বলেছে। যদি আমরা চাই, ছোড়দা তাহলে আমাদের পারিবারিক ঘটনা নিয়ে ভদ্রলোকের সঙ্গে আলোচনা করবে।

দিদি তো খুবই রাজি। আমিও নিমরাজি হয়ে গেলাম। মাও বিশেষ আপন্তি করল না।

ছোড়দা ভদ্রলোকের সঙ্গে কথা বলে এল। ভদ্রলোক বললেন, তিনি আসবেন। বাবার বাংসরিকের দিন রাত্রিবেলা। আমাদের সব ভাইবোন আর মাকে উপস্থিত থাকতে হবে।

দাদাকে জানানো হল।

অধীর আগ্রহে বাংসরিকের দিনটার প্রতীক্ষায় রইলাম আমরা। দিন যায়, বুক কাঁপে। বুক কাঁপে, দিন যায়।

কী বলার আছে বাবার ?

### পাঁচ

বাংসরিকে প্রাণ ছিল না। কোনওভাবে নমো নমো করে শেষ হল কাজটা। আমাদের বুক গুড়গুড় করছিল, অতি সহজ কাজেও ভুল হয়ে যাচ্ছিল বারবার। পিণ্ডদানের সময়ে দাদার তো স্পষ্টতই হাত কাঁপছিল। সামান্য ক'জন ঘনিষ্ঠ আত্মীয় ছাড়া কাউকে নিমন্ত্রণ করিনি এবার, তারা সবাই খাওয়াদাওয়া করে চলে যেতেই আমরা টানটান।

অপেক্ষা করছি সন্ধ্যার।

সন্ধ্যা এল। গড়িয়ে গড়িয়ে পার হচ্ছে। যেন ভয় পাচ্ছে এগোতে।

সাড়ে আটটা নাগাদ ভদ্রলোক এলেন। সুপুরি গাছের মতো লম্বা চেহারা। ঝুঁজু। কৃশ। দেখে বোঝা যায় গায়ের রং একসময়ে টকটকে ফর্সা ছিল, এখন তামাটে। বয়স বছর ষাটেক, কিংবা তার কিছু বেশি। চোখ দুটো ভীষণ তীক্ষ্ণ। টিগলনয়ন।

আমাদের সঙ্গে নিয়ে মার ঘরের দরজা বন্ধ করলেন ভদ্রলোক। নিজে মেঝেতে বসলেন, আমাদেরও বসতে বললেন ভূমিতে। বোলা ব্যাগ থেকে একটা মাটির প্রদীপ বার করে সামনে রাখলেন, সঙ্গে এক শিশি রেডিং তেল, খানিকটা তুলোও। প্রদীপে তেল ঢেলে তুলোর সলতে পাকাচ্ছেন।

এ কেমন প্ল্যানচেট ! তেপায়া টেবিল নেই ! মোমবাতি নেই !

ভদ্রলোক মুখ তুলছেন না, কী যেন বিড়বিড় করছেন। প্রদীপের দিকে দৃষ্টি রেখে বললেন, ঘরের আলো নিবিয়ে দিন। পাখা বন্ধ করুন।

আলো নিবত্তেই অন্ধকার ঘুঁপে এল। হমচম আঁধারে মার গা ঘেঁষে বসেছি আমরা—দাদা ছোড়দা দিদি আমি।

ভদ্রলোক প্রদীপ জ্বাললেন। শিখা একটু একটু করে উজ্জ্বল, কাঁপতে কাঁপতে স্থির হল একসময়ে। প্রদীপের শীর্ণ আলোয় চেনা ঘরটাকেও কেমন রহস্যময় লাগছিল। দেওয়ালে প্রকাণ্ড প্রকাণ্ড ছায়া। ছায়ামৃতিঞ্জলো কি আমরাই !

ভদ্রলোকের ভারী স্বর শোনা গেল, আপনারা প্রদীপে দৃষ্টি নিবন্ধ করুন।

পীতবর্ণ শিখা দেখছি আমরা। বিলম্ব জাগছে চোখে। শিখা কি রং বদলাচ্ছে ! এই তো হলুদ ছিল ! এই নীল ! নাকি লাল !

জলদ্গভীর স্বর বাজল আবার, দেখছেন ?

সমস্পরে বললাম, দেখছি।

—এবার আপনারা তাঁর মুখ স্মরণে আনুন। ওই শিখাতেই দৃষ্টি রেখে।

বাবার মুখ মনে করার চেষ্টা করছি। কী আশ্চর্য, কোনও মুখই মনে আসে না কেন ? শৈশবের দেখা মুখ নয়, কৈশোরের নয়, যৌবনেরও নয় ! প্রাণপনে মনঃসংযোগের চেষ্টা করলাম। কিছুই স্মরণে আসে না। চুরি করে দেওয়ালের দিকে তাকালাম। ও হরি, বাবার ছবিটা তো আজ বাংসরিকের জন্য বাইরের ঘরে নিয়ে যাওয়া হয়েছে ! ছবিটা যেন কেমন ? ভাঙা-ভাঙা ঢোয়াল ! চশমাপরা চোখ ! চুল পাটপাট করে অঁচড়ানো ! কিন্তু বাবার মুখটা কোথায় গেল ? যত ভাবার চেষ্টা করি অন্য মুখ ফুটে ওঠে ! শৈবাল !

কেমন যেন সংশয় হল। বাট করে একবার দিদি-দাদাদের দেখে নিলাম। তাদের চেখের মণিও ইতিউতি স্থুরছে। দিদির সঙ্গে চোখাচোখি হয়ে গেল। সঙ্গে সঙ্গে দু'জনেই আবার চোখ রেখেছি শিখায়।

ভদ্রলোক বললেন, আপনারা নিষ্ঠার সঙ্গে চিত্তপ্রিয়বাবুর মুখ মনে করছেন তো ?

সত্যি বলতে সঙ্কোচ হল। বললাম, হ্যাঁ।

কথাটা যেন কোরাসে বেজে উঠল। আবছায়া মাথা ঘরে মাথা খুঁড়ে বার বার। একমাত্র মাই নির্বাক। যেন সমাধিস্থ।

—এবার তা হলে আপনাদের কাছে আসবেন তিনি। কথা বলবেন।

সময় যাচ্ছে। সময় বয়ে যাচ্ছে। কতক্ষণ বসে আছি আমরা ? দশ মিনিট ? বিশ মিনিট ? অনন্ত কাল ?

কিছুই দেখতে পাচ্ছি না। উঁহ, পাচ্ছি। দুটো চোখ। গলে বেরিয়ে এসেছে কোটির থেকে। চোখের জ্যায়গায় দুটো গর্ত। কুচকুচে কালো। নিবিড় অঙ্ককারের মতো কালো।

ভদ্রলোকের মুখমণ্ডল ক্রমশ কঠিন হচ্ছিল। চোয়ালে চোয়াল ঘষছেন, নিশাস ফেলছেন ঘন ঘন। কেমন যেন নির্দয় দেখাচ্ছিল তাঁকে। একসময়ে গমগমে স্বরে বলে উঠলেন, আপনারা মিথ্যে কথা বলেছেন। আপনারা আমার সময় নষ্ট করছেন।

আমরা নিরুত্তর। পাথরে ঘা খেয়ে ফিরে গেল কথাটা।

হাতের ঝাপটায় প্রদীপ নিবিয়ে দিলেন ভদ্রলোক। নিকষ কালিমায় ছেয়ে গেল ঘর। যেন ঘর নয়, কয়লাখনির ভয়ঙ্কর খাদান।

কালো অঙ্ককার গর্জে উঠল, চিত্তপ্রিয়বাবু আসবেন না। তিনি আপনাদের মধ্যে তো ছিলেনই নঁ কোনও দিনও।

দাদা মিনমিন করে বলল, তাহলে আমরা তাঁকে দেখি কী করে ?

—চোখ আর কতটুকু দেখে ! দেখে তো মন ! মনকে জিজ্ঞাসা করুন, উত্তর পেয়ে যাবেন !

অনৌকিক বাতাসের মতো ঘর ছেড়ে বেরিয়ে গেলেন ভদ্রলোক। আমরা নিখের বসে আছি। মা'ও। চৈত্রের তাপে ঘামছি দরদর। আলো জ্বালাতে ভয় পাচ্ছিলাম আমরা। যদি পরস্পরের মুখ দেখে ফেলি ! যদি ধরা পড়ে যাই !

କ୍ରମଶ ଏକଟା ଶବ୍ଦ ଶୋନା ଗେଲା । କାନ୍ତାର । ଫୁଲିଯେ ଫୁଲିଯେ କାଂଦିଛେ ମା । ଫ୍ୟାସଫେସେ  
ଏକଟା ଆଓଯାଜ ବେରୋଛିଲ ମାର ଗଲା ଦିଯେ, ଅଞ୍ଚୁଟେ କୀ ଯେନ ବଲଛିଲ ମା, ଆମରା  
ଶୁଣତେ ପାଇନି ।

ଆମାଦେରେ ଚୋଖ ଭିଜେ ଯାଛିଲ । ବାବାକେ ଆମରା ଆଦୌ ଦେଖିନି କଥନାହା । ମୃତ୍ୟୁର  
ଆଗେଓ ନା, ପରେଓ ନା । ଯା ଦେଖେଛି ତା ଏକ ନିର୍ଜନ ଭାଲବାସାର ଅଲୀକ ଛାଯା ।

ଆମରା କଷ ପାଛିଲାମ । ବାବାର ମୃତ୍ୟୁତେ ସେଇ ଆମାଦେର ପ୍ରଥମ ଶୋକ ।

ବାବା ଶୁଧୁ ଏକା-ଏକାଇ ମାରା ଯାନନି । ବାବା ବେଁଚେଓ ଛିଲେନ ବଡ଼ ଏକା ।

## ମଧ୍ୟବିତ୍ତ

ବାଢ଼ି ଫିରେ ଧରାଚାନ୍ଦୋ ଛାଡ଼ିଲ ଶୁଭେନ୍ଦୁ । ବୁଧବାରଟାଯ ବଡ କାହିଲ ଦଶା ହସା ହସ ତାର । କଲେଜ ଛୁଟିର ପର ତିନ ବ୍ୟାଚ ଟିଉଶନି ଥାକେ, ଦୁଟୋଇ ଅନାର୍ସେର ବ୍ୟାଚ । ଶୁଧୁ ନୋଟ ଦିଲେଇ ହସ ନା, ଜନା ପନେରୋ ଛେଲେର ସଙ୍ଗେ ବକତେଓ ହସ ବହକ୍ଷଣ । ମାଥା ପୁରୋ ମହାଶନ୍ୟ ହସେ ଯାଯ । ତାରପର ମିନିଟ ପଞ୍ଚଶ ଶହରତଳିର ଟ୍ରେନ ଉଜିଯେ ଯାଦବପୁର, ନେମେ ଗାଦଗଦେ ଡିଡ ଠେଲେ ଚାର-ପାଂଚ ମିନିଟ ହାଁଟା । ଏରପର କି ଆର ଶରୀର ଚଲେ !

ଅର୍ଚନା ଡ୍ୱିଇଂରମେ । କେବଳ ଟିଭିର ସିନେମାଯ ମନ୍ଦ । ବିମଲିର ମାସ୍ଟାରମଶାଇ ଏସେଛେନ, ମେଯେ ପଡ଼େଛେ ପାଶେର ସରେ, ଶବ୍ଦ ତାଇ କମାନୋ ଆହେ ଟିଭିତେ । ତବୁ ମାବେ ମାବେ ମୁଦୁମନ୍ଦ ବାଜନା ଶୋନା ଯାଯ, ଗାନେର କଲିଓ ।

ପର୍ଦ୍ଦ ସରିଯେ ଡୁକି ଦିଛେ ସରସ୍ତାତି । ନୃତ୍ୟ କାଜେର ମେଯେ । ରାତଦିନେର ଫାଇଫରମାଶ ଖାଟାର ଜନ୍ୟ ମାସଖାନେକ ହଲ ଜୋଗାଡ଼ କରା ଗେଛେ ଶାଲୀର ଦୌଲତେ । ରାଯାଦିଦି ନା ରାଯାଚକ କୋଥାଯ ଯେନ ବାଢ଼ି । ବଚର ଦଶ-ଏଗାରୋ ବସ ମେୟୋଟାର, ଶ୍ୟାମଲା ରଂ, ମୁଖଥାନି ଭାରି ଫୁଟଫୁଟେ ।

ଶୁଭେନ୍ଦୁ ହ୍ୟାଂଗାରେ ଶାର୍ଟ ଟାଙ୍ଗାତେ ଟାଙ୍ଗାତେ ବଲଲ—କୀରେ, କିଛୁ ବଲବି ?

—ତୁ ମା ଖାବେ ମାମା ?

—କେ କରବେ ? ତୁଇ ?

ମେୟୋଟା ଫିକ କରେ ହାସଲ,—ଆମି ଚା କରତେ ଶିଖେ ଗେଛି ।

—ବାହ୍, ତୁଇ ତୋ ଖୁବ କାଜେର ହସେ ଗେଲି ରେ !

—ଆମି ଗ୍ୟାସ ଜ୍ଵାଲାନୋଓ ଶିଖେ ଗେଛି । ନେବାତେଓ ପାରି ।

ସରସ୍ତାତିର ଲାଜୁକ ଉଚ୍ଛାସେ ମଜା ପେଲ ଶୁଭେନ୍ଦୁ । ଦିବି ବୁଲି ଫୁଟେ ଗେଛେ ମେୟୋଟାର । ମନେ ହଚ୍ଛେ ଏବାର ଅର୍ଚନାର କପାଳ ଭାଲ, ମେୟୋଟା ବୋଧହୟ ଟିକେଇ ଗେଲ । ଓଫ, ପ୍ରଥମ କଦିନ ଏହି ମେଯେ ନିଯେଓ ଯା ଭୋଗାନ୍ତି ଗେଛେ ! ସକାଳ ନେଇ, ସଙ୍କେ ନେଇ—ସାରାକ୍ଷଣ ଦରଜାର ଆଡ଼ାଲେ ଗିଯେ ଫାଁଚଫାଁଚ କାନ୍ଦା । ଖେତେ ଦିଲେ କାଂଦେ, ଶୁତେ ବଲଲେ କାଂଦେ, ଟିଭି ଦେଖତେ ଡାକଲେଓ କାଂଦେ, ସେ ଏକ ଯମସ୍ତ୍ରଗ୍ରହଣ ! ଅର୍ଚନା ତୋ ଏକ ସମୟେ ଠିକଇ କରେ ଫେଲେଛିଲ ମେଜଦିର ବାଢ଼ିତେ ଫିରିଯେଇ ଦିଯେ ଆସବେ ସରସ୍ତାକେ । ଯାର ନାଡିହେଁଡ଼ା ଧନ ସେ ଏମେ ବାବା ଫେରତ ନିଯେ ଯାକ ଦେଶେ । ସୁଖେର ଚେଷେ ସ୍ଵତ୍ତି ଭାଲ ।

ନାହ୍, ଶୁଶ୍ରେର ଜଲବାତାମେର ଗୁଣ ଆହେ !

ଶୁଭେନ୍ଦୁ ଆଲଗୋହେ ସବ୍ଦି ଦେଖିଲ । ନଟା ବାଜତେ ଦଶ । ଦଶଟାର ଟିଭି ସିରିଆଲ ଶେଷ ନା ହଲେ ଖେତେ ବକ୍ଷା ହସି ନା । ଏଥନ ଏକ କାପ ଚା ଖାଓଯାଇ ଯାଯ । ଶିତମୁଖେ ବଲଲ, —ଠିକ ଆହେ କର । ଦେଖିମ୍ ଗ୍ୟାସ ସାବଧାନେ ଜ୍ଵାଲାସ ।

ସରସ୍ତା ପ୍ରାୟ ଉଡ଼ିତେ ଉଡ଼ିତେ ଚଲେ ଯାଛିଲ, କୀ ମନେ କରେ ତାକେ ଡାକଲ ଶୁଭେନ୍ଦୁ । ବଲଲ,— ଦିଦିର ମାସ୍ଟାରମଶାଇକେ ଜଲଖାବାର ଦେଓଯା ହସେଛେ ?

—ହୁଁ । ମାମି ଅଫିସ ଥିକେ ଫେରାର ସମୟେ ମିଟି ଏନେଛିଲ ।

ମିଟି ! ବେୟାଲିଶ ବଚରେର ଅଳ୍ପ ଭୁଲ୍ଲି ହୁଏଯା ପେଟେ ଆଲଗା ହାତ ବୋଲାଲ ଶୁଭେନ୍ଦୁ ।

এক মুহূর্ত ভেবে বলল,— হাঁরে সরস্বতী, তুই ওমলেট বানাতে পারিস ?

—ওমলেট !

—হাঁ-আ—ডিমভাজা !

বোকা বোকা মুখে দুদিকে ঘাড় নাড়ল সরস্বতী।

—এত সিস্পল কাজটা এখনও শিখিসনি ! শুভেন্দুর মুখে আফসোসের শব্দ,—খুব সোজা বে। ডিমটাকে ফাটিয়ে... গুলে... একটু নুন দিয়ে ভাজতে হয়। সসপ্যানে এক চিমটি তেল দিয়ে নিবি, তেল গরম হলে ডিম ছাড়বি...সঙ্গে একটু পেঁয়াজকুচি লঙ্কাকুচিও দিতে পারিস...না দিলেও চলে...

সরস্বতী মন দিয়ে শুনছে, কিন্তু কিছু বুঝাচ্ছে বলে মনে হয় না। শুভেন্দু হেসে ফেলল,—থাক, তুই আমাকে বরং দুটা বিস্কুট দিস।

—মিস্টি বিস্কুট না নোন্তা বিস্কুট ?

—নোন্তা।

সরস্বতী চলে যাচ্ছিল, আবার তাকে ডেকেছে শুভেন্দু,—আমার তোয়ালেটা ওই বাথরুমে আছে তো বে ?

এক পলক ভেবে সরস্বতী বলল,—না তো ! যমুনামাসি কেচে দিয়েছিল, বারান্দায় শুকোতে দিয়েছি। এনে দেব ?

—উঁহ। চা করার আগে ওটা একটু বাথরুমে রেখে দিয়ে যা, কেমন ?

নবাই ডিগ্রি ঘাড় হেলিয়ে চলে গেল সরস্বতী।

বৈশাখ চলছে। প্রথম বৈশাখ। রাত নটাতেও দিনের তাত মরেনি। শুভেন্দুর গা হাত পা চিটপিট করছিল। ক'দিন ধরে হিউমিডিটিও বেড়েছে বটে, পাখার হাওয়াও গায়ে লাগে না। সারাক্ষণ বিজিবিজে ঘাম। প্রতি গ্রীষ্মে নিয়ম করে ঘামাচি বেরোয় শুভেন্দুর, চুলকে চুলকে গা লাল হয়ে যায়। ভাগ্য ভাল, এ বছর আক্রমণটা শুরু হয়নি !

শুভেন্দু স্নানে গেল।

বছর তিনেক হল ফ্ল্যাটটা কেনা হয়েছে। বড় নয়, আবার খুব ছোটও নয়, মাঝারি মাপের। সিঁড়ি প্যাসেজ সব ধরে সাতশো ষাট। টু রুম ড্রয়িং ডাইনিং। তিনজনের সংসারে এর বেশি আর কী লাগে ! ঘর দুটো মোটামুটি বড়ই। বাপ মার তেরো বারো, মেয়ের বারো-বারো। বসার জায়গাটা নিয়ে একটু মন-খুঁতখুঁত আছে অর্চনার, আরেকটু ছড়ানো হলে যেন ভাল হত। তা সব কি আর মনের মতো হয় ! ডাইনিং স্পেসটা বেশ কায়দার—এল শেপের। বসার জায়গা থেকে খাবার টেবিল দেখা যায় না, বাড়ির একটা আবু থাকে। ব্যালকনিটাও যথেষ্ট চওড়া, লাইন দিয়ে সেখানে টব রেখেছে অর্চনা। বাথরুম দুটো। শুভেন্দুর ঘরের লাগোয়াটা বড় ছোট, তৃষ্ণি করে স্নান করা যায় না—রাতবিরেতে শুধু কাজে লাগে। মাথার ওপর শাওয়ার থেকে বৃষ্টিধারা ঝরবে, হাত পা ছড়িয়ে দাঁড়িয়ে প্রতিটি রোমকুপে শুষে নেওয়া যাবে জলকণা, তবেই না সুখ !

স্নানের পর ঘাড়ে গলায় হালকা পাউডার থপে অর্চনার পাশে এসে বসল শুভেন্দু। নীচু স্বরে জিজাসা করল,—মাস্টারমশাই আজ কখন এসেছেন ?

রঙিন পর্দায় বিরহের দৃশ্য চলছে। মহীশূরের বৃন্দাবন গার্ডেনে গান গেয়ে গেয়ে

কাঁদছে নায়িকা, একই গানের পরের লাইন মুহূর্ত-এর জুহু বিচে বসে গাইছে নায়ক,  
যুগল অঙ্গতে পর্দা প্রায় ভিজে ঘায়-ঘায়।

অর্চনা বিরহ থেকে চোখ সরাল না, বলল,—পৌনে আটটা।

—অনেকক্ষণ পড়াচ্ছেন তো আজ ?

—দেড় ঘণ্টা তো পড়ানোরই কথা !

—হ্রম, তা ঠিক। তবে এই তো সবে নতুন ক্লাস শুরু হল...

অর্চনা ঘুরে তাকাল,—ঘিমলির এখন ক্লাস নাইন, স্যার। গোড়ার দিকে লুজ দিলে  
পুরো মাধ্যমিক ঝরবারে হয়ে যাবে।

সরস্বতী চা-বিস্কুট নিয়ে এসেছে। কাচবসানো বেতের সেটার টেবিলে কাপ প্লেট  
রাখল সাবধানে।

অর্চনা ভুরু কেঁচকাল,—কীরে, মামাকেই শুধু চা দিলি ? আমাকে দিবি না ?  
ছেউ করে হাসল সরস্বতী,—তোমারও করেছি। আনছি।

চা খাচ্ছে দু'জনে। সরস্বতী টিভির একদম সামনেটায় গিয়ে বসল মেঝেতে।  
ঘাড় উঁচু করে তাকিয়ে আছে পর্দার দিকে। চোখ স্থির।

পিছন থেকে শুভেন্দু হাসতে হাসতে বলল—কী দেখছিস রে সরস্বতী ?

—টিবি।

—টিভি তো বুবালাম, টিভিতে কী দেখছিস ?

সরস্বতী শরীর মোচড়াল,—টিবি।

হাহা হেসে উঠল শুভেন্দু। অর্চনা বলল,—খুব টিভি দেখার নেশা হয়েছে মেয়ের !

শুভেন্দু বলল,—বেশ চাম্পুও হয়ে উঠেছে।

—কীরকম ?

—দেখলে না, বলতে হল না, ঠিক দু'কাপ চা করে ফেলেছে ! বুঁৰো গেছে  
মামা চা খেলেই মামী থাবে।

—অথবা মামী থেলে মামা ! অর্চনা ঠোট টিপে হাসল,—এসব দেখতে তো ভাল  
লাগে, শেখাতে কম পরিশ্রম করতে হয় !

শুভেন্দু ফুট কঢ়িল,—সে তো পরিশ্রম হালকা করার জন্য পরিশ্রম !

—তাই একটু চেষ্টা করো দ্যাখো না, বুবারে গাধা পিটিয়ে ঘোড়া করা কত কঠিন !

—হয়ে যাবে। এক মাসে যথেষ্ট প্রগ্রেস হয়েছে।

—এক মাসে মেয়েটার চেহারাটাও কত চকচকে হয়ে গেছে, দেখেছ ?

—হওয়াটাই তো স্বাভাবিক। পেটভরে খেতে পাচ্ছে, ভালমদ্দ খাওয়া... তেল  
মাখছে, সাবান মাখছে...। দেশে কি আর এসব জুটত ?

—মেজদি বলছিল, পরের বোনটাকেও নাকি ওর মা কাজে লাগিয়ে দেবে। একটা  
ভাল বাড়ি খুঁজছে।

—ভাবো একবার ! কতটা হেলপলেস্ অবস্থায় পড়লে একটা মা তার বাচ্চা বাচ্চা  
মেয়েদের নোকের বাড়ি খাটোর জন্য পাঠায় ! চা শেষ করে শুভেন্দু সিগারেট খুঁজছে।  
ভাকল সরস্বতীকে,—আাই, ঘর থেকে আমার সিগারেট-দেশলাইটা এনে দে তো !

দৌড়ে ঘর থেকে সিগারেট-দেশলাই এনে দিল সরস্তী।

অর্চনা বলল—যা, কাপড়িশগুলো নিয়ে যা, ধূয়ে রাখ। দেখিস্ বাবা, ভঙ্গিস্ না।

অতি সন্তর্পণে কাপ ডিশ নিয়ে চলে যাচ্ছে সরস্তী, সেদিকে তাকিয়ে সিগারেট ধরাল শুভেন্দু। ধোঁয়া ছেড়ে বলল,—তোমাকে বলি না মাঝে মাঝে, আমরা হলাম নিয়ে প্রিভিলেজড ক্লাস ! সুন্দর ফ্ল্যাটট্যাট হাঁকিয়ে বসে আছি, মেয়েকে নামী স্কুলে পড়াচ্ছি, বছরে দু'বার পুরী সিমলা ঘূরছি... আমাদের একটা মেয়ের পেছনে খরচা কত বলো ? হাজারের ওপর ! আর এই মেয়ে, অ্যাট দিস্ টেণ্ডার এজ, আর্নিং ফর দ্য ফ্যামিলি ! এই যে ডিসজিপেন্সিটা তৈরি হচ্ছে, এটা কি সোসাইটির পক্ষে ভাল ? কোনও সমাজ এভাবে টিকতে পারে না।

—এর জন্য দায়ী আমাদের ইকনমিক সিস্টেম।

—ইকনমিক সিস্টেমই বলো, আর পলিটিকাল সিস্টেমই বলো—সব একদিন তাসের ঘরের মতো শেঙে পড়ে যাবে। দেশের এইত্তি পারসেন্ট লোক পভারটি লাইনের নীচে থাকবে, আর কুড়ি পারসেন্ট লোক বসে বসে পোলাও মাংস খাবে—এটা কোন কাজের কথা ?

বিমলির মাস্টারমশাই বেরিয়ে গেলেন। মাস্টারমশাইকে এগিয়ে দিয়ে টাং করে টিভির সামনে এসেছে বিমলি—ইশ, তোমরা চ্যানেল ঘোরাওনি এখনও ? আদ্যিকালের একটা ফিল্ম দেখছ বসে বসে ? বলেই টক টক সেটার ঘোরাচ্ছে। মনোরম এক শ্যাম্পুর বিজ্ঞাপনে এসে থামল—এক্ষনি এখানে সিরিয়ালটা শুরু হবে !

অর্চনা হাঁক দিল—সরস্তী, ফ্রিজ থেকে তরকারিগুলো বার করে ফ্যাল।

রান্নাঘর থেকে মিহি গলায় উত্তর এল, বেখেছি মাঝী।

—গুড়। যখন বলব, তখন খাবার গরম করে ফেলবি।

বিমলি শুভেন্দুর পাশে এসে বসেছে।

শুভেন্দু মেয়ের চুল ঘেঁটে দিল—পড়তে-পড়তেও তোর মাথায় সিরিয়াল ঘোরে নাকি ?

—এই সিরিয়ালটা খুব ভাল বাবা। কলেজের ছেলেমেয়েদের নিয়ে। বিমলি পা দোলাচ্ছে,—জানো বাবা, আমাদের স্কুলে একটা নতুন প্রোগ্রাম শুরু হয়েছে। লিটেরেসি ক্যাম্পেন।

—বাহ, এ তো খুব ভাল জিনিস !

—আমাদের মতো হয়েছে ইচ ওয়ান টিচ ওয়ান।

—তুই স্টুডেন্ট পাবি কোথায় ? সঁড়াশি নিয়ে ধরতে বেরোবি ?

হাসিতে লুটিয়ে পড়ল বিমলি,—ওমা, তা কেন ! আমাৰ তো কত সুবিধে। স্টুডেন্ট ঘৰেই রয়েছে। সরস্তী অ আ ক খ কিছু জানে না—ওকেই পড়াব।

অর্চনা প্রশ্ন কৰল,—এর জন্য তোদের নম্বৰ আছে ?

—না, নম্বৰ নেই। তবে স্কুল থেকে একটা সার্টিফিকেট দেবে।

অর্চনা সন্দিক্ষ চোখে তাকাল,—স্কুল কী করে বুঝবে তুই সত্যি সত্যি পড়িয়েছিস ?

—আমাকে প্রফু দিতে হবে। সরস্তী লিটারেট হয়ে গেলে স্কুলে নিয়ে গিয়ে

ওকে দেখাতে হবে, স্কুল ওর পরীক্ষা নেবে। বলতে বলতে গলা তুলেছে বিমলি,  
—আই সরস্বতী, এদিকে শুনে যা!

সরস্বতী গুটি গুটি পায়ে সামনে এসে দাঁড়াল।

বিমলি বলল,—কীরে, তোর সঙ্গে আমার কথা হয়ে গেছে না?

সরস্বতী ঘাড় নাড়ল।

—কাল থেকেই কিন্তু পড়তে বসতে হবে।

আবার ঢক করে ঘাড় নাড়ল সরস্বতী।

বিমলি বলল,—বাবা, আমাকে কাল কিছু টাকা দিও তো। ওর জন্য কয়েকটা এলিমেন্ট্রি বই কিনতে হবে।—শ্লেট পেনসিল খাতাও। মেয়ের কথা শুনতে শুনতে মুঝ হচ্ছিল শুভেন্দু। গবিত দৃষ্টিতে অর্চনার দিকে তাকাল। যেন বলতে চাইল এই না হলে আমার মেয়ে! নগণ্য ওই গরীব মেয়েটাকে লেখাপড়া শেখানোর কথা মনে এসেছে বিমলির, এব থেকেই বোৰা যায় বিমলির মধ্যে মানবিক গুণের বিকাশ হচ্ছে ঠিক ঠিক।

দ্বারাজ গলায় শুভেন্দু বলল,—কত টাকা লাগবে তোর, নিয়ে নিস!

### দুই

খাতার ডাঁই নিয়ে বসেছে শুভেন্দু। বি এ পরীক্ষার খাতা। গরমের ছুটির মধ্যেই ইউনিভার্সিটি পাঠিয়ে দিয়েছিল, এখনও দেখা হয়ে ওঠেনি। হেড এগ্জামিনার তাড়া লাগাচ্ছেন, সামনের সপ্তাহের মধ্যেই খাতা জমা দিতে হবে। তিনশো খাতার জঙ্গল সাফ করতে তিন দিন কলেজ থেকে ছুটি নিয়েছে শুভেন্দু।

একগোছা খাতা শেষ করে শুভেন্দু আড়মোড়া ভাঙল একটা। ঘড়ি দেখল। চারটে পনেরো। তার মানে দুপুরের ঘূম দিয়ে উঠে এক ঘণ্টায় মাত্র সাটটা খাতা দেখা হল। খুবই মন্দ গতি। এভাবে চললে পরশুর মধ্যে এই পাহাড় শেষ হবে? মনে হয় না!

আরেকটা বাণিল খুলল শুভেন্দু। চালশে চশমা খুলে বাইরের দিকে তাকাল। বষ্টি পড়ছে তো পড়ছেই বমবাম বমবাম। আয়াট মাস্টা শুখা গিয়ে এবাব গোটা বৰ্ষা যেন শ্রাবণে এসে চাক বেঁধেছে। বিকেল হলেই এখন ঘন আঁধার, তাকালেই মাথা ধরে যায়।

চশমা আবাব চোখে লাগিয়ে শুভেন্দু খাতায় ঝুঁকল। একটা হাঁকও পাড়ল সঙ্গে সঙ্গে,—সরস্বতী, আই সরস্বতী? কীরে, আমায় চা দিবি না?

চিকন গলার জবাব ভেসে এল,—দিছি মামা। এই অঙ্গটা করে নিই।

খাতায় লাল পেনসিল চালাতে চালাতে শুভেন্দু চেঁচাল,—পাঁচ মিনিট পরে অক্ষ করলে তোমার মহাভারত অশুন্দ হয়ে যাবে না। আগে আমায় চা দাও।

তিন মিনিটে চা এসে গেল। খাটের পাশে চা রেখে চুপটি করে দাঁড়িয়ে আছে সরস্বতী, দেখছে মামাকে।

- খাতার ওপর চশমা রেখে শুভেন্দু ঢায়ে ঢুমুক দিল। হাল্কা গলায় জিজ্ঞাসা করল,  
 — কী দেখছিস রে ?  
     ঝট করে খাতায় বসানো নম্বরের দিকে আঙুল দেখাল সরস্বতী। শুভেন্দু হাসল,  
 — পড়তে পারিস এটা ? বল তো কত ?  
     — সেভেন।  
     বিমলির বাংলা ভাল আসে না, সব কিছুই ইংরেজিতে শেখাচ্ছে। ভাল, রায়দিঘির  
 মেয়ে কনভেন্টে এডুকেশন পাচ্ছে !  
     শুভেন্দু আরেকটা নম্বরের দিকে আঙুল দেখাল,—এটা কত ?  
     — সিক্ষা।  
     শুভেন্দু পরীক্ষকের ভঙ্গিতে প্রশ্ন করল,—দুটো যোগ করলে কত হয় ?  
     — সেভেন প্লাস সিক্ষা ? মাথা চুলকোতে চুলকোতে কড় শুনছে সরস্বতী। ভীতু  
 মুখে বলল,—থার্টিন !  
     — তুই তো যোগ শিখে ফেলেছিস রে !  
 সরস্বতী অধোবদন।  
     শুভেন্দু মুহূর্তের জন্য ভাবল, মেয়েটাকে দিয়ে পরীক্ষার খাতার নম্বর যোগ করিয়ে  
 নিলে কেমন হয় ! নিজেরও সময় বাঁচবে, মেয়েটাও যোগে আরও পক হয়ে উঠবে !  
 বিমলি মেয়েটার পিছনে খাটচে খুব, মেয়েটারও বেশ মাথা আছে, শুভেন্দুরও কি  
 বিমলিকে একটু সাহায্য করা উচিত নয় ! থাক, বেশি ভুলভাল করলে খাতা ঝুটিনির  
 সময়ে কথা উঠবে।  
     কাপ প্লেট মেয়েটার হাতে দিয়ে শুভেন্দু বলল,—তুই কিন্তু কাজে গণগোল করে  
 ফেলছিস সরস্বতী !  
     — কেন মামা ?  
     — বলেছি না তোকে খাতা দেখার সময়ে আমার ঘন্টায় ঘন্টায় চা চাই ! আমি  
 কখন ঘূম থেকে উঠেছি ?  
 সরস্বতী আবার অধোবদন।  
     — ঘড়ি দেখে রাখ ! ঠিক আবার এক ঘন্টা পর।  
     ঘড়ি দেখানোটা অর্চনা শিখিয়েছে। দেওয়ালের কোয়ার্টজ ঘড়ির দিকে তাকিয়ে  
 সরস্বতী বলল,—এখন চারটে পাঁচশ। তার মানে আবার পাঁচটা পাঁচশে চা খাবে, তাই  
 তো ?  
     — ইয়েস। সাড়ে পাঁচটা যেন না হয়।  
     ঘাড় হেলিয়ে ঢলে যাচ্ছিল সরস্বতী, ডাকল শুভেন্দু,—আই, তুই আমাকে বিকেলে  
 জলখাবার খাওয়াবি না ?  
     — দিদি ইস্কুল থেকে আসুক, দইচিঙ্গে মেখে দেব।  
     — আহ, দইচিঙ্গে ! শুভেন্দু সিগারেট ধরাল,—আর কিছু নেই ঘরে ?  
     — ফেনচ টোস্ট খাবে মামা ? সরস্বতীর চোখ জুলজুল করে উঠল,—ওই যে ডিমে  
 ভুবিয়ে পাঁড়ুরঞ্জি ভাজে...আমি শিখে গেছি।

শুভেন্দু বিশ্বিত চোখে দেখল সরস্পতীকে। ভুরু নাচাল,—তোকে তো কালটিভেট করতে হচ্ছে রে! আর কী শিখেছিস?

সরস্পতী লজ্জায় ন্যুনে গেছে। শরীর মুচড়োতে মুচড়োতে একের পর এক তার শিক্ষার বর্ণনা করে চলেছে। সে এখন ডাল সাঁতলাতে পারে, বেগুন পোড়াতে পারে, এ থেকে জেড অবি লিখতে পারে, পেঁয়াজকুচি আর পেন্সন্ডানা দিয়ে আলুসেন্ধ মাখতে পারে, ওয়ান থেকে হানড্রেড গুণতে পারে, রংটি সেঁকতে পারে, যোগ করতে পারে, আলু পটল ডিম মাছ সব ভাজতে পারে, আ'কার ইকার উকার পড়তে পারে, মামী যেখানে যা সাজিয়ে রাখে সেরকমটি বজায় রেখে ঝাড়াবুড়ি করতে পারে। শুধু এখনও সে বোল তরকারিটা রাঁধতে পারে না, যুক্তাক্ষর পড়তে পারে না, বিয়োগটা করতে শেখেনি, এই যা!

ফিরিস্তি শুনে শুভেন্দু থ। মাত্র তিন মাসে এত উন্নতি! শিক্ষার সুযোগ পেলে এইসব মেয়েও কী তরতর করে এগোতে পারে! টিউটরের তো গুণ আছেই, তবে এই মেয়ের নেওয়ার ক্ষমতাও কম নয়!

শুভেন্দু হাসতে হাসতে বলল,—এমন দিনে কী খেতে ভাল লাগে জনিস? মুড়ি আর গরম গরম তেলেভাজা—আলুর চপ, বেগুনি, পেঁয়াজি...

সরস্পতীর মুখ শুকিয়ে গেল। নত মুখে বলল,—আমি তো ওগুলো শিখিনি মামা!

—দূর, তুই ভাজবি কেন? দোকান থেকে কিনে আনবি, চিনিস দোকান?

—হ্যাঁ, ওই তো চায়ের দোকানের পাশে ভাজে। নিয়ে আসব?

—গুছিয়ে আনতে পারবি তো? সেদিন আমার সিগারেট আনতে গিয়ে কুড়ি পয়সা কম এনেছিলি!

—দাও না তুমি, আমি ঠিক পারব।

বানাঘরে কাপডিশ রেখে দৌড়ে ফিরে এসেছে সরস্পতী। মন দিয়ে শুভেন্দুর অর্জার নেট করে নিল মস্তিষ্কে, তারপর ছাতা নিয়ে লাফাতে লাফাতে বেরিয়ে গেল।

শুভেন্দু সরস্পতীর যাওয়াটা দেখছিল। ঝিমলির আগেকার একটা ছোট হয়ে যাওয়া সালোয়ার কমিজ পরেছে মেরেটা, পিছন থেকে কী বড়সড়টাই না লাগছে! কে বলবে মাস চারেক আগেও এই মেয়ে অপুষ্টিতে শীর্ণ পাঞ্চাসে মেরে ছিল!

পল্কা গর্ব নিয়ে চোখে চশমা লাগাল শুভেন্দু, ডুবল খাতায়। উফ, এখনও এত পাহাড়! পাসকোর্সের তো খাতা, চোখ বোলাতে বোলাতে গড় বাসিয়ে যাবে নাকি! খাতা দেখতে ইউনিভার্সিটি যা টাকা দেয়, এক ব্যাচ অনার্স পড়লে এক মাসে সেই টাকা চলে আসে। তার ওপর ইউনিভার্সিটির ধারে কারবার, ছাত্রো দেয় নগদ। এত পরিশ্রমের কোনও মানে হয়!

একটা খাতাও পুরো দেখা হল না, হটেপুটি করে এসে গেছে ঝিমলি। সর্বাঙ্গ বৰ্ষতিতে মোড়া, মাথায় ঘোমটাটুপি। জল ঝরছে অঝোরে।

টুপি রেন্কেট খুলে খাবার টেবিলের দিকে ছুঁড়ে দিল ঝিমলি। চেঁচাচ্ছে,—বাবা, তুমি এখন সরস্পতীকে দোকানে পাঠালে?

—কেন, কী হয়েছে তাতে?

— ওর এখনও অঙ্ক শেষ হয়নি !

— ফিরে এসে করবে।

— বারে, তাহলে আজকের টাঙ্ক দেব কখন ?

— সক্ষেবেলা দিস।

— সক্ষেবেলা ওকে ইংলিশ পড়তে হবে। স্পেলিং শেখাচ্ছি এখন। বিমলির স্বরে বিরক্তি,— উফ, তুমি যে কী করো না ! এভাবে পড়লে ওর পড়াশুনো এগোবে ?

শুভেন্দু একটু আহত হল। গঞ্জীর স্বরে বলল,— যথেষ্ট পড়ছে। তুমি ওকে নিয়ে বেশি বাড়াবাঢ়ি কোরো না। তোমার নিজের ক্লাস টেস্টের নম্বর কম হচ্ছে, সেদিকে খেয়াল আছে ?

বিস্মিত মুখে দরজায় এল বিমলি,— সে তো আমার জ্বর হয়েছিল, তাই।

— এর আগেও তুমি জ্বর নিয়ে এর থেকে ভাল টেস্ট দিয়েছে। শুভেন্দু একটু নরম হল,— ওকে নিজের মতো করে পড়তে দাও। ও এখনই যা শিখেছে, ওদের ফ্যামিলিতে ক'জন তা শেখে !

— চাস পায় না, তাই শিখতে পারে না।

— কেন চাস পায় না ?

— গরীব বলে।

— ইয়েস। ওই কথাটি মাথায় রেখো। ওদের খেটে খেতে হয়। শুয়ে বসে পড়াশুনোর মতো লাঞ্চারি অ্যাফোর্ড করার ক্ষমতা ওদের নেই।

— কেন নেই বাবা ?

— এ তো অনেক জটিল সমাজতাত্ত্বিক ব্যাপার। তুমি বুঝবে না।

— বুঝিয়ে বলো।

শুভেন্দু লেকচারের ঢঙে গলা ঝাড়ল,— এই সমাজে দুধরনের মানুষ আছে। এক দল হল শোষক, আর এক দল হল শোষিত। যারা শোষক তারা শুধু শোষিতদের রক্ত চুয়েছে। এই সরস্বতী বা ওদের মতো যারা আছে, তারা সব হল শোষিত ক্লাস।

বিমলির মুখে যেন ছায়া পড়ল। উদ্বিগ্ন স্বরে প্রশ্ন করল,— শোষক কারা বাবা ? আমরা ?

— দূর, আমরা কেন হতে যাব ! শুভেন্দু হোঁচ্ট খেল,— তারা হচ্ছে ভীষণ বড়লোক, তাদের চোখে দেখা যায় না। আমরা হচ্ছি পেটি মিডল ক্লাস—মধ্যবিত্ত।

বিমলি বুঝি নিচিস্ত হল খানিকটা। হাসিমুখে বলল— তাহলে ওদের শিক্ষিত করতে আমদের অসুবিধে কোথায় ?

— ওভাবে হয় না বে। এর জন্য বিপ্লব দরকার। রেভলিউশন। তখন সব কিছু বদলে যাবে। শুভেন্দু আঙুল তুলল,— ভিজে জুতো পরে দাঁড়িয়ে আছিস কেন ? ঠাণ্ডা লেগে যাবে যে। যা, জামাকাপড় বদলে আয়। সরস্বতী গরম গরম তেলেভাজা আনছে, যা জমবে না বিকেলটা... !

ঠোঙ্গভর্তি তেলেভাজা নিয়ে ফিরল সরস্বতী। সর্বের তেল দিয়ে পরিপাটি করে মুড়ি মাখল, শুভেন্দুর পছন্দমতো পেঁয়াজ শশা কুচি কুচি করে ছড়িয়ে দিল মুড়িতে।

বান্নাঘরের শিশিতে বাদাম থাকে, খোসা ছাড়িয়ে বাদামও মিশিয়ে দিয়েছে।

বিমলি সোফায় বসে মুড়ি তেলেভাজা খাচ্ছে, সরস্বতী ঠোঙা নিয়ে বসেছে তার পায়ের কাছে। অঙ্ক কথছে।

শুভেন্দুর খাতা দেখায় মন বসছিল না। একটা দুটো মুড়ি ছাঁড়ছে মুখে। বুকে কী যেন একটা খচখচ করছিল শুভেন্দুর। বুকে না মস্তিষ্কে? আরেক কাপ চা খেতে ইচ্ছে করছে। সরস্বতীকে ডাকতে গিয়েও ডাকল না। তিতকুটে মেজাজে খাতা দেখতে গিয়ে তিন-তিনটে ছেলে ফেল করে গেল! কী যে সব লেখে ছাইপাঁশ! ইতিহাসের একটা বেসিক সেম পর্যন্ত নেই! কোন কলেজের খাতা কে জানে?

ঘোর বর্ষায় সিঙ্গ হয়ে ফিরল অর্চনা। বাজপাখির চোখে জরিপ করল ঘরদোর, সরস্বতীকে দিয়ে শুকনো জামাকাপড় আনাল ঘর থেকে, পোশাক বদলে বাথরুম থেকে মাথা মুছতে মুছতে বেরিয়ে এল। বর্ষা তার ভারী পছন্দের ঝাতু, পাখির মেজাজে বসল শুভেন্দুর পাশে। লঘু স্বরে বলল—কিগো, তোমার আর কদ্দূর?

পাশে পড়ে থাকা বাণিল টেরচা চোখে দেখে নিল শুভেন্দু,—শ'দুই হবে।

—কেন যে আগে থেকে দ্যাখো না! রোজ দশ-বিশটা করে দেখলেও তো চাপ অনেক কমে যায়!

শুভেন্দু বলতে পারত, কলেজ টিউশনি সেবে এসে শরীরে শক্তি থাকে না। বলল না। পাল্টা পশ্চ করল—চেকটা জমা করেছ? হাউস বিল্ডিং লোনের?

অর্চনা চিরনি বোলাচ্ছে মাথায়—না, আজ দেওয়া হয়নি। অফিসে কাজ ছিল। লোকজনও আজ কম এসেছিল...

—এ কি ইরেসপেসিবিলিটি! শুভেন্দু হঠাৎ তেতে গেল—আজ লাস্ট ডেট ছিল না? এরপর ওরা যদি এক্সট্রা ইন্টারেস্ট চার্জ করে?

—বাবে, আমার একদিন অফিসে কাজ থাকতে পারে না? বলছি তো কাল দিয়ে দেব!

—সরকারী অফিসে আর কাজ দেখিয়ো না। পাঁচ মিনিটের জন্য বেরোবে, অফিস থেকে পাঁচ পা গিয়ে চেকটা দিয়ে আসবে, তাতেও গড়িমসি! তোমাকে দায়িত্ব দেওয়াটাই ভুল হয়েছে!

—নিজে গেলেই পারতো। ঘুমিয়ে ঘুমিয়ে চোখ না ফুলিয়ে তাও একটা সংসারের কাজ হত।

নাকের পাটা ফুলে গেল শুভেন্দুর। আরেকটা ছেলে উনত্রিশে আটকে গেল। পাশের খাতার স্তুপ দেখিয়ে বলল, ঘুমোচ্ছিলাম! তাহলে এত খাতা শেষ করল কে? ছুটি কি আমি মুখ দেখতে নিয়েছি?

—ন্যাকামোর কথা বলো না। ন মাস তো ছুটিই থাকে, তার ওপর আবার খাতা দেখার বাহানায় ছুটি নেওয়ার চঙ্গ! খাতা তো ফেলে দিয়ে গেছে সামারে, অ্যাদিন বসে বসে আঙ্গু চূঁচছিলে কেন?

অনেক জবাবই ঠেঁটের ডগায় ছিল শুভেন্দুর। অর্ধেক গ্রীষ্মের ছুটি তো তার মেয়ে বউ নিয়ে নৈনিতাল আলমোড়া কৌশানি রাণীক্ষেত্র ঘুরতে ঘুরতেই কেটে গেল!

তারপরও কম ফ্যাচাং গেছে ! দাদার মেয়ের পাকা দেখা। ছোট শালার জন্য পাত্রী দেখতে দুর্গাপুর ছোটা। অর্চনার তলপেটে একটা যন্ত্রণা হচ্ছিল, তাকে নিয়ে ডাঙ্গারের কাছে দোড়নো—এই টেস্ট, ওই টেস্ট। এগুলো কি কাজ নয় ? ছুটি না পঢ়িয়ে, তার বদলে তিনটে দিন প্রাপ্য সি এল নিয়ে এই বিশাল জঙ্গাল সাফ করছে শুভেন্দু, তাতেও অর্চনার গাত্রদাহ ?

শুভেন্দু হঞ্চার দিয়ে উঠল—অ্যাই সরস্বতী...

পড়িমিরি করে ছুটে এসেছে মেয়েটা। সভয়ে দেখছে মামা-মামীকে।

শুভেন্দু কড়া গলায় বলল—আমাকে আবার কটার সময়ে চা দেওয়ার কথা ছিল ?

ঘড়ি দেখে মাথা নামাল সরস্বতী—ভুল হয়ে গেছে মামা। দিদি বলল, আগে অক্ষ করে দেখাতে...

—অক্ষের নিকুটি করেছে। যাও, চা করো গিয়ে। মামী অফিস থেকে ফিরেছে তাকে কে জলখাবার দেবে, আঁ ?

ঘাড় বুলিয়ে চলে গেল সরস্বতী। পিছন পিছন অর্চনাও রান্নাঘরে গেছে। রাত্রের আটা মাথা হয়নি বলে সেও খুব বকছে মেয়েটাকে। শুভেন্দু শুনতে পাচ্ছিল।

আবার খাতা দেখায় মন দিল শুভেন্দু। হঠাতেই কিসের ছায়া পড়ল গায়ে অথবা পড়ল না, শুভেন্দুর মনে হল পড়ছে।

শুভেন্দু চমকে তাকাল। দরজায় ঝিমলি। কেমন একটা চোখে যেন দেখছে বাবাকে !

দু চোখের ভর্তসনাতে কী বলতে চায় ঝিমলি !

### তিনি

পুজোর ছুটির পর সবে কলেজ খুলেছে। কলেজ, কোচিং সেরে শুভেন্দু বাড়ি ফিরে দেখল অর্চনা মুখ হাঁড়ি করে বসে আছে ড্রয়িংরুমে। টিভি বন্ধ। ঝিমলি মাস্টারমশাই-এর কাছে পড়ছে। সরস্বতীকে দেখা যায় রান্নাঘরে।

শুভেন্দুর মেজাজটা বেশ শরিফ আজ, চার মাসের এরিয়ার ডি এ করকরে তেরোশো টাকা হাতে পেয়েছে। ইউনিভার্সিটির রেজাল্টও বেরিয়েছে কাল, শুভেন্দুর প্রাইভেটের সব কটা ছেলেই ভালভাবে অনার্স পেয়ে গেছে। কলেজের রেজাল্ট অবশ্য তেমন ভাল নয়, কী আর করা যাবে ! একে যৌথ দায়িত্ব, তায় এত ছুটিছাটা, কলেজে সিলেবাস শেষ করাই বড় কঠিন !

খুশি খুশি মেজাজে শুভেন্দু প্রশ্ন করল—অমন পাঁচার মতো মুখ করে বসে আছ কেন ? অফিসে আজ লাল দাগ খেয়েছ নাকি ?

আরও গন্তব্য হয়ে গিয়ে অর্চনা, শুভেন্দুর পিছন পিছন ঘরে উঠে এল। ভাব গলায় বলল—একটা বিপদ হয়েছে।

—বিপদ ! কী বিপদ ? শুভেন্দু ঝটিতি চিন্তা করার চেষ্টা করল। অর্চনার অফিসে মাঝে একবার ট্রান্সফারের ধূয়ো উঠেছিল, সেটাই ঘটে গেল নাকি ? তাহলে তো আবার এই মায়া—১৩

লোকজনকে ধরতে হয়। রাইটার্সে শুভেন্দুর এক স্কুলের বক্স এখন ডেপুটি সেক্রেটারি, তার কাছেই...।

অর্চনা কথা বলছে না, গুম হয়ে খাটের প্রান্তে বসেছে। শুভেন্দু বলল—বিপদটা কী বলবে তো ?

অর্চনা হঠাৎ খিচিয়ে উঠল—আরও মেয়েকে আহুদ দাও !

ঝিমলি ! শুভেন্দু আরও চিন্তায় পড়ল—ঝিমলি কী করল—

—কী করেনি ? আজ সরস্বতীকে নিজের স্কুলে নিয়ে গিয়েছিল, সাক্ষরতা প্রকল্প কেমন চলছে তা দেখাতে।

—তো ?

—তোমার সরস্বতী সেখানে নিজের প্রতিভা দেখিয়ে তাক লাগিয়ে দিয়েছে সকলকে। গরীবদের মধ্যে এমন বিলিয়ান্ট মেয়ে নাকি আগে আশ্টিবা দেখেনি !

শুভেন্দু ফ্যালফ্যাল তাকাল—এতে বিপদের কী হল ? ঝিমলি ওকে পড়িয়েছে, এ তো ঝিমলিরই ক্রেডিট।

—এটুকু হলে তো কথা ছিল না। তোমার মেয়ে এখন প্ল্যান করেছে সরস্বতীকে স্কুলে ভর্তি করবে। ওদের স্কুলের মিশনারিয়া গরীবদের জন্য সন্দেবেলা কী এক ক্রি এডুকেশন সেন্টার করেছে, সেখানে পড়তে পাঠাবে সরস্বতীকে। শুনে সরস্বতীও লাফাচ্ছে—ও মাঝি, আমি পড়াশুনো শিখব ! আমি একবার শুধু সংসারের অসুবিধের কথা বলতে গেছিলাম, ঝিমলির কী মেজাজ ! সরস্বতীর যখন অত ব্রেন, ওকে দিয়ে আর সংসারের কাজ করানো চলবে না !

শুভেন্দু বলল—বাহ, তাহলে সংসারের কাজটা করবে কে ?

—তোমার মেয়ে অত বুঝলে তো হয়েই গেল। বলে অন্য লোক বেথে নাও, সরস্বতী শুধু পড়বে।

শুভেন্দু একটু হেসে বলল—তার মানে সরস্বতীকে আমাদের পৃষ্য করে নিতে হবে, তাই তো ?

—মানে তো সেরকমই দাঁড়ায়। কত কষ্ট করে মেয়েটাকে কাজকর্ম শেখালাম, মনের মতো করে তৈরি করলাম...

—দাঁড়াও দাঁড়াও। আগেই উত্তেজিত হচ্ছ কেন ? আমি কথা বলে দেখছি ঝিমলির সঙ্গে। বুঝিয়ে বলছি।

নাহ, বুঝিয়েও লাভ হল না কোনও। ঝিমলি নিজেই নাইট স্কুলে নাম লিখিয়ে দিয়ে এসেছে সরস্বতীর, গরীব সরস্বতীকে সে প্রকৃত শিক্ষিত করে তুলবেই। ঝিমলির বিশ্বাস—তার বাবা-মাও এ কাজে নিরুৎসাহিত করবে না তাকে। একটা মাত্র সরস্বতীকে শুভেন্দুরা কী পারে না লেখাপড়া শিখিয়ে মানুষ করে তুলতে ?

রাত্রে অর্চনা ঠাণ্ডা স্বরে বলল—কিগো, কী করবে ঠিক করলে ?

শুভেন্দু চিন্তিত মুখে বলল—কিছু একটা তো করতেই হবে। ঝিমলিটা এত বাড়াবাড়ি করে ফেলবে কে জানত !

—সরস্বতীকেই ধরকে-ধামকে ঠিক করব ?

- না না, সেটা খুব অমানবিক কাজ হয়ে যায়।  
 —তাহলে আর কি ! আমিই অফিস থেকে ফিরে খেটে মরি—আর কাজের লোক  
 পায়ের ওপর পা তুলে দিগ্গজ হোক !  
 —আহ ! শুভেন্দু বিরক্ত হল—আমাকে একটু ভাবতে দাও।

### চার

সরস্বতীর মা এসেছে সরস্বতীকে নিয়ে যেতে। এ বাড়িতে আর তাকে কাজে রাখবে  
 না, অন্য কোন বাবুর বাড়িতে আরও নাকি পঞ্চাশ টাকা বেশি মাইনেতে কাজে লাগাবে  
 মেয়েকে।

যাওয়ার আগে সরস্বতী কাঁদল খুব। যিমলি ছলছল চোখে ঘরের দরজা বন্ধ  
 করে বসে রইল, স্কুলে গেল না।

শুভেন্দু আর অর্চনা চুপ। সরস্বতীর মাকে ডেকে পাঠানো ছাড়া আর কিছি বা  
 উপায় ছিল শুভেন্দু অর্চনার ! মেজদিই কোন বান্ধবীর বাড়িতে সরস্বতীর জন্য নতুন  
 কাজের ব্যবস্থা করেছে। শুভেন্দুর জন্য শীগ্ৰীরই এক বয়স্ক মহিলাকে পাঠিয়ে দেবে।

এ সব কথা তো আর যিমলিকে জানতে দেওয়া যায় না। সরস্বতী নামের ওই  
 ছেউ গৱীব মেয়েটাকেও মুখের ওপর বলা যায় না কিছু।

মধ্যবিত্ত হওয়ার কী যে জ্বালা !

## সামনে সমুদ্র

রাত্রে খাবার টেবিলে কথাটা পাড়ল শ্রাবণী,—তাতারের গরমের ছুটি তো শেষ হয়ে এল, চলো না কোথাও একটু বেড়িয়ে আসি।

ধীমান রুটির সঙ্গে গোগাসে একটা টিভি সিরিয়াল গিলছিল। নায়িকা গুপ্ত প্রেমিকের সঙ্গে অভিসার সেবে বাড়ি ফিরেছে, বাইরে থেকে কলিংবেল বাজিয়ে চলেছে অবিরাম, কেউ দরজা খুলছে না। মরিয়া হয়ে দরজায় জোর ধাক্কা দিতেই দরজা হাট। দ্রুয়িংরমের সোফায় গুলি খেয়ে পড়ে আছে নায়িকার স্বামী। এমন রম্মন্দশস সময়ে শ্রাবণীর বায়না ধীমানের কানে ঘাওয়ার কথা নয়।

গেলও না। কিন্তু তাতার ছাড়বার পাত্র নয়। কদিন আগেও তাকে সকাল সকাল খাইয়ে ঘুম পাড়িয়ে দিত শ্রাবণী, আজকাল সে বাবা-মার সঙ্গে খাবার টেবিলে বসবেই। আগে খাওয়া হয়ে গেলেও। সে ধীমানের হাত ধরে ঝাঁকাল,—হাঁ বাবা, চলো না।

টিভি থেকে চোখ সরল না ধীমানের,—কোথায় যাবি ?

—ওই যে মা বলল কোথাও একটা বেড়িয়ে আসি !

পর্দায় পুলিশ। দৃশ্য হিঁর হয়ে গেল। নাম দেখানো চলছে। আজকের মতো কাহিনী শেষ।

ধীমানের চোখ তাতারের দিকে ফিরল এতক্ষণ,—কোথায় যাবি বলছিলি ?

তাতারের আগে শ্রাবণীই উত্তর দিল,—কাছাকাছি কোথাও। দু'তিন দিনের জন্যে। অনেক দিন তো বাইরে বেরনো হয়নি।

—আমি কি করে যাব ? এখন আমার ছুটি কোথায় ?

শ্রাবণী তাতারকে আগেই উন্মে রেখেছিল। এবাব ছেলেকে চোখে ইশারা করেছে। সঙ্গে সঙ্গে তাতারের ভূরু জড়ো,—কেন বাবা, সামনের সপ্তাহে ফ্রাইডে স্যাটুরডে তো ছুটি আছে ?

আছে। তবে ওই তিন দিনের জন্য অন্য প্ল্যানও ভাঁজা আছে ধীমানের। সে নরম করে ছেলের মাথায় হাত বাধল,—আমার যে ওই সময় একটা অফিস ট্যুর আছে তাতার ! .

—নাআআ। তুমি ট্যুরে যাবে না। আমরা বেড়াতে যাব।

—তা হয় না তাতার। জেদ কোরো না।

তাতারের মুখ এইটুকু হয়ে গেল। বাবার সামান্যতম প্রত্যাখ্যানেও চোখে জল এসে যায় তার। ঠেঁট ফুলে ওঠে।

ধীমানও ছেলের সম্পর্কে খুবই স্পর্শকাতর। একটু দুর্বলই হয়ে পড়ল সে। তারই মতো জেদি হয়েছে ছেলেটা। অভিমানী। বাপ কা বেটা। ধীমান কাছে টানল ছেলেকে, —ওমনি চোখ দিয়ে লেবুর জল পড়া শুরু হল তো ! আচ্ছা বাবা আচ্ছা, দরকার হলে আমি অফিসটুর ক্যানসেল করব।

—ঠিক তো ?

—ঠিক। ওয়াদা।

ওয়েস্ট ইণ্ডিয়ান ক্রিকেটারদের ভঙ্গিতে হাতে হাত মেলাল বাপ-ছেলে। শ্রাবণী টেবিল থেকে মাছ-তরকারির বাটি ফ্রিজে ঢোকাচ্ছে। ঠাণ্ডা জলের বোতল খুলে ঢকতক জল থেয়ে নিল খানিকটা। তার ঠোঁটের কোণে চাপা বিজয়ের হাসি।

ধীমান বেসিনে হাত ধূয়ে টিভির সামনে এসে দাঁড়াল। ইংরিজি খবর চলছে। নব ঘূরিয়ে কেবলে নাটগানের চ্যানেল বাব করল একটা। তারপর সোফায় বসে সিগারেট ধরিয়েছে,— তাহলে দু দিনের জন্য দীঘা ঘূরে আসা যাক, কী বলো ?

শ্রাবণীর হাসিতে হাঙ্কা বাঙ্গ মিশল,—মন্দ কী ! তবে দীঘার ভিড়ে না গিয়ে গড়িয়াহাটে গেলেও হয়.. শ্যামবাজারেও যেতে পারো। সামান্য নিবল ধীমান,—অ, দীঘা পছন্দ নয় ? তা হলে তাতার তুমই বলো কোথায় যাবে ?

তাতার কলকাতার বাইবে যে কোনও জায়গায় যেতে পারলেই খুশি। সব অদেখা জায়গাই তার কল্পনায় দারণ রোমাঞ্চকর। তা সে দার্জিলিঙ্গই হোক, কি লক্ষ্মীকান্তপুর। সে বাবার কোলের কাছে বাবু হয়ে বসল,—বাবা, সুন্দরবন যাবে ? আমাদের ঝাসের সপ্লাজিং গেছিল। লঞ্চে করে।

—গেলে হয়। কীসব কুমীর প্রকল্প-টকল্ল আছে।

শ্রাবণী রান্নাঘর বন্ধ করে ব্যালকনির দরজা লক করছিল, বলল,—না না, জ্যেষ্ঠ মাসে সুন্দরবন যেতে হবে না। এলোমেলো বাড় উঠবে। দ্যাখোনি গত সপ্তাহে একটা নৌকোড়ু হয়েছে!...

—তা হলে মায়াপুর চলো। মায়াপুর, নবদ্বীপ...

শ্রাবণী এমন অন্তৃতভাবে ধীমানের দিকে তাকাল যেন এমন হাস্যকর কথা পৃথিবীতে কেউ কোনওদিন বলেনি। ধীমান মনে মনে উঞ্চা বোধ করছিল। ধীমানের কোনও কথায় কোনও কাজে কখনও পুরোপুরি খুশি হতে দেখল না শ্রাবণীকে। রান্নার প্রশংসা করলেও নয়, বিবাহবার্ষিকীতে বিদেশি পারফিউম এনে দিলেও নয়, পুজোতে দামী শাড়ি কিনে দিলেও নয়। গত পুজোয় একটা শক্তিৎ পিঙ্ক কঞ্জিভরম এনে দিল, তাতেও কোনও খুশির হিল্লোল নেই ! বাইশশো টাকা দাম জানা সত্ত্বেও ! দিবি ঠাণ্ডা গলায় বলে দিল,— এত দামী শাড়ি কিনতে গেলে কেন ? আমি আর বেরোই কোথায় ?

অসহ্য ! অসহ্য ! অসহ্য লাগে ধীমানের। চেপে চেপে আশত্বে সিগারেট নেবাল ধীমান।

অন্য দিন এ সময়ে তাতারের চোখ ঘুমে জড়িয়ে আসতে থাকে, আজ তার চিহ্নমাত্র নেই। তাতারকে সোফা থেকে ঝেঁসাল শ্রাবণী,—চলো, শুয়ে পড়বে চলো। মনে রেখো তোমার স্কুলের টাঙ্ক শেষ হয়নি, কাল আগে আগে ঘুম থেকে উঠে সব সাম্বস করে নিতে হবে।

তাতার মার সঙ্গে বিশেষ সূবিধে করতে পারে না। তার যত বায়নাকা ধীমানের কাছে। যেতে যেতেও সে মরিয়া হয়ে জিজ্ঞাসা করল,—তা হলে কোথায় যাচ্ছি বাবা ?

শ্রাবণী শান্ত স্বরে বলল,—সে যাব একটা কোথাও। নতুন জায়গায়।

মাথাটা টিপ্পিটিপ করছিল ধীমানের। ভেঁজে রাখা প্ল্যান পুরো চৌপাট ! ভাগিস

কিছু ফাইনাল করে ফেলেনি ! যাক গো, একবার নয় বউছেলেকে নিয়েই ঘুরে এল।  
ছেলে নিয়ে যাওয়ার সময় শ্রাবণী টিভি কমিয়ে দিয়ে গেছে, শব্দ এখন এত  
কম যে মনে হয় আলগা ভাসছে গানটা। ভাসন্ত সূরে দুলছে লাস্যময়ী ঘূর্ণতী। ধীমান  
সেদিকে তাকিয়ে অন্যমনস্ক বার বার। ছুটিটা মারা গেল ! ছুটিটা মারা গেল ! ছুটিটা  
মারা গেল !

শোওয়ার ঘরের দরজা আস্তে টেনে শ্রাবণী ফিরেছে ধীমানের কাছে। ধীমান সামান্য  
অবাক। ছেলেকে শোওয়াতে গিয়ে শ্রাবণী সাধারণত আর ফেরে না, নিজেও শুয়ে  
পড়ে। আর শুনেই সঙ্গে সঙ্গে ঘূর ছেলে আঁকড়ে।

ঘাড় ঘূরিয়ে ধীমান প্রশ্ন করল,—কিছু বলবে ?

শ্রাবণী সোফায় হেলান দিল,—তাড়া নেই। তোমার নাচগান শেষ হোক।

শব্দহীন বসে আছে দুজনে। এক মিনিট। দু মিনিট। পাঁচ মিনিট। শ্রাবণী বুঝি  
এভাবেই বসে থাকতে পারবে অনন্তকাল। ধীমান ক্রমশ চাপ অন্তর্ভব করছিল। চোরা  
মানসিক চাপ। অধৈর্য পায়ে নিজেই গিয়ে টিভি বক্স করে এল,—বোর কোরো না,  
বলো কী বলবে !

শ্রাবণী মিটিমিটি হাসছে,—জায়গা ঠিক করে উঠতে পারলে না তো ?

—বাজে বোকো না। তোমারই তো কেনও জায়গা পছন্দ নয়।

বিরক্তিটা গায়ে মাখল না শ্রাবণী,—আমার একটা জায়গা ঠিক করা আছে।

—কোথায় ?

—উহ, নাম বলব না। সাসপেন্স। সে একটা দারুণ সাইট। রঞ্জনা আর রঞ্জনার  
বর গিয়েছিল।

রঞ্জনাকে ধীমান একদম পছন্দ করে না। শ্রাবণীর কলেজের বন্ধু, গাঁকগাঁক করে  
চেঁচায়, অশ্লীল রসিকতা করে, সব সময় আলুথালু। বরটা ক্যাবলা দি গ্রেট। ওই বউয়ের  
ভয়ে সারাক্ষণ জুজু হয়ে থাকে !

ধীমান মুখ বেঁকাল,—তোমার রঞ্জনার টেস্ট ! ও তো যেখানে কঁড়ি কঁড়ি খাবার  
পাবে সে জায়গাই ভাল বলবে। কোন জায়গার কথা বলেছে ? দেওয়ার মধ্যপুর বুঝি ?  
পেঁড়া, মুর্গি, আম...

—না গো না। এই গরমে কেউ ওদিকে বেড়াতে যায় !

ধীমান মনে মনে বলল, ওই ধূমসিটা সব পাবে। মুখে বলল,—হেহ, ও যেখানে  
বলবে সেখানেই যেতে হবে ! ওকে বোলো আগে শাড়িজামা ভাল করে পরতে শিখুক,  
নিজের বপু সামলাতে শিখুক, তারপর লোকজনকে...

—ওভাবে বলছ কেন ? থাইরয়েডের প্রবলেম, একটু মোটা হয়ে গেছে। শরীর  
হাঁসফাঁস করে বলেই না...

—ওর থাইরয়েড পিটুইটারি আড্রিনালিন সব কিছুর গঙ্গোল আছে।

—আছে তো আছে। শ্রাবণী উত্তেজিত হতে গিয়েও সামলে নিল নিজেকে,  
—তুমি এবার বেড়ানোর জায়গা, বুকিং সব কিছুর ভার আমার উপর ছেড়ে দাও।

—যা ইচ্ছে করো। শুধু মনে বেখো শুক্র শনি রবি—তার বেশি নয়। সোমবার

আমাকে অফিস যেতেই হবে।

ধীমান হুমহাম করে বাথরুমে ঢুকে গেল। দড়াম করে বন্ধ করল দরজা। বাথরুম থেকে বেরিয়ে সোজা শোওয়ার ঘর। সব দরজাই হাঁ-হাঁ।

একটা ভারী দীর্ঘশ্বাস গড়িয়ে এল শ্রাবণীর বুক থেকে। লোকটা বাথরুমের আলোও নেবায় না। ঘরে ঢোকার আগে শ্রাবণীর কানা পাছিল। বেডল্যাপ্সের নীলচে আলোয় ঘরটা যেন এক আধোঅন্ধকার শুহা। আদিম। ভয়াল।

বিছানা ছাড়ার পর থেকে নানা ফরমায়েশে মশঙ্গল থাকে ধীমান। মুখ ফুটে বলার দরকার নেই, মনে মনে ভাবলেই যথেষ্ট। হাতের কাছে সব হাজির। অন্তত তিনি কাপ চা। হাঙ্গা কিছু পছন্দসই ব্রেকফাস্ট। বাজার এনে ফেলতে না ফেলতেই সামনে শেভিংসেট। সাড়ে নটার মধ্যে ভাত। নিখুঁত নিভাঙ্গ প্যান্টশার্ট। ঘামের গন্ধহীন মোজা। প্রতিদিন আলাদা আলাদা রুমাল। এত নিঃশব্দে ধীমানের হাতে পৌঁছে যায় সব কিছু যে সেখানে শ্রাবণীর অস্তিত্বটা পৃথক করে টেরই পাওয়া যায় না। বাতাসের মতো শ্রাবণী যেন ছড়িয়ে আছে গোটা সংসারে। অবয়বহীন, কিন্তু আছে। ধীমান ছাড়াও সংসারে তার কাজ কম নয়। ছেলের পড়াশুনো। বইথাতা গোছানো। নটার মধ্যে ছেলেকে স্কুলের জন্য তৈরি করা। ছেলের টিফিন। কাজের লোকের সঙ্গে ক্রমাগত লেগে থেকে প্রতিটি খুঁটিনাটি সামলানো। রান্নাবান্না। সব মিলিয়ে সংসারটাকে তেলমোবিল খাওয়া এক মসৃণ মন্ত্রের মতো চালানো। দেখলে মনে হয় যন্ত্রটা কেউ চালাচ্ছে না, নিজে-নিজেই চলছে যন্ত্র।

এত হৃদোহড়ির মধ্যে সকালে কথাটা আর উঠলই না। অফিসে গিয়ে বেড়ানোর প্রসঙ্গটা বেমালুম ভুলে গেল ধীমান। সে একটা বহুজাতিক প্রতিষ্ঠানের মাঝারি মাপের অফিসার, সকালে যথেষ্ট কাজে ব্যস্ত থাকতে হয় তাকে, বিকেলের দিকে একটু স্বাধীনভাবে হাত-পা মেলার সুযোগ পায়। সেই সময়ে হয়তো মনে পড়ত কিন্তু আজ একটা বিজ্ঞি ঝামেলায় ফেঁসে গেল। চারটে নাগাদ ফ্যাক্টরি থেকে জরুরি মেসেজ। তারাতলার কারখানায় একটা অ্যাক্রিডেন্ট হয়েছে। জি-এম-এর অর্ডার, ধীমান শুড় ট্যাকল দা সিচুয়েশন। ফ্যাক্টরিতে গিয়ে দেখল সে এক বক্তারক্তি কাণ। ক্রেনওয়ার ছিঁড়ে দুজন শ্রমিক প্রচণ্ড আহত। তাদের নিয়ে তক্ষনি হাসপাতালে দৌড়নো, চিকিৎসার ব্যবস্থা করা, পুলিশের হ্যাপা সামলানো সব সেরে বাড়ি ফিরল নটার পরে। তখন আর ধীমান ধীমানে নেই।

তাতার ঘরে বসে কমিকস পড়ছিল, বাবাকে দেখে ছুটে এসেছে ড্রিংস্পেসে, —সব ঠিক হয়ে গেছে বাবা। ফাইনাল।

ধীমানের শরীর সোফায় এলানো। শ্রান্ত মগজ কোনও শব্দই গ্রহণ করেনি। শ্রাবণী টেবিলে ঠাণ্ডা জল বাখল,—আহ্ তাতার, বাবাকে রেস্ট নিতে দাও।

এক চমুকে জলচুক্র শেষ করল ধীমান। বুকের দৃতিনটে বোতাম খুলে দিল। আড়মোড়া ভাঙল,—বাবা আজ এসেছিল?

—হাঁ, বিকেলে। তোমার জন্য অনেকক্ষণ অপেক্ষা করে চলে গেলেন।

—আমাকে দিয়ে কী হবে ? আশীর্বাদের দিন ঠিক হয়েছে ?

—হয়েছে। সামনের বুধবারের পরের বুধবার। শ্রাবণী সামান্য ইতস্তত করল,  
—বাবা বোধহয় আরও কিছু বলতে চাইছিলেন।

—কী আর বলবে ? ধীমান বাঁধ ঝাঁকাল,—টাকা।...ছেট ছেলের নতুন চাকরি...  
জমানো টাকা নেই... তুই বড় ভাই... একমাত্র বোনের বিয়ে... আমি বুড়ো মানুষ  
কত দিক সামলাব... !

—কথাগুলো তো মিথ্যে নয়। শ্রাবণী টেবিল থেকে ফ্লাস তুলে নিল,—আলাদা  
থাকলেও কিছু দায়দায়িত্ব তো রয়েই যায়।

দায়দায়িত্ব না হাতি ! শালা বড় হয়ে ফেঁসে যাওয়া ! ধীমান মনে মনে গজগজ  
করল, মুখে বলল,—রোজগার তো করতে হয় না, বুবাবে কী করে কত ধানে কত চাল !

তাতারের এত কুটকচালি পছন্দ হচ্ছিল না, অস্থির ভাবে বলল,—বাবা, আমার  
কথা শোনো। বাবা... ও বাবা...

তাতারকে কোলে টানল ধীমান,—কী বাবা ?

বাবার কানের কাছে মুখ নিয়ে গেল তাতার,—মা জায়গা ঠিক করে ফেলেছে।

ধীমান চোখ নাচাল,—কোথায় ? পৃথিবীর ভিতরে তো ?

—উড়িষ্যা।

—দু'দিনের জন্য উড়িষ্যা ! তোর মা পারেও বটে। তা উড়িষ্যার কোথায় ?  
সিমলিপাল ? কেওনঝাড় ? না একদম চিঙ্গা ?

বিদ্যুপটা বুঝল না তাতার। সমান উৎসাহে বলে চলেছে,—হল না। হল না।  
তুমি ফেল। বলতে বলতে দৌড়ে ঘর থেকে একটা হলুদ কাগজ নিয়ে এসেছে,  
—এই দ্যাখো হোটেলের বুকিং।

ছেলের হাত থেকে অলস মুখে কাগজটা নিল ধীমান। ভাঁজ খুলতেই সহসা  
বিদ্যুৎস্পষ্ট। সমস্ত স্নায়ু মুহূর্তের জন্য বিকল। নিশাস বন্ধ। লাল লাল লেখাগুলো চোখের  
সামনে কাঁপছে আগুনের শিখা হয়ে।

ক্যাসুরিনা হলিডে রিসর্ট ! চাঁদিপুর !

## দুই

প্রকাণ্ড এলাকা জুড়ে শুধু সবুজ আর সবুজ। গাঢ় সবুজ। ফিকে সবুজ।  
সার সার বেঁটে বেঁটে নারকেল গাছ। আম জাম পেয়ারা কাঁঠাল কাজু। কেয়াঝোপ।  
ডানদিকে বড় একটা দিঘি। গাছগাছালির ফাঁকে ফাঁকে ছড়িয়ে ছিটিয়ে বেশ কিছু  
খড়েছাওয়া কুঁড়েঘর। লাল মোরাম বিছোনো সরু সরু রাস্তা সাপের মতো এঁকেবেঁকে  
চলে গেছে এক-একটা কুঁড়েঘরের দিকে। গাছ আর আগাছায় গোটা চতুর জুড়ে হাল্কা  
অরণ্যের আভাস।

তাতার খৃশিতে হাততালি দিয়ে উঠল,—কোন কুঁড়েঘরটায় আমরা থাকব গো  
বাবা ?

ধীমান অটোরিক্সার ভাড়া মেটাচ্ছিল, আলগোছে ছেলের চুল ঘেঁটে দিল,—তোর কোন কটেজটা পছন্দ ?

কটেজ শব্দটা ঠিক মনঃপৃত হল না তাতারের। সে এখানে কুঁড়েঘরেই থাকতে এসেছে। পালক পালক ভূরু তুলে প্রশ্ন করল,—কুঁড়েঘরের ওয়াল তো মাটি দিয়ে তৈরি হয়, না বাবা ? বাঁপ থাকে ? দাওয়া থাকে ?

—ওবেববাস ! তুই এসব কথা শিখলি কোথাকে ? বাঁপ ! দাওয়া !

—গোপালের মা বলে তো।

শ্রাবণী আলতো ভাবে শাড়ির আঁচল-কুঁচি ঠিকঠাক করে নিচ্ছিল, মৃদু শাসন করল ছেলেকে,—গোপালের মা নয়, সুমতিমাসি বলো।

মায়ের শাসনে তাতারের উচ্ছ্঵াস কমল না, ধীমানের হাত চেপে ধরেছে সে,—কুঁড়েঘরে নাকি বাথরুম থাকে না বাবা ? মাঠে পটি করতে হয় ?

বাইরে থেকে দেখে যেমন লাগে ঘরগুলোর ভিতরটা মোটেই সেরকম নয়। প্রতিটি ঘরই পাকা, রঙটাই যা মেটে। ঘরে নাইট ফ্যান ইংলিশ খাট ওয়ার্ড্রের ড্রেসিংটেবিল সব নাগরিক সাজসজাই আছে। অ্যাটাচড বাথও।

খোলস্টাই গ্রাম শুধু। শৌখিন গ্রাম্যতা। ধীমান জানে।

যা জানে সব কিছুই কি সবসময় বলে ফেলা যায় ? ধীমান আড়চোখে শ্রাবণীকে দেখে নিল। সামান্য তফাতে সরে জংলাঝোপের ফাঁক দিয়ে সমুদ্র খৌঁজার চেষ্টা করছে শ্রাবণী। কটেজগুলোর পিছনে বাউবন। তারপরেই সমুদ্র। সমুদ্র এত কাছে তবু তার স্বর স্পষ্ট নয় এখন। খূব ক্ষীণ এক ধ্বনি শুধু কানে আসে। ওটা কি সমুদ্রের স্বর ? নাকি ধীমানের নিজেরই নিশ্চাসের আওয়াজ ? গাঢ়, কিন্তু চাপা !

রোগা লঙ্ঘ এক উর্দিপরা বেয়ারা এগিয়ে আসছে। নকুল।

ধীমান তাড়াতাড়ি নিজেকে সপ্তিত করে নিল,—কী গো ভাই, আমার ছেলে জিজ্ঞেস করছে তোমাদের এখানে কটেজে বাথরুম-টাথরুম আছে তো ?

নকুলের চকচকে কালো মুখে বিস্ময় ফুটে উঠেই মিলিয়ে গেল। ধীমানের ইঙ্গিত সে বুঝে গেছে। দেঁতো হাসিতে ভরিয়ে ফেলল মুখ,—নিশ্চয়ই আছে স্যার। আপনাদের কত নম্বর কটেজ ?

—দাঁড়াও, মেমসাহেবে জানে। ধীমান ডাকল শ্রাবণীকে,—এই, বুকিংস্লিপটা দাও তো, অফিসের এপ্টিগুলো সেরে আসি।

অফিসের বারান্দায় দাঁড়িয়ে ধীমান আরেকবার পিছন ফিরল। না, শ্রাবণীর এদিকে আসছে না। তাতার পেঁচে গেছে মার কাছে, ছেলের হাত ধরে পায়ে পায়ে সমুদ্রের দিকে যাচ্ছে শ্রাবণী। চড়া রোদুর মাথায় করে। অফিসরমে ঢুকে ধীমানের দ্বিতীয় বার পা কেঁপে গেল। কাউন্টারে সেই ফর্সা মোটা গোঁফঅলা লোকটা ! অরুণ না বরুণ কী যেন নাম ! লোকটা মাথা নিচু করে একমনে ক্যালকুলেটার টিপে যাচ্ছে।

ধীমান গলাখাঁকারি দিল,—এক্সকিউজ মি। একটা বুকিং ছিল। ধীমান বাসু আও ফ্যামিলি।

লোকটা মুখ তুলল,—আসুন স্যার আসুন। ওয়েলকাম টু আওয়ার বিস্ট।

বুকিং স্লিপ দেখার সময় একটু কি চমকে উঠল লোকটা ? কপালে ভাঁজ পড়ল ?  
পেশাদার ভঙ্গিতে জাবদা রেজিস্টার এগিয়ে দিয়েছে সামনে,—ফিলআপ করুন স্যার।  
... এই নকুল, বারো নম্বর রেডি আছে তো ? লাগেজ পৌছে দিয়ে আয়।

ধীমান বেশ অস্বস্তি বোধ করছিল। লোকটা শ্যেন্ডাষ্টিতে ধীমানের লেখা দেখছে।  
ধীমান বাসু, মেল, এজ থার্টি সিঙ্ক। শ্রাবণী বাসু, ফিমেল, এজ থার্টি। অর্চিশান বাসু,  
চাইন্স, এজ সিঙ্ক।

কপাল ! বিশ্বরক্ষাণে এত বেড়ানোর জায়গা থাকতে এই চাঁদিপুরই পছন্দ হল  
শ্রাবণীর ! কী কুক্ষণেই যে ওই মুক্তি রঞ্জনাটা বর নিয়ে থেকে গেছে এই রিস্টেই !  
শুধু কি থাকা ! ফিরে গিয়ে এমন ব্রেনওয়াশ করেছে বন্ধুর যে নাচতে নাচতে সে  
একেবারে টিকিট কেটে ফেলল ! ধীমান বাধা দেওয়ার অবকাশটাকুও পেল না। মার  
মুখে শুনে শুনে ছেলেরও বায়না, কুঁড়েঘরে থাকব বাবা, কুঁড়েঘরে থাকব বাবা ! ধীমান  
করবেটা কী ? সে তো আর চিংকার করে বড়-বাচ্চাকে বলতে পারে না, ওখানে  
তোমাদের নিয়ে যাওয়া যায় না ! ওই সমুদ্রটাকু আমাদের—আমার আর দোলনের !

বেজার মুখে খাতা ঘুরিয়ে দিল ধীমান,—ঘরে দুটো চা পাঠিয়ে দেবেন তো।

—এই গরমে চা খাবেন স্যার ? বলেন তো ডাব পাঠিয়ে দিই, কচি দেখে। লোকটা  
গলা নামাল,—আপনি তো স্যার ডাবই...

—বল্লাম তো চা। ধীমান দ্বিতৃষ্ণ রাঢ়।

দোলন চা খায় না। প্রত্যেকবার এখানে এসে প্রথমেই ডাবের অর্ডার করে থাকে  
ধীমান। লোকটা ভোলেনি। প্রতিটি বোর্ডারের পছন্দ অপছন্দ নিপুণভাবে জমা রেখে  
দেয় স্মৃতিতে। এদের বেশি পাত্রা না দেওয়াই ভাল। ধীমান গভীর মুখে বেরিয়ে এল  
ঘর থেকে।

ছোট্ট একটা মাঠের উপর বারো নম্বর কুটির। সামনে কয়েকটা কাজু গাছ। তার  
পরে একটু ঢালু জমি। তারপরে তারকাঁটার বেড়। বেড়ার গায়ে ঝাউগাছের সারি।  
সেখান থেকে খাড়া নেমে গেছে বালুতট। বড় বড় পাথর ফেলে সীমারেখা টানা আছে  
বালুতটে। জোয়ার এলে সমুদ্র আছড়ে পড়ে পাথরের উপর, ভাঁটায় চলে যায় প্রায়  
দৃষ্টিসীমার বাইরে।

নকুল ঘর খুলে দিয়ে গেছে। ভিতরে ঢুকতে একটুও ইচ্ছে করছিল না ধীমানের।  
তার চোখ ঘুরেফিরে প্রাস্তুসীমার কুটিরটার দিকে চলে যাচ্ছে বার বার। তেরো নম্বর।  
তেরো নম্বর। ওখানে সমুদ্রের সামনে কোনও ঝাউয়ের আড়াল নেই। সমুদ্র ওখানে  
সম্পূর্ণ অবারিত। নশ্বরিজন।

ধীমান সম্মাহিতের মতো তেরো নম্বরের দিকে এগিয়ে গেল। ঘরের দরজায়  
তালা, সম্ভবত কোনও বোর্ডার নেই, তাতে কিছু যায় আসে না ধীমানের। তার কাছে  
ঘরটা সবসময়ই উন্মুক্ত। ও ঘরের প্রতিটি খাঁজ, দাগ, কোণ, অণুকোণ বড় বেশি  
চোনা মুখস্থ। দোলনের শরীর—যেমন, দোলনের নির্ণোম ফর্সা দুটো পা। দরজার  
দু'পাশে দুটো সিঙ্গলবেড খাট। ডানদিকের খাটের পায়ের কাছে বাহারি ড্রেসিংটেবিল।  
ছোট্ট সুন্দর টুল। দোলনের ডান উরুতে কালচে বাদামী জড়ুল। বাঁ দিকের কোণে  
২০২

দেওয়াল আলমারি। বাঁ হাঁটুতে ছোটবেলার কাটা দাগ। মাঝের দেওয়ালে চেয়ার টেবিল, টেবিলে নীল জগ, কাচের প্লাস, সোনালি অ্যাশট্রে। দোলনের পিঠে পর পর তিনটে লাল তিল। দু খাটের মধ্যখানে সরু লঙ্ঘ চটের কাপেট। উপুড় হয়ে শুয়ে থাকা দোলনের শিরদাঁড়ায় রহস্যময় গভীর খাঁজ। চোখ বুজে অনুপুঙ্গ বর্ণনা করে যেতে পারে ধীমান। দেওয়ালে ফুলহাতে হাস্যময়ী জাপানী তরঙ্গী। বাথরুমের শাওয়ারে গোলাপি ঝঁঝারি। দোলনের গালের টোল—সব, সব কিছু। দোলনের গালের টোল ইদানীং অনেকটা ভরে এসেছে। সম্প্রতি চশমা নেওয়ার পর মুখটা একটু অন্যরকম। শাওয়ারের ঝঁঝারির রঙ কি বদলেছে? গোলাপি থেকে শ্যাওলাসবুজ? অথবা গাঢ় নীল?

মনে হয় না। দু'বছরে এই রিসর্টের কোনও কিছুই তেমন বদলাতে দেখেনি ধীমান। ভিতরে—বাইরেও। সামনের কঁটাতারের বেড়াটা প্রথম দিনের মতোই ভাঙ্গা ভাঙ্গা। একটা জায়গায় তো পুরো খুলে পড়েছে। ওই কঁটাতারের ফাঁক দিয়েই প্রথম বারসমুদ্রে নেমেছিল দোলন। লাফিয়ে পাথরে নামতে গিয়ে পা কেটে গিয়েছিল অনেকটা। হয়তো প্রথমবার বলেই।

ধীমান খুব চেটপাট করেছিল যানেজারের ওপর,—তারকঁটাটা আপনারা সারাতে পারেন না? ওটা ঠিকমতো বাঁধা থাকলে লোকজন ওখান দিয়ে নামতেও পারে না, অ্যাক্সিডেন্টের চাঙ্গও করে যায়।

লোকটা বলেছিল,—এটা কী বললেন স্যার? সমুদ্রে যাওয়ার গেট তো আছেই। সেখান দিয়ে না গিয়ে বাঁকা পথে যাবেনই বা কেন?

তা সত্যি, একটা গেট আছে বটে। কাঠের। সেই গেট ধরেই এখন দাঁড়িয়ে আছে শ্রাবণী। তার শাড়ির আঁচল প্রমত্ত হাওয়ায় পতাকার মতো উড়ছে। শ্রাবণীর পাশে তাতার। তাতারের গা ষেষে একটা সাদাকালো নেড়ি কুকুর। কুকুরটা লেজ নাড়ছিল। জৈষ্ঠের খুনে রোদুরে ঝলসানো ছবির মতো লাগছে দৃশ্যটা।

ধীমান ফিরল। এই বাঁবাঁ রোদে ছেলেটাকে ওভাবে দাঁড় করিয়ে রাখে। অসুবিসুখ করে যাবে না! এতটুকু যদি বৌধগম্যি থাকে শ্রাবণীর! বারো নম্বরের সামনের ঘাসের ওপর দাঁড়িয়ে গলা চড়াল ধীমান,—তাতার, অ্যাহি তাতার, আর রোদুরে নয়, চলে এসো।

সমুদ্র বেশ দূরে সরে গেছে। চেউরের শব্দ প্রায় নেই। আশপাশে মানুষজনও চোখে পড়ে না। বিজন রোদুর পেরিয়ে ধীমানের ডাক সহজেই পৌছে গেছে ঝলসানো ছবিটার কাছে। রোদ মাড়িয়ে ফিরছে তাতার। লাফিয়ে লাফিয়ে। পিছনে শ্রাবণী। ধীর।

ধীমানের কাছে এসে উত্তেজনায় হাঁপাছিল তাতার। বার বার ঘুরে ঘুরে তাকাচ্ছে সমুদ্রের দিকে,—বাবা, আমরা এই সমুদ্রে চান করব?

খড়েছাওয়া বারান্দায় খান-দুই বেতের চেয়ার। একটা ইজিচেয়ারও। ধীমান ইজিচেয়ারে বসল,—হ্যাঁ, তবে আজ নয়, কাল সকালে।

—কেন? আজ নয় কেন?

—দেখছ না এখন সমুদ্র চলে যাচ্ছে! কাল সকালে বড় বড় পা ফেলে আমাদের কাছে চলে আসবে, তখন নামব আমরা।

—এমা, সমুদ্রের আবার পা থাকে নাকি !

—থাকেই তো। টেউগুলোই তো পা।

—তা এখন চলে যাচ্ছে কেন ?

—ইচ্ছে। যখন ইচ্ছে কাছে আসবে, যখন ইচ্ছে চলে যাবে।

—কেন ? সমুদ্র এরকম কেন ?

—বললাম যে ইচ্ছে। মুড়।

—তবে যে মা বলল সমুদ্রটা এখানে একটা খাঁড়ির মতো ! পাড় ভেঙে ভিতরে চলে এসেছে। জোয়ারে জল বাড়লে এগিয়ে আসে—ভাঁটায় চলে যায়।

খাঁড়ি... জোয়ার.. ভাঁটা—অভাবে সমুদ্রকে দেখতে অভ্যন্তর নয় ধীমান। তার কাছে সমুদ্র সমুদ্রই। অনন্ত বিশাল আনন্দ। একটা কল্পনা। পায়ের উপমাটা অবশ্য দোলনের। দোলন ধীমানের চেয়েও বেশি কল্পনাপ্রবণ। শ্রাবণীর এতটুকু কল্পনাশক্তি নেই। সব রঙিন কল্পনাকেই শ্রাবণী ঘূরিয়ে ফিরিয়ে যুক্তির পাতায় নিয়ে আসতে চায়। বিরস মুখে ছেলেকে কোলে টানল ধীমান,—তোমার মা যা বলেছে সেটাই ঠিক। সঙ্গে সঙ্গে প্রশ্নের উৎসাহ বেড়ে গেছে তাত্ত্বাবের,—সমুদ্রের রঙ এখানে এমন ঘোলা কেন বাবা ? সমুদ্রের রঙ তো নীল হয় ?

—এখানেও নীল হয়। শীতকালে। বলতে গিয়েও হোঁচট খেল ধীমান। শ্রাবণী পাশের চেয়ারে বসে আঁচলে ঘাম মুছছে। ধীমান কথাটা ঘূরিয়ে নিল,—সমুদ্র সব জায়গাতেই শীতকালে বেশি নীল।

শ্রাবণী বলল,—আমার কিন্তু বাপু এই সমুদ্রটাই বেশি ভাল লাগছে। নীল সমুদ্র যেন বড় বেশি ছবি-ছবি।

ধীমান সাবধান হয়ে গেছে। খানিকটা তেল দেওয়ার ভঙ্গিতে বলল,—তোমার রঞ্জনার এই একটা টেস্টেরই তারিফ করা যায়। জায়গাটা মার্ভেলাস। বাঁধাধরা হোটেল বিস্টি-এ না থেকে সুন্দর আলাদাভাবে থাকা, গিজগিজে ভিড় নেই দীষা-পূরীর মতো... কী আরাম !

শ্রাবণী ঘরে যাচ্ছিল, দরজায় দাঁড়াল। তরল স্বরে বলল,—না এলে এমন স্বর্গ তৃষ্ণি মিস করতে তো !

চা এসে গেছে। নকুল নয়, ট্যারা মেঘনাদ পট থেকে চা চেলে দিল দৃজনকে, —আপনাদের মিলটা বলে দেবেন স্যার ?

মেঘনাদের মুখের দিকে তাকাল না ধীমান,—কী পাওয়া যাবে ?

—ফিশ, চিকেন...

—আমি চিকেন খাব বাবা।

—তা হলে তিনটে চিকেনই বলে দিই, কী বলো ?

শ্রাবণী কাপ হাতে বাইরে এল,—আমি মুর্গি খাব না—মাছ।

জানা কথা। শ্রাবণীর সঙ্গে ছোটখাটো পছন্দগুলোও আর মিলতে চায় না আজকাল। ধীমান যদি মাখন চায়, শ্রাবণী চাইবে জ্যামজেলি। শ্রাবণী দেওয়ালে ক্রিম রঙ চাইলে, হাঙ্কা নীল ভাল লাগতে থাকে ধীমানের। একমাত্র ছেলের সঙ্গেই ধীমানের

যা মতের মিল। ওই ছেলের টানেই না শ্রাবণীর সঙ্গে সম্পর্কটা জিইয়ে রাখা।

মেঘনাদ অর্ডার নিয়ে চলে যাচ্ছিল, কী ভেবে দাঁড়িয়ে পড়ল,—খাবার কি রাখেই দিয়ে যাব স্যার?

—কেন? রাখে কেন? তোমাদের ডাইনিং হল আছে না?

—সে তো আছেই। মেঘনাদের মুখ হাসি-হাসি,—অনেকে তো রাখে খাওয়া পছন্দ করে, তাই বলছিলাম।

মেঘনাদের হাসিতে কি বিদ্রূপ? ধীমানের কান মাথা ঝাঁঝাঁ করে উঠল। শেষে বেয়ারা-বাবুর্চিদের খোঁচাও হজম করতে হবে তাকে! অকারণে রক্ষ হল ধীমান,

—অনেকে পছন্দ করতে পারে, আমরা করি না—বুঝছ?

মেঘনাদ কথাটা বুঝল, রক্ষতটা নয়। একই ভাবে হাসছে,—কটা নাগাদ থেতে আসছেন স্যার?

শ্রাবণীর চোখে কৌতুক,—কেন নে? সেই জেনে তবে রান্না বসাবে? আমরা ছাড়া আর কোনও বোর্ডার নেই বুঝি?

—তেমন আর কই? গত হ্রাসেও সব ফুল ছিল। আজ তিন পাঁচ সাত আট এগারো ছাড়া সব ফাঁকা। কাল অনেকে আসবে।

গুম গুম করে পর পর কয়েকটা চাপা আওয়াজ হল। তাতারের চোখ পলকে গোল গোল,—কীসের শব্দ বাবা? সমুদ্র পাড় ভাঙছে?

—দুর বোকা! শ্রাবণী হেসে ফেলল,—এখানে মিলিটারির গুলিগোলা টেস্ট হয়। ফাঁকা জায়গায় পরীক্ষা করে দেখা হয় কোন গোলা কত দূর যায়।

—আগুন জ্বলে?

—কে জানে! হয়তো জ্বলে—হয়তো জ্বলে না।

শ্রাবণী ঘরে চলে গেল।

তাতার ঢাল বেয়ে নেমে গেছে কঁটাতারের কাছে। তেরো নম্বরের সামনে। দু'হাতে লগবগে খুঁটিটা ধরে নাড়াচ্ছে প্রাণপণ। একটা কাঠঠোকরা অনেকক্ষণ ধরে একটানা শব্দ বাজিয়ে চলেছে। পাশের ঝাঁকড়া গাছেই কোথাও লুকিয়ে আছে পাখিটা। দেখা যায় না তাকে, শুধু শব্দ শোনা যায়—ঠক ঠক ঠক।

শ্রাবণী ঘরে টুকটাক গোছানোর কাজ সারছে। সাবান শ্যাম্পু তোয়ালে চিরুনি রাখল জায়গামতে। ধীমানের পাজামা-পাঞ্জাবি বিছানার উপর। তাতারের জামাপ্যাণ্টও। শাড়ি জামা কাঁধে ঝুলিয়ে বারান্দায় এল,—তাতার, চান করবে এসো।

বাবা থাকলে তাতার মার কথা কানেই তোলে না।

শ্রাবণী আবার ডাকল,—তাতার...তাতাআর...একটা বাজে, আর হড়োহড়ি নয়।

ধীমান ঝাউবনের ফাঁক দিয়ে সমুদ্র দেখছিল। সমুদ্র এখন খুব দ্রুত পিছোচ্ছে। মধ্যাহ্নসূর্যের দাপটে চতুর্দিক কেমন খোঁয়া-ধোঁয়া। একটানা তাকিয়ে থাকলে ঘোর লেগে যায়। সজোরে মাথা ঝাঁকিয়ে ঘোরটা কাটাল ধীমান,—যাও না, নিজে গিয়ে ধরে নিয়ে এসো না। কাঁটায় হাত-পা কাটবে যো। এই ক'দিন আগে কাচে পা কেটে এল...

—ওমা, তোমার মনে আছে? শ্রাবণী হঠাতে যেন থমকেছে।

ধীমান চুপ করে গেল। ছেলের কিছু হলে শ্রাবণীকে একাই ছেটাছুটি করতে হয়। সে স্কুলেই হোক আর ডাক্তারখানায়। সে কথাটা আকার ইঙ্গিতে মাঝে মাঝেই ধীমানকে স্মরণ করিয়ে দেয় শ্রাবণী। ধীমান গায়ে মাখে না। কিন্তু এই মুহূর্তে কথাটা বুঝি একটু বিধিল তাকে।

পিছনের আট আর সাত কটেজ দুটোতে এক দঙ্গল লোক ফিরেছে কোথথেকে। হঠাৎ হইহই কোলাহলে পাশের গাছের কাঠঠোকরাটা চমকে থামল। এতক্ষণের নির্জনতা ছিঁড়ে গেছে।

শ্রাবণী তাতারকে ধরে এনে দাঁড়িয়েছে সামনে,—ওই কটেজটা কী দারুণ, তাই না গো? সামনেটা পুরো ফাঁকা, ঘর আর সমৃদ্ধ, মাঝখানে আর কিছু নেই!

ধীমান প্রাণপণ চেষ্টায় তেরো নম্বরের দিকে উদাস তাকাল,—হঁ, তবে একটু বেশি ফাঁকা।

—ওটা তো খালি আছে, দ্যাখো না ম্যানেজারকে বলে ওখানে শিফট করা যায় কিনা। রাত্তিরবেলা ভীষণ ভাল লাগবে।

দূরে আবার গোলা পতনের শব্দ। ধীমানের গলা কেঁপে গেল,—না। অত ফাঁকা ভাল না। রাতে সাপখোপ বেরোতে পারে।

### তিনি

দোলনের সঙ্গে ধীমানের পরিচয় তেমন নতুন নয়, আবার খুব প্রয়োগ নয়। ধীমানদের অফিসের ফ্লোরেই এল আই সির একটা ব্রাঞ্চ আছে। সেখানে প্রায়ই আসত দোলন। বছর তিনিক আগে। লিফটে করিডোরে গেটে বেশ কয়েকবার চোখে পড়েছিল ধীমানের। চোখে পড়ার মতোই চেহারা। বাঙালী মেয়েদের তুলনায় দীর্ঘঙ্গী, ছিপছিপে কিন্তু ভরাট স্বাস্থ, স্বিক্ষ মুখশ্রী, টানা টানা চোখ, মসৃণ ত্বক। বয়স বড়জোর চৰিবশ পাঁচিশ। একবার তাকালে দ্বিতীয়বার চোখ চলে যাবেই।

সুযোগ বুঝে একদিন আলাপও করে ফেলল ধীমান,—কিছু মনে করবেন না, আপনাকে প্রায়ই এসে দাঁড়িয়ে থাকতে দেখি, আপনার কি কোনও পলিসি-টলিসি আটকে আছে?

সুন্দরী মেয়েরা সাধারণত নিজেদের সম্পর্কে যথেষ্ট সচেতন থাকে। রাস্তাঘাটের আগ্রহী পুরুষদের সম্পর্কেও। কিন্তু দোলন সেদিন বড় বিষয় ছিল। অন্যমনস্ক। আপন মনেই বলে ফেলেছিল,—রোজই এসে ফিরে যাচ্ছি। রোজই কিছু নতুন কাগজ চায়।

—ম্যাচিওরড পলিসি?

—না, অ্যাক্সিডেট ক্লেম। মেডিকাল সার্টিফিকেট চাইল, দিলাম। হসপিটালের কাগজপত্র নিল। এখন বলছে ওসবে হবে না, ওরা নিজেরা মেডিকাল বোর্ড বসাবে।

দোলনের স্বরে এমন কান্নার আভাস, নাড়া খেয়ে গিয়েছিল ধীমান। উদ্বিগ্ন মুখে বলেছিল,—আমার এখানে দু'তিনজন চেনা আছে, বলেন তো কথা বলে দেখতে পারি।

—কাজ হবে বলে মনে হয় না। শেষ পর্যন্ত বোধহয় বাবাকে আবার টানাটানি করতেই হবে।

—আপনার বাবা... ?

—স্পাইনাল কর্ড ভেঙে গেছে। বাস থেকে পড়ে। দোলনের চোখের কোলে অশ্রবিন্দু টলটল,—আর কোনওদিন বাবা বিছানা ছেড়ে উঠতে পারবে না।

তরঙ্গহীন বিস্তীর্ণ জলরাশির দিকে উদাস তাকাল ধীমান। কেন যে সেদিন সেই অশ্রবিন্দু দেখে ফেলেছিল সে ! না দেখলে হয়ত জীবনের ধারাটা একই খাতে বয়ে যেত। অফিস সংসার স্ত্রী পুত্র একথেয়ে। ভ্যাদভ্যাদে।

বিকেলে সমুদ্র বহু বহু দূরে সরে গেছে, পড়ে আছে শুধু একটা শান্ত জলস্তর। এখন অগভীর। কোথাও পায়ের চেটেটুকু ডোবে, কোথাও গোড়ালি, কোথাও হাঁটু। দিকহীন বাতসে জলস্তর কাঁপছে মদু মদু। ভেজা বালি কখনও পাথরের মতো কঠিন, কখনও বা পিছল কাদা। কিনারার কাছে পর পর কয়েকটা কালো খুঁটি। জলে আধডোবা। খুঁটিতে বসে সমুদ্রকে পাহারা দিচ্ছে গোটাকয়েক স্তুর বক। তাদের ডানায় পড়স্ত সূর্যের আলো। তাতার আর শ্রাবণী হাঁটিতে হাঁটিতে অনেকটা এগিয়ে গেছে। তাতার মাঝে মাঝে লাফিয়ে জলে চলে যাচ্ছে, দৌড়তে দৌড়তে ফিরছে বালিতে। শ্রাবণী কোমর নুইয়ে ঝিনুক কুড়িয়ে চলেছে ক্রমাগত। অসংখ্য ঝিনুক ছড়িয়ে আছে সিঙ্গ বেলায়।

বড়সড় একটা কালচে কাঁটার কঙ্কাল কুড়িয়ে তাতার দৌড়ে এল,—এটা কী বাবা ?

ধীমান ভাল ভাবে নিরীক্ষণ করল,—বোধহয় শঙ্কর মাছ।

—শঙ্কর মাছের তো লম্বা লেজ থাকে, চাবুক হয় ?

ধীমান হাসল—চাবুকটা খসে গেছে।

—আমি এটা বাড়ি নিয়ে যাব বাবা।

—ইশশ ! ধীমান নাক কোঁচকাল,—পচা গন্ধ বেরোচ্ছে ! কটেজে নিয়ে গেলেই পিংপড়ে লেগে যাবে।

—না, আমি এটা নিয়ে যাব। বোদ্দুরে শুকিয়ে নেব।

কঙ্কালে লেগে থাকা পচাগলা অবশেষে শুধু শুকিয়ে নিলেই শুন্দি হয় না, পচা অংশ নির্মম হাতে চেঁচে ফেলে দিতে হয়।

—এটা নিয়ে তুই কী করবি ?

—এটা আমা-আর কালেকশান। আমি এটা রঙ করে একটা ডায়নোসর বানাব। গোল গোল দুটো চোখ, ধারালো মাঝখানটা নাক... তাতার বকবক করে চলেছে তো চলেছেই। ধীমান শুনছিল না। নিজেকে বড় ক্লান্ত লাগছিল ধীমানের। দুপুরে খাওয়া-দাওয়ার পর তাতার আর শ্রাবণী ঘন্টাখানেক ঘুমিয়ে এখন তরতাজা। ধীমানই শুতে পারল না একফেঁটা। চোখ বুজলেই সামনে দোলন। তেরো নম্বর ঘর।

ধীমান দাঁড়িয়ে পড়ল,—অ্যাই, তোর মাকে জিজ্ঞেস কর তো আর কদ্দুর হাঁটিতে হবে ? ঠ্যাঃ তো ছিঁড়ে গেল !

তাতার দৌড়তে শিয়ে থমকে গেল। ঝাউবনের ফাঁক দিয়ে একপাল গরু নেমে আসছে জনমানবহীন সৈকতে। তাদের গলার ঘণ্টি এলোমেলো বেজে উঠল টুংটুং।

গঢ়ণ্ডলোকে সন্তর্পণে পার হল তাতার। মার কাছে পৌঁচেছে। সেখান থেকেই চেঁচাল,—মা বলছে আরও যাবে। মোহনা পর্যন্ত।

রাগে ধীমানের ব্রহ্মতালু জুলে গেল। সেই চারটে থেকে হাঁটা শুরু হয়েছে, এখন পাঁচটা দশ, কত দূরে মোহনা তার ঠিক নেই, তবু হাঁটতেই হবে! কোথায় এখন সে সমুদ্রের ধারে দোলনের কাঁধে মাথা রেখে বসে থাকবে, তা নয়, এই ট্যাঙ্গেশ ট্যাঙ্গেশ হাঁটা! দোলনের অবশ্য খুব ইচ্ছে ছিল, এবার জঙ্গলে যাওয়ার। কাঁকড়ারোড। শাল-মহুয়ার বনে হঠাৎ হঠাৎ হারিয়ে যাবে দোলন, বড় বড় পাতার ফাঁক দিয়ে শোঁশোঁ হাওয়া বইবে, শুকনো পাতা মাড়িয়ে শব্দ করে দোড়বে ধীমান, গাছের আড়াল থেকে তাই দেখে ঝর্না হয়ে দোলন হসিতে ভেঙে পড়বে! ভাবতেই শরীর জুড়ে রোমাঞ্চ। ওই যে উদ্দেশ্যহীন বাধাবন্ধনহীন দোড়, তার উভেজনা কী তীব্র তা শ্রাবণী কোন ওদিনই বুঝবে না।

শ্রাবণী না হয় নেহাতই উত্তাপহীন। মাঝলি। এ উভেজনার অর্থ ধীমানই কি ছাই পুরোপুরি বোঝে? বুঝলে কি পরিণতিহীন সম্পর্ক টিকে থাকে এতদিন? না, ধীমান নিজেই নিজের চিন্তাকে মানতে পারল না। পরিণতি না থাক, সুখ আছে, রহস্য আছে। রহস্যই তো অদৃশ্য তন্ত্রতে বেঁধে রাখে সম্পর্ককে। রহস্য ছিঁড়ে গেলে পুরুষের কাছে নারী যাড়মেড়ে। জোলো। সেই রহস্য এখনও টিকিয়ে রাখতে পেরেছে দোলন। শ্রাবণী পারেনি। তাছাড়া দোলনের সংশয়হীন নির্ভরতাকে ধীমান অঙ্গীকার করবেই বা কী করে? পঙ্গু বাবা, আধপাগলা মা, ছেট ছেট ভাইবোন নিয়ে দোলন যখন অকুল পাথারে তখন কে তার পাশে দাঁড়িয়েছিল? ধীমান—ধীমানই তো! কোনওরকম প্রত্যাশা ছাড়াই। নিজের অফিসের কট্টাষ্টরদের ধরে একটা চাকরির ব্যবস্থা করে দিয়েছে দোলনের। ছেট চাকরি তবু পা ফেলে দাঁড়ানোর মাটি তো বটে। দোলনের বাবার নিয়মিত চিকিৎসার ব্যবস্থা করেছে, ছেটাচুটি করে জীবনবিমার টাকা উদ্ধার করেছে, ভাইবোনদের লেখাপড়া চালিয়ে যাওয়ার নিশ্চয়তা দিয়েছে, এসব কি কম কথা! বিনিময়ে সে দোলনের কাছে কিছুই চায়নি। একটু সঙ্গ, একটু বন্ধুত্ব, একচিলতে নীল আকাশ, ব্যাস।

ধীমান দোলনকে প্রথম চুমু খেয়েছিল আলাপের ছ’মাস পরে। দোলনদেরই বেহালার বাড়িতে। আগ্রাসী পুরুষের মতো নয়, ভীরু প্রেমিকের মতো। তারও অনেক পরে, প্রায় বছর দেড়েকের মাথায় দোলন বলেছিল,—আমাকে ক’দিনের জন্য একটু বেড়াতে নিয়ে যাবে? খোলা হাওয়ায়? কোনও ফাঁকা জায়গায়? এই দমবন্ধ পরিবেশে আমি হাঁফিয়ে উঠেছি।

ধীমানের শরীরে মাদল বেজে উঠেছিল। তাতার হওয়ার পর থেকে ধীরে ধীরে শ্রাবণী তখন শুধুই অভ্যাস। বণহীন স্বাদহীন পানীয় জলের মতো। ছেট ছেট কামনাবাসনাগুলোই বা শ্রাবণীর কাছ থেকে সেভাবে মেটে কই! তবু ধীমান মাথা হারায়নি,—আমার সঙ্গে বেড়াতে যাওয়ার পরিণাম জানো?

—জানি। দোলন জোরে খাস নিয়েছিল,—তুমি আমাকে গপ করে খেয়ে ফেলবে!

—তারপর? ধীমানের রঙে লক্ষ পিংপড়ের ওঠানামা।

—তার আর পর নেই। আমি অত ভাবতে পারি না। ভাবতে হয় তুমি ভাবো।

—তোমার বাবা-মা কী মনে করবে? ভাইবোনেরা?

—তাদের তো তুমি কবেই গিলে বসে আছ। তুমি তাদের কাছে ভগবানের মানুষ এডিশান। অবতার নামার এগারো।

তখনই চাঁদিপুর। প্রথমবার। শরীর শরীরের স্বাদ পেলে আর কি তাকে বেঁধে রাখা যায়? দু'একবার লুকিয়েচারিয়ে ডায়মণ্ডহারবার, ফুলেশ্বরের বাংলো। অথবা কলকাতারই কোনও হোটেলের নিভৃতি। আর বার বার এই চাঁদিপুর। ওই বাঁধাধূরা তেরো নম্বর কটেজ। একটু সময় কুড়িয়ে পেলেই শাস্তি নিজিন ওই একটেরে কুটিরটা কী যে ভয়ঙ্কর ভাবে টানে ধীমানকে। রাত বাড়লেই ওই কুটির ক্রমশ বিছিন্ন ধীপের মতো মায়াবী হয়ে ওঠে। একটানা সমন্বের ডাক, বিঁরিপোকার শব্দ আর নোনতা বাঞ্চ চাঁদের আলোয় মাথাখাখি হয়ে উড়তে থাকে কুটিরের চারপাশে।

দোলন বলে,—তুমি কিন্তু এই কটেজটাতে অবসেসড হয়ে যাচ্ছ!

দোলনের আর্দ্ধ মুখ থেকে নুনটুকু মুছে নেয় ধীমান,—তুমি এখানে জোরে নিশ্চাস নাও, একটা অন্য পৃথিবীর গন্ধ পাবে।

দোলন খিলখিল হাসে, শ্বাস টানে জোর জোর,—পাছিছ। আঁশটে গন্ধ।

—আরও জোরে নিশ্চাস নাও।

—পাছিছ। ঘামের গন্ধ।

—আরও জোরে।

শ্বাস টানতে গিয়ে দোলনের শরীর বেলুনের মতো ফুলে ওঠে,—পাছিছ। বিপদের গন্ধ।

—বিপদ কীসের?

—কটেজ নাম্বারটা মনে রেখো মশাই, আনলাকি থার্টিন!

শ্রাবণী দূর থেকে হাত নেড়ে ডাকছে ধীমানকে।

ধীমান গলা ফাটিয়ে চেঁচাল,—কীইই?

হ-হ বাতাস ছুটে আসছে সাগর থেকে। বাঁ দিকের বাউবনে আছড়ে পড়ে টেক্টেয়ের মতো ভেঙে ভেঙে যাচ্ছে। ভাঙা বাতাস টলমল করছে পাড়ে। বাতাসের ওপার থেকে শ্রাবণীর গলা শুনতে পেল না ধীমান। শ্রাবণী-তাতার একটা বাঁকের আড়ালে উধাও। দীর্ঘ পথ ফুরিয়ে এল। সমন্বকে পাশে রেখে সামনে এখন বিশাল চওড়া এক চর। অন্য ধারে ছোট ছোট বালিয়াড়ি। বাউবন দূরে সবে গেছে। আরও সামনে চরের বুকে ঝপোলি পাতের মতো শয়ে আছে বুড়িবালাম।

এন্দিকটা ধীমান আগে কোনওবার আসেনি। আসার সময়ই হয়নি। যখন বাইরে সমন্ব, ঘরে সমন্ব তখন কে ছোটে মোহনা খুঁজতে? আরও কিছুটা এগিয়ে বাঁকটুকু পেরোতেই ধীমান সম্পূর্ণ স্থাগুৰৎ। বালির বুকে যত দূর চোখ যায় শুধু লাল ফুলের বাগিচা। ফুল নয়, কাঁকড়া। হাজারে হাজারে, লাখে লাখে লাল কাঁকড়া ফুল হয়ে ফুটে আছে বালির বুকে।

ধীমান মুঝ চোখে দৃশ্যটা দেখছিল। এত হেঁটেও তাতারের প্রাণশক্তি নিঃশেষ এই মায়া—১৪

হয়নি, সে এক বিচ্ছিন্ন খেলায় মেতে উঠেছে। কাঁকড়াগুলোর দিকে এক পা এগোয়, সামনের এক রাশ লাল ফুল বালিতে মিলিয়ে যায়। আবার এক পা এগোল, আরেকটা ঝাঁক নেই। আরেক পা এগোতে পিছনের ফুলেরা আবার ফুট ফুটে উঠে বালিতে, সামনের লাল ফুল মুখ লুকোল। তাতার যেদিকে ছেটে মিলিয়ে যায় রক্তকুসুম, অন্যদিকে জেগে ওঠে ঝাঁকে ঝাঁকে।

পলকের জন্য ধীমানের বুক কেঁপে উঠল। কাদের ওভাবে তাড়া করে বেড়ায় তাতার? কাঁকড়া? নাকি মনেরই করেকশ কেটি সুষ্প কামনা বাসনা? সামান্য বিপদের গন্ধ পেয়েই আড়ালে লুকোয়? সুযোগ পেলেই আচ্ছন্ন করে বাঁধে গোটা মনকে?

দূর দূর! কামনা-বাসনা যদি না-ই থাকে তবে এই জীবনটাকে টেনে নিয়ে যাওয়ার মানে কী! এক জায়গায় বাসনারা চাপা পড়ে গেলে অন্যত্র তো ফুটে বেরোবেই। এত ভয়, এত বুক-ধূকপুকুনিই বা কীসের! একজনকেই সারাজীবন ভালবেসে যেতে হবে এমন দাসখত কোথাও লিখে দেয়নি ধীমান। মানুষের মনকে অত নিয়মে বাঁধাও যায় না। শ্রাবণীকে সে বঞ্চিত করেনি! পূর্ণ নিরাপত্তা দিয়েছে, সামাজিক অঙ্গীকার পালন করে চলেছে। তার পরেও যদি তার মনে আরেক নারীকে ভালবাসার মতো জায়গা থাকে, সেটা তার অপরাধ নয়, হাদয়ের বিশালতা। দুঃহাত ছড়িয়ে ধীমান শরীরের আড় ভাঙল। মনেরও। ক্লান্ত পা দুটোকে সতেজ করতে খেবড়ে বসে পড়ল বালিতে।

শ্রাবণী ছেলেকে ডাকল,—আর গায়ে বালি মাখতে হবে না, এসো, এবার ফিরব।

ধীমান অসহিষ্ণু মুখে বলে উঠল,—আমার আর ক্ষমতা নেই, আমি হেঁটে ফিরতে পারব না।

শ্রাবণীও অবসন্ন। ধীমানের কথা লুফে নিল সে,—ওই পাশে তো আলো দেখা যাচ্ছে, ওখন থেকে রিক্সা-টিক্সা পাওয়া যাবে না?

—শখ করে এসেছ, এবার ঠেলাটা বোঝো! শ্রাবণীর অসহায় স্বরে ধীমান একটু মজাই পেল। সে জানে পিছনে একটা বাজার আছে। মাছের আড়তও। একবার সন্দেবেলা দোলনকে নিয়ে অটোরিক্সা করে বাজারটায় এসেছিল চিংড়িমাছ কিনতে। নিজে থেকেই একটু বেপরোয়া হল ধীমান,—চলো, ওই বাজারে অটো পাওয়া যাবে। পরক্ষণেই ঢেঁক গিলেছে,—ম্যানেজার বলছিল।

ফেরার পথে বাবা-মা'র মাঝখানে ঘুমিয়ে পড়েছে তাতার। অন্ধকারে ভাঙ্গাচোরা রাস্তা ধরে টলতে টলতে যাচ্ছে অটোরিক্সা, হেডলাইটের আলোয় ঘেটুকু আলোকিত হয় সেটুকু রাস্তাই দেখতে পাচ্ছিল ধীমান। দু' ধারে ঘন কালো কেয়াৰোপ। বাজারের আঁশটে গন্ধ এখনও তাড়া করে আসছে গাড়িটাকে। দুরে বড় বরফ কারখানাটার আলো ঝলমল করে উঠল। সেদিকে তাকিয়ে বহুক্ষণ পর একটা সিগারেট ধরানোর চেষ্টা করল ধীমান। পারছে না। দমকা হাওয়ায় আগুন জুলেই নিভে যায়। পর পর কয়েকটা কঢ়ি নষ্ট হল। তবু চেষ্টা করছে ধীমান।

সিটে মাথা ঠেকিয়ে শ্রাবণী চৃপচাপ বসে আছে। হঠাৎ বলে উঠল,—তোমার সঙ্গে আমার একটা কথা ছিল।

ধীমানের হাত থেকে দেশলাইটা খসে পড়ে গেল। শ্রাবণী দেখেও দেখল না।

তার চোখ বাইরে স্থির। রংপোলি নদী অঙ্ককারে আবার ফিরে এসেছে পাশে। সঙ্গে  
সঙ্গে চলছে। মাঝে মাঝে নদীতে আলোর বিচ্ছুরণ। নদীজলে থইথই রংপোলি পাত  
এখন দৃঢ়খী। ছলছল।

শ্রাবণী নদী দেখছিল।

### চার

সাত নম্বর কটেজের সামনে বাতের আসর জমজমাট। দুই মেয়েজামাই বাপ-মা  
দু'তিনটে গুঁড়ি গুঁড়ি বাচ্চা কিচমিচ করে চলেছে সামনে। তাদের সঙ্গে শ্রাবণীও।  
শ্রাবণীকে পাকড়াও করে বয়স্ক ভদ্রলোক হাত-পা নেড়ে কীসব বলছে, সকলে হেসে  
খুন। মত বাতাস ঘিম মেরেছে সহসা। সঙ্গে সঙ্গে একটা সামুদ্রিক গরম ঝাঁঝিয়ে  
উঠেছে। ভাপসা। চিটাচিটে।

ধীমান বারান্দায় বসে ঘামছিল। যতটা না গরমে তার চেয়েও বেশি পরিশ্রমে।  
তাতার একবার ঘুমিয়ে পড়লে তাকে জাগায় কার সাধ্যি ! ওই ছেলেকে কোলে করে  
ঘরে ফেরা, টানতে টানতে তাকে ডাইনিংহলে নিয়ে যাওয়া, সেখান থেকে কাঁধে করে  
এনে বিছানায় ফেলা—বাপস ! তাতার কি আর আগের মতো ছেউটি আছে যে ধীমান  
তাকে নিয়ে অবলীলায় ঘুরে বেড়াবে !

ধীমান সামনের ঘাসে ইঞ্জিচোরটা নামিয়ে নিল। অদূরে কলিমাখা ভূতের মতো  
নিবৃম দাঁড়িয়ে তরো নম্বর কৃটির। সেদিক থেকে জোর করে মুখ ফেরাল ধীমান।  
একটা সিগারেট ধরাল। শরীরমন সহজ করতে চাইছে। আবার শ্রাবণীর হাসি। বেশ  
জোরে। এত জোরে শ্রাবণীর হাসি বহুকাল শোনেনি ধীমান। কী এত আড়ডা হচ্ছে !  
ধীমানকে ছেলের পাহারায় বসিয়ে সেই যে কাটল আর কোনও ইঁশই নেই !

নতুন করে বুকের কাঁটাটা খচখচ করে উঠল ধীমানের। তখন শ্রাবণী কী বলতে  
চাইছিল ! একবার যখন বলতে গিয়ে থেমে গেছে, তখন ধীমান যেচে জিজ্ঞাসা না  
করলে কথাটা আর বলবেই না। শ্রাবণীর স্বভাবটাই এরকম। ভয়ানক চাপা। এত চাপা  
যে ধীমানের কখনও কখনও ভীষণ অস্বস্তি হয়। ধীমানের সঙ্গে বিয়েটা শ্রাবণীর বাবা-  
মা প্রথমদিকে মেনে নেয়নি। বলতে গেলে প্রায় এক কাপড়েই চলে এসেছিল শ্রাবণী।  
তবু কোনওদিন বাবা-মার জন্য তাকে মনখারাপ করতে দেখেনি ধীমান। হয়তো বা  
করেছে, ধীমানের সামনে নয়। অথচ শ্রাবণী ছিল বাবা-অন্ত প্রাণ। সেই বাবার সঙ্গে  
সে দেখা করতে গেল বিয়ের দেড় বছর পরে। বাবার হার্ট-অ্যাটাকের খবর শুনে।  
এটাকে কি চাপা স্বভাব বলে ? না জেদ ? ধীমানের ঠিক মাথায় ঢোকে না।

নকুল জগে রাতের জল দিতে আসছে। ধীমানকে দেখে ঝুপ করে দাঁড়িয়ে পড়ল।  
ধীমান আড়ে তাকাল,—কিছু বলবে ?

—লাগবে নাকি স্যার ? নকুল মাথা চুলকোল,—ছোট আছে একটা। ফরেন।

নকুলকে ধমকাতে গিয়েও সংযত হল ধীমান। সে নিয়মিত মদ খায় না, কিন্তু  
এখনে এলে ওটা তার চাইই। দোলনও চুমুক দেয় তার প্লাস থেকে। নেশায় দুজনেরই

চোখ অল্প অল্প জড়িয়ে আসে। বিবেক সাফ হয়ে যায়। স্যাতসেতে হাওয়ায় নেশা আরও জেঁকে বসলে বাইরের কাঁটাতার মন্দু দোল খেতে থাকে। সমুদ্র আকাশ পৃথিবী অলৌকিক মায়ায় ভরে যায়। যেন এই বিশ্বব্রহ্মাণ্ডে কোথাও কোনও শোক নেই, সমস্যা নেই, দৃশ্যত্ব নেই, জটিলতা নেই—আছে এক ছেদহীন অপর্যব আনন্দ। সেতার-সরোদের ঝালা। বাঁশি-নৃপুরের অনুরণন। কামনায় টনকো দুটো শরীর। সে নেশা কি এখন চলে ! ছেলেবড় নিয়ে গেবছুর মতো বেড়াতে এসে !

নকুলের প্রাপ্য বকশিষ্ঠা চুকিয়ে দিল ধীমান। চাপা গলায় বলল—না। তুমি যাও। যাওয়ার সময় মেমসাহেবকে ডেকে দিয়ে যেও।

শ্রাবণী মিনিট কয়েকের মধ্যেই ফিরেছে। ঘরে উঁকি মারল একবার,—বাহু, তাতারবাবু একেবারে ন্যাতা !

ধীমান গোমড়া,—কী এত হাহা-হিহি হচ্ছিল এতক্ষণ ?

শ্রাবণী চেয়ার টেনে ধীমানের মুখোমুখি বসল,—ভদ্রলোক একটা মজার গল্প বলছিলেন।

—ভদ্রলোক ? মানে ওই কেঠো বুড়োটা ?

—হাঁগো, ওই বুড়োটাই। খুব রসিক। চল্লিশ বছর আগে এখানে হানিমুন করতে এসেছিলেন, সেই গল্প...

—মেয়ে-জামাইদের সামনে তোমার সঙ্গে হানিমুনের গল্প ? ছিঃ !

—সর্বদা কথার এমন বাজে মানে করো কেন বলো তো ? নাতিনাতনি হয়ে গেলে মেয়েজামাই বস্তুর মতো হয়ে যায়। শ্রাবণী আলতো পা দোলাচ্ছে,—দারুণ ইটারেস্টিং গল্প—গল্প কেন, ফ্যাট্ট। ওঁদের হানিমুনের এক্সপিরিয়েন্স।

—আমার শোনার দরকার নেই।

—শোনোই না। গুরু যখন এসেছিলেন তখন নাকি এসব হোটেল রিসর্ট কিছু ছিল না। ওই ওদিকে দূরে একটা ফরেস্ট ডিপার্টমেন্টের বাংলো ছিল আর সব জঙ্গল-জঙ্গল। তো হয়েছে কী, নতুন স্বামী স্ত্রী পূর্ণিমায় সমুদ্র দেখবেন বলে এসেছেন। সঙ্গে সঙ্গে খেয়ে নিয়ে একবার ঘরে ঢুকেছেন কি ঢোকেননি, বেরোতে গিয়ে দেখেন দরজায় বাইরে থেকে তালা। টিংকার ডাকাডাকি দরজাধাকা কিছুতেই কেউ দরজা খোলে না। থেকে থেকে খালি মাতাল চৌকিদারটার হঙ্কার শোনা যায়,—খবরদার ! হঁশিয়ার ! নতুন বউ তো কেঁদেকেটে একসা। এই বুবি ঘরে ডাকাত পড়ে ! এই বুবি কেউ খুন করতে আসে ! কোনও হিংস্র জানোয়ার দরজা ভাঙে ! ভদ্রলোকও বউকে সান্ত্বনা দিতে গিয়ে কেঁপে কেঁপে উঠছেন। একবার দরজার ফাঁক দিয়ে উঁকি মারেন, একবার স্ত্রীর মাথায় হাত বোলান,—আমি আছি না ? ভয় কীসের ? তা ভয়ে ভয়ে রাত তো কোনওমতে কাটল। শেষে ভোর হতে সব ভয়ের অবসান করে তালা খুলে গেছে। চৌকিদার চাবি হাতে দাঁত বার করে হাসছে,—বকশিষ্ঠা দিন বাবু। এবারকার মতো আপনাদের প্রাণে বাঁচিয়ে দিলাম।

ধীমান বাঙ্গ না ছুঁড়ে পারল না,—কেন ? সমুদ্র থেকে বাষ উঠেছিল নাকি ?

—ভদ্রলোকও তো ভেবেছিলেন ওরকমই কিছু অঘটন ঘটেছে। পরে শোনেন

অন্য কথা। কী ? না, পূর্ণিমার রাতে সমুদ্র নাকি এত অপরূপ হয়ে ওঠে, মানুষ সেই সৌন্দর্য সহ করতে পারে না, পাগল হয়ে যাব। জলে নেমে আত্মহত্যাও করে অনেকে। ভাবো অবশ্য ! সেই জন্যই চৌকিদার বাইরে থেকে সববাইকে তালাবন্ধ করে...। ইশশ, যে সৌন্দর্য জন্য আসা তারই ভয়ে দুজনকে...

ধীমান বলল,—ছাড়ো তো ! যত সব গুলগল্প !

শ্রাবণী বলল,—গুলই হোক আর গল্পই হোক, ব্যাপারটা কী আয়রনিকাল না ? তাছাড়া একটা মজাও আছে, তাই শুনেই তো হাসছিলাম।

—মজা ? এর পরেও ?

—হ্যাঁ মজা। ভদ্রলোকের তখন নাকি তাগড়াই গোঁফ ছিল একটা। সেই গোঁফের ভয়ে নতুন বউ ঠকঠক করে কাঁপত, সহজে কাছে ঘেঁত না। হানিমুনে এসেও জড়োসড়ো ছিল ভয়ে। তা সেই যে সে রাতে আরও বেশি ভয় পেয়ে বরের হাত চেপে ধরল, ওমনি বর সম্পর্কে ভয় ভ্যানিশ। আর ভদ্রলোকেরও নাকি সেদিন থেকে দুর্দশার শুরু। ওই চেপে ধরা হাত এক চুলও কোথাও নড়তে দেয় না স্বামীকে। ভদ্রলোক মজা করে বলছিলেন ঠিকই, কিন্তু মৃখ চোখে কী স্যাটিসফ্যাকশান ! সুখ !

চাঁদ নেই। আকাশ লাল হয়ে উঠেছে। সমুদ্রের একেবারে শেষ প্রান্তে ছোট ছোট বিদ্যুতের বিলিক। হঠাত হঠাত আলো হয়ে উঠেছে ঝাউবন। তারপর যে আঁধার সেই আঁধার।

ধীমান সহসা প্রশ্ন করল—তখন তুমি কী যেন বলবে বলছিলে ?

—হ্যাঁ। উচ্ছল শ্রাবণী দূম করে চুপ মেরে গেল। অন্যমনস্ক হঠাতে।

ধীমান অধীর হয়ে উঠছিল—কী হল, বলবে তো ?

শ্রাবণী সময় নিচ্ছে। উঠে ঘর থেকে জল খেয়ে এল—আমি একটা চাকরি পেয়েছি।

বড় পাথরটা সরে গেল ধীমানের বুক থেকে। না, চতুরতায় কোনও ফাঁক নেই তাঁর। নিশ্চিন্ত মুখে বিস্ময় ফুটল—চাকরি ! কী চাকরি ?

—বিরাট কিছু নয়। একটা স্কুল। প্রাইমারি স্কুল।

—হঠাতে চাকরির কী দরকার পড়ল ? আশঙ্কা সরে যেতেই ধীমানের অধিকারবোধ চাঙ্গা—তোমার হাতখরচে কম পড়েছে ?

উভর দিতে গিয়ে শ্রাবণী ভাবল সামান্য—তা নয়, নিজের তো একটা বোজগার থাকা ভাল। অনেকদিন ধরে চেষ্টা করছিলাম, জুটে গেল একজনের ব্যাকিংএ। সামনের মাসে জয়েনিং।

—অ। তা অ্যান্ডিন পর চাকরি করতে দোড়লে সংসারের কী হবে, আঁ ? তাতার ?

—ওসব নিয়ে তোমাকে ভাবতে হয়েছে কোনওদিন ? ভাবনা তো আমার।

ধীমান এবার যথেষ্ট ক্ষুঁশ—স্ট্রেট বলে দিচ্ছি, আমার মত নেই। এর পর তুমি যা ভাল বোঝো।

দু'এক সেকেণ্ড পর ধীমান আবার প্রশ্ন করল—মাইনে কত দেবে ?

—সব মিলিয়ে হাজার দুয়েক। শ্রাবণী চোখ তুলল—খুব কম ?

অন্ধকারে ভুক্ত কোচকাল ধীমান, উভর দিল না।

ধীমান সপ্ত দেখছিল।

একটা মথ কীভাবে যেন ঢুকে পড়েছে তার ঢাকুরিয়ার ফ্ল্যাটে। এলোপাথাড়ি উড়ছে। ঠোকর খাচ্ছে এ দেওয়ালে সে দেওয়ালে। খেমে থাকা পাখায়, সিলিংগ। ওইটুকু মথের ডানায় কী জোর ! দেওয়াল কেঁপে উঠল, জানলায় শব্দ বানবান ! তীব্র থেকে তীব্রতর। এত উচ্চগ্রামে শব্দ পৌঁচেছে যে কানে তালা লাগার জোগাড়। ধীমান মথটাকে তাড়াতে চাইছিল, পারল না। হঠাতে কোথা থেকে কনকনে বাতাস এসে কুঁকড়ে দিল শরীর। শীত করছে। ভীষণ শীত।

শব্দ আব শীতের অভিষাতে ধীমানের ঘূম ছিঁড়ে গেল। ধড়মড় করে বিছানায় উঠে বসেছে, চোখ খুলেও প্রথমটা বুঝতে পারল না সে এখন ঠিক কোথায়। চাঁদিপুরের বাবো নপর ঘরটাকে চিনতে দু'এক মুহূর্ত সময় লেগে গেল। বাইরে উম্বু বোঢ়োবাতাস বইছে। সেই বাতাসই শব্দ করে ঝাঁকাচ্ছে দরজাজামলা, শীতলতা ঢুকিয়ে দিচ্ছে তার হাড়পাঁজরায়। কখন এমন বাড় উঠল, বাইরের আলোগুলো সব নিভে গেছে। অন্ধকারে ধীমান পাশের খাটের দিকে তাকাল। কিছুই পরিষ্কার দেখা যাচ্ছে না। রাত কত এখন ?

অন্ধের মতো হাতড়ে হাতড়ে ঘরের আলো জ্বালন ধীমান।

তাতার অঘোরে ঘুমোচ্ছে। দরজা খোলা। শ্রাবণী ঘরে নেই।

চোখ রগড়াতে রগড়াতে ধীমান ঘড়ি দেখল। দুটো কুড়ি। গেল কোথায় শ্রাবণী ! বাথরুমে নেই বোৰা যাচ্ছে, বাথরুম অন্ধকার। ঘুমচোখে ধীমান দরজায় এল। বারান্দার এক কোণে চেয়ারে গুটিসুটি হয়ে বসে আছে শ্রাবণী। শ্রাবণীকে ঘিরে অন্ধকারের আস্তরণ।

ধীমান জড়নো গলায় ডাকল—বাইরে বসে কী করছ ? এত বাস্তিরে ?

অন্ধকার নড়ল না।

—ওভাবে বসে থেকো না। ঘরে এসো। বাড় উঠেছে, ঠাণ্ডা লেগে যাবে।

অন্ধকার নিঃসাড়।

ধীমান অন্ধকারের কাছে গেল—হল কী তোমার ? কী ভাবছ কী বসে ?

অন্ধকার সামান্য কেঁপে উঠল—কিছু না। এমনিই।

ধীমান অন্ধকারে শরীর ছুঁল। হাত খোলাল মুখে গলায় হাতে,—ইশশ, গা হাত পা একদম ঠাণ্ডা হয়ে গেছে !

ধীমানের উত্তাপ একটুও নিল না শ্রাবণী,—তুমি শোও গিয়ে। আমার ঘূম আসছে না।

আরও নিবিড় হল ধীমান,—কী ভাবছ আমাকে বলবে না ?

—ভদ্রলোকের গল্লটা ভাবছিলাম। শ্রাবণীর কঠ বরফ যেন,—কালই তো পুর্ণিমা, তাই না ?

## পাঁচ

বড়সড় এক চেউ ধেয়ে আসছিল তাতারের দিকে। তাতার উধৰ্ঘাসে দৌড়ছিল। পাড়ের দিকে ছুটতে গিয়ে সামনে মাকে পেয়ে গেছে। দুহাতে অঁকড়ে ধরেছে মার কোমর। চকিত ধাকায় শ্রাবণী চিতপটাং ছেলে সমেত। মা-ছেলের মুখের উপর আছড়ে পড়ল চেউটা। দৃতিনিটে ঘুরপাক খেয়ে দুজনেই দিশেহারা হাল। তাতার খাব খেয়ে খকখক কাশছে। চোখ টুকটুকে লাল। শ্রাবণী দম নিতে দুঁদিকে মাথা ঝাঁকাচ্ছে সজোরে। থুথু করে মুখের লবণাঙ্গ জল বার করছে।

নিরাপদ দূরত্ব থেকে ধীমান হো হো করে হেসে উঠল। তাতারের জলে নামার উৎসাহ যত বেশি জলকে ভয়ও ততটাই। শ্রাবণীকে চেপে ধরে তিড়িবিড়িং লাফাচ্ছে আবারও। আকাশ আজ চকচকে নীল। রাত্রে বাড়টা হয়ে যাওয়ার পর কোথাও মালিন্যের চিহ্নমাত্র নেই। সকালের গাঢ় সোনালি বোদ্ধুর মন খুলে হাসছে। পুর্ণিমার টানে সমুদ্রও উত্তাল এখন। একেবারে কাছে এসে ফুঁসছে। রাগী যুবক চেউরা এসে হাতপা ছুঁড়ছে পাড়ে, বোস্তারে আছাড় খেয়ে লাফিয়ে লাফিয়ে উঠছে।

শ্বানার্থীদের ভিড়ও হয়েছে বেশ। আশপাশের হোটেলের বাসিন্দারা নেমে এসেছে সমুদ্রে। সবাই যে সমুদ্রসন্নানে উৎসাহী তা নয়, কারুর কারুর জল ছুঁয়েই আনন্দ। ধীমানের মতো। ধীমান কখনও তেমন করে জলে নামে না। দোলন ডাকলেও নয়। মাঝে মাঝে চেউয়ে নেমে একটু জলের স্পর্শ নিয়ে আসা, ব্যাস! তারপর জলে পা ডুবিয়ে বসে ভেজা গায়ে অস্ত্রির হটেপুটি দেখা দোলনের। এই মুহূর্তে শ্রাবণীর। তাতারকে রেখে শ্রাবণী আড়াআড়ি ভাবে প্রবেশ করছে সমুদ্রে। শাড়ির আঁচল কোমরে শক্ত করে জড়ানো, ছেট ছেট চেউ আলতো চাপড়ে সরিয়ে দিচ্ছে, টপকে পার হচ্ছে মাঝারি চেউ, বড় চেউ দেখলে ডুব দিচ্ছে জলের নীচে। দূর থেকে মনে হয় ও যেন শ্রাবণী নয়, অন্য কোনও নারী, যাকে ধীমান চেনে না, আগে কখনও দেখেনি ভাল করে। শাড়িজামা লেষ্টে আছে নারীদেহে; শরীরের প্রতিটি ভাঁজ আলাদা আলাদা ভাবে স্পষ্ট—বুক। কোমর। উরু। নিতম্ব। চেনা শরীর অচেনা হয়ে কতকাল পর টানছে ধীমানকে! অভ্যাসের টান নয়, সম্মোহনের টান।

ধীমান উঠে জলে নামল। তাতার বাবাকে নামতে দেখে হইহই করে উঠেছে। হাঁটুজলে শ্রাবণীর পাশে দাঁড়াল ধীমান। শ্রাবণীর খোলা কোমর, ঘাড়, গলা জলে ভিজে চিকচিক।

শ্রাবণী অবাক চোখে ধীমানকে দেখছে। ধীমান শ্রাবণীর কোমর বেড় দিয়ে ধরল, —চলো, একটু ভিতরে যাই।

শ্রাবণী সরতে চাইল,—না না, বেশি জলে জামাকাপড় সামলানো যায় না।

একটা ছেউ চেউ আলগা পেরোল ধীমান। চাপ দিল শ্রাবণীর কোমরে। অন্য হাত শ্রাবণীর কাঁধে রেখেছে,—কিছু হবে না, চলো তো!

শ্রাবণী পিছলে গেল,—না, আমি যাব না। তুমি তাতারকে নিয়ে যাও।

শ্রাবণীর চোখে এক বিচির দৃষ্টি! দৃষ্টিতে ভয়ও না, প্রত্যাখ্যানও না, ঘৃণা না,

প্রেমও না ! তবে যে কী ! কথা বলতে বলতে পিছনে সরছে শ্রাবণী,—বেশি দূরে  
যেও না। ভিতরে চোরা টান আছে।

ধীমানের জলে নামার আসক্তিটাই মরে গেল। তাতার ধীমানকে জাপটে ধরেছে,  
—চলো না বাবা ! চলো না বাবা !

ছেলের বায়না মেটাতে কিছুটা এগোতেই হল ধীমানকে।

—আপনার তো আজকেই লাস্ট ?

ধীমান ঘাড় ফেরাল। সাত নম্বরের বড় জামাই জলে নামছে। ঘাড়েগর্দানে পেটানো  
বক্ষারের মতো চেহারা। হ্যাঁ হ্যাঁ করে হাসছে। ধীমান চোয়াল ফাঁক করল,—শুধু লাস্ট  
নয়, ফাস্টও।

লোকটা কথা বাড়ানোর অভিলা পেয়ে গেল,—একটু সময় নিয়ে আসবেন তো !  
নীলগিরি পাহাড়টা ঘুরে আসতে পারতেন। পথগিন্দিশের, রাজবাড়ি... কঙাস্টেড ট্যুর আছে।

—তাই ?

—পাহাড়ের মাথায় কী সিনিক বিউটি ! ঝর্ণা, জঙ্গল,... !

জঙ্গল শব্দটাতে রক্ত চড়ে গেল ধীমানের। দাঁত খিঁচিয়ে বলতে ইচ্ছে হল, তুই  
যা না শালা ! তোর শশুরকে নিয়ে ঘোর না ! আমাকে জঙ্গল শোনাচ্ছিস কেন ? তার  
আগেই এক অতিকায় টেউ পাগলা হাতির মতো সামনে এসে গেছে। ধীমান তাতারকে  
চেপে ধরে মরিয়া ডুব দিল। তবু সামলানো গেল না, ধীমানের হাত ছিটকে তাতার  
টেউয়ের সঙ্গে ভেসে যাচ্ছে। ডিগবাজি আর ঘষা খেতে খেতে লুটিয়ে পড়ল পাড়ে।

মুছুর্তে শ্রাবণী লাফিয়ে এসেছে। টেউ তাতারকে ফিরিয়ে নিয়ে যাওয়ার আগেই  
ছেলেকে অঁকড়ে ধরল। তার চেখেমুখে স্পষ্ট আতঙ্কের ছাপ।

ধীমান জল থেকে বেরিয়ে এল,—কীরে, লেগেছে ?

তাতারের মুখ দিয়ে লালা গড়াচ্ছিল। চোখ নাক মুখ জলে বালিতে পরিপূর্ণ।  
শ্রাবণীর চোখে ঝাঁঝা,—ছেলের হাতই ধরে রাখতে পারো না, আবার আমাকে নামাতে  
চাইছিলে !

একটু আগের রাগটা দপদপিয়ে উঠল ধীমানের। ক্রুদ্ধ স্বরে বলল,—আমি কি  
ইচ্ছে করে... ?

—থাক, সাফাই গাইতে হবে না। আমি বুঝে গেছি।

তটের প্রান্তে ঝাউগাছের সারি। শ্রাবণী তাতারকে নিয়ে সেখানে গিয়ে বসল।  
তোয়ালেতে ছেলের গা-মাথা মুছছে যত্ন করে।

ধীমান দাপাতে দাপাতে সামনে এসে দাঁড়াল, তার শর্টপ্যান্টের পকেট বালিতে  
বোঝাই। খামচে খামচে ভিজে বালি বার করল কিছুটা, তাতারের হাত ধরে টানল,  
—আয়, আবেকবার যাই।

শ্রাবণী কঠিন,—নাআ, তাতার আব যাবে না !

—এঁএহ, যাবে না ? ধীমান ভেংচে উঠল,—আমার ছেলেকে নিয়ে আমি যেখানে  
খুশি যাব। চল তো তাতার।

শ্রাবণী কঠিনতর,—ননআআ। আমি বলছি যাবে না, তাতার যাবে না।

ধীমান রাগে স্তম্ভিত। ছেলে তার এত ন্যাওটা তবু সেই ছেলে মাকে ছেড়ে একটুও নড়ছে না। এ যেন ছেলেকে সামনে রেখে শ্রাবণীরই কোনও অঘোষিত যুদ্ধ।

হেরে যাচ্ছিল—ভীষণ ভাবে হেরে যাচ্ছিল ধীমান, এই মুহূর্তে ধীমান যদি বালিতে মুখ গুঁজতে পারত! ধীমান বিড়বিড় করে উঠল,—বাড়াবাড়ি! সব সময়ে বেশি বাড়াবাড়ি!

পলকে শ্রাবণী ছেলে নিয়ে দাঁড়িয়ে পড়েছে,—আমরা কটেজে ফিরছি।

কাঠের গেট দিয়ে শ্রাবণী চুকে যাওয়ার পরও ধীমান কটমট করে তাকিয়ে রইল সেদিকে। হিংস্র রাগ ফণা তুলছে শরীরের কোষে কোষে। দিকবিদিক জ্বানশূন্য হয়ে হঠাৎই ক্ষ্যাপা মোষের মতো ছুটল সমুদ্রের দিকে। উন্মাদের মতো লাফালাফি করছে জলে। একা-একাই। আশপাশের মানুষজনের দিকে ভুক্ষেপ নেই, শুধু নিষ্ফল আক্রেশে ঘৃষি চালাচ্ছে টেউয়ের গায়ে। যেন ঘূর্মির জোরেই সমুদ্রকে চুরমার করে দেবে। নাকে মুখে জল চুকে গেল তবু লড়ে যাচ্ছে ধীমান। লড়ছে। ধীমান হাঁফিয়ে উঠল একসময়। এ এক অসম যুদ্ধ। টেউরা আসছে তো আসছেই। অসংখ্য। দুর্নিবার।

পরাজিত ধীমান ফিরছে এবার। মাথা নিচু করে। যেতে যেতে ফিরে তাকাচ্ছে অশান্ত সমুদ্রের দিকে। সমুদ্রকে এত নির্মম আগে কখনও মনে হ্যানি ধীমানের।

## ছয়

পূর্ণিমার চাঁদ ওঠেনি এখনও। গহিন আঁধারে ডুবে আছে বিশ্চরাচর। সমুদ্রে স্বর ধীরে ধীরে গর্জন হয়ে উঠছে। বাতাস চঞ্চল। সমুদ্র কাছে আসছে। জল বাড়ছে। ধীমান টর্চ ফেলে শ্রাবণীকে খুঁজছিল। আলো থেকে নিশ্চিন্দ্র অন্ধকারে এসে হঠাৎ পৃথিবী লুপ্ত যেন। সমুদ্র দেখা যাচ্ছে না, মনে হয় সামনে শুধু এক অনন্ত মহাগহুর। কী বিশাল তার হাঁ !

কাঠের গেট ধরে ছেলেকে নিয়ে দাঁড়িয়ে রইল ধীমান। নুনেখাওয়া বাঁধানো সিঁড়ি বোল্ডার ছুঁয়ে হারিয়ে গেছে। ভাঙা ধাপিতে এই রিসর্টেরই কয়েকজনু ট্যুরিস্ট অশরীরী ছায়ার মতো এখানে সেখানে বসে। চাঁদের প্রতীক্ষায়। ধীমান সেখানে শ্রাবণীকে দেখতে পেল না।

বিকেলবেলা তাতারকে নিয়ে একটু বেড়াতে বেরিয়েছিল ধীমান। সারা দুপুর সে গেঁজ হয়ে ছিল। শ্রাবণীও বিশেষ কথাবার্তা বলেনি। বেড়াতেও বেরোল না বিকেলে। ছেলের টানাটানিতেও না। মাথা ধরেছে! মরুক গো, ধীমানের অত যেচে মান ভাঙানোর দায় নেই! তাতার খুশি থাকলেই যথেষ্ট। তাতারকে নিয়ে গোটা জনপদ টোটো করে চমেছে ধীমান। খাঁচার হরিণ দেখিয়ে ছেলেকে আহ্লাদে আটখানা করে দিয়েছে। ছেলের পচন্দসই আইসক্রিম জোগাড় করে তাক লাগিয়ে দিয়েছে ছেলেকে। এখন শুধু রাতটুকু পার হলেই....। বুক ভরে নিশ্চাস টানল ধীমান। আহ, বন্দিদশা থেকে মুক্তি! আবার কলকাতা। আবার দোলন।

তাতার সিঁড়ি বেয়ে নেমে গেছে। বোল্ডারের পিছনে বসে আট নম্বর ঘরের

বাচ্চটার সঙ্গে গল্প জুড়েছে। ধীমান আরেকবার টর্চের আলো ঘোরাল। ওই তো শ্রাবণী ! ওই তো ডানদিকের বোন্দারে বসে আছে ! সাবধানে পাথর টপকে সেখানে পৌঁছল ধীমান,—কটেজের চাবিটা দাও তো ?

শ্রাবণী চমকে ফিরেছে,—ও ! তুমি !

—কটেজ বন্ধ করে এখানে এসে বসে আছ ! আমি কাঁহাকাঁহা খুঁজে বেড়াচ্ছি !

—চাবি তো কাউটারে রাখা আছে। ম্যানেজার বলিনি ?

ধীমান ফিরতে যাচ্ছিল, শ্রাবণী আচমকা ডেকেছে,—শোনো।

—রাতের মিল তো ? বলা হয়ে গেছে। ভোরের অটেরিঝাও ফিট করে এসেছি, কটেজে এসে ডাকবে।

—ওসব না। একটু বোসো না এখানে। শ্রাবণীর স্বর গভীর। এত গভীর যে ধীমান ফিরতে পারল না। পাশের পাথরে বসল। শ্রাবণী হাঁটুতে থূতনি ঠেকাল,—কাল তোমাকে পুরো কথাটা বলিনি। আমার আরও কিছু কথা ছিল।

ধীমান একটা গন্ধ পাচ্ছিল। কৃট নোনা হ্রাণ। শ্রাবণী লঙ্ঘ শ্বাস ফেলল,—আমি আর তোমার সঙ্গে থাকব না।

কথাটা এতই আকস্মিক, এত অপ্রত্যাশিত—ধীমান প্রথমটা হ্রদয়ঙ্গমই করতে পারল না। লঘু গলায় বলে ফেলেছে,—কেন ? এত কী রাগ হল হঠাত ?

—রাগও নয়। হঠাতও নয়। শ্রাবণী হাঁটু থেকে থূতনি তুলল না,—অনেক ভেবেচিস্টেই ডিসিশান নিয়েছি। তোমার সঙ্গে থাকা আমার পক্ষে আর সন্তুষ্ট নয়।

এবার বিস্ময়ে ছিটকে এল,—কেন ?

—যদি বলি তোমাকে আমার আর ভাল লাগছে না ?

ধীমানকে ফুটল কথাটা। সামান্য তপ্ত হল সে,—কারণটা জানতে পারি ?

—ইচ্ছে। একজনকেই সারাজীবন ভাল লাগতে হবে তার কোনও মানে আছে ?

—হেঁয়ালি কোরো না। ধীমানের গলা একটু চড়েছে,—খোলসা করে বলো।

শ্রাবণী একই রকম অচপ্টল,—বললাম তো, ভাল লাগছে না—তোমার কাছ থেকে আমি আর কিছু পাই না। এত সাধারণ তুমি—এত একয়েড়ে !

ধীমান সপাটে চড় খেল একটা। মুখ থেকে আপনাআপানি বেরিয়ে এল,—আমি সাধারণ ! আমি...

—কী তোমার আছে বলো ? ঘূম থেকে উঠে হাঁইহাঁই কিছু হকুম ! লাখ লাখ ভেড়াছাগলদের মতো অফিস অফিস ট্যুর, অফিসের চিঞ্চা ! বাড়ি ফিরে ছেলে নিয়ে আহুদিপনা, নয়তো টিভিতে চোখ রেখে বসে থাকা ! মাঝে মাঝে রাতবিবেতে আমার শরীরের উপর হামলানো ! সেটাও এত যান্ত্রিক, এত রহস্যাহীন—তুমি একটা নেহাত কেজো মানুষ। বিশাস করো, তোমাকে আমি আজকাল আর সহ্য করতে পারি না।

ধীমান অপমানে বিমৃত আয়। ঘড়ঘড়ে গলায় বলে উঠল,—থামো। নাটুকে কথা বলো না। আমি কি মেঘেছেলে যে রহস্য করে বেড়াব !

—রহস্য সকলেরই থাকে গো। পুরুষেরও থাকে। শ্রাবণী বাতাসের মতো ফিসফিস করল,—তোমার নেই।

আঘাতে আঘাতে বিদীর্ঘ হচ্ছিল ধীমান। পাণ্টি অস্ত্র ছুঁড়ল,—সেরকম বহস্যময় পূরুষের সঙ্গান পেয়েছ বুঝি?

শ্রাবণী সহসা বোবা। সমন্বয়ের ওপারে, আকাশের ঢালে খুব আস্তে আস্তে একটা আলোর সঞ্চার হচ্ছে। অলস পায়ে সমুদ্র থেকে উঠে আসছে পূর্ণ চাঁদ। হঠাৎই লাফিয়ে উঠে পুরো মেলে দিল নিজেকে।

প্রতিটি নিঃশব্দ পল অনুপল লক্ষ অর্বাদ বছরের মতো দীর্ঘ মনে হচ্ছিল ধীমানের। কর্কশ কঠে প্রশ্ন করল,—উন্নতি দিছ না যে? তারই ব্যাকিং-এ চাকরি জুটেছে, তাই তো?

গোপন বিষাদ যেন শীতল আলো হয়ে ছড়িয়ে গেছে সমন্বয়ে। অঙ্ককার এক নীলচে মোহ এখন। শ্রাবণীর স্বরেও আলোছায়া,—কী হবে জেনে?

—আমার জানাব রাইট আছে। তুমি আমার স্ত্রী।

—ধরো জানলে, কী করবে তুমি?

নীল জ্যোৎস্নায় একরাশ কাঁকড়া চৰতে বেরিয়েছে বালিতে, চেউয়ের সঙ্গে ভেসে ভেসে আছড়ে পড়ছে বোল্ডারে, চেউ সৱলেই আবাব কিলবিল কিলবিল গর্তের খেঁজে।

ধীমান গর্জে উঠল,—আই উইল সি দ্যাট বাগার! দেখে নেব! এত সহজে ছাড়ব না! তোমারও স্ক্রু টাইট দিছি আমি। তাতারকে দিয়ে।

—তাতার! তাতার তো আমার সঙ্গে চলে যাবে!

এমন অবলীলায় কথাটা বলল শ্রাবণী, ধীমানের স্নায় ঝাঁকি খেয়ে গেল,— তাতার আমার—মাই সান, আমাকে ছেড়ে তাতার থাকতেই পারে না।

এতক্ষণ পর শ্রাবণী মুখ তুলল,—ছেলেকে তুমি কিছুই চেনোনি। তুমি হচ্ছো ওর আদ্বার। বায়নাক্তা। আমি হচ্ছি ওর প্রযোজন। তুমি কি বোঝ না, তুমি শুধুই ওর রিলিফ? যেমন তোমার দোলন?

সমুদ্র নিমেষে স্থির। বাতাস নিম্পন্দ।

ধীমান অসাড,—কে দোলন?

শ্রাবণী মুঠোয় ধরা তিন-চারটে কাগজ এগিয়ে দিল ধীমানের দিকে। সমন্বয়গর্জন চতুর্গুণ হয়ে ফেটে পড়ছে। ধীমান হাত বাড়াল না, পাঁশ মুখে জিঙ্গাসা করল, —কী ওগুলো?

—তোমারই জিনিস। এই রিসটেরি বিল। অটোবরের আছে, ডিসেম্বরের আছে, মার্চের আছে... লাস্ট এপ্রিলেরও।

চাঁদ স্পটলাইট হয়ে আলো ফেলেছে ধীমানের মুখে। ধীমান চাঁদটাকে সহ্য করতে পারছিল না। মুখ নামিয়ে নিল,—কোথায় পেলে?

শ্রাবণীর চোখে চাঁদের কিরণ,—তুমি বড় অসাবধান। প্যাণ্টের পকেটে রেখে প্যাণ্ট কাচতে দাও, শার্টের বুকপকেটে অবহেলায় ফেলে রাখো, বিফকেসে রেখে সেখান থেকে টাকা বার করতে বলো আমাকে। ভুল তো তোমার একবার নয়—বার বার!

পূর্ণিমার চেউ বোল্ডারে মাথা কুটছে। উৎক্ষিপ্ত জলকণায় ভরে গেল ধীমানের মুখ।

শ্রাবণী উঠে দাঁড়াল,—কাকে তুমি ঠকাতে চাও ধীমান ? আমাকে ? দোলনকে ?  
না নিজেকেই ?

দু'ধারে দুই খাটের মাঝে হাতকয়েকের ব্যবধান। ও পাশের খাটে শ্রাবণীর গায়ে  
হাত রেখেছে মধ্যরাতের জ্যোৎস্না। দেওয়ালের দিকে ফিরে শুয়ে আছে শ্রাবণী।  
তাতারকে বুকে জড়িয়ে। শুয়েই আছে শুধু, ঘুমোয়নি। চেরের মতো শ্রাবণীর দিকে  
এগিয়ে গেল একটা হাত। হাতটা শ্রাবণীকে ছুঁতে চাইছে—পারল না। দু'খাটের মধ্যখানে  
দূরত্ব বেড়ে গেছে কয়েকশ' যোজন। এত বেড়েছে যেন ওই খাটে আর কখনও  
পৌঁছতে পারবে না ধীমান।

আজ যদি কোনও চৌকিদার থাকত ! বাইরে থেকে তালাবন্ধ করে যেত ঘরটাকে !  
হায় রে !

ধীমান নিঃশব্দে বাইরে এসে সিগারেট ধরাল। রাত বাড়ার সঙ্গে সঙ্গে চাঁদ বড়  
প্রকট এখন। অশালীন জ্যোৎস্না ছিঁড়েখুঁড়ে দিচ্ছে অঙ্ককারের সমস্ত মুখোশ। সমুদ্র  
আকাশ মাঠ ঘাউবন কারও আজ রেহাই নেই চাঁদের হাত থেকে। ধীমানেরও না।

ভিথিবির মতো ধীমান তেরো নম্বর কটেজটার দিকে তাকাল।

শুনশান মাঠে খেলে বেড়াচ্ছে মীল চাঁদ।

কুটিরটা নেই।

কোথায় যে এখন মুখ লুকোয় ধীমান !

### উপসংহার

আলো ফুটছিল। সমুদ্র দূরে এখন। তরঙ্গহীন। দূর দিয়ে একদম একা একটা লোক  
হাঁটুজল ভেঙে হেঁটে চলেছে। তীরের এ-প্রান্ত থেকে ও-প্রান্তে। আবার এ-প্রান্তে।  
অবিরাম। লোকটার কাঁধে একটা ভারী কালো জাল। অস্ফুট আলোয় প্রায়নগ্র মানুষটা  
এক চলন্ত সিল্যুট।

নিঃস্ব চোখে চলমান লোকটাকে দেখছিল ধীমান। মরা কোটালে মাছ আসে না,  
তবু কী নির্বোধের মতো হাঁটে লোকটা !

এ কী নিরুদ্ধিতা ? নাকি নিজের সঙ্গে লুকোচুরি খেলা ?

ধীমান জানে না। তার সামনে এখন শুধুই বিবর্ণ সমুদ্র।

## এই মায়া

এলোমেলো ঘরটাকে গুছিয়ে নিছিল অপর্ণ। এত কিছু পড়ে আছে চারদিকে ! বুমবুমি থেকে খসে পড়া ঘন্টি, ফিডিং বটলের চাপ্টা ক্যাপ, বেবি পাউডারের খালি একখানা কৌটো, বোতল পরিষ্কার করার ব্যারিবিলি ত্রাশ, আরও কত কি যে ! শেষ মুহূর্তে দোনামোনা করে কিছু জিনিস রেখেও গেছে মিমি। গোটাকয়েক তোয়ালে ন্যাপি, ফোম লাগানো মোটা প্লাস্টিক বেশ কিছু কাঁথা। পরে আবার এলে কাজে লাগবে।

খাটের বাজু থেকে কাঁথাগুলো তুলে ভাঁজ করল অপর্ণ, আলমারি খুলে তুলে রাখল তাকে। মেঝেতে পড়ে থাকা তুচ্ছ জিনিসগুলো কুড়োল একটা একটা করে, ওয়েস্ট পেপার বাসকেটে ফেলতে গিয়েও কি ভেবে রেখে দিল ওয়ার্ড্রোবের মাথায়। আড়চোখে একবার দেখে নিল আর্যকে।

চোখে হাত চাপা দিয়ে আর্য ইজিচেয়ারে আধশোওয়া। কী যেন চিন্তা করছে।

অপর্ণ গলাটাকে খানিক তরল করে বলল,—হল কি তোমার ? একেবারে ধন্দ মেরে গেলে যে !

আর্য চোখ থেকে হাত সরাল না। শরীরটা সামান্য নড়ল শুধু।

—কী ভাবছ তখন থেকে ?

—কিছু না।

—মন খারাপ ?

—মন খারাপ হবে কেন ! এমনিই...

অপর্ণ মুঢ়কি হাসল। আর্য চিরকাল বড় চাপা, সহজে কারুর কাছে হাদয় খোলে না। নার্সিংহোম থেকে সদ্যোজাত নাতনি নিয়ে সোজা বাপের বাড়ি এসেছিল মেয়ে, ছিল প্রায় চার মাস। একটুক্ষণ আগে ফিরে গেছে শ্বশুরবাড়ি। এ সময়ে মন খারাপ হতেই পারে, তবু সেটা মুখ ফুটে স্বীকার করবে না আর্য। আঠাশ বছরের পুরনো স্তীর কাছেও না।

অপর্ণ অল্প খোঁচাল,—যা ধরে রাখা যায় না, তার জন্যে কষ্ট পেয়ে কী লাভ ?

এতক্ষণে চোখ খুলেছে আর্য। ইজিচেয়ারের হাতল থেকে চশমা খুলে পরে নিল। বসেছে টান-টান,—কষ্ট পাব কেন ? আমি শুধু ওদের আকেলটাৰ কথা ভাবছিলাম !

—কী রকম ?

—পৌছে এখনও একটা ফোন করল না !

—করবে। এত ব্যস্ত হওয়ার কি আছে ? এত দিন পর গেল—হয়তো কত লোক এসেছে, কত হৈচৈ...

—বাহ, চিন্তা হয় না ! ওইটুকু একটা বাচ্চা নিয়ে এতটা পথ গেল... চারদিকে ভিড়... জ্যাম...

—যাদবপুর থেকে সল্টলেক এমন কিছু দূর নয়। অপর্ণ খাটে বসল। হাসিটাকে ধরে রেখেছে মুখে জোর করেই। বলল,—ভিড়-জ্যাম কিছুই পড়বে না। বাইপাস দিয়ে হ-হ করে ট্যাঙ্কি চলে যাবে।

—সেই কথাই তো ভাবছি। আর্যর চোখ সিলিং-এ ঘৰল,—এখান থেকে সওয়া পাঁচটায় বেরোল, এখন বাজে সাতটা। পইপই করে বলে দিলাম পৌছেই একটা টেলিফোন করিস...। মিমিটার নয় সেঙ্গ নেই, শ্যামলও তো একটা ফোন করতে পারত ! দিস ইজ ব্যাড—অফুলি ব্যাড !

—করবে গো করবে, অত ছটফট করছ কেন ? তোমার আবার সব কিছুতেই বাড়াবাড়ি !

—মেয়ে জামাই নাতনির জন্য দৃশ্চিন্তা করা বাড়াবাড়ি ! এ কথা বলতে পারলে !

অপর্ণার হাসি নিবে গেল। চার মাস ধরে ভরভরন্ত বাড়িটার শূন্য দশা পলকে যেন আরও ভারী হয়ে গেল। কার্তিকের শেষ এখন, বাতাসে আলগা হিমের ছোঁয়া। অপর্ণার বুকেও একটা হিম-হিম ভাব চারিয়ে যাচ্ছিল। একটা শিশু, একটা নবীন প্রাণ —কঠটা যে উত্তাপ এনে দিয়েছিল ঘরে !

অপর্ণ বিড়বিড় করে উঠল,—ওরা আমাদের ধার করা সুখ-দুঃখ। সুদে-আসলে ফেরত দিয়ে দিয়েছি। দৃশ্চিন্তা করে কী হবে ?

—মিমিও আমাদের নয় বলছ ?

—নয়ই তো। মেয়ে কবে আপন হয় ! কথাটা বলেই অপর্ণা সংশোধন করে নিল নিজেকে,—ছেলে থাকলেও অবশ্য এমন কিছু আপন হত না। তার সংসারও পরের সংসারই হত। ছেলেই বলো, মেয়েই বলো—বড় হয়ে গেলে সববাই পর।

আর্য মলিন হাসল,—তুমি বড় নিষ্ঠুর অপর্ণা। তোমার মেয়েও তাই এত নিষ্ঠুর হয়েছে। বাবার মন বোঝে না।

—বুবেই বা কী করত ? বিয়ে-থা না করে সারা জীবন বাবার মুখের দিকে তাকিয়ে বসে থাকত ? তাতে কি তুমি খুব পুরুষিত হতে ? মেয়ের বিয়ের জন্য তুমিই তো বেশি হাঁচোড়-পাচোড় করেছিলে !

—মেয়ের বিয়ে না হোক, সে কথা তো বলিনি। তবু...

তবুটা যে কী অপর্ণাও বুতে পারছিল। স্বামীর মুখ দেখে ভারী মায়াও হচ্ছিল তার। তবু এই মুহূর্তে একটু ঠাণ্ডা ছোঁড়ার লোভও সামলাতে পারল না। মাথা নেড়ে বলল,— আজ খুব বাবা, নিষ্ঠুর,—এসব কথা মনে পড়ছে, নিজে কী করেছিলে ভুলে গেছ ?

আর্য ভুরু কুঁচকোল,—কী করেছিলাম ?

—আমাকেও তো তুমি বাবা-মার কাছ থেকে কেড়ে নিয়ে এসেছিলে স্যার !  
আর্য ঘুরে তাকাল।

—মিমি যখন হল, আমি যখন হাসপাতাল থেকে সোজা বাপেরবাড়ি গেলাম, কদিন তুমি আমাকে থাকতে দিয়েছিলে সেখানে ? এক মাস যেতে না যেতেই কানের কাছে প্যানপ্যান—বাড়ি চলো, বাড়ি চলো—মনে আছে ? মিমি তো তাও চার মাস রাইল, আমাকে দু মাস থেকেই চলে আসতে হয়েছিল। মেয়ে নিয়ে যখন শুভরবাড়ি ফিরলাম, তখন আমাদের নিরাপদে পৌঁছনোর সংবাদ কদিন পরে বাবাকে দিয়েছিলে

মশাই ? খবর না পেয়ে বাবাই তিন দিন পরে ছুটে এসেছিল, মনে পড়ে ? তখন তো খুব বলেছিলে—ওটা আমার বাবার বাড়াবাড়ি !

আর্য অসহায় মুখে হেসে ফেলল,—সত্যি, মেমারি বটে ! দাও, সিগারেটের প্যাকেটটা এনে দাও।

সিগারেট দেশলাই এখন এ ঘরে আর থাকে না। থাকে ড্রয়িংরুমে, টিভির মাথায়। চার মাস ধরে ফ্লাটে অদৃশ্য নো স্মোকিং বোর্ড ঝুলছে। পাছে নিজেই আর্য অন্যমনক্ষ ভাবে সেছা-আরোপিত নিষেধটা ভুলে যায়, তাই এই স্থান বদল।

অপর্ণা সিগারেট আনতে উঠল না, বলল, না, এখন সিগারেট খেতে হবে না। কদিন ধরেই খকখক কাশছ।

—সিজন চেঞ্জের সময়, এখন তো একটু সর্দিকাশি হবেই। তাবলে সিগারেট খাওয়া বন্ধ করতে হবে নাকি ?

—বন্ধ না করো, অন্তত কমাও। মেঘে মেঘে পঞ্চাশ পেরিয়ে গেল, সে খেয়াল আছে ?

—সবই খেয়াল আছে ভাই। কথায় কথায় আর্য অনেকটা সমে ফিরেছে। হাসিমুখে বলল, বাড়িতে এখন দিনেরাতে কটা সিগারেট খাই ?

—সে কি স্বাস্থ্যের কথা ভেবে, না আমার কথা শুনে ! অপর্ণা হাসছে ফিফিক, —ফুটফুটি খুব জরু করেছিল দাদুকে। নেশা চাপলেই দাদু প্যাকেট দেশলাই নিয়ে হড়মড়িয়ে ছুটছে ব্যালকনিতে। নয়তো বাথরুমে ঢুকে ফুকফুক।

—সে তো তোমার নেশাও ছুটে গেছিল !

—আমার আবার কী নেশা ? অপর্ণা চোখ ছোট করল।

—টিভি। বোকা বাক্স। সকাল-সঙ্কে সিরিয়াল গেলা নেই, সিনেমা দেখা নেই, অস্তাক্ষরি নেই... নাতনি একেবারে কান ধরে বসিয়ে রেখেছিল সামনে।

—আর তুমি ? তুমি কী করতে ? এমনি তো রাত এগারোটাৰ মধ্যে বাবুৰ বিছানা চাই, নাতনি পেয়ে ঘুম-ফুম সব ভ্যানিশ। মাঝৱাত অব্দি বায়চৌধুরী-সাহেব নাতনিৰ হাত-পা ছোড়া দেখছেন ! নাতনি আউ-ওউ শব্দ করছে মুখে, তাই বেহাগ মালকোষ ডেবে শুনে চলেছেন মুঢ় হয়ে !

—সেকি আমি একা শুনতাম ? আর্যৰ হাসিতে একটা ছায়া পড়ল,—মেয়েটার চিৎকার এখনও কানে বাজছে। কী অভ্যুত একটা উল্লাসধ্বনি বার করত মুখ দিয়ে, তাই না ?

—আর ওই ভুবন-ভোলানো হাসি ! দিবি কেমন চোখে চোখ রেখে খিলখিল হাসত !

—শুধু জেগে কেন, ঘুমিয়ে হাসত না ? মাঝেমাঝেই ছোট্ট ছোট্ট ফুলিয়ে ফুঁপিয়ে উঠছে...

—কেমন তিন মাসের মাথায় উপুড় হতে শিখে গেল বলো ? মিমিও অত তাড়াতাড়ি উল্টোয়ানি !

—দেখে নিও, ও মেয়ে হামাও টানবে তাড়াতাড়ি। বড়জোৰ আৰ দু মাস।

বনবন ফোন বাজছে ড্রিংরমে। কেঁপে গেল স্বামী-স্ত্রী। ছিঁড়ে গেল কথার  
মায়াজাল।

হনহনিয়ে ড্রিংরমে চলে এল আর্য। উচ্ছ্বসিত মুখে রিসিভার তুলেই মিহয়ে  
গেছে। নিতান্তই কেজো ফোন একটা, অফিস কলিগের।

দরকারি কথা শেষ করে সোফায় বসে সিগারেট ধরাল আর্য, স্পেটার টেবিলে  
পা তুলে দিল। অনেকদিন পর মুক্ত ভাবে সিগারেট খেতে পারছে ফ্ল্যাটে, তবু যেন  
ঠিক তৃপ্তি হচ্ছে না। কেমন বিস্মাদ লাগছে ধোঁয়াটা। একটা ছোট শিশু থাকা আর  
না থাকাতে এত তফাত !

এতক্ষণ টেলিফোনের সামনে স্থির দাঁড়িয়েছিল অপর্ণা, এবার রান্নাঘরের দিকে  
যাচ্ছে। দরজায় দাঁড়াল। উদাস গলায় বলল,—চা থাবে ?

—করো।

—সঙ্গে টোস্ট-ফোস্ট দেব ?

—না, তাড়াতাড়ি খেয়ে নেব। বলেই একটু গলা ওঠাল আর্য,—তুমি ঠিকই বলেছ।  
ওসব মায়াটায়া কোনও কাজের কথা নয়। অল ভেগ থিংস ! হাতে অনেক কাজ জমেছে,  
এবার শেষ করে ফেলতে হবে। কালই রাজমিস্ত্রির সঙ্গে কথা বলছি, তাড়াতাড়ি চুনকাম  
করে দিয়ে যাক। আর তুমি ফার্নিচারগুলো পালিশ করার কথা বলছিলে, সেগুলো  
এই শীতেই...

অপর্ণা স্বামীকে দেখছিল। নিচু গলায় বলল,—আমি একটা অন্য কথা ভাবছিলাম :

—কী ?

—চলো না, দূজনে কোথাও একটু বেড়িয়ে আসি। অন্তত দিন সাতেকের জন্য।

—চলো। কোথায় যাবে ? দীঘা পুরী গোপালপুর ? বলেই উঠে তিভিটা চালিয়ে  
দিল আর্য, ঘূরিয়ে ঘূরিয়ে একটা খেলার চ্যানেল বার করল। বাইশটা সাহেবে লাঠি  
মারছে ফুটবলে, একদৃষ্টে দেখছে আর্য—শূন্য চোখে।

রান্নাঘরে গ্যাসে জল চড়িয়েছে অপর্ণা। দুটো কাপে মেপে মেপে দুধ দিল, চিনি  
দিল। শূন্য চোখে।

সাড়ে নটার মধ্যে আজ রাত্রের খাওয়া শেষ। তখনও পর্যন্ত ফোনটা এল না।  
গুনে গুনে দুটো রুটি খুঁটছে আর্য, অপর্ণাও তাঁথেবচ। চার মাস ধরে ঘরের প্রতিটি  
বায়ুকণায় ছড়িয়ে ছিল শিশুটা, বড় বেশি স্বাগ রয়ে গেছে তার—তীব্র, মায়াময়।

রান্নাঘরের বাসনকোসন গুছিয়ে ড্রিংরমে এসে অবাক হল অপর্ণা। আর নেই !  
এত তাড়াতাড়ি শুয়ে পড়ল নাকি মানুষটা ? শোওয়ার ঘরের দরজায় এসে বিস্ময়  
আরও বেড়ে গেল। আলমারি থেকে পূরনো অ্যালবাম বার করেছে আর্য। উল্টোচে়  
পাতা। ধীরে, অতি ধীরে।

—কী দেখছ ?

—মিরির ছবি।

—হঠাৎ মিমির ছবি দেখতে বসলে !

—দেখছি। আর্য ছেউ শাস ফেলল,—দেখছি সময় কি তাড়াতড়ি চলে যায় !

এই তো সেদিন জন্মাল... দ্যাখো দ্যাখো, কেমন গামলায় চান করছে !

উত্তরের জানলা দুটো বন্ধ করে সামনে এসে দাঁড়াল অপর্ণা। দেখল ছবিটাকে। তিন মাসের মিমিকে স্নান করাচ্ছ মাসি। ড্যাব ড্যাব করে তাকিয়ে আছে মিমি। খালি গা, গোলগাল নাদুন্দুস চেহারা, মাথায় পাতলা পাতলা কয়েকগাছি চুল।

আর্য পাতা উঞ্চেল,—এই ছবিটা দ্যাখো, অনন্তাশনের।

—হঁ। অপর্ণা আনমনে বলে ফেলল,—বড়দা খাওয়াচ্ছে। তখন খুব ঘুম পেয়েছিল মিমির। খুব কাঁদছিল সেদিন।

—চোখ দেখেছ মেয়ের ? তখনই কেমন টেরিয়ে তাকাত !

—ফুটফুটির চোখ আরও ঘোরে। মিমিকে এক হাটে কিনে এক হাটে বেচে আসবে।

উঁহ, আর নাতনির কথা নয়। আর্য আলগা ধরক দিল,—ছবি দেখছ ছবি দ্যাখো—যা আমাদের নয়, তাই নিয়ে আর নো মোর মায়া !

অপর্ণা হসি চাপল। যাকে এখন দেখছে আর্য, সেই বা কার ! দু বছরের মিমি !

পাঁচ বছরের মিমি ! বাবা-মার সঙ্গে কাশ্মীরে বেড়াতে গিয়ে দশ বছরের মিমি ! সালোয়ার-কামিজ-পরা মিমি ! জিনস-টিশার্ট-পরা মিমি ! পেঁয়াজরঙ্গ বেনারসি পরা মিমি, মাথায় রেশমি ওড়না, কপালে চন্দন, সিঁথি ভরা জুলঝলে সিঁদুর ! শ্যামলের সঙ্গে কুলু মানালিতে হানিমনে যাওয়া মিমি ! এত মিমির মিছিলে কোন মিমিটাই বা আর্যব !

কথা বলতে গিয়ে অপর্ণার গলা দূলে গেল,—মিমি প্রথম শুশ্রবাঢ়ি চলে যাওয়ার পর বাড়িটা এরকমই ফাঁকা হয়ে গিয়েছিল, তাই না গো ?

—হঁ। আর্যও উদাস আচমকা,—সব সময়ে মনে হত বাড়িটা যেন গিলে খেতে আসছে !

—তুমি বাপু বড় বেশি মেয়ে-মেয়ে করতে। তার জন্য কষ্টও পেয়েছ বেশি।

—কষ্ট তো সহ্যও হয়ে গেল। চার মাস পর খাটে বসে সিগারেট ধরিয়েছে আর্য। আঙুল যেন তার কাঁপছে অল্প অল্প।

অপর্ণা একদম নিছু গলায় বলল,—সময় সব কিছুই সহ্য করতে শিখিয়ে দেয় গো।

আর্য হাসার চেষ্টা করল,—নাতনির বিরহও ভুলে যাব বলছ !

—এই দ্যাখো, তুমিই কিন্তু আবার নাতনির কথা তুললে !

—সরি। এসো, পুরনো ছবিগুলোই দেখি।

অপর্ণার আর ছবির দিকে তাকাতে ইচ্ছে করছিল না। কেমন যেন মনে হচ্ছে ছবিতে মোটেই মেয়েকে দেখছে না আর্য, মেয়ের মধ্যে দিয়ে নাতনিকেই ছুঁতে চাইছে তার স্বামী। অথবা মেয়ে নাতনি কাউকেই নয়, প্রিয়জনদের মাঝে নিজেকেই খোঁজে মানুষ। নাতনিকে দেখতে দেখতে কি মেয়েকে খুঁজত আর্য ? তবে কি মিমিই এই মায়া—১৫

আবার সেই ছেট্টি হয়ে ফিরে এসেছিল ? অপর্ণার মনেও মাঝে মাঝে এরকম এক ধন্দ জাগত বটে, পাশেই হাস্যমুখী গিন্নিবানি মেয়েকে সশরীরে দেখে ভেঙ্গে যেত বিশ্রম।

আর্যর ভ্রান্তিও বুঝি কাটাতে চাইল অপর্ণা। অথবা পরখ করতে চাইল আর্যকে। বেশ জোরেই বলে উঠল—মিমির মেয়েও দেখতে দেখতে এরকম বড় হয়ে যাবে !

বাপ করে অ্যালবাম বন্ধ করল আর্য। শব্দ করে আলমারি খুলে বেথে দিল সব কটা অ্যালবাম। পাঞ্জাবি খুলে খাটের বাজুতে রাখল। বিছানায় সটান শুয়ে বলল,—তা হলে কাল অফিসে গিয়ে টিকিটটা করতে দিয়ে দিই ?

—কিসের টিকিট ?

—বাবে, কথা হল না আমরা বেড়াতে যাব ! পুরী-ফুরি নয়, আরও দূরে কোথাও যাব—ধরো কন্যাকুমারিকা !

—সে তো লম্বা টুর হয়ে যাবে।

—হবে। অফিসে আমার অনেক ছুটি পাওনা আছে। কতদিন আমরা দুজন এক সঙ্গে ঘুরিনি বলো তো ? লাস্ট বোধহয় সেই হানিমুন...

—আরেক বারও গিয়েছিলাম, স্যার। আমাদের বিয়ের এক ষুগ সেলিব্রেট করতে—দীঘা। মিমি তখন সামারে মামার বাড়ি গিয়েছিল।

আর্য হাসল,—তখন তো পিছুটান ছিল। এবার একেবারে খোলা হাত-পায়ে যাব। প্রায় সেই হানিমুনের মতো। যেখানে সেখানে ঘুরব, যেখানে খুশি থাকব...। আফটার অল আমাদের দুজনের জন্য তো শুধু আমরাই আছি, নয় কি ?

উচ্ছ্বাসের আড়ালে আর্য নিজেকে গোপন করতে চাইছে। অপর্ণা বুঝতে পারছিল। সাদসিধে সরল মানুষটাকে এই জন্যই যেন ভাল লাগে বেশি। যত নিজেকে লুকোতে চায়, ততই যেন ধরা পড়ে যায়।

আর্যর কষ্টের স্থানটায় হাত বোলাতে চাইল অপর্ণা। বলল,—সে হবে'খন। এখন কাজের কাজটা আগে সেরে ফ্যালো তো দেখি !

—কী কাজ ?

—এখনো দশটা বাজেনি, সল্ট লেকে একটা ফোন করো।

—কেন করব ? আর্য ফুঁসে উঠল,—ফোন করাটা ওদের ডিউটি !

—ডিউটি সবই বাবা-মার, এটা বোন না ?

—না, বুঁ না। বুঝতে চাইও না। বিছানা হাতড়ে আবার একটা সিগারেট ধরাল আর্য। জোরে জোরে টানছে! কাশছে ঘঙ্ঘঙ্ঘ।

হাত থেকে সিগারেটটা কেড়ে নিয়ে অ্যাশট্রেতে গুঁজে দিল অপর্ণা। চোখ পাকিয়ে বলল,—বোঝ না বলেই তো এত ছটফট করছ ! ঠিক আছে, আমিই ফোন করছি।

—নো। নেভার। তুমিও করবে না। আই ওয়ার্ন ইউ। ওদের কথা আর একটাও নয়।

আর্যর চিৎকারটাকে হাহাকার বলে মনে হল অপর্ণার। চোখের পাতা ভিজে এল। মেয়ে বোঝে না, জামাই বোঝে না, কেউ কিছুটি বোঝে না।

অপর্ণা মনে মনে মদু অভিশাপ দিল মেয়েকে,—তোদের মেয়ে বড় হোক মিমি,  
তোরাও টের পাবি !

ফোন শেষ পর্যন্ত এল না। শুয়ে পড়েছে স্বামী-স্ত্রী।

রাত্রে শোওয়ার সময়ে এক জগ জল চাই অপর্ণার। সঙ্গে দুটো ফ্লাস। দুটো ফ্লাসই  
জলে ভর্তি থাকবে, রাত্রে ঘূম ভাঙলে দুটো ফ্লাস থেকেই এক চুমুক করে জল থাবে,  
আবার ঢাকা দিয়ে রাখবে জল, এটাই অপর্ণার অভ্যাস। শুধু জল থাওয়ার জন্যই  
বার বার তার ঘূম ভেঙে যায় রাত্রে। গত চার মাসে তো ঘূম গাঢ়ই হতে পারেনি,  
কতবার করে যে উঠেছে নাতনি। দৃধ খায়, হিসি করে, পটি পরে, কখনও বা জেগে  
উঠে শুধু অপার্থিব খেলা করে যায়, হেসে ওঠে খলখল।

আজ সম্পূর্ণ অন্য কারণে অপর্ণার ঘূম ভেঙে গেল। শীত করছে বেশ। মিমির  
খুব গরমের ধাত, নাতনিরও শীতবোধ নেই, পাখা তাই ফুল স্পিডে চলেছে এতদিন।  
কালও। একটু একটু ঠাণ্ডা লাগত বটে, কই এত শীত তো অপর্ণার করেনি কোনওদিন !

অপর্ণা শুয়ে শুয়েই মশারির চালে রাখা বেডসুইচ টিপল। আলো জ্বলতেই  
চমকেছে সামান্য। পাশে আর্য, চার মাস পর, দৈয়ৎ কুকড়ে শুয়ে আছে।

বিছানা থেকে নেমে পাখা দু পয়েন্ট কমিয়ে দিল অপর্ণা। দুটো পাতলা চাদরও  
নিয়ে নিল বিছানায়। মুখে জল পূরে আবার শুতেই আরও চমকেছে অপর্ণা। জেগে  
আছে আর্য !

অপর্ণা কেঁত করে গিলে নিল জলটা,—কী হল, ঘুমোওনি ?

—ঘূম আসার উপায় আছে ? তোমার আক্ষেলটা দেখছিলাম !

—আমি আবার কী করলাম ?

—এত জোরে ফ্যান চালিয়ে শুতে রোজ ? বাচ্চাটার যে নিউমোনিয়া হয়ে যায়নি,  
এটাই আশচর্য !

অপর্ণা আলো নিবিয়ে দিল,—ভুলে যেও না, ওটা মিমির মেয়ে। তোমার মেয়ের  
কোনওদিন ঠাণ্ডা লাগতে দেখেছ ?

—ফুটফুটি যদি মায়ের ধাত না পায় ! শ্যামল তো বারো মাসই নাক টানে আর  
ফ্যাচোর ফ্যাচোর হাঁচে !

—ও মেয়ে মিমিরই কার্বনকপি হবে, বলে রাখছি। থুতনিটা দ্যাখোনি ? ছুঁচোল।  
মিমির মতো। নাকটা তো পুরো মিমি।

—তাই কি ? আমার তো অন্যরকম লাগে। চিবুক কপাল চোখ সবই তো শ্যামলের।

—দূর, তোমার চোখ নেই ! ওর হাঁ-মুখ একেবারে বসানো মিমি।

—মনে হয় না। মাথায়ও কত চুল। কোঁকড়া কোঁকড়া। শ্যামলের মতো।

—চুলটুকুই যা শ্যামলের পাবে। হাত-পায়ের আঙুলগুলো লক্ষ করোনি ? লজ্জা  
লজ্জা। সরু সরু। মিমি হওয়ার পর সকলে বলত, আঙুল না কলাবতীর কুঁড়ি ! ফুটফুটি  
হওয়ার পরেও সবাই এক কথা বলেছে !

না চাইতেও এক অনুপস্থিত শিশুর কুহকে জড়িয়ে যাচ্ছে স্বামী-স্ত্রী। অথইন

কুজনে বাঞ্ছায় হয়ে উঠছে অন্ধকার। কালো ঘর ভরে উঠছে নীলাভ দৃতিতে। স্বামী স্ত্রী ফিরতে চাইছে, থামতে চাইছে, নিজেদেরকে মুড়তে চাইছে ঘুমের আররণে। সন্ট লেকে এক শিশু শুয়ে শুয়ে হেসে চলে খলখল, কোমল দুটি পায়ের অঙ্গীর নড়াচড়া তার ঘনবন শব্দ তোলে যাদবপুরের ঝ্যাটে।

মায়া, বড় মায়া। এ মায়া কাটে না কিছুতেই। আগপনে চাইলেও না।

— — —







মেয়েদের হয়ে মেয়েদের নিজস্ব জগতের  
কথা, তাদের নিজস্ব যন্ত্রণা, সমস্যা আর  
উপলব্ধির কথা লিখতে যে সব লেখিকা  
আগুছী, একালের খ্যাতনামা লেখিকা সুচিত্রা  
ভট্টাচার্য তাঁদের অগ্রগণ্য। সুচিত্রা ভট্টাচার্যের  
সৃষ্টি কথাসাহিত্যের অন্যতম বৈশিষ্ট্য হল—  
তাঁর লেখাতে বার বারই ঘুরে ফিরে আসে  
মানুষের সঙ্গে মানুষের সম্পর্কের বিভিন্ন দিক  
ও তার নানান জটিলতা আর বর্তমান সমাজের  
পুঞ্জানুপুঞ্জ ছবি। সুচিত্রা ভট্টাচার্যের সাহিত্য  
সম্বন্ধে এই বক্তব্যকেই সম্পূর্ণ সমর্থন  
করে প্রকাশিত লেখিকার সর্বাধুনিক গ্রন্থ  
‘এই মাঝা’।

ଏଇ ମାୟା ସୁଚିତ୍ରା ଡ୍ରୋଚାର୍

